

HISTORY OR MUHAMMADANISM

6-960

মহম্মদের জীবনচরিত্র

3.

# মহম্মদীয় রাজ্যের পুরাবৃত্ত।

#### CALCUTTA:

PRINTED AT THE SATYARNABA PRESS,
FOR THE CALCUTTA CHRISTIAN TRACT,
AND BUOK SOCIETY.
1858.

# निर्घण ।


	ক্	1 16
ভূমিকা তাল লাল লাল	<del>!</del> ,	3
<b>भङ्ग्राप्तत की वन्ठति</b> ।		
প্রথম অধ্যায়। আরব দেশের স্থানাদির বৃত্তান্ত ··· ·· ·· ·· ·· ·· ··	***	ė
জারব দে <del>লের ছানানের সূত্রতে আন</del> দ্বিতীয় অধ্যায়।-		Ŭ
আরব দেশীয় পশু ও মনুষ্যাদির বিষয় · · · ·	,••	> ?
তৃতীয় অধ্যায়। মহম্পুদের যৌরনাবস্থা ··· ·· ; ··· ··· ··· ··	•••	২৯
চতুর্থ অধ্যায়। মহম্মদ মুসলমানীয় ধর্ম সংস্থাপক 🐺 · · · · · · · ·	•••	80
পঞ্চম অধ্যায়। মহম্মদ যোদ্ধা ও বাজা ··· ··· ·· ·· ·· ·· ··		৬৩
वर्ष व्यक्षांत्र।		30
মহম্মদের র্দ্ধাবস্থা ও মৃত্যু · · · · · · · · · · · · · · · · · · ·		50¢
नर्भारतीय त्राच्याच ना वानाच वातिकाशिकाशि तक्यातना।		.,,

## भश्चामीय त्रारकात शूताव्**छ**।

•	প্রথম অধ্যায়।
चांदूरकत नाटम अथग 'का	भीक ५२७
	ধিতীয় অধ্যায়।
ওমার কালীফের কথা	১৪२
	কৃতীয় অধার।
অথমান কালীফের কণা	১৬৮
	চহুৰ্য অধ্যায়। '
	··· ··· ··· ··· ` ··· › › › › › › › › › › ›
	%क्षम पाश्रासा
	599
•	ष्ठं ञशा य।
ইয়েজিদ কালীফের কথা	
	নপ্তম অধ্যায়। '
অন্মিয়াদ বংশীয জপর ব	मिनीकामत कथा ১৮१
	এইম অ্ধায়।
আবাদীয় কাদীকৃদের ক	भ
,	নহম অধ্যায়।
ঘদ্নীয় রাজেয়ে কথা · · ·	259
	¥लम । भारताः
জিসি খাঁ প্রভৃতি মেগ্রল	त्नाकरमत्र्वाख २५৮
	একাদশ অ্ধ্যায়।

ৰাদশ অধ্যায়।	
অথমান তুরুক লোকদের বৃত্তান্ত	२२१
ত্রয়োদশ অধ্যায়।	
मञ्चामि थर्ट्यात मनटङम \cdots 👀 \cdots \cdots \cdots	···•> ৩৯
উন্নাহিব লোকদের কথা 😽 😶	२८०
চকুদিশ অধ্যায় ৷	
মহম্মদীয় বিভার হ্রভাত	···• 281
পঞ্চল অ্ধ্যায়।	
মহমাদীয় পর্মের ১০০ কেপুর হান্ত · · · · · · ·	ecs
মহম্মদীয় তীর্থবাত্রা	
ষো ভূশ অপ্যায়।	
भङ्ग्रामि लोकरमत आधुनिक अवस्था। ,	z is c







### ভূমিক। 1



ইব্রীয় ভাষাতে "আরব" শব্দের অর্থ প্রান্তর; উক্ত নাম আরব দেশের উপযুক্ত বটে, যেহেতুক তাহার বালুকাময় স্থান সাগরের ন্যায় দেখায়।

ধর্ম পুস্তকে লিখিত আছে, যে আরব দৈশের পুর্বোত্র দিগে অরাম নহরিয়ম দেশে করঁং নদীর সমীপে এদন নামে এক উদ্যান ছিল; আরব দেশের উত্তরভাগে আয়ুব নামক ভূম্যধিকারী বাস করিতেন, তিরি শয়তানহইতে বহু যন্ত্রণা ভোগ করিয়াছিলেন; আরব দেশের পশ্চিনাংশে মূসা ও যিহুদীয় লোকেরা ৪০ বর্ষ পর্যান্ত পর্যান্তন করিয়াছিলেন; তাহার দক্ষিণ ভাগে শিবা দেশের রাণী বাল করিতেন, তিনি জ্ঞান লাভের জান্যে তথাহইতে যিকাশালম নগরে স্থলেমানের নিকট গমন করিয়াছিলেন; এবং পৌল খ্রীষ্টেধর্মাবলম্বী হইয় আরব দেশে তিন বংসর পর্যান্ত বাস করিয়াছিলেন। ই দামের পশুপাল ও শিবির এবং কেদরের ও নিবার্মাতের মেষ্ণাণ আরব দেশে ছিল, ইহা ধর্মাপুস্তকে লিখিত আছে \*। যিশায়িয় ভবিষ্যান্তনার প্রান্থে ঐ দেশের বিষয়ে জনেক দৃষ্টান্ত পাওয়া যায়াঁ।

বঙ্গ দেশে অনেক ২ নদী আছে, কিন্তু আরব দেশে একটাও নদী নাই, প্রায় সর্বস্থিলে বালুকাময় প্রান্তর সাগরস্বরূপ দেখায়। তথাকার মরুভূমি ৪০০ ক্রোশ বিস্তৃত। ইহার বালুকা সকল রায়ুদ্বারা তরঙ্গের দ্যায় চালিত হয়; এবং প্রবল বড়ের সময়ে তথায় যাত্রি লোকোরা বালুকারত হইয়া মরিয়া যায়।

সারব দেশের বৃক্ষ ও জান্তর ইতিহাসে নানা সন্তোষজ্ঞনক উপাশ্যান পাওয়া যায়। ঐ দেশে প্রথমতঃ কাওয়া বৃক্ষ প্রকাশ পায়; আর দ্রুতগামি ঘোটক সকল পাওয়া যায়। কথিত আছে, তাহাদের মধ্যে কোনহ ঘোটক হাত পলের মধ্যে অন্ধ্রন্তাশ পথ গমন করিতে পারে; ঐ অন্ধদের কর্ত্তা তাহাদের প্রতি বন্ধুর ন্যায় ব্যবহার করিয়া থাকে। আরব দেশে অনেক উট্টও আছে, তাহাদিগকে প্রান্তরের নৌকা কহা যায়; তাহাদের পদতলে অতি কোমল মাংসপিগু থাকে, একারণ তাহারা বালুকাময় স্থানে অনায়াসে গমন করিতে পারে; এবং তাহাদের উদরে চারি থলা আছে; উষ্ট্রগণ অনেক জল পান করিয়া সেই থলার নধ্যে রাখে, একারণ মরুভূগিতে জল খাইতে না পাইলেও তাহারা অকাতরে অনেক দিন থাকিতে পারে।

ে অসভ্য ও অনুর্ধের। আরব দেশহইতে মুসলমান লোকের।
যাইয়া আফিকা দেশের উত্তরাংশ জয় করিয়াছিল; তাহাদের
নাম সারাসেন, অর্থাৎ প্রান্তরবাসী। সে দেশে পুর্ফো ৩০০
খ্রীষ্টিয়ান মগুলী ছিল। পরে সারাসেন লোকেরা ৬০০ বর্ষাবধি
ইস্পানিয়া দেশে রাজত্ব করিয়াছিল। আরও তাহারা স্তাত্মুল
নুগর, ভারতবর্ষ, পারস্য, তাতার দেশ, ইত্যাদি আশিয়া গুড়ের

তিন অংশ জয় করিল। তাহাদের রাজ্য খন্তঃ ও সেকদ্দর বাদশাহের রাজ্যের তুল্য ছিল। সারাসেনদিগের অধিকারে এক আশ্চর্য্য রীতি ছিল, অর্থাৎ ক্রীত দাসগণ সিংহাসনারোহণ করিত, ও চোরেরা বিচারক হইত, এবং গেবপালক ও বনিক লোকেরা রাজার বা সেনাপতির পদে নিযুক্ত হইত। ঐ সারাসেনেরা বিদ্বান্ লোকদিগকে যদ্রপ সমাদর প্র্র্বক প্রতিপালন করিত, তদ্রপ প্রায় কোন জাতির মধ্যে কেহ•কখন করে নাই।

#### প্রথম তার্যায়।

### আরব দেশের স্থানাদির রক্তাভ।

এই দেশের বিষয় প্রথম রাজাবলির ১০ অধ্যায়ের ১৫ পদে। ও যিরিমিয়ের ২৫ জাধ্যায়ের ২৪ পদে লিখিত আছে।

আর্থ দেশের আকার প্রায় ক্রিকোণ। ইহার বিস্তার নীল নদীর পূর্ব্বমুখহইতে ফরাৎ নদী পর্যান্ত ৫০০ ক্রোশ, ও দীর্ঘতা আদন নগরহইতে পালমীরা পর্যান্ত ৭৫০ ক্রোশ। আশিয়া দেশের মধ্যে ভারতবর্য বর্দ্যা এবং আরব, এই তিন মহা প্রায়দ্বীপ আছে। আরব প্রায়দ্বীপ দক্ষিণাংশে চৌড়া, কিন্তু জন্য দুই প্রায়দ্বীপ সেই মত নহে। আরব প্রায়দ্বীপ সমুদ্রই দারা তিন পার্শ্বে বেষ্টিত, এই হেতুই তাহার কোন হ হল স্থাতিল এবং ভূমি উর্বারা, কিন্তু জন্য হান সকল "গর্ভময় ও নির্জাল ও মৃত্যুচ্ছায়াস্বরূপ"। ঘিরিমিয় হ । ৬। প্রান্তরের মধ্যে কোন হ স্থান দ্বীপের ন্যায় সরস ও উর্ব্রা, তাহা ওজাসিস নামে খ্যাত। সেই স্থানে অনেক খণ্ডার বৃক্ষ জন্মে।

ঐ সকল বৃক্ষ মেষপালকদিগকে আহার \* দেয়, এবং তাহার। সেই বৃক্ষের ছায়ায় আপনাদের মেষগণ চরায়।

আরব দেশের নানা স্থানে বৃহৎ হ কুপ । আছে, তাহা
এক শত হন্ত গভীর। পথিকেরা গমন কালীন তাহার নিকট
জল পানার্থ উপাইত হইয়া জনেক বিশ্রাম স্থান পায়।
আর্থ দেশে এই সকল না থাকিলে পথিক লোকেরা
প্রান্তর দিয়া ঘাইতে২ প্রাণত্যাগ করিত। আরও তাহারা
ঐ কূপ দর্শন প্র্কিক নিজহ পথ ও স্থান জানিতে পারে।
সে সকল কূপ অতি প্রয়োজনীয়, কারণ তদ্দেশে কখন হ
তিন বর্ষ পর্যন্ত বৃষ্টি হয় । না, কিন্তু কোন হ স্থলে
পর্বতের উচ্চতা হেতুক বাস্প আকর্ষিত হইলে বৃষ্টি পড়ে।
আদন দেশের পশ্চিমদিগে জুন মাসাব্ধি সেক্টেম্বর মাস
পর্যন্ত, ও প্র্কিদিগে পোরেম্বর মাসাব্ধি ফেব্রুয়রি মাস
পর্যন্ত, ও ওমান দেশে ফেব্রুয়রি মাসাব্ধি মার্চ মাস পর্যন্তর, ও ওমান দেশে ফেব্রুয়রি মাসাব্ধি মার্চ মাস পর্যন্তর বর্ষ হয়।

ঐ স্থানে অধিক মরীটিকা হয়, তাহাতে পিক্ষিপনকেও উদ্ধের
ন্যায় বড় দেখার, এবং সকল ক্ষুদ্র দ্র বড় বোধ হয়।
পথিক লোকেরা তৃষিত হইয়া মরীচিকার প্রতি জ্বল অমে
শীল্র গমন করে; কিন্দু সেখানে কেবল বালুকাময় স্থান
দেখিয়া হতাশ পূর্ব্বাক প্রাণ ত্যাগ করে। মহম্মদ কোরাণে
নাস্থিক লোকের কর্ম মরীচিকার সমান করিয়া লিখিয়াছেন।

রিশারিয় ৩১ অগ্রায় २० পদ।
 † জাদি. পু. ২৬ অগ্রায়ে কুপের বিবরণ দেখ।
 য়িরিয়য় ২ অ ৬ পদ।

রাজপুতানার পশ্চিম দেশ নিবাসিরা প্রাক্তরে অনেকবার এই
্রূপ মরীচিকা \* দেখিতে পায়।

আরব দেশের দক্ষিণে এক মহাপ্রান্তর আছে; সে ৩০০ ক্রোশ দীর্ঘ এবং ঐ পরিমাণে চৌড়া; ইহাতে কোন কূপ নাই। সেই প্রান্তরে সিমুগ নামে প্রাণ নাশক এক বিশেষ বায়ু কখন ২ বহে, তাহাতে অনেক বালুকা আকাশে উভিলে যাত্রি লোক ও উট্রাদি পশুদের নিখাস বন্ধ হইয়া প্রাণ বিয়োগ হয়, এই ভয়ে তাহারা তৎকালো বালুকাতে মন্তক নত করিয়া রাখে, তাহা করিলে রক্ষা পায়। যখন সিমুম বায়ু বহে তখন শরীরের চর্মা শুদ্ধ হয়, ও স্থর্যের কিরণ নীলবর্ণ দেখায়, আর মশকে জল থাকিলে তাহা একেবারে শুকিয়া যায়। বক্রাপাতে মৃত লোকের শরীর যে রূপ শীল্র পচিয়া যায়, সিমুম বায়ুতেও নেই রূপ হয়। মন্স্ন্ নামুক যে বায়ু ছয় মাস দক্ষিণ দিগে ও ছয় মাস দিগে জন্য বহে, সে ঐ প্রান্তরে নাই; এবং যাহাতে বৃষ্টি ও শিনির পতিত হয় এমন উচ্চ কোন পর্ববতশ্রেণীও নাই, একরিণ সে দেশ অভিনয় উষ্চ।

নমুদ্রের নিকটবন্তী তেহামা নামক ২০ ক্রোশ চৌড়া এক বালুকাময় স্থান আছে। ঐ প্রদেশ রক্ষ দেশের ন্যায় পূর্বের সমুদ্রের মধ্যে ছিল, পরে ক্রমে ২ জলহইতে নির্গত হইলং; যেমন ২০ বৎসর হইল কলিকাতার: কিল্লার মধ্যে যন্ত্রদারা ভূমি খনন করিলে ২০০ হস্তের নামোহইতে কচ্ছপ ও জন্যান্য জলজভুর অস্থি উটিয়াছিল, তেমনি সেখানকার, সৃত্তিকা খনন কালে জনেক সমুদ্রজ বস্তু পাওয়া যায়। তেহামাতে

<sup>•</sup> शिमांशिय ७६। ७, १, भा।

অনেক লবণময় উপগিরি আছে। ঐ স্থানের বালুকা বায়ুদ্বারা উড়িয়া সমুদ্রে পড়ে, আর জ্বলের মধ্যে যে প্রবাল অর্থাৎ পলা আছে, তাহাতে বালুকা বন্ধ হওয়াতে এই দেশ ক্রমে ২ বৃদ্ধি পাইয়াছে।

রেমেন প্রদেশে প্রথমে যক্তন্ নামে প্রসিদ্ধা এক জন বাস করেন। এই দেশের নিকটস্থ সমুদ্রতটের নিমু স্থানে কোন শস্মাদি জ্বন্যে না. কিন্তু তাহার উচ্চ প্রদেশে বৃষ্টিদারা ক্ষুদ্র জ্বল স্রোত নির্গত হইলে তথাকার ভূমি সকল উর্বরা হয়। রেমেনের মধ্যে প্রধান তিন নগর আদন, সানা ও মোখা। আদন নগর আগ্নেয় পর্বতের সন্থারের মধ্যে নির্দ্ধিত আছে; ঐ পর্বতে প্রবের অগ্নি থাকিত, কিন্তু এক্ষনে নাই। সানা নগর রেমেন প্রদেশের রাজধানী; তত্রস্থ লোক সকলেন অন্য দেশজ কুন্দুরু নামক স্থান্ধ দ্বা ব্যবহার করিত। মোখা নগরের নিকটে কাওয়া গাছ জ্বন্মে, একারন সেই স্থান অতি । প্রথাত আছে। ইহার ২০০০ বৎসর প্রবের ঐ দেশে ইক্ষু জ্বন্সিত। প্রবিকালে তথাকার এক জ্বন রাজা পর্বতের নিমু ভাগের পার্ম্ব সকল বন্ধ করিয়া অনেক বৃহৎ প্রস্করিনী করিয়াছিলেন।

হাদ্রামৎ প্রেদেশের নিষয় কাদি পুস্তকের ১০ অধ্যায়ের ২৩ প্রদে লিখিত আছে। এই দেশে কুন্দুর বৃক্ষ জন্মে। তথায় শিবা নামে এক নগরী জাছে, তাহার রাণী বিদ্যা উপার্জনের নিমিত্ত যিকশালম্ নগরে স্থলেমান রাজ্ঞার নিকটে গমন করিয়াছিলেন। প্রর্কে আয়ুব ও নোহ যে ধর্ম্ম গ্রহণ করিয়াছিলেন, ১সই ধর্মা যক্তানের পুত্র এবর কর্তৃক এই দেশে প্রকাশিত হুইয়াছিল, এবং ঘিহুদীয় ধর্ম্যও এখানে প্রচারিত ছিল।

ওমান প্রদেশ পারক্ষ উপসাগরের নিকট। ইহার লোকেরা সীসা বাণিজ্য বিষয়ে বিখ্যাত ছিল। মসুকট নামে নগর এই প্রদেশের রাজধানী। 🗳 স্থানের পর্বতে সকল অতি উচ্চ, তদ্দীরা শিশির ও বৃষ্টি বন্ধ হওয়াতে বায়ু অতি শীতল হয়; এবং প্রবিতের উপরহইতে বৃষ্টির জল নির্গমন কালে ক্ষুদ্র ২ স্রোত সকল মৃত্তিকাকে সঙ্গে লইয়া অহিন্যে তাহাতে উপভ্যকা ক্রনে২ উচ্চ হইয়া উঠিয়াছে। সেই স্থানে অনেক শস্খাদি ওমান খদেশ পারস্থ উপসাগরের নিকটবর্ত্তী, এঞ্জন্য তাহাতে অনকে মৎস্য জানো, আর তদ্রো ভূমি তেজস্কর হয়। ் এল্ছাসা প্রদেশও ঐ উপসাগরের নিকটনতী। এই স্থানের কুপ সকল হ্যুনাধিক ১০০ হাত গভীর, এবং তদুপরে অতি উত্তম মর্মর প্রস্তুরের স্তম্ভ ও ছাত সকল নির্দিত হইযাছে। এল্হাসার মধ্যে অতি অস্প গ্রাম আছে, কিন্তু ঐ সকল গ্রামে তাল বৃক্ষ অনেক/জন্মে, একারণ অধিক দুরুহইতেও তাঁহা জানা যায়। সেখানে বায়ু চালিত বালুকাতে অনেক হানি হয়; আর মেঘের জল ব্যতীত তরিবাসিদৈর অন্য কোন জলের উপায় নাই।

নেজেদ প্রানেশ মহাপ্রান্তরের মধ্যে আছে। এ দেশে স্থানর-বনের ন্যায় পুর্বের অনেক লোক বাস করিত, ইহা পুর্বেকালের জট্টালিকাদির অবশিষ্ট অংশ দেখিয়া অনুমান হইতেছে। নেজেদে অনেক উত্তম ঘোটক ও উষ্ট্র জন্যেঃ একারণ তাহাকে উষ্ট্র-

সীনয় প্রায়দ্বীপ অতি পাযানময়, এ প্রযুক্ত কেছ । তাহাকে পাথরীয় আরব বলে। • এই দেশের মধ্যে খড়ী ইতিকায় নির্দ্ধিত এবং ২০০০ হন্ত উচ্চ হোর নামে এক পর্বত আছে। এই পর্ব্বতের শৃক্ষেতে হারোণ মরিয়াছিলেন, ইহা গণনা পুস্তকের ২০ অধ্যায়ের ২৮ পদে লিখিত আছে। দীনয় নামে অতি উষ্ণ এক পর্ব্বত আছে; তাহাতে কাহারও বাস ছিল না। এই পর্ব্বতে থাকিয়া মূসা ঈশ্বরের সকল ব্যবস্থা প্রকাশ করেন। সীনয়ে অনেক বৃহৎ২ প্রস্তুর আছে, তাহাতে বায়ু রুজ হইদে এবং স্থ্যা, কিরণ অতিশয় লাগিলে তাহার উষ্ণতাতে সমস্ত, দেশ উত্তপ্ত হয়। ইহার নিমু প্রদেশে কখন২ চুই তিন বৎসর পর্যান্ত বৃষ্টি হয় না, কারণ উচ্চ পর্বত সকল মেঘও শিশিরকে আকর্ষণ করিয়া রাখে। ভবিষ্যদক্তা এলিয় ইবেবল রাণীর নিকটহইতে পলায়ন করিয়া উক্ত হোর পর্বতে আসিয়া বাস করিলেন। ১ রাজাবলির ১৯ অ।

ইলোগ প্রদেশের বিষয় যিশায়িয়ের ৩৪ অধ্যায়ের ৫ পদহইতে ১৭ পদ প্র্যান্ত, ও যিরিমিয়ের ৪৯ অধ্যায়ের ৭ পদহইতে
২২ পদ প্র্যান্ত, ও বিলাপ নাসক গ্রন্থের ৪ অধ্যায়ের ই৯ পদ,
ও যিহিঙ্কেলের ২৫ অধ্যায়ের ১৫ পদ. ও যোয়েলের ৩ অধ্যায়ের
১৯ পদ, ও আমোসের ১ অধ্যায়ের ৬ পদহইতে ১১ পদ পর্যান্ত,
ও আয়ুবের ১. অধ্যায়ের ১ পদহইতে ১৯ পদ পর্যান্ত, এবং
মলাকির ১ অধ্যায়ের ৪ পদে নির্দিপ্ত আছে। এই দেশে পুর্বের
হিকীয় ও হিন্তীয় গিদিয়ন অমালেক ও হাজিরীয় জাতিরা বাদ।
"করিত; এই সকল জাতি ইরাহীমহইতে উৎপন্ন হইয়াছিল।
ইহাতে তদ্মোর বা পালমীরা নামে এক প্রাস্থির আছে।
দিতীয় বংশাবলির ৮ অধ্যায়ের ৪ পদে তাহার নাম উল্লেখিত
আছে। এই নগর পূর্বের রোম নগরের সমান ছিল। যেনোবিয়া
নামে ইহার রানী বিদ্যাতে বিশেষ উৎস্কা ছিলেন, এ

কারণ তিনি বুজিমান ব্যক্তিদিগকে সমাদর পূর্বক প্রতিপালন করিতেন।

যেগত ভারতবর্ষের মধ্যে দিল্লী ও গোড় নগরে নানা অট্রালিকাদির অবশিষ্ট চিত্র আছে, ভেমনি এই দৈশে রোমীয় লোক
কর্তৃক নির্দ্দিত প্রাচীন রাজপথের এবং অনেক অট্রালিকার ও
বিবিধ মন্দিরের ভগ্ন অংশ সকল অদ্যাপি দেখা যায়। এ দৈশে
আমালেকীয় বংশজ উক্তা যেনোকিয়া রাণী ছিলেন। তিনি
স্বদেশীয় আরব ভাষার প্রতি তাচ্চল্য করিয়া নিজ রাজধানীতে
অন্য দেশীয় গ্রীক ভাষা প্রচলিত করিয়াছিলেন, তাহাতে
প্রান্তরীয় অসভ্য লোকদিগের বাক্যালাপদ্বারা আর কোন উপকারের সম্ভাবনা ছিল না।

যে ৰূপ •বেহারে ও ভারতবঁষের পশ্চিম অঞ্চলে গর্ভের মধ্যে অনেক মন্দ্রির এবং প্রস্তুরময় অট্টালিকা আছে, তদ্রপ ইদোম দশের প্রেলা নগরেও প্রস্তুরখোদিত অনেক ২ মন্দির দেখা যায়। পেত্রা নগর যিহুদা দেশের দ্বারস্বরূপ ছিল। যে বিকি লোকেরা যুষককে ক্রয় করিয়া মিসর দেশে লইয়া গিয়া-ছিল, বোধ হয় ভাহারা এই নগরবাসি লোক। পেত্রা ৪০০ হস্ত উচ্চ পর্বভদ্বারা বেষ্টিত; নগরে গমনাগমনের পথ মধ্যে ক্রই জন অখারোহী এক কালীন যাইতে পারে এমত এক পর্বত রন্ধ ছিল। এক কালীন যাইতে পারে এমত এক পর্বত রন্ধ ছিল। এক কালীন যাইতে পারে এমত এক পর্বত রন্ধ ছিল। এক কালীন যাইতে পারে এমত এক পর্বত রন্ধ ছিল। এক কালীন যাইতে পারে এমত এক পর্বত রন্ধ ছিল। এক কালীন যাইতে পারে এমত এক পর্বত রন্ধ ছিল। এক কালীন যাইতে পারে এমত এক পর্বত রন্ধ ছিল। এক কালীন যাইতে পারে এমত এক প্রত্তিত হইয়াছে। এ স্থানে বায়ুর গমন বিশেষ বালুকায় বেষ্টিত হইয়াছে। এ স্থানে বায়ুর গমন বিশেষ বাপে নাই; স্থতরাং স্থিগ কিরণদারা তাহার চতুর্দিক্র প্রতপ্ত হওয়াতে সে অভিশয় উষ্ণ হয়। ভারতবর্ষীয় বিণকেরা স্থল পথে যাইয়া পুর্বের প্রেলা নগরে অনেক ব্যবসায়াদি করিত ১

এক্ষণে তাহারা জর্লপথে ভ্রুফ সমুদ্র দিয়া যায়, তাহাতে পেত্রা নগরে যাতায়াত না করাতে সে মরুভূমি হইয়াছে।

পারস্থ হৃদ ৭০ ক্রোশ বিস্তৃত। ইহার মধ্যে বারইন নামে কতক দ্বীপ আছে। লক্ষা দ্বীপে যে ৰূপ মুক্তা পাওয়া যায়, সেই ৰূপ তাহাতেও প্রাপ্ত হয়। এই স্থানে উক্ত হুদের লবনীক্ত জলের নীচুহইতে অলবন জল পাওয়া যায়।

স্থাক সাগর ৬০০ ক্রোশ দীর্ঘ, এবং ৬০ ক্রোশ বিস্তৃত।
ইহাতে কোন নদ নদী পতিত হয় না, কার্মন ইহার তীরের
নিকটে অনেক পর্বত হইলেও বৃষ্টির জল ঐ পর্বত সকলহইতে
খর প্রবাহে আসিয়া বালুকায় লীন হয়, কিম্বা সৃত্তিকাকে
আর্দ্র করিয়া শুদ্ধ হয়। ইহার মধ্যে প্র্বের অনেক অগ্নিময়
পর্বত ছিল, এক্ষনে সেই সকল পর্বত দ্বীপ ইয়াছে। এই
সাগরের জলে সমুদ্রস্থ বৃক্ষের ন্যায় প্রবাল স্কন্মে, এবং ক্রমশঃ
বৃদ্ধি পায়, একারন ইহার নাম স্থক অর্থাৎ ক্ষুদ্র তৃনবিশিপ্ত
সাগর। ইহার অন্য এক নাম রক্তবর্ন সাগর, কারন এমৌ
নামক ব্যক্তিহইতে উৎপন্ন ইদোমীয় লোকেরা ইহার নিকটে
নাম করিত, এবং এমৌর লোম সকল রক্তা বর্ন ছিল,
ইহাতেই রক্ত সাগর নাম হয়। এ সমুদ্রে অনেক ক্ষুদ্র ২
কীট থাকে, তাহাতে ইহার জল রাত্রিকালে হীরাবলির ন্যায়
উজ্জ্বল হয়।

আরবীয় লোকেরা প্রান্তরে বাস করিতে ভাল বাসে। সে দেশের নগর সকল ক্ষুদ্র; ইহার মধ্যে যে ৬ প্রধান নগর আছে, তাহাদের লোকসংখ্যা একত্র করিলে কলিকাতার স্বেদ্ধিক হইবে । সমুদ্য আরব দেশের লোকসংখ্যা বন্ধ দেশের পঞ্চমাংশ মাত্র হইবে, কিন্তু ইহারা অসপ সংখ্যা হইলেও অনেক দেশ জয় করিয়াছিল, এবং ইউরপীয় লোকেরা ইহা-দেরহইতে কতক শত বংসরাবধি ভীত ছিল।

মকা নগরে ২০,০০০ বিংশতি সহস্র লোক বাস করে। हिन्दु मिर शत शतक (यक्ष का नी, मूजनमान का किर शत (अहे ৰূপ মকা; অনেক ভিক্ষুক সেখানে বাস করিয়া অনাধাসে कान क्किंश करतः अकात्र मुकारक जिम्क्किं निर्मत वर्श • नरन। যে ৰূপ যিহুদীয়' লোকেরা ইব্রাহীমহইতে উৎপত্তি হেতৃক অহস্কারী হয়, তদ্রপ "আমাদের নগরে মহম্মদ জন্ম গ্রহণ করিয়াছিলেন " বলিয়া মকানিবাসিরা অহংকার করে। মহমুদ মদ্য পান করিতে নিষেধ করিয়াছেন, কিন্তু এক্ষণে কাবা মন্দিরের দারেও পানার্থ মাদক দ্রব্য ক্রয় করিতে পাওয়া যায়; ফলতঃ দে স্থানের মুসলমানেরা ভালচিনি মিখ্রিত করিয়া তাড়ী পান করে. তাহাতে কেহ নিষেধ করিলে তাহারা কহে, আমরা ভালচিনি মিশ্রিত বৃক্ষের রস পান করি, ইহাতে মদ্যপান কী প্রকারে হইতে পারে? এ নগরের সকল লোক তীর্থবাত্রিদের নিকটে দ্রব্যাদি বিক্রয় করে। প্রতি মস্জ্রীদে এক২ পাঠশালা আছে, তদভিন্ন অন্য পাঠশালা নাই। মকাতে কোন পুস্তকালয়ও নাই। সেই স্থানে গ্রীস বর্ম্মা পারস্ফ ভারতবর্ষ ও মলাকা ইত্যাদি দেশহইতে ৭০,০০০ সত্তর সহস্র তীর্থযাক্রিরা বৎসরাস্তর আসিয়া খাকে। তাহারা চল্লিশ প্রকার ভাষা বলে, এবং কাশীর তীর্থ যাত্রিকদের ন্যায় বড় মন্দ ব্যবহার করে।

মদীনা নগরে ২০,০০০ লোক আছে, তাহাদের মধ্যে মহম্মদের বংশ একানে অতি অণুপ। 'ঐ নগরে মহম্মদের কবর থাকাতে তদ্দেশনার্থ অনেক যাত্রিক লোক সেই স্থানে গমন করে।
মুসলমান লোকেরা বিশ্বাস করে যে জগতের শেষে তৃতীয়
তুরীধানি হইলে যীশু প্রীপ্ত স্বর্গহিত, অবরোহণ করিয়া মরিবেন, এবং অতি অপপ কালের নিমিন্ত মহম্মদের কবর মধ্যে
অবস্থিতি করিবেন, তৎপরে উভয়ে একত্র স্বর্গারোহণ করিবেন।
তাহারা ইহাও বিশ্বাস করে, যে লোকেরা এই নগরের প্রধান
মস্জীদে চুই দিন বাস করে, তাহাদের আর নরক যন্ত্রণা ভোগা
করিতে হইবে না।

যিহূদীয় লোকের। স্থয়েজ নগরের চুই ক্রোশ দক্ষিণে স্থক সাগর পার হইয়াছিল। পুর্বের স্থক সাগর স্থয়েজ নগরের উত্তর দিগ দিয়া ভূমধ্যস্থ সাগরের সহিত মিলিত ছিল।

### দ্বিতীয় অধ্যায় i

### खात्र (मनीय श्रेष अ भन्गामित नियय।

এই দেশের পশুগণের মধ্যে ছোটক প্রধান; হইার উৎকৃষ্টতার বিষয় আয়ূব পুস্তকে বিশেষ ৰূপে উল্লেখিত আছে। ঐ ঘোটকদের এতাদৃশ স্থানিকা যে আরোহির সহিত এক তামুতে, বাস করে, এবং আরোহী ঘোটকের প্রতি দাসবধ ব্যবহার না করিয়া স্বীয় বন্ধুর ন্যায় ব্যবহার করত পুদ্র তুল্য পালনাদি করে। এ সকল ঘোটকের মধ্যে কোন ২ জাতির বংশাবলী চুই সহত্র বৎসর পর্যান্ত ঐ দেশীয় লোকেরা বর্ণনা করিতে পারে, এবং মহম্মদের যুখবর্দ্ধক অন্ধর্ণালার ছোটক-ছুইতে যে২ ঘোটক জানিয়াছে তাহা চিনিতে পারে। আরব

দেশে এরপ উৎকৃষ্ট খোটক অনেক নাই; তাহাদের নংখ্যা অপপ প্রযুক্ত প্রত্যেকের মূল্য ১৫০০ টাকা। আরবীয়েরা অশ্বশাবকের সহিত ক্রীড়া করে, আর কুখনও ঐ খোটককে আঘাত করে.না। নেজৈদ দেশীয় লোকেরা অশ্বনকে মাংস'ভোজন করায়।

আরব দেশে অথ অপেকা গর্জভ অধিক কার্য্যে লাগে, কারণ সে অক্লেশে প্রাস্তবে বাস করিতে পারে, এবং অপ্র অথচ সামান্য খাদ্য দ্রব্য আহার করিয়া থাকে।

উষ্ট্রগণের শরীর বৃহৎ্ব এবং অপ্প মাংস বিশিষ্ট; তাহারা অপাহারী, আর তাহাদের খাদ্য শাক এবং কন্টকাদি মাত্র। তাহাদের উদরে চারি থলী আছে, তাহাতে তাহারা এক সপ্তাহের পানীয় জল ধারণ করিতে পারে। তাহাদের হাঁটুতে মাংসপিগু গাকে, তদ্ধারা তাহারা হাঁটু পাতিবার সময়ে উপকার পায়। তাহাদের পৃষ্ঠেও জক্জ গোলাকৃতি দুইটা কুঁজ আছে, ভাহাতে কোন ৰস্তু তন্মধ্যে রাখিলে তাহা কোন দিগে পডিতে পারে না। উষ্ট্রেরা অনেক দিন উপযুক্ত আহার না পাইলেও ঐ চুই কুঁজদারা প্রতিপালিত হয়, অর্থাৎ কুঁজের রস সকল তাহাঁদের তাবৎ শরীরে ব্যাপ্ত হয়; তেমনি হিমপ্রধান দেশে ভল্লকেরা শীতকালে গর্ভের মধ্যে শর্ন করিয়া থাকে, শীত <sup>•</sup>অতীত হইলে তাহারা তথাহইতে বাহির হয়, অনাহারে কুশ इहेशां श्राटन गरत ना। उद्वेशन बामिका तक उपकार्थ्यक বিস্থার ও সক্ষোচ করিতে পারে, তাহাতে উষ্ণ বায়ু ও বালুকা তন্মধ্যে প্রবেশ করিতে পারে না।

ভারতবর্ষীয় গোরুর ন্যায় আরব দেশেব গোজাতির ক্ষত্তে মাংসপিগু থাকে। আরবীয়েরা কুর্দুরদিগকে অগুচি জ্ঞান করিয়া মদীনা নগরে প্রবেশ করিতে দেয় \* না।

নেক্ষেদ প্রেদেশের পর্বতে অনেক নেকড়িয়া ও কেন্দুয়াব্যান্ত্র এবং বানর থ'কে।

আরব দেশে বিস্তর পঞ্চপাল আছে; ইহাদিগকে ধর্মপুস্তকে উষ্ণতার কন্যা † বলা যায়। যোহন বাপ্তাইজকের
সমরে লোকেরা যে ৰূপ পশ্পপাল খাইত, এখনও সেইৰূপ
তথাকার লোকেরা তাহা খাইয়া থাকে! আরব দেশে অনেক
কচ্চপও পাওয়া যায়। স্থক সাগরের মধ্যে অনেক পাখাবিশিষ্ট
মৎস্য আছে; তাহারা জলে থাকিলে বৃহৎ মৎস্যইইতে ও শূন্যে
উড়িলে পক্ষিইইতে আপনাদের প্রাণ অতি ক্লেশে রক্ষা করে।
ধর্মাপুস্তকে অগ্নিবৎ উড়ভীয়্মান সর্পের ‡ বিবরণ নিখিত আছে।
আরব দেশের প্রান্তরে এমত এক সর্প জ্ঞাতি আছে, যাহারা
পুচ্ছদারা বৃক্ষের এক শাখাইইতে অন্য শাখায় ও মূলইইতে অগ্রভাগে লক্ষ্ক দিতে পারে। এই দেশে উষ্ট্রপক্ষী ॥
জ্ঞান্য; সে জ্ঞান বন্ধ্র ও কার্চ খণ্ড ও লোহ খণ্ড প্রভৃতি খাইতে
পারে, এবং খোটকইইতেও অতি শীন্ত্র গমন করে।

অনেককাল অবধি আরব 'দেশে কাওয়া বৃক্ষ হয় বটে; কিন্ত হাবেশ দেশৈ সে প্রথমে উৎপন্ন হইয়াছিল। কাওয়া পর্বতের ঢালু ও নিমুস্থানের চাতালে জ্বন্মে। এই বৃক্ষে কখন ২

প্রকাশিত ভিনিষ্ট লাক্যের ২২ অগ্রায় ১৫ পদ।
 † যোয়েল ২ আ।৩ প।
 ‡ গ২১ আ।৬ প। বি৮ আ। ১৫ প।

<sup>🎚</sup> আয়ুব পুর্ত্তকের ৩৯ অগ্রায়ের ১৩ পদহদতে ১৮ পদ পর্য্যন্ত ।

একই কালে ফুল ও কল দেখা যায়। হাবেশ দেশের প্রাস্তবে গালা নামে এক জাতি বাস করে, তাহারা ২০।২৫ দিন পর্যাস্ত আর কিছু না খাইয়া কেবলু কাওয়া ফলের গুলি করিয়া গিলিয়া খায়। আরব দেশে কুলুর ও গদ্ধরস অনেক পাওয়া যায়। এই চুই স্থান্ধি দ্রবা প্রবিকালে জ্যোতির্বেন্তারা শিশু প্রীপ্তকে উৎসর্গ করিয়া দিয়াছিলেন। এই দেশে এরগু তৈল ও কাশ্মিরি বৃক্ষের অনেক আঠা পাওয়া যায়। ইহার নিকটবর্তী মিসর দেশীয় প্রাস্তবে অনেক প্রস্তবীমূত বৃক্ষ পাওয়া যায়, তদ্বারা জানা যায় যে প্রবিব সে স্থানে অনেক লোকের বসতি ছিল।

আরব দেশে প্রকৃত ও সহ্কর চুই প্রধান জ্বাতি আছে;
তগ্যধ্যে প্রকৃত জ্বাতি শাম বংশীয় \* যক্তনহইতে উৎপন্ন, এবং
সহ্কর জ্বাতি • ইস্মায়েলহইতে উৎপন্ন হয়। ইস্মায়েল এক
জ্বন ইত্রীয় লোক • ছিলেন, ফলত ভিনি ইত্তাহীমের জ্যেষ্ঠ
পুত্র † । আরব দেশীয় কোরেশ জ্বাতীয়েরা ইস্মায়েলের
বংশ বলিয়া অহক্ষার করে। কুশ জ্বাতীয়েরা হাবেশ নামক
স্থানেশহইতে অনেক লোককে আরব দেশে বাস করিতে
পাঠাইয়াছিল।

বৈদৃইন জাতির। স্বাধীনতী প্রিয় জ্ঞান করিয়া শিলাময় পর্বতে ও নির্জ্ঞান স্থানে বাস করিতে ভাল বাসে। তাহার। কহে, পরমেশ্বর অনুগ্রহ করিয়া আমাদিগকে মুকুটের পরি-বর্ত্তে পাগড়ি, কিল্লার পরিবর্ত্তে খজন, গৃহের পরিবর্ত্তে তামু,

<sup>•</sup> আদি ১০ অখ্যায়ের ২৫ পদ।

<sup>†</sup> ইস্মায়েলের বিষয় আদি পু. ১৬।১৫, ১৬। আর ১৭।২০। এবং ২১। ১৬—১৮, ৩৪ ২৫। ১৬—১৬ ও ১৬ অখ্যায়ের ১২ পদ দেখ।

এবং ব্যবস্থার পরিকর্ত্তে কবিতা, এই চারি প্রধান বস্তু দিয়াছেন।
তাহারা ব্যবস্থা মতে না চলিয়া চৌর্য্য কর্ম্মেই কাল্যাপন করে;
আর ভারতবর্ষীয় পশ্চিমাঞ্চলস্থ ঠগ জাতির ন্যায় পথিকগণের
ধনলুঠন বৃত্তিকেই সন্ত্রাস্ত কর্ম্ম জ্ঞান করে। ইস্মায়েল স্থপিতা
ইব্রাহীনের তামুহইতে বহিষ্কৃত হইয়া প্রাস্তরে বেরূপে বাস
করিয়াছিলেন, তদ্রূপ তাহারাও আপনাদের কর্ত্তন্য কর্ম্ম
বলিয়া সর্বাদা প্রাস্তরে বাস করে।

বৈদুইন লোকেরা অতি যত্ন পূর্ব্বক আতিথেয় ধর্মা প্রতিপালন করিয়া থাকে। যে পথিক লোকেরা একবার তাহাদের লবন খাইতে পায়, অর্থাৎ তাহাদের সহিত আহার করিতে পারে, তাহারা নির্ভয়ে খাকে। পথিক লোক তামুর নিকটবন্তী হইলে নেচুইনেরা আতিথ্যের নিমিত্তে পরস্পর বিবাদ করে। নেজেদ দেশীয় লোকেরা পথিকদিগকে অতিথি করিতে প্রবর্ত হইয়া তাহাদিগের মস্তকে ঘৃত ঢালিয়া \* দেয়া, এবং রাজিকালেও পথিক লোকেরা তাহাদিগের বাসা দর্শন করিতে পারে, একারন তাহারা পর্বতি শৃক্ষের উপরে অগ্নি প্রজ্জাত করিয়া রাখে। পথিক লোক তিন দিবস পর্যান্ত এক স্থানে অতিথি হইয়া থাকিতে পারে, তৎপরে থাকিতে হইতে তাহাকে গৃহের কর্ম্মে সহাস্থ্যাকারতে হয়।

সারব দেশের প্রান্তরবাসি বেডুইন স্কাতির বিষয় স্বাসত হইলে ধর্মাপুস্তকের স্থানেক স্থানের স্বর্থ স্থানারালে বুঝিতে পারা যায়। বেডুইন লোকেরা মকা, কাহিরা, স্থবা আলেপো ইত্যাদি তীর্থস্থানে গমন কালে নগর ও গ্রাম সকলের প্রাস্তর্ভাগে

<sup>•</sup> মথি ২৬ অধ্যায়ের ৭ পদ।

অনাবৃত স্থানে গিয়া থাকৈ, মৃত্তিকা গৃহে কাস করা অপমানের বিষয় বোধ করে; ইহার তাৎপর্য্য এই যে তাহাদের প্রানেশ্রিয় অতিশয় প্রবল, ফলতঃ নগরের মধ্যে অনেক লোকের রাস হৈপুক নানা প্রকার বাস্প ও তুর্গদ্ধ তথাকইতে নির্গত হও-য়াতে তাহারা তথায় বাস করিতে ঘূণা করে। '

ন্ত্রীকে ত্যাগপত্র দেওনের রীতি তাহাঁদের মুধ্যে সাধারণৰূপে চলিত ছিল, তাহাতে কখন২ পঞ্চাশ বর্ষ,বয়ঃক্রমের পুর্বের কেহং পঞ্চাশ বিবাহ করিত ; কিন্তু বস্থ নারীর ভরণ পোষণ করিতে অনেক ব্যয় হয়, এ প্রযুক্ত তাহারা প্রায় অনেক বিবাহ করিত বেচুইন লোকেরা অনেক গোষ্ঠীতে বিভক্ত, একারণ পরস্পার ঈর্ষ্যা করত ভুরিং যুদ্ধ উপৃস্থিত, হইত; কিন্তু তাহারা প্রতি বৎসরের মধ্যে চারি মাস যুদ্ধে ক্ষান্ত থাকিত এবং ঐ কএক মাস জাতি প্রণ্যার্হ বোধু করিয়া বড়শার কলা খুলিয়া রাখিত ; 'সে সময়ে কেছ যদি আপন পিতা মাতার ঘাতকেরও সহিত সাক্ষাৎ করিত, তবে তাহার প্রতি কোন হানি করিত না। বেছুইনদিগের পুরুর পুরুষের রীতানুসারে যেৰপে. শাসন চলিত ছিল, এক্ষনেও চীন দেশে সেইৰপ প্ৰচ-লিত আছে; অর্থাৎ তাহাদিগের কর্ত্তা বা পুরোহিত বাটীর পুরিবারের শাসন করিয়া. থাকেন; এইবাপে আয়ুব ইব্রাহীম এবং নোহ আপন ২ পরিবারকে শাসন ক্রিয়াছিলেন। অদ্যাপিও আরব দেশে কোন রাজা নাই. একারণ সমুদয় পরিবারের প্রধান২ লোক সকলে একত্র ছইয়া এক মান্য ব্যক্তিকে বংশের কর্ত্তা করিয়া নিযুক্ত করে।

বেছইন্ লোকেরা চিরকাল স্বাধীন \* হইয়া আসিতেছে। অনেক দেশীয় লোকেরা তাহাদিগকে জয় করিতে বার ২ উদ্যোগ করিলেও সেই চেপ্তা বিকল হইয়াছে; কারণ বেছইনদের অশ্ব ও উষ্ট্র অতি ক্রতগামী, এপ্রযুক্ত তাহারা ৮ দিবসের মধ্যে ২৫০ ক্রোশ গমন করিতে পারিত, এবং কোন্ স্থানে পলায়ন করিয়াছে শক্রেরা ইহার কিছু অনুসন্ধান পাইত না; আর শক্রগণ বিদেশীয় লোকপ্রযুক্ত কূপেরও উদ্দেশ করিতে পারিত না, স্থতরাং জ্বলাভাবে তাহারা তৃষ্ণায় আকুল হইয়া প্রানে মারা পড়িত। মিসর দেশীয় ও মাদীয় এবং পারস্য লোকেরা বেছইনদিগের সহিত যুদ্ধ করিতে বৃথা চেপ্তা করিত, এবং তদ্রপে মাদীয়েরাও যুদ্ধে নিরর্থক কালক্ষেপ করিত; কিন্তু মহম্মদ বেছইনদিগকে বলপ্র্কাক স্বধর্মে আনিয়া তাহাদিগের দারা অনেক সাহায্য পাইয়াছিলেন।

মুসা ও আয়ুবের সময়ে যে রীতি আরবীয়, প্রান্তরে চলিত, তাহা অদ্য পর্যন্ত চলিতেছে। ভারতবর্ষীয় তাবৎ দেশে ব্রাহ্মণ, বৈশ্য, মুসলমান, পর্টুগীস, ইংরাজ ইত্যাদি নানা লোকদের বসতি হইয়াছে, কিল্ড আরব দেশে কেবল এক জ্লাতির বাস আছে। ইব্রাহীমের সময়ের পূর্ব্রাবিধি তথায় তুক্ছেদের রীতি চলিত আছে। আরবীয় দোকেরা দাড়ি রাখে, এজন্য ক্ষোরকর্মা অতিশয় অপন্যান বোধ করে। তাহারা নিজ বংশাবলীর বিষয়ে অত্যন্ত অহকার করিয়া থাকে; তাহাদের মধ্যে মহম্মদের বংশজাত লোকেরা শরীক পদবীতে বিখ্যাত, এবং সবৃক্ষ্ বর্নের পাগড়ি সন্তক্ষে দেয়।

ইহাতে এই ভবিষ্যধাক্য সফল হইল, "সে নিজ জাভৃগণের সন্মুখে বস্তি করিবে।" আদি পু। ১৯। ১২।

বেচুইন লোকেরা প্রান্তর মধ্যে অনেক দিন'কাল যাপন করাতে তাহাদের দর্শনাদি ইন্দ্রিয় সকল অতিশয় প্রবল হয়। তাহারা অন্য আরবীয় লোকদের পদচিত্র দেখিয়া জানিতে পারে যে উহারা আর্মাদের বংশজ কি না; আর উহারা ভারবাহী কি পরিশ্রান্ত, এবং জম্প দিন বা অধিক দিন ঐ পথ দিয়া গমন করিয়াছে কি না; আর উহারা আপনাদের উট্টে চঁড়িয়াছে কি না; ও ংসই উষ্ট্র ভারগ্রস্ত কি না, আর চুই তিন জন উষ্ট্রে আরোহণ করি-ষাছে কি না ইত্যাদি। তাহারা আপনাদের কোন উষ্ট্র চুরি গেলে পাঁচ ছয় দিনের পথ পর্যাস্ত তাহার পদচিত্ন দেখিয়া জানিতে পীরে, যে ইহা আমাদের উস্ট্রের চিহ্ন কি না; এবং এক শত উত্তের পদচিত্রের মধ্যহইতে আপনাদের উত্তের পদচিত্র চিনিতে পারে,। বেচুইন লোকেরা পাঁচ দিন পর্যান্ত জল পান না করিয়াও অবিশ্রান্ত চলিতে পারে। তাহারা খর্জ্জর মাখন কলাই ময়দা ইত্যাদি দ্রব্য ভক্ষণ করিয়া থাকে; এবং বসস্ত রোগ না জ্বন্যে, একারণ বঞ্চ দেশীয় লোকদের ন্যায় পূর্ব্ব-কালাবধি টীকা দিয়া থাকে।

বেমন পুরের গঙ্গাসাগরের জ্বলে সন্তান নিক্ষেপ করার প্রথা ছিল, সেই মত পাছে আতা বালিকারা ভুটা বা দরিদ্রা হয়, এই ভয়ে কোন ২ বেচুইন লোকেরা তাহাদিগকে জীবন থাকিতেও কবর দিত। স্থতরাং কন্যা জ্বনাইলেই সকলে অমঙ্গল জ্ঞান করিত। তাহারা তাহাদের মধ্যে কোন ২ বালিকাকে প্রান্তরে মেষগণ চরাইতে, নিযুক্ত এবং কাহাকেও ৬ বর্ষ বয়ঃ-ক্রম সময়েই জীবন সত্তে কবরক্ত করিত। বেচুইনদের মধ্যে জ্বনক প্রকার কিপত ধর্দা চলিত ছিল; যথা, তাহারা ভূতের

ভয় নিবারণার্থে শশারুর পা আত্ম গলদেশে ধারণ করিত; বং যাত্রিক লোকেরা নগরদ্বারে উপস্থিত হইলে মড়কের ভয় বারণার্থে দশ বার গাধার ন্যায় শব্দ করিত।

বেচুইন লোকদের মধ্যে সকলই বিপরীতঃ যথা, তাহাদের গৃহ নাই, ও তাহারা নির্জ্জল এবং অনুর্ব্বরা প্রান্তর ভূমিতে বাস কয়ে, তথাপি আপনাদের দেশকে অতিশয় ভাল বাসে। তাহারা সর্ব্রদাই যাত্রিদিগের লুট্র করে এবং তাহাদিগকে অতিথি সেবাও করিয়া থাকে। তীর্থযাত্রা করণ সময়ে তাহারা ধর্মা ও ব্যবসায় করিয়া থাকে। কোন ব্যক্তিদ্বারা অপমানিত হইলে তাহারা প্রতিহিংসা করে, কিন্তু যদি কোন লোক তাহাদের এক জন বন্ধু বান্ধবকে বধ করে, তবে টাকা পাইলে সেই অপরাধ ক্ষমা করিয়া থাকে। মুসলমান হইলেও তাহারা মহম্মদীয় ধর্মোর প্রতি বড় উৎসাহ প্রকাশ করে না; ফলতঃ তাহারা কহে, আগাদের প্রান্তরে জল নাই, অতএব আমরা কী প্রকারে ধর্মার্থে মান कतिव ? এবং আমাদের অর্থ নাই, আমরা ক্রী প্রকারে দরিদ্র ব্যক্তিকে দান করিতে পারি? আমরা রম্জান মাসে কেন উপ-वांत्र कतिव? जागारमत नकल मिन श्रीय উপवारमहे याय; এবং পরমেশ্বর সর্বস্থানেই আছেন, অতএব আমরা কেন তীর্থ করিতে মকা নগরে যাইব?

বেতৃইন লোকের। প্রান্তরবাসী হইলেও অতি শুদ্ধ ৰূপে দেশ ভাষা ব্যবহার করিয়া থাকে। তাহাদের মধ্যে মেষপালক ও অন্যান্য নীচ জাতীয় লোকেরাও সাধুভাষা কহে। কথিত আছে ৮ ঐ ভাষায় সিংহের ৫০০ নাম, ও খড়েরর ১০০০ ও মধুর ৮০ ও সর্পের ২০০ নাম হয়। যেমন বঙ্গ ভাষায় সংস্কৃতের মাতৃত্ব সম্বন্ধ থাকে, সেঁই যত আরবীয় ভাষার সহিত হিক্র ভাষার সম্পর্ক আছে। মহম্মদ আরবীয় সাধুভাষায় কোরান রচনা করাতে আরবীয় লোককর্তৃক তাঁহার ধর্ম বিস্তারিত হইয়াছে। হিন্দুদিগের ন্যায় আরবীয় লোক সকলে কবিতা ভাল বাসে। তাহাদের এক কবিতায় এই কথা লেখে, 'গদ্যেতৈ রচিত কথা সকল কতক গুলিন ছিন্ন ভিন্ন মণির ন্যায়,হয়, কিন্তু পদ্য রচনায় বন্ধ কথা মুক্তামালার ন্যায় শোভা পায়।' পুল্রের জন্ম, ঘোটকের প্রসব, অতিথির আগমন, ও প্রথম কবিতা রচনা, এই চারি ঘটনার উপলক্ষে আরবীয় লোকদের প্রধান উৎসব হয়। কোন ব্যক্তি যখন প্রথম কবিতা রচনা করে, তখন সে অনেক লোককে নিমৃদ্ধণ, করিয়া ভোজন করায়; সেই সময়ে জ্বীলোকেরা গান ও বাদ্যধ্বনি করিয়া থাকে, এবং তাবং প্রতিবালিরা একত্ব হইয়া আহ্লাদ আমোদ ' করে।

সহস্থাদের পূর্বের আরব ও তন্ত্রিকটস্থ দেশ সকলে নানাবিধ ধর্ম্ম প্রচলিত ছিল। ঐ সকল ধর্ম্মাবলম্বি লোকেরা পরস্পার তর্ক বিতর্ক করিতে, ইহা দেখিয়া মহম্মদ নিক্ষ ধর্ম্ম তথায় প্রচার করিতে লাগিলেন।প্রাচীন মতের যে সকল দোষ তাহা প্রাহার ক্তন মতে নাই। সে দেশে পূর্বেকালাবিধি প্রতিমাপুজা ও হত মনুষ্যাদের অর্চ্চনা প্রচলিত ছিল, কিন্তু মিসর দেশীয়দিগের ন্যায় তাহারা কুরুর ও বিড়াল ও পেঁয়াজ্ঞ ইত্যাদি প্রজা করিত না; কেবল আরবীয় লোকদিগের মধ্যে এক জ্ঞাতি পিষ্টক ও পিও প্রজা করিত। কাবা মন্দিরে ১৬০ প্রতিমা ছিল, এই নিমিত্তে প্রতিদিন এক ২ প্রতিমার গণনানুসারে বৎসরের সংখ্যা

হইত। প্রাচীন সময়ে ভারতবর্ষেও আরব দেশে নক্ষত্রাদির পুজা সভ্যতাৰূপে গণিত ছিল \*। ইহার বিষয় ইতিহাসে লেখা আছে, य सूर्यात अर्फनार्थ वार्यन भरत छेक এक गृह নির্দ্দিত ছিল, এবং,অভিশয় বুদ্ধিমান কোম ২ প্রাণিগণ স্থার্য্য-তেও নক্ষত্রেতে বাস করে, প্রথমে এমত বোধ ছিল, এই কারণ আরবীয় শোকেরা ঐ সকল প্রাণিকে মান্য করিত। কিছু কাল পরে তাহারা তাহাদিগের প্রস্তা এবং শেষে তাহাদিগের বাসস্থানীয় নক্ষত্রগণকেও অর্চ্চনা করিতে লাগিল। কস্দীয় মেষপালকগণ প্রান্তরে থাকিয়া রাত্রিকালে আপন ২ পালের প্রহরি কর্ম করিত; তাহারা নক্ষত্রাদি দেখিয়া তাহাদিগের कांट्ड तक्कार्ट्स व्यार्थनामि कतिछ। कानकरम धरे धर्म आंतर দেশের মধ্যে সর্বতোভাবে ব্যাপ্ত হইয়াছিল। মকাস্থ লোকেরা শনি নামে দেবতাকে আর অন্য স্থানের লোকেরা মঙ্গল ও বৃহস্পতিকে পৃষ্ঠা করিত; কিন্তু সকল আরবীয় লোকেরা দিগ্দর্শক নক্ষত্রগণকে অর্চ্চনা করিত। মাজুসি নামক অগ্নি-পুজকেরা অনাদি পরমেশ্বকে অগ্নিরূপে পুজা করিত। তাহারা প্রতিমা পূজা গ্রাহ্য করিত না; এই ধর্মা পারস্য দেশহইতে আরব দেশে সানীত হইয়াছিল। অগ্নিপুজা বিধি ক্রমে ২ নাশ হওয়াতে দানিএল মুনির দাস যোরয়াষ্ঠর নামে এক, ব্যক্তি পুনশ্চ তাহা স্থাপিত করিলেন। বৌদ্ধ ও মুসলমানদের न्याय के धर्म्म कान भूताहिल नारे ।

পরমেশ্বরের প্রতিনিধি জগতে আসিবেন, ঐ মতাবলম্বিদের এমত প্রত্যাশা ছিল, একারণ মাজুসিরা প্র্রেদিগহইতে যীশু

আযুব পুভকের ৩১ অগ্নায় ২৬ পদে।

খ্রীষ্টের জন্মকালে বৈওলেহম নগরে আসিয়া তাঁহার প্রজা করিলেন। মথির ২ অধ্যায় দেখ।

মানিস নামক পারস্য দেশীয় এক ব্যক্তি খ্রীষ্টিয়ান ও দেবপুজ্ক-দের ধর্মা চুই মিশ্রিত করিয়া মানিকীয় নামে এক হুতন মত স্থাপিত করিয়াছিল। খ্রীষ্ট কহিয়াছিলেন, " আমার পরে এক জন সহায় আসিবেন;" মানিস সকলের নিকটে আপনাকে •সেই সহায় জানাইয়া ঐ মত বিষয়ক এক গ্রন্থ রচনা করিল; তাুহাতে যীশু খ্রীষ্ট, যোরয়াষ্ট্র ও বুদ্ধ এই সকল পরমেশ্বরের অবতার বলিয়া লিখিত আছে। । গানিস আরও এই শিক্ষা দিত, যে ভাল ও মন্দ এই ছুই পদার্থ অনাদি। ইহা কখন সত্য হইতে পারে না, কারণ কেবল পরমেশ্বরই অনাদি; ভাঁছার ন্যায় কোন বস্তু স্বাধীন নাই। মাজুসিয় পুরোহিতেরা বোধ করিত, যে পারস্য দেশ স্বধর্ম রক্ষার প্রধান স্থান; অতএব তাহারা ' অন্য ধর্ম্ম প্রবৈশে সম্মত না হইয়া খ্রীষ্টীয় ২৭২°শকে মানিসকে ধরিয়া জীবিত অবস্থাতে তাহার চর্ম্ম ছাড়াইয়া বধ করিল। তথাচ তাহার ধর্মা ইউরপ ও আশিয়া দেশের অনেক স্থানে অতিশয় বিস্তারিত হইয়াছিল। মানিসের হত্যুর ২০০ বংসর পরে মাজডিলক নামক এক প্রবঞ্চক আপক ধর্মা প্রচলিত ক্রিতে চেষ্টা করিয়াছিল, কিন্তু তাহা সিদ্ধ করিতে না পারাতে মাজুসিদের প্ররোহিতকর্তৃক হত হইল।

খ্রীষ্টের পরে তৃতীয় শতাব্দে সামদাতা নগরনিবাসী পোল নামে এক জন বিহুদীয় ও •খ্রীষ্টীয় ধর্মে গিশ্রিত এক হতন ধর্ম পারস্য দেশে চালাইতে চেষ্টা করিয়াছিল।

নিবৃখদনিৎসরের সময়ে যিহদীয় লোকেরা দেশান্তরিত হইয়া

খ্রীষ্টের ষষ্ঠ শতান্দের পুর্বেব বাবিলন দেশে বাস করিয়াছিল। খ্রীষ্টীয় প্রথম শতাব্দেতে য়েমেন দেশের রাজা অগ্নিপ্সক **(टांज्रितित गर्या यिट्रोय धर्मा धर्यन कतांहेल।** यिक्रमालय রোমীয়দিগের কর্তৃক নষ্ট এবং তাহাদিগের মন্দির সমুলোং-পাটন হওয়াতে অনেক যিহুদীয় লোক আরব দেশের প্রান্তরে পলায়ন করিল। তাহারা অনেকেই ক্রীতদাস হইয়া দেশ বিদেশে গেল; এই রূপে বিহুদীয়েরা জগতের সর্বতেই ছিন্নভিন্ন হইয়াছিল, কিন্তু তাহাদিগের অহস্কার কিছুমাত্র ত্যুন হয় নাই। মসীহু নামে ত্রাণকর্তা আসিয়া আমাদিণের পক্ষ হইয়া পৃথিবীস্থ সকল দেশ জায় করিবেন, ভাহাদিগের এমত আশা ছিল; একারণ অনেক প্রতারক সময়ানুক্রমে আসিয়া তাহাদিগকে প্রবঞ্চনা করিল। তাহারা আপনাদিগকে ইব্রাহীমের প্রধানা জীর বংশ বলিয়া শ্লাঘা করিত, এবং আরবীয়গণকে ভাঁহার ক্রীভা দাসীর বংশ বলিয়া ভুচ্ছ জ্ঞান করিত: অতএব যখন মহম্মদ তাহাদিগকে কহিলেন, তোমরা আমাকে ভবিষ্যদ্বক্তা বলিয়া স্বীকার কর, তখন তাহারা বলিল; মুক্ত লোকদিগকে ক্রীতদাস কী কপে শিক্ষা দিবে? ইহা কহিয়া ধিহুদীয়েরা ভাঁহাকে অগ্রাহ্য করিল।

খ্রীষ্টীয় শকের পঞ্চম শতাব্দেতে নেজবান দেশের ২০,০০০ খ্রীষ্টিয়ানেরা যিছুদীয় ধর্ম্ম গ্রহণে অনিচ্চুক প্রযুক্ত য়েমেন দেশের রাজা ত্রমস তাহাদিগকে অগ্নিকুণ্ডে নিক্ষেপ করাইয়া-ছিল; এই হেতুক তাহার নাম অ্যাকুণ্ডের প্রভু হইল। হাবেশ দেশের রাজা ইহাতে অতি ক্রুদ্ধ হইয়া ৭০০০ সেনাগণকে ৬০০ জাহাজে আরোহণ করাইয়া য়েমেন দেশ আক্রমণ করিলেন

ভাহাতে মুমস রাজা যুদ্ধে পরাজিত হইয়া ইক সাগরে আপন ঘোটক চালাইয়া মগ্ন হইল। পরে হাবেশ লোকেরা য়েমেন দেশকে অধিকার করিল। মকা মন্দিরের পরিবর্ত্তে সানা নগরের মন্দির ভীর্যস্থান হইবে, এই ভাহাদিগের মানস ছিল।

খ্রীষ্টীয় ৫৭০ সালে হাবেশ লোকেরা মকা নগর আক্রমণ করিতে গেলে এক মহামারী ভয় উপস্থিত হওয়াতে তাহারা প্রভাগমন করিল; কিছু দিন পরে পারুস্য লোকেরা হাবেলীয়-দিগকে য়েনেন দেশহইতে বহিছ্ত করিয়া দিল; হাবেশীয়েরা কেবল ৭২ বংসর য়েনেন দেশে রাজত্ব করিল। যিহুদীয় লোকেরা য়েনেন দেশে ৩০০ বংসর পর্যান্ত রাজত্ব করিয়াছিল; এছন নগর তাহাদের প্রধান বাণিজ্ঞ্য স্থান; তথাহইতে তাহারা হাবেশ দেশে ও ভারতবর্ষে গিয়া বাণিজ্ঞ্য করিত। এক্ষণে তুই লক্ষ যিহুদীয়া লোক য়েনেন দেশে বাস করিতেছে; তাহারা মুসার ব্যবস্থা এমত দ্যুক্তেপ পালন করিয়া থাকে যে শনিবারে কেহ রন্ধন করে না, এবং ঐ দিনে গৃহে অগ্রি লাগিলে কেহ ভাহা নির্বাণ করে না।

প্রীষ্টের স্বর্গারোহনের পর পঞ্চাশ দিনে প্রীষ্টীয় ধর্ম যিক-শালম নগরে প্রথমে প্রচার হয়; তৎকালে কতকগুলি আরবীয় জ্বোক ঐ নগরে \* উপস্থিত হইয়া ভাহা শ্রবণ ক্ররিল। প্রীষ্টীয় ধর্ম প্রথমে সাধু পৌল কর্তৃক আরব দেশে প্রচলিত হয়। তিনি প্রীষ্ট ধর্মাবলম্বী হইলে পর ঐ দেশে তিন বংসর বাস করিলেন। সাধু থোমা হাদ্রমং দেশে স্থসমাচার প্রচার করিলেন।

প্রেরিডদিগের ক্রিয়া•পুরুকের ২ অখ্যায় ১১•পদ।

এবং সাধু পিতর 'বাবিলন নগরে কিছু কাল বাস করিলেন। ঐ নগরে অনেক খ্রীষ্টীয় বিদ্যালয় ছিল।

,হিরা দেশের রাজা মদ্যপানে উন্মত্ত হইয়া চুই জন বস্কুকে জীবিতাবস্থায় কবরস্থ করিতে আজ্ঞা দিয়াছিল; পরে প্রেকু-তিস্থ হইয়া জানিল যে সে আদেশ সম্পন্ন হইয়াছে। ইহাতে অতি তুঃখিত হইয়া রাজা তাহাদের স্মরণার্থক চুই স্তম্ভ গাঁথিতে আজ্ঞা করিল, এবং প্রতিবৎসরে চুই দিন তথায় গিয়া উৎসব করিত। প্রথম দিনে রাজ্ঞা যাহার মুখ অগ্রে দেখিত তাহাকে সেই স্থানে বলিদান করিত। একবার যাহার বাটীতে প্রর্ফো অতিথি হইয়াছিল, এমত এক আরবীয় লোকের মুখ দেখিল; রাজা প্রতিভূ লইয়া ঐ আরবীয়কে এক বৎসরের নিমিত্তে অবকাশ দিল। পরে নিয়মিত কাল অতীত হইলে স্থ্যাস্ত সময়ে প্রতিভূকে বলি দিতে আজ্ঞা করিল; তংকালে ঐ ব্যক্তি আপনি উপস্থিত হইলে রাজা তাহাকে দেখিয়া বিস্মিত হইয়া কহিল, হাঁ তুমি প্রতিজ্ঞা পালন করিলা! তখন সে ব্যক্তি এই মাত্র উত্তর করিল, আমি খ্রীষ্টিয়ান। ইহা শুনিয়া রাজা খ্রীষ্টীয় ধর্ম্ম শিক্ষা করিয়া প্রকাগণের সহিত তদ্বৰ্মাবলম্বী ইইল।

যিহূদা দৈশস্থ সনেক খ্রীষ্টীয় লোক তাড়না ছেতুক আরবীয় প্রাস্তরে যাইয়া ভাত্রয় লইয়াছিল। কতক খ্রীষ্টিয়ানেরা মহম্ম-দের জন্মের ২০০ বৎসর প্র্রের স্থাক সাগরের তটে মঠ বানাইয়া তাহাতে থাকিত। স্থাক সাগরের উপর এক শিলা বাড়িয়াছে তাহাতে আন্তনি নামক এক ব্যক্তি প্রথম মঠ স্থাপন বাস করিত। তাহার ১০,০০০ শিষ্য ছিল; তাহাদের শ্যা মাদুর, ও বালিশ

তালপাতা ছিল। তাহারা লিবিয়া দেশের প্রাস্তরেও দক্ষিণ মিসরে বাস করিত; পরে তাহারা তথাহইতে হাবেশ ও য়েমেন দেশে থাকিয়া মকা ও স্থরিয়া ও আরবদেশের উত্তর অঞ্চলে স্থসমাচার প্রচার করিত; এবং কৈছ ২ ভারতবর্ষ ও চীন দেশ পর্যান্ত গিয়া খ্রীষ্টধর্ম্ম প্রচার করিল। কথিত আছে, এক জন মঠবাসী চীন দেশ-হইতে তৃতপোকা ইউর্প দেশে লইয়া গেল।

খ্রীষ্টীয় শকের দ্বিতীয় শতাব্দের শেষে সিকন্দরিয়া নগরের বিশপ (অর্থাৎ ধর্মাধ্যক্ষ) পস্তিয়ন্ নামে এক জনকে য়েমেন দেশে হ্বসনাচার প্রচার করিতে প্রেরণ করিয়াছিলেন। ৩৪৩ সালে কনষ্টান্সনামক স্মাট ভারতবর্ষের বিশপ থিয়ফিলসকে য়েমেন দেশে প্রেরণ করিলে তথাকার রাজা ভাঁহাকে তিন মন্দির-নির্দ্ধাণ করিতে অন্থনতি দিল; তথহার মধ্যে এক মন্দির এডন নগরে স্থাপিত হয়।

সিকলরিয়া নুগররাসী অরিজন নামক এক জন, প্রসিদ্ধ গ্রন্থক হি।
তৃতীয় শতাব্দেতে আরবীয় নৃপতির আহ্বান অনুসারে সেই
দেশে গমন করিলেন। ঐ গ্রন্থক হার প্রবৃত্তিদারা রাজা ও তাঁহার
অনেক প্রজালোক খ্রীষ্ট ধর্মা গ্রহণ করিল; কিন্তু তথাকার
খ্রীষ্টিয়ান লোক অনেকেই প্রকৃত ধর্মা ত্যাগ করিয়া নানা পার্যন্ত
মত গ্রহণ করিত। যথা; শাজরীন ও এবিয়ন লোকেরা
বিহুদীযদের ব্যবস্থা ও রীতি পালন করিয়া বীপ্ত খ্রীষ্টের ঈশ্বরত্ব
অস্বীকার করিত; নেষ্টোরিয়ানেরা খ্রীষ্টের তৃই পৃথক স্বভাব
স্বীকার করিত; মনকুসীয়েরা তাঁহার এক স্বভাব মাত্র স্বীকার
করিত; কলিরিদীয়ানেরা মরিয়ম কুমারীকে প্রজা করিত।
এরিয়ানেরা যীপ্ত খ্রীষ্টের ঈশ্বরত্ব অস্বীকার করিত; ইহাদিগের
মত পৃথিবীর স্থানক স্থলে শিস্তৃত হইল, তাহাতে রোমীয়দের

কোন ২ নৃপতিও তাহা গ্রহণ করিলেন। দোসীতী মতাবলম্বিরা কহিত যে যীশু খ্রীষ্টের প্রকৃত শরীর নাই, কেবল প্রেতের ন্যায় এক শরীর আছে, এবং তিনি যথার্থকাপে জুশ যন্তের যন্ত্রণা সহ করেন নাই। বোধ হয় দোসীতীদের নিকটে মহম্মদ এই মত জ্ঞাত হইয়াছিলেন।

পোর নগরের মেরোপিয় নামে এক জন বনিক্ ও তাহার আড়পুত্র ফুইজনই খ্রীষ্ট ধর্ম গ্রহণ করিয়াছিল; পরে মেরোপিয় হত
হইলে তাহার আড়পুত্র হাবেশ দেশের রাজার সকল কর্মোর অধ্যক্ষ
হইল; তাহার সং আচার ব্যবহার ও কথোপকথনদারা সেই দেশের
আনেক লোক খ্রীষ্টীয় ধর্মা গ্রহণ করিল। পরে সে সিকন্দরিয়া
নগরে গমন করাতে বিশপ আখানেসিয়স তাহাকে বিশপ পদে
নিযুক্ত করেন। তাহার চেষ্টায় অমত কল দর্শিল, যে হাবেশ দেশের
রাজা ও তাহার প্রজাগন প্রায় সকলেই খ্রীষ্টিয়ান হইয়া উঠিল।

মহম্মদের জ্বমের সময়ে অনেক দেশ অজ্ঞানতাৰপ কুপে মগ্ন ছিল। খ্রীষ্টীয় ধর্ম্মোপদেশকদিগের মধ্যেও অনেকে উত্তমৰূপে লিখিতে কি পড়িতে জ্ঞানিত না; বরং তাহারা লেখা পড়াতে তাছ্ছল্য করত কেবল ধর্মবিষয়ক তর্কবিতর্ক করিয়া কাল যাপন করিত, তাহাতে তাহাদিগের ক্রোধ ও লোকদের প্রতি হঠাৎ নির্ভুর ব্যবহার ক্রমশঃ বৃদ্ধি পাইয়াছিল। তৎকালে খ্রীষ্টীয় ধর্মধ্যামকেরা ধনী হইয়া ধর্মজ্ঞেষ্ট হইল, এবং সর্বাদা হুখ ও পরাক্রম আকাজ্জা করিত। খ্রীষ্টীয় মগুলী দরিক্র হইলে প্রায় যথার্থ ধর্মিষ্ঠ থাকে। খ্রীষ্টিয়ানেরা তৎকালে তর্কবিতর্কে আসক্ত হওয়াতে ধর্মের যে সার, অর্থাৎ প্রেম ও ন্মতা-তাহাই বিস্মৃত হইল।

महत्मन के गकन जिन्न २ मछ । मिथियां ও छर्कविछर्क अनिया

পৌত্তলিক ও বিহুদীয় এবং খ্রীষ্ট্রীয় ধর্মাহইতে এক ত্তন ধর্মা প্রকাশ করিতে মানস করিলেন; অতএব তিনি কাবা মন্দিরে প্রজার বিধান করিয়া ঐ স্থানকে প্রধান তীর্থ বিলয়া জানাইলেন; এবং মুসার ব্যবস্থা ও ধর্মাপুস্তকের অন্তভাগহইতে অনেক বিষয় সংগ্রহ করিলেন; এই ৰূপে খ্রীষ্ট্রীয় ও বিহুদীয় ধর্মার অনেক কথা লইয়া মহম্মদ কোরানে লিখিলেন। কলতঃ তিনি কহিতেন, আমার এ ধর্মা ত্তন নহে, ইহা অতি প্রাচীন।

পুর্বের নৃপতিরা বিদ্যার আঁলোচনায় প্রজাদিগকে উৎসাহ
দিতেন; কিন্তু মহম্মদের সময়ে কোন বিদ্যার আলোচনা না
বাকাতে লোক সকল কেবল অজ্ঞানভায় মগ্ন ছিল। গণ্ ও বাগুল লোকেরা বর্গিদের ন্যায় দেশ লুট করিয়া কাল ক্ষেপ করিত; এই নিমিত্তে সাধারণ প্রজাগণ বিদ্যার আলোচনা করিতে পারিত না; কেবল খ্রীষ্টীয় মঠে ভাষ্কার আলোচনা হইত।

রোম দেশের, রাজারা ১২০০ বংসর পর্যাস্ত জগতের প্রধান ২ দেশ শাসন করিয়া মহম্মদের সময়ে ক্রমে২ রাজ্যজ্ঞই হইতে লাগিল। তাহারা ইউরপ দেশ সমুদ্য় জয় করিয়াছিল, কিন্তু সৈন্যের অভাব প্রযুক্ত তাহা অধিকারে রাখিতে পারিল না। রোমীয়েরা পারস্য লোকদের সহিত অনেক কাল পর্যাস্ত যুদ্ধ করিয়া পরিশ্রাস্ত হইয়াছিল।

# তৃতীয় অধ্যায়। .

. भरुषारमतं रशोवनावस् । ।

পৃথিবীতে ৮০ আশি কোটি লোক বাস করে; তাঁহার মধ্যে ২০ কোটি খ্রীষ্টিয়ান, ৪০ জক যিহুদীয়, ৪৫ কোটি দেবপুজক ও

বৌদ্ধ, এবং ১৪ কোটি ৬০ লক্ষ মুসলমান হয়। তাবৎ মুসলমানেরা गरुमामरक ভবिষ্যद्वको विषया माना करत। श्रुक्तकारम गरुमारमत সৈন্যগ্রদারা ভাঁহার ধর্ম ফান্স দেশের পশ্চিম ও আফ্রিকার উত্তর পশ্চিম অঞ্চল সকল ও পারস্য দেশ এবং ভারতবর্ষ ও আশিয়ার সমীপস্থ দীপসমূহ, ও কাল সাগরের দক্ষিণ তীর পর্যান্ত প্রচারিত ছিল; অদ্যাপিও প্রায় ঐ সকল দেশে তাঁহার মত প্লচলিত আছে। ব্লিনি ঐ ধর্ম সংস্থাপন করেন, ভাঁহার আচার ব্যবহার ও স্বভাবের বিষয় সকলের কিঞ্চিৎ জ্বানা উচিত। অন্যান্য সেনাপতিরা কেবল দেশ অধিকার করিয়াছে, কিন্তু মহম্মদ মনুষ্যগণের মনকেও বশীভূত করিয়া এক হতন ধর্মের সংস্থাপক হইলেন। একাদশ শত বংসর পর্যাস্ত আশিয়া ও আফ্কার সভ্য প্রদেশ সকলে ঐ ধর্মা চলিত আছে। বিংশতি বৎসর পর্য্যন্ত যিনি ব্যবসায়ির কর্ম্যে নিযুক্ত থাকিয়া যৌবনা-বস্থায় কোন প্রকার বিদ্যাতে বিশেষকাপে অনুরক্ত ছিলেন না, তিনি কোটি ২ মনুষ্যের শরীর ও আত্মার উপরে কর্তৃত্ব করিয়া জয়িদের মধ্যে শ্রেষ্ঠৰূপে গণিত হইয়াছেন; এবং তাঁহার কর্তৃত্ব ধর্মবিষয়ক বলিয়া একাদশ শত বৎসরার্থি প্রসিদ্ধ-ব্বপে চলিতেছে, ইহা স্মৃতি সাক্ষ্য। খ্রীষ্টিয়ানেরা প্রবৃত্তি ও ঘোষণাদ্বারা আপনাদিগের ধর্মা বিস্তার করেন, কিন্তু মহ-মাদীয় ধর্মা বলে ও ছলে বিস্তারিত হইয়াছে।

ইস্যায়েলহইতে উৎপন্ন কোরেস নামে এক উৎকৃষ্ঠ জাতি পুরুষাত্মক্রমে মকানগরস্থ কাবা নামক প্রধান মন্দিরের রক্ষণা-বেক্ষণ করিত। তাহারা বাণিজ্যের নিমিত্তে মকা নগর স্থাপন করিয়া অনেক কালাবধি স্তাম্মুল, হাবেশ ও পারস্থা দেশে যাইয়া ব্যবসায়াদি করিত। মহম্মদের প্র্রেপ্ররুষগণ প্রভৃতি মকাস্থ কুলীনেরাও সেই কর্ম্ম করিতেন।

ঐ বংশে ইং ৫৭১ সালে এপ্রিল মাসের ত্রয়োদশ তারিখ সোমবারে মকা নগরে মহমাদের জন্ম হয়। তাঁহার পিতা মাতার আর সন্তাশ ছিল না। মহম্মদের জ্বমের তুই মাস পুর্বের ভাঁহার পিতা আবছুল্লা স্থরিয়া দেশের অসা নামক নগরে বাণি-জ্য করিয়া প্রত্যাগমন কালে মদীনা.নগরে প্রাণ ত্যাগ, করি-লেন; তৎকালে তাঁহার বয়ঃক্রম ২৫ বৎসর মাত্র ছিল। মহম্মদ আপন পিতার দানপত্রানুসারে পাঁচ উষ্ট্র ও এক হাবেশ দেশীয় ক্রীতাদাসী ° র্যার এক গৃহ অধিকার করিলেন। তাঁহার মাতা আগীনা পতিবিয়োগে অতিশয় শোকার্ত্তা হওয়াতে ক্রমে২ অমুস্থা হইতে লাগিলঃ এবং কখন ২ তদ্রাবস্থায় আপনাকে ভূতাবিষ্ঠ বোধ করিড, এজন্যে যেমন পল্লিগ্রামন্থ হিন্দুরা সাপন ২ শিশুগণকে ভূতাবেশহইতে রক্ষা করণার্থে তাহাদের কোমরে চাবি রাখে, তদ্রপ তাহার বন্ধুরা তাহাকে গলেও বাহুমূলে লোহখণ্ড ধারণ করিতে পরামর্শ দিত। আলি বেন্ য়িজিড্ কহেন, বে মুহম্মদ আপন মাতার ক্ষীণাবস্থা হেতুক আজ্ঞ্ম-কাল অবধি অমুস্থ শরীরবিশ্বিষ্ঠ ছিলেন।

• মুসলমান ইতিহাসরচকেরা লিখেন, যে মহম্মদের জন্মকালে তাঁহার মাতা আপন শশুর আবতুল্ মতালনকে ডাকাইয়া কহিয়াছিল, আমি স্বপুে দেখিয়াছি আমার শরীরহইতে এক তুর (অর্থাৎ তেজঃ) নির্গত হইয়া স্থরিয়া দেশস্থ বস্ত্র নগরের সকল অট্টালিকায় উচিল। আব্দুল মতালব স্থীয় পৌত্রের জন্মের পর সপ্তমু দিবসে ভোজের নিমিত্তে অনেক উ্টু হত করিলেন; পরে ঐ শিশুকে

ক্রোড়ে লইয়া কাৰা মন্দিরের মধ্যস্থানে হোবাল নামক প্রতিমার সমূবে দণ্ডায়মান থাকিয়া ঐশ্বিক আশীর্বাদ প্রার্থনা করিলেন, এবং বালকের নাম মহম্মদ (অর্থাৎ প্রশংসিত) \* রাখিলেন।

মকা নগরস্থ কাবা নামক প্রধান মন্দিরে কৃষ্ণবর্ণ এক প্রস্তর ছিল। মুসলমানেরা বোধ করিয়া থাকে, যে ঐ প্রস্তর প্রথমে স্বর্গে শুক্রবর্ণ ছিল, কিন্তু মন্ত্রেরা পাপ করাতে তাহা কৃষ্ণবর্ণ হইয়া স্বর্গইইতে পৃথিনীতে পড়িয়াছিল। আর ইহাও বলে, ঐ পাথর ষে স্থানে পতিত হয়, আদম ভারতবর্ষহইতে তথায় যাইয়া প্রতিবংসর সেই প্রস্তরকে বেষ্টন করিতেন; এবং জলপ্রাবনের সময়ে ঐ মন্দির ভগ্গ হইলে ইব্রাহীম তাহা পুনর্কার নির্দ্ধাণ করিয়াছিলেন; আর ইস্মায়েল বংশীয়েরা উলঙ্গ হইয়া ঐ মন্দিরকে বেষ্টন করিত। খ্রীষ্টের ৪৪৫ বংসর প্রক্রে যখন মকাতে লোকদের বাস ছিল না, তখন আরবীয়েরা তথায় যাইয়া ঐ প্রস্তর প্রজা করিত; পরে তাহারা মকাহইতে অন্য এক প্রস্তর আনিয়া আপনাদের তামুতে স্থাপন করিয়া প্রস্তা করিত।

রামচন্দ্র কেবল অযোধ্যার রাজা ছিলেন, এবং কৃষ্ণও সেই
ক্রপণ দ্বারকার রাজা ছিলেন, কিন্তু হিন্দুরা ইহাদের উভয়ের
নানাবিধ কাম্পনিক অন্তুত কর্ম্মের বিষয় বর্ণনা করিয়াছে;
মুসলমান গ্রন্থকারেরাও বীশু খ্রীষ্ট এবঃ মুসার জ্বনের সহিত.
মহম্মদের জ্বনের তুলনা করণের আশয়ে তাঁহার জন্ম বৃত্তান্তের

মহন্দদ কহিতেন, ঘীতা প্রীক্ট সহায় আসিবার যে প্রতিজ্ঞা করেন,
 ঐ সহায় আমি; নেহেতুক তাহার নাম ও আমার নামের একই অর্থ ।
 কিন্ত ইহা কদাচ সন্তব হইতে পারে না; কেননা মহন্দদ শন্দের অর্থ
 সহায় নয়, কিন্ত প্রশংসিত।

মধ্যে অনেক অদ্ভূত কর্ম লিখিয়াছেন, যখা; পারস্য দেশীয় সাবা ্হদের সমুদায় জল শুষ্ক হওয়াতে কিছু দিন পরে তথায় এক নগর সংস্থাপিত হইল; এবুং ভুমিকস্পদারা খঞা নামক পারস্য দেশীয় রাজার অট্রালিকা চালিত হইয়া পতিত হইয়াছিল। পুর্ব্বকালীন হিম্পুলোকদের ন্যায় পারস্য দেশীয় লোকেরা স্থ্য ও অগ্নিকে প্রজা করিতৃ, তাহাদের যে পবিত্র আগ্ন এক সহঁস্র বৎসরাবধি প্রজ্বলিত হইয়াছিল, সে ঐ দিনে নির্বাণ হয়। নক্ষত্র মধ্যস্থ ভূতগণ নিষ্ণ বাদস্থানহইতে \* বহিষ্কৃত হইয়া পৃথিবীতে প্রতিমার প্রাণপ্রতিষ্ঠা করিতে এবং দৈববানী প্রকাশ कतिरा मिक्किरीन रहेल। हेनन् हेमरीक् ও ওয়ाकिमी लास्थन যে মহম্মদ জন্মকালে প্রণাম করিয়া স্বর্মের প্রতি দৃষ্টিপাত পূর্ব্বক প্রার্থনা করিয়া কহিলেন, "পর মৈশ্র মহান্ত অদিতীয়; আমি তাঁহার ভবিষ্যদক্তা।" ইহা মহমাদ স্বয়ং কিছু কহেন নাই; পরস্ত যে জ্বপ কৃষ্ণের বিষয়ে হিন্দুরা কহিয়া থাকেন, সেই ৰূপ তাঁহার মৃত্যুর পর মুসলমানেরা তাঁহার বিষয় এ সকল গণ্প প্রকাশ করেন।

সহন্দরে সাতা আমীনা শরীরের চুর্বলতা প্রয়ুক্ত স্বকীয় শিশুকে স্তন্যপান করাইতে অশস্ত্রণ হইলে, তাহার বৈচুইন ধাত্রী অনুগ্রহ করিয়া তাঁহাকে' প্রাস্তরে লইয়া গেল। সকা নগর অনুর্বরা উপগিরিও বালুকাময় প্রাস্তরদারা বেপ্তিত হওয়াতে গ্রীক্ষ

<sup>•</sup> উল্ভাপাত দেখিয়া মুসলমান লোকেরা বলে, যে শয়তানের দূতেরা নিগৃত কথা স্থানিবার জন্যে স্বর্গের দার পর্যান্ত যায়, এবং স্বর্গদূত তাহা-দিগকে প্রবেশ করিতে নিবাররের নিমিত্তে তাহাদের প্রক্তি তারান্দ

প্রবুক্ত অম্বাস্থ্যজনক ছিল, তাহাতে তত্রন্থ ধনিলোকেরা আপন ২
সন্তানদিগকে শৈশবাবস্থায় ৮ দিশহইতে ৮ বর্ষ পর্যান্ত ক্লেশ সহ্য
করাইতে ও প্রকৃত অমিপ্রিত আরবীয় ভাষা স্থাশিক্ষিত করণার্থে
প্রান্তরে প্রেরণ করিত। মুসলমান গ্রন্থকর্ত্তারা কহেন, গহন্মদের
প্রান্তরে বসতি কালে চন্দ্র ও মেষগণ তাঁহাকে প্রণাম করিত।
মর্হমদ ঐ প্রান্তরে ছয় বৎসর থাকিয়া মৃগীরোগগ্রন্ত হইলেন,
তাহাতে ধাত্রী ভীতা হুইয়া তাঁহাকে তাঁহার মাতার নিকটে
আনয়ন করিল। ঐ সময়ে সে রোগের প্রথম সঞ্চার হয়;
কলতঃ তাঁহার শিষ্যেরা ব্যক্ত করিয়াছে যে উহা মৃগী রোগ নয়,
কিন্ত ইশ্বাবিভাবের চিত্রা।

মহমদ ছয় বৎসর ছয় গাসের সময়ে মাতৃহীন হন।
তাঁহার মাতা স্থন্দরী ও বুদ্ধিমতী বলিয়া বিশেষ, রূপে বিখ্যাতা
ছিল। পরে এক ক্রীতদাসী তাঁহাকে মাতার ন্যায় প্রতিপালন
করিত। মহম্মদের চম্পুরোগ হওয়াতে ঐ দাসী, তাঁহাকে প্রাস্তর
মধ্যে ওকাদ নামক স্থানে এক জ্বন উদাসীন খ্রীষ্টিয়ানের নিকটে
লইয়া গিয়া তাঁহার ঐ রোগ স্বস্থ করাইল। ইহার দুই বংসর
পরে মহম্মদের পিতামহ আবত্বল মতাল্লব আপন প্রল্র আবুতালেবের হক্তৈ তাঁহাকে সমর্পন করিয়া লোকান্তর হইলেন। ঐ
আবুতালের মহম্মদকে পুল্রের ম্যায় প্রতিপালন করিতেন, এবং
তাঁহাকে সম্মারেছন বিদ্যায় ও অন্তর শক্ত কবিতারচনা এবং পশুদমন প্রভৃতি বিষয়ে শ্রেশিক্ষত করাইলেন। আরবদেশীয় যে লোক
ভাল লিখিতে পারে, এবং ধ্রুবিদ্যাতে পারক, ও সস্তরনে সক্ষম
হয়, তাহাকে নিপুন বলিয়া সকলেই মান্য করে। মহম্মদ
অন্য বালকদিগের সহিত ক্রীজা বা আলাপাদি করিতে প্রায়

চাহিতেন না, বরঞ্চ নির্জন স্থানে থাকিতে ভাল বাসিতেন।
তিনি অপপ পুস্তক অধ্যয়ন করিতেন বটে, কিন্তু মকানগরে
উপস্থিত বিদেশীয় বণিকু লোকদের সহিত কথোপকথন
করিয়া অনেক জ্ঞান উপার্জ্জন করিলেন; ঐ বণিকেরা পারস্য,
স্থরিয়া, মিসর, ও বিহুদীয় দেশহইতে আগত হইত।

महमाम ১० वर्ष वयुरमत मगय अकाम रमनारक भगन कतिरलन । তাঁহার খুড়া আবুতালেব দরিদ্র হইলেও সাহসিক বণিক ছিলেন; তিনি হ্রিয়া ও য়েমেন<sub>্</sub>দেশে বাণিচ্ছ্যের নিমিত্তে যাইতেন। আরবীয়া বণিকেরা দম্মেষক ও বক্রা নগরে হিজ্ঞাস দেশের খর্জুর ফল ও য়েগেন দেশের গন্ধরস আনিয়া তাহার পরিবর্ত্তে শস্ত ও শুষ্ক আঙ্গুর ও বন্ত্র স্বলেশে লইয়া যাইত ৷ মহুমাদ দ্বাদশ বর্ষ বয়স্ক হইলে তাঁহার খুড়া তাঁহাকে নঙ্গে করিয়া ঐ মেলাতে লইয়া গেলেন; মহমাদ তত্রস্থ ব্যক্তিদের সহিত্ কথোপকখন করাতে আরব দেশের ইতিহাস ও নানা ধর্ম ও ভিন্ন ২ দেশীয় গল্প জ্ঞাত হইলেন; উত্তরকালে নানা প্রাচীন ধর্মহইতে স্বধর্ম রচনা করণে প্রবর্ত্ত হইলে ঐ জ্ঞান তাঁহার পক্ষে বড় উপকারক হইল। বস্রা নগরের নিকটে সের্জিয়স নামক এক জন আরব দেশস্থ উদাসীন খ্রীষ্টিয়ান বাস ক্রিতেন; তিনি ফিদ্যা ও ধর্মের নিমিত্ত বিশেষ ৰূপে বিখ্যাত, এবং নেষ্টোরিয়ান খ্রীষ্টমতাবলম্বী হুইয়া পোত্তলিক মতের অতিশয় বিপক্ষ ছিলেন। মহম্মদ তাঁহার গৃত্তে অতিথি হইলে তাঁহারা পরস্পার খ্রীষ্টধর্মের বিষয়ে অনেক কথোপকথন করিতেন; পরে ১সর্জিয়স মহম্মদের পিতৃব্যের \* পরামর্শানুসারে তাঁহাকে সাবধান পুর্বক মকানগরে লইয়া গেলেন।

সিরাভ এরাবুল ও তারিক এল কামসী।

মহন্দ লেজিয়স এবং উদাসীন নেষ্টোরিয়ানদের হইতে প্রীষ্ট ধর্মসম্বন্ধীয় বে বিদ্যা পাইয়াছিলেন, তাহাই উত্তরকালে কোরান রচনায় তাঁহার উপকারজনক হইল। সেই উদাসীন মহন্মদের নিপুণতা দেখিয়া তাঁহার খুড়াকে কহিলেন, ইনি অতি বড় মান্য লোক হইবেন। মহন্মদ ১৬ বৎসর বয়ংসর সময়ে তাঁহার খুড়া জোবের সহিত দক্ষিণ আরবদেশে যাত্রা করিলেন; এবং ২০ বৃধ্ব বয়স্ক হইলে তিনি মকায় গিয়া এক যুদ্ধে উপস্থিত হইয়াছিলেন।

মহম্মদ কখন ২ বাৰিজ্যার্থে ছরিয়ার প্রান্তরে ও কখন **২** মেলাতে গমন করিতেন ৷ আরবীয় লোকেরা হিন্দুদের ন্যায় মেলাতে ব্যবসায় বাণিজ্ঞ্য করিত। বঙ্গদেশীয়েরা পুত্র জন্মিলে ষেমন অতিশয় আহলাদিও হয়, সেইমত আর্ব দেশীয়েরা প্রথম কবিতা রচনা করিলে অতি সম্ভষ্ট হইত; এবং তথাকার যে লোকেরা লেখাপড়া না জানে, তাহারাও কবিতা রচনার বিষয়ে তর্ক বিতর্ক করিত। আরবীয় লোকেরা কনিতাকে অভিশয় সম্ভ্রম করিয়া সাত খানি প্রশংসিড কবিতা প্রস্তুক अस िह्नकर्भ कांवा मिल्पात होक्रारेशाहिल। योननकारल मह-শাদ জীবিকার নিমিতে সাধারণ ব্যবসায়ে অনুপযুক্ত হওয়াতে মেৰপালকের কর্ম্ম করিতেন। কেবল, অবিবাহিতা বালিকা ও ক্রীতদাসেরাই এই কর্মা করে বলিয়া, জারবীয় লোকেরা এক मित्रम सहस्राप्तक निम्मा कतिल; किन्छ \* जिनि निम्मि इहेंग्रा উত্তর দিলেন, একর্মা অতি প্রশংসনীয় কারণ ভবিষ্যদক্ষণ দায়ুদ <u>,ও মুসা ইাহাই</u> করিতেন<u>়।</u>

<sup>।</sup> ওয়াকিদী; ঈসহাক আবু ইসহাক।

আরবদেশে অনেক অসভ্য জাতি ছিল। তাহারা কোন ব্যবস্থার অধীন না হইয়াও বংসরের মধ্যে চারি মাস পুণ্য জ্ঞানে যুদ্ধহইতে ক্ষান্ত হইত। সে সময়ে ওকাদ মেলাতে বাদী, ও প্রতিবাদী একত্র হইত, অর্থ দিয়া বন্দিদিগকে মুক্ত করিত, ঘোটকের বলের প্রশংসা করিত, এবং আপনাদের বিবাদ নিষ্পা-তির নিমিত্তে মধ্যস্থ নিযুক্ত করিয়া আদর করিত। ফেমন হিন্দুরা জ্ঞান্নাথ ক্লেত্রে রথবাত্রাকালে একত্র হয়, সেইবপ আরবীয়েরা ঐ মেলায় একত্র হইত। সেই স্থানে কবিরা উৎকৃষ্ট ছন্দে প্রধান ২ ব্যক্তি সকলের ইতিহাস লিখিয়া পাঠ করিত, এবং ছন্দে ধর্মা বিষয়ে তর্ক বিতর্ক হইত।

মকা নগরের কোন স্থান প্রস্তরময় ও কোন্ স্থান জলহীন;
তত্রস্থ ভদ্র লাকেরা বানিজ্ঞা ও ব্যবসায় কর্মেতে রত ছিলেন।
তাঁহারা কখন ২ কাফিলা অর্থাৎ বানিজ্ঞার্থে অনেক বাত্রিকদিগকে
একত্র করিয়া রাজাগণের ন্যায় তাহাদের শাসন করিতেন।
কোরিস জ্ঞাতিরা মকা নগর স্থাপন করিয়াছিল, তাহারা ব্যবসায়দারা ধন প্রাপ্ত হইয়াও বানিজ্ঞা করিত; কোরিসেরা মহন্মদের প্রপিতামহ স্তামুল নগরের স্মাট্ এবং হাবেস দেশের
রাজ্ঞার সহিত বানিজ্ঞার বিষ্য়ে এক নিয়ম স্থাপন করিয়াছিলেন; ঐ কুলীন লোকেরা শস্ম, শুদ্ধ দ্রাক্ষাক্ষ পশমী বস্ত্র
ও অন্য ২, প্রর্দেশীয় দ্রব্যাদির বিনিময়ে স্থরিয়াদেশের খর্জ্ঞার
ও স্থাক্ষি দ্রব্য উদ্ভের দারা আনয়ন করিতেন। সেই সময়ে
নারীগণও চীন দেশীয় দর্পন ব্যবহার করিত। কুলীনেরা বানিজ্ঞাহইতে সভ্যতা ও স্থখের বৃদ্ধি পাইয়া তাহাতে প্রবর্ত্ত হইতেন।

মহম্মদ খুড়ার অনুরোধে ২৫ বংসর বয়ংক্রমে খাদাইজা নামী

এক জন মৃত ধনবান বনিকের স্ত্রীর সেবাতে নিযুক্ত হইয়া স্থরিয়াদেশে গেলেন, এবং তিন বৎসরাবিধি তাঁহার কর্দ্তব্যকর্ম অতি
উদ্ধানপে নির্বাহ করিতেন। খাদাইজা তাঁহার নিপুনতা দেখিয়া
তাঁহাকে দিগুন বেতন দিতে লাগিল, তাহাতে মহম্মদের অনেক
লাভ হইল। পরে খাদাইজা তাঁহাকে দক্ষিন আরব দেশে প্রেরন
করিল। মুসলমান লোকেরা মহম্মদ বিষয়ক সেই সময়ের অনেক
গণপা,করে, যথা এক জ্বরু স্বর্গদূত তাঁহার মন্তকোপরি উড়িয়া
পক্ষদ্বারা তাঁহাকে ছায়া দিত, এবং তিনি কোন শুদ্ধ বৃক্ষের
তলে বসিলে সেই বৃক্ষহইতে ডৎক্ষণাৎ ফুল ও ফল পাইতেন,
ইত্যাদি।

খাদাইজ্ঞা প্রথমতঃ গ্রহমাদের সৌন্দর্য্যে আন্চর্যায়িত। এবং
মোহিতা হইয়া কিছুকাল পরে তাঁহার প্রতি প্রেম প্রকাশ করিল,
এবং মহম্মদন্ত তাহাকে বিবাহ করিতে প্রতিজ্ঞা করিলেন; কিন্তু
খাদাইজ্ঞার বয়্রস তখন ৪০ বৎসর, অথচ প্র্রের তাহার ছই
বার বিবাহ হওয়াতে তিন সন্তান জ্ঞামিয়াছিল, এবং মহম্মদ
দরিদ্র ছিলেন; এই সকল কারন প্রযুক্ত তাহার পিতা বিবাহেতে
অসম্মত হইলেন। অবশেষে খাদাইজ্ঞা কলে কোশলে পিতার
সম্মতি পাইলা; বিশেষ্তঃ, সে,ভোজের সময়ে আপন পিতাকে
মদ্যদারা মন্ত করিলে তিনি নিজ্ঞ কন্যা খাদাইজ্ঞাকে মহম্মন
দেরু সহিত বিবাহ দিলেন। ভোজন সময়ে আবুতালব বক্তৃতা
করিয়া কহিলেন, যে মহম্মদ দরিদ্র ইহা সত্য বটে, কিন্তু
ধন ছায়ার ন্যায় অস্থায়ি। তিনি বিবাহ কালে মহম্মদকে ১২
টা গাড়ী ও ২০০ টাকা যৌতুক,প্রদান করিলেন। মহম্মদ তৎকালে একটা উ্টু বধ করিয়া তাহার মাংস দরিদ্ধ লোকদিগকে

বিতরণ করিলেন। পরদিন প্রাতে খাদাইজার পিতার জ্ঞানোদয় হইলে তিনি এবং তদ্বংশীয় লোকেরা মহম্মদ ও ভাঁহার
গোষ্ঠীর সহিত যুদ্ধ করিতে উদ্যোগ করিলে খাদাইজার প্রবোধদারা নিবৃত্ত হইলেন। খাদাইজা খ্রীষ্টীয় ধর্মাশার জ্ঞাতা
ছিল, এবং মহম্মদকে স্পতিশয় ভাল বাসিত; এ জন্যে মহম্মদ
তাহার সাংসারিক কর্ম্মে এবং বুদ্ধির কৌশলে সল্ভপ্ত ইইয়া
তাহার মতানুসারে প্রায় সকল কর্ম্ম করিতেন, কিন্তু খাদাইজা
স্বীয় ধনের ভার তাঁহাকে অর্পন করিত না। মহম্মদের উরসে
তাহার ৬ সন্তান জম্মিয়াছিল; কিন্তু সে সকলের মধ্যে ফতিমা
নামে কেবল একটী কন্যা মহম্মদের মৃত্যুর পর অবধি বাঁচিয়াছিল।
খাদাইজা জ্বীবিতা থাকিতে মহম্মদ অন্য বিবাহ করেন নাই।

বিবাহের,পের মহম্মদ কখন ২ বানিজ্যার্থে দেশান্তরে যাইতেন, কখন বা আরবীয় প্রান্তরে গিয়া বে যিহুদীয় ও, খ্রীষ্টীয় লোকেরা দেবপুজকদের তাড়নাতে তথায় বাস করিত; তাহাদের সহিত সাক্ষাৎ করিতেন। ঐ প্রান্তরে নেষ্টর নামে এক বুদ্ধিমান খ্রীষ্টীয় উদাসীন থাকিত, তাঁহার সহিত মহম্মদ অনেক কথোপকখন করিতেন। যৎকালে দক্ষিণ আরবীয় রাজগণ খ্রীষ্টধর্মাবলম্বী হইয়া তক্ষম বিস্তারার্থ অতিপয় উৎস্কক হইল, সেই সময়ে হাবেশ দেশীয় লোকেরা খ্রীষ্টীয় ৫২৯ শকে য়েমেন দেশ জয় করিয়া তথায় খ্রীষ্টধর্ম প্রচার করিল; অন্য প্রদেশে খ্রীষ্টীয়ান লোকদের যন্ত্রণা পুর্ব্বকে রক্তপাত হইলেও তাহারা ঐ ধর্ম্ম প্রচার করিয়াছিল।

### চতুর্থ অধ্যায়।

## गरुचाम भूमलगानीय धर्मा, मरुक्रांशक।

মহম্মদ আপন স্ত্রীর ঐশ্বর্যেতেই মকা নগরে সম্ভ্রাস্ত এবং ক্ষমন্ত্রাপন্ন হইয়া উচিলেন। ঐ নগরস্থ বনিক লোকেরা রাজ তুল্য ছিল, মহম্মদত্ত সেই ধনদারা তাহাদের মধ্যে এক জন গণ্য হইলেন।

মহম্মদকে আগীন অর্থাৎ বিশ্বস্ত নাম দেওয়া গিয়াছিল, এ প্রযুক্ত মকাস্থ লোকেরা তাঁছাকে কখন ২ মধ্যস্থ করিয়া মানিতা। মহম্মদের ৩৫ বর্ষ বয়ঃক্রম কালে কাবামন্দির ভগ হওয়াতে, তাহারা সেই কাল প্রস্তুর লইয়া, কে প্রথমে এই পাথরখানী মন্দিরের মধ্যে রাখিবে? এই বিবাদ করিল। পরে মহম্মদ মধ্যস্থ হইয়া ঐ প্রস্তুর বস্ত্রে স্থাপন করত বিবাদিগণকে ধারণ করাইয়া মন্দিরের মধ্যে রাখিয়া বিরোধ ভঞ্জন করিলেন।

এইক্লণে তাঁহার ধন থাকাতে তিনি অবকাশ পাইয়া ক্রম্রধ্যানে
মনোনিবেশ পুর্মিক কাল যাপন করিতেন; তাহাতে তিনি
ধর্ম্মবিষয়ে এমত ব্যস্ত, হইতে, লাগিলেন, যে সকলে তাঁহাকে
উন্মন্ত বোধ করিত। তিনি স্বথেও ঐ সকল বিষয়ের আন্দোলন করিতেন। কথিত আহে, এক দিন তিনি স্বথে দেখিয়াছিলেন,
যেন এক জন স্বর্গদুত আসিয়া কহিল; তুমি পড়, ক্রমর কলমা
অর্থাৎ লিখিত কথাদারা অজ্ঞদিগকৈ শিক্ষা দেন। পরে মহম্মদ প্রতিমধ্যা একেবারে পরিত্যাগ, করিয়াও খ্রীষ্টধর্মাবলম্বী
হইলেন না; বরঞ্চ খ্রীষ্টের ক্রম্বর্থে বিশ্বাস না করিয়া এবং খ্রীষ্টিয়ানদিগকে পরস্পর বিবাদ করিতে দেখিয়া তিনি আপনি এক হতন ধর্ম্ম প্রকাশ করিলেন।

মৃহস্মদের মনে ধর্ম্বিষয়ক তর্ক বিতর্ক উপস্থিত হইয়া ক্রামে হ বৃদ্ধি পাইতে লাগিল। তিনি মকার নিকটবার্ত্ত উপগিরিতে ভ্রমন করিতেন, তাহাতে প্রতিদিন কোথায় যান, তাঁহার স্ত্রী ইহা অনুসন্ধানার্থে লোককে প্রেরণ করিত। তথন মহম্মদের মন এমত চঞ্চল হইয়াছিল, যে তিনি কখন ২ উচ্চস্থানহইতে পতিত হইয়া আত্মহত্যা করিবার মানস \* করিতেন, ইহাতে তাঁহার বন্ধুগণ ভীত, হইত। তীক্ষ বৃদ্ধি প্রযুক্ত তিনি এমত ব্যগ্রচিত্ত ছিলেন বে কেহ ২ কহিত, উনি উন্মন্ত হইয়াছেন; আর জন্য ২ লোকেরা কহিতে, না, উনি শয়তান; থবং তদনুগত জীন (অর্থাৎ ভূত) লোকেরা তৎকর্ত্ব শাসিত হইতেছে।

তৎকালে মহম্মদ দেবপ্রক্ষকদের ন্যায় ব্যক্ষর করিতেন;
একারণ অনেক উপবাস ও সমস্ত রাত্রিতেই ঈশ্বরের আরাধনা
করত তিনি পৈতৃক রীত্যনুসারে রমজ্ঞান মাসে হিরা নামক
গহ্বরে গিয়া থাকিতেন, পরে মকা নগরে যাইয়া কাবা মন্দিরকে সপ্তবার প্রদক্ষিণ করিতেন। এই অবস্থাতে মহ্ম্মদের পঞ্চদশ
বৎসর গত হয়। ইতোমধ্যে আরব দেশীয় অনেক লোক
প্রতিমাপ্রক্ষা পরিত্যাগ প্রক্ষক অদিতীয় এক পরমেশ্বরের প্রেষ্ঠ
ধর্ম্ম গ্রহণ করিয়াছিল।

চল্লিশ বৎসর বয়সের সময়ে মহম্মদ স্বীয় ধর্ম্মের কথা প্রথমতঃ আপন স্ত্রীর নিকট প্রকাশ করিয়া কহিলেন; যে

মিশকাদ্ ওয়াকিদী।

ছিরার মধ্যে রাত্রি চুই প্রহরের সময়ে জিব্রিয়েল স্বর্গদূত আসিয়া আমাকে কহিয়াছিলেন, হে মহম্মদ, তুমি পরমেশ্বরের প্রেরিড। এই কথা শুনিয়া খাদাইজা তাঁহার ধর্মা গ্রহণ করিল, ফলতঃ সে প্রীপ্রীয় ধর্মা উত্তমক্ষপে জ্ঞাতা ছিল। পরে তাহার কুটুম্ব ওয়ারকা মহম্মদের ধর্মা গ্রহণ করিলেন; তিনি যিহুদীয় লোক ছিলেন, এবং ধর্মাপুস্তকের কোন ২ অংশ আর-বীয় 'ভাষায় অনুবাদ করিয়াছিলেন। মহম্মদের জয়েদ নামক ক্রীতদাস তাঁহার ধর্মা গ্রহণ করাতে তিনি তুপ্ত হইয়া তাহাকে দাসত্বহইতে মুক্ত করিলেন; আর তদনধি এই প্রথা মুসলমানদের মধ্যে চলিত আছে, যে ক্রীতদাস মহম্মদীয় ধর্মা গ্রহণ করিলে দাসত্বহইতে মোচন পায়। তৎপরে মহম্মদের কুটুম্ব আলী দশবৎসর বয়ঃক্রেমের সময়ে আপন স্ত্রী ও ক্রীতদাসের সহিত এই ধর্মা গ্রহণ করিলেন।

তৎকালে মকাস্থ ক্রীতদাসগণ প্রায় খ্রীষ্টীয় দেশহইতে বন্দীক্রপে যৌবনাবস্থায় আনীত হইয়াছিল; আর তথাকার অন্য
ক্রীতদাসেরা খ্রীষ্টীয় পিতাগাতাহইতে উৎপন্ন হইয়াও শিক্ষা
না পাওযাতে ধর্মের বিষয় অত্যাপ্প জানিত। তাহারা খ্রীষ্টীয়
ধর্মের যৎকিঞ্চিৎ শুনিলে আপনাদের মুক্তাবস্থা ও গৃহাদির স্মরণ
করিত। ক্রীতদাসীরা আপন ২ স্থাম ও আতৃগণের প্রতি দেবপুজকদের অপেক্ষা পর্মেশ্বর বিষয়ক প্রকৃত ভাব প্রকাশ করিত।
এবং তাহারা প্রথমতঃ মহম্মদের ধৃর্মা গ্রহণ করিল; ফলতঃ মহম্মদ
ধর্ম্ম প্রকাশক হইয়া আগাদের মুক্তিদাতা হইবেন, ইহা তাহারা
বোধ করিত, আর তাঁহাকে মূর্গীরোগে পীড়িত দেখিয়া ক্ষারাবির্ভূত জ্ঞান করিত। দেবপুজক লোকেরা তাহাদিগকে অনেক

যন্ত্রণা দিয়া তাহাদের মধ্যে দুই জনকে হত্যা করিল। আবদালা
নিয়া বাদনের অধীনে এক শত ক্রীত দাস ছিল, তাহারা পাছে
মহম্দীয় ধর্ম গ্রহণ করে, এই ভয়েতে আবদালা তাহাদিগকে
মক্কা নগরহইতে স্থানাস্তরে লইয়া গেলেন। মহম্মদ নীচ জাতীয়
লোকদিগের সহিত বন্ধুর ন্যায় আলাপ ব্যবহার করাতে সেই
ব্যক্তিরা তাঁহার প্রতি ক্রমশং আসক্ত হইতে লাগিল। যে
ক্রীতদাসেরা ধর্মের কারণ যন্ত্রণা ভোঁগ করিতেছিল, আবুবকর তাহাদিগকে ক্রয় করিয়া \* সেই অবস্থাহইতে মোচন
করিলেন।

ক্রীতদাসদিগের মধ্যে জ্বয়েদ নামক এক ব্যক্তি অতি প্রসিদ্ধ ।
সে বাল্যকালে স্বংশীয়দিগকে দর্শনার্থে আপন মাতার সহিত
এক দিন গম্য করিতেছিল, ইত্যবসরে দস্থারা আসিয়া তাহাকে
বন্ধন করিয়া স্থরিয়ার প্রান্তরে লইয়া গেল। তৎপরে খাদাইজ্ঞার ভ্রাতৃপ্রভ্র তাহাকে ক্রয় করিয়া আপন পিঞ্জীর নিকটে
সমর্পণ করিলে মহম্মদ তাহাকে ভাল বাসিয়া দাসত্বহতে
মুক্ত করিয়া পোষ্যপুত্র করিলেন। মহম্মদ জ্বয়েদের প্রতি এম্ভ
প্রেম করিতেন যে সে ভ্রিষ্যদক্তার প্রিয় নামে বিখ্যাত
হইয়াছে। জ্বয়েদ এবং তাহার বংশীয়েরা খ্রীষ্টিয়ান প্রযুক্ত
মহম্মদকে ধর্মের বিষয়ে অনেক প্রকার প্রবৃত্তি দিল।

বিলাল নামে আর এক জ্বন খ্রীষ্টিয়ান্ ক্রীতদাস মকা নগরে থাকিত। তাহার পিতা হাবিশ,দেশীয় লোক ছিল। ঐ বিলাল তাহার নিজ্ঞ প্রভুর অতি প্রিয়পাত্র কিন্তু প্রতিমাপ্তর করনে

অব্যারি; ওয়াকিদী।

অস্বীকৃত হওয়াতে প্রভু তাহাকে অনেক যন্ত্রণা দিয়াছিলেন।
এক সময়ে তিনি ২৪ ঘন্টা পর্যান্ত বিলালকে অনাহারে রাখিয়া
পর দিবসে তৃই প্রহর সময়ে তপ্ত বালুকার উপর শুয়াইয়া বক্ষস্থলে পাথর চাপাইয়া দিলেন। এই সকল তৃঃখ পাইয়াও বিলাল
প্রতিমাপুজা করিতে স্বীকার করিল না। আবুবকর সেই স্থানে
আসিয়া তাহার প্র সকল যন্ত্রণা দেখিয়া প্রভুর নিকটহইতে
তাহাকৈ ক্রয় করিয়া দাসভ্বইতে মোচন করিলেন। মহম্মদ
নূতন ধর্মা প্রকাশ করিবা মাত্র বিলাল তাহা অবলম্বন করিল।
তৎপরে সে প্রাভঃকালীন প্রার্থনার মুয়াজ্পন্ হইল, অর্থাৎ
লোকদিসকে প্রার্থনায় আহ্রান করিত।

জ্বর নামে এক জন খড়ানির্মাণকারি গ্রীস দেশীয় খ্রীষ্টিয়ান মহম্মদীয় ধর্মা গ্রহণ করিয়াছিল; কিন্তু সে তর্নিসিত্তে অনেক যন্ত্রণা পাইয়া ভাহা পরিত্যাগ করিল। তৎপরে, তাহার প্রভুও মুসলমান হওয়াতে জ্বর পুনর্কার ঐ ধর্মাক্রাস্ত হইল।

গ্রীস দেশীয় কোহাইব নামে অন্য এক জ্বন খ্রীষ্টিয়ান মুসলমান ধর্মা গ্রহণ করিল। সে যৌবনাবস্থায় আপন দেশহইতে
পলাইয়া মন্থানগরে উপস্থিত হইয়া আরবীয় ভাষা এমত
শুদ্ধ কপে শিক্ষা করিয়াছিল, যে অনেকে তাহাকে আরবীয়
লোক বোধ করিত। তৎপরে কোহাইব অনেক ধন উপার্জন
করিল। কোরেশ ধংশীয়দের দারা সে ধর্মের নিমিত্তে বহু
প্রকারে তাড়িত হইয়াছিল। মহন্মদ যখন মকাহইতে মদীনাতে
প্রস্থান করেন, সেই সময়ে ঐ ব্যক্তি তাঁহার সঙ্গে যাইতে উদ্যত
হইলে কোরেশ লোকেরা কহিল, তুমি এখানে থাকিয়া ধনী
হইয়াছ, অতর্থব এস্থানহইতে গেলে তোমার অঞ্তক্জতা প্রকাশ

হইবে। তখন সে কহিল, আমি আপনার সমস্ত বিষয় পরিত্যাগ করিয়াও এস্থানহইতে যাইব; ইহাতে কোরেশীয়েরা তাঁহাকে মদীনায় যাইতে অনুমতি দিল।

অমরা অবশা নামে এক জন আরবীয় প্রথম মুসলমানদের মধ্যে গণ্য হইল। তাহাঁর বংশীয়েরা প্রস্তুরপুক্ষক ছিল। তাহাদের **दिनाशिक श्रेन्डत अदत्र**गार्थ ञ्चानाञ्चरत भगन कतिया हार्तिशाना প্রস্তুর পাইল; তন্মধ্যে এক খানি মনোনীত করিয়া অন্য তিন খানা পরিত্যাগ করিল। মাইতে ২ অপ্প দুরে একখানা তদপেক্ষা উত্তম পাথর প্রাপ্ত হওয়াতে সে প্রথম খানা ত্যাগ করিল। তৎপরে আর এক অত্যুত্তম প্রস্তুর পাইয়া তাহা মনোনীত করিয়া श्रुर्क्त मरनानीज श्रास्त्रदरक्ष किलाया मिल। हेश स्थितया स्थारा বোধ করিল থে দেবতারা মনুষ্যদিগের উপকার কি অপকার কিচুই করিতে পারে না, কারণ পুন: ২ পাথর পরিবর্ত্তন করিলেও যদি 'তাহাতে কোন হানি না জন্মাইল, তবে ইহা-দ্বারাই জ্বানিতে পারা যায় যে দেবতাদের হইতে কোন হিতাহিত ह्य ना। পরে অমরা এক যিহুদীয় লোকের মুখে শুনিল যে আরব দেশে এক জন ভবিষ্যদক্তার উদয় হইবে, তজ্জনা সে তাহাকে মকায় যাইতে পরামর্শ দিল। পরে অমরা তথায় উপস্থিত হুইয়া মহমাদকে জিজ্ঞাসিল, আপনার কত শিষ্য আছে ? মহমাদ উত্তর করিলেন যে চুই জ্বন মাত্র, আবুক্কর আর এক জ্বন ক্রীভদাস। তাহাতে সে কহিল, তবে আমি আপনার তৃতীয় শিষ্য হইলাম।

মহম্মদের ৪৩ বর্ষ বয়ংক্রম সময়ে ৪০ জন মাত্র তল্পনাক্রান্ত হইয়াছিল, তাহাদের মধ্যে কেহ২ ক্রীতদাস ও কেহ২ বিদেশী ও নান্তিক, ও কেছ বা তাঁহার নিজ কুটুম্ব ছিল। তাহাদিগের মধ্যে জাদ নামে এক কামার, ও খাদাইজার ভাইপো
যুবায়ের, এবং টোলহা নামে কসাই, এই তিন জন অতি যুবা।
জাদ মহম্মদীয় ধর্মের জন্যে প্রথমে রক্তপাত করে, বিশেষতঃ
মহম্মদ ও তাঁহার সঙ্গিগণ মকার নিকটে এক সহরের উপস্থিত
হওয়াতে দেবপুজকেরা আসিয়া তাঁহাদিগকে হঠাৎ আক্রমণ
করিলো জাদ উষ্টের অন্থিবারা এক জনকে ক্ষতবিক্ষত করিল।

মহম্মদের কুটুম্ব সকল কোরেশ জ্ঞান্তীয় লোক ছিল; তাহারা প্রতিমা পূজাতে আসক্ত হইয়া তৃতন ধর্ম্মের প্রতি দ্বেষ করিত। যাত্রিক লোকেরা কাবা মন্দিরে অনেক দ্রব্যাদি উৎসর্গ করাতে কোরেশেরা তদ্ধারা বিস্তর ধন প্রাপ্ত হইত; মহম্মদ তাহাদের ভয়ে মক্কার নিক্টস্থ গর্ভের মধ্যে যাইয়া প্রার্থনা করিতেন।

মহম্মদ এবাথে তিন বংসর পর্যান্ত গোপনে ধর্মোর বিষয়ে কথোপকথন করিয়াছিলেন। পরে ধর্মাচিন্তায় তাঁহার মহতার হাস হওয়াতে খ্রীষ্টীয় ৬১৪ সালে তিনি আপন মত মন্ধার পথে খোষণা করিতে স্থির করিলেন। যখন তিনি প্রথমে ঈশ্বর-বিষয়ক কথা ঘোষণা করিতেন, তখন সকলে তাঁহাকে কেবল পরিহাস করিত; কিন্তু ধখন প্রকাশব্দেপ বলিলেন, যে আমাদদের প্রকাশ্বরুষেরা প্রতিমাপ্রজা করাতেই নরক যন্ত্রণা ভোগ' করিতেছে; তখন ভাহার। তাঁহাকে বধ করিতে মনস্থ করিল। মন্ধান্ত কুলীনেরা কালীঘাটস্থ হাল্দারদের ন্যায় প্রতিমা প্রজানহান্ত অনুনক ধন উপার্জ্জন করিতেন, অতএব তাঁহারা সকলই মহম্মদের বিপক্ষ হইয়া উচিকোন। গ্রহম্মদ মৃগী রোণগ্রন্ত ও মেষ্পালক হওন প্রযুক্ত তাঁহাদের উপহাৎসর আস্পাদ

ছইয়াছিলেন, কিন্তু তিনি তাঁহাদের কথায় মনোযোগ করি-তেন না।

কোরেশ জাতীয়েরা মহম্মদকে দণ্ড দিবার জ্ঞান্যে তাঁহার পিতৃব্য আবুতালেবের নিকট তাঁহাকে দেশান্তর করিতে প্রার্থনা করিল। কিন্তু তিনি দেবপুঞ্জক হইয়াও মহম্মদকে শত্রুহস্তে সমর্পণ করিতে অসমতে হইলেন, কারণ তিনি মহম্মদের স্ক্রাতীয় ছিলেন; ফলতঃ আরবীয় জ্লাতির এই এক নিয়ুম ছিল যে স্বন্ধাতীয় ব্যক্তির প্রাণ রক্ষা করা অতি উচিত, তাহাতে তাহারা ধর্দানিয়ন্ত্ইতেও জাতির নিয়ন প্রিয়জ্ঞান ও মান্য করিত। কোরেশ জাতীয়েরা মহমাদকে ভয় দেখাইলেও তিনি কিঞ্জিয়াত্র ভীত না হইয়া আপন পিতৃব্যকে বলিলেন, যে আমার দক্ষিণ হস্তে স্থ্যা ও বাম হস্তে চক্র রাখিলেও আমি আপন প্রতিজ্ঞার অন্যথা করিব না। তাঁহার পিতৃব্য কহিলেন, কুমি এমত ব্যগ্র हरें ना ; তাहारे महमान कहिलन, जामि य भर्गे हें हें हारभका আরো উত্তম ধর্ম্ম না পাই, তাবৎ জ্ঞাবন থাকিতে এই ধর্ম্ম প্রচার করণে ক্ষান্ত ইইব না। তখন তাঁহার খুড়া কহিলেন, ভাল তোমার যাহা ইচ্ছা তাহা কর, আমি তোমাকে বক্ষা করিব। আবৃতালেনের অনুরোধে তজ্জাতীয় লোক সকলও তাঁহাকে রক্ষা করিত। অন্য সময়ে কোরেশীয়েরা ভাহার খুড়াকে কহিল. আমরা মহম্মদকে মারিয়া তাহার পরিবর্জে অন্য ব্যক্তিকে ভোমার পোষ্যপুত্র করিয়া দিব। আবুতালেব উত্তর দিলেন, উষ্ট্রী স্বৎস ব্যতীত অন্য বংসকে ভালবাসে না ৷ তৎপরে কোরেশ জ্বাতীয়েরা তাঁহার ভয়ে উক্ত ৰূপ দৌরাঝ্যহইতে ক্ষান্ত হইল; তথাচ ঠাহারা মহম্মদকে নানা প্রকার অপমান করিত।

এক সময় তাহারা কাবা মন্দিরে তাঁহার দেখা পাইয়া গলা টিপিয়া ধরিল, এবং চর্ম্মপাদুকাদ্বারা মুখেতে পুনঃ ২ আঘাত করিয়া . তাঁহার নাসিকা চেপটা করিয়া দিল।

এক দিন মহম্মদ সাকা নামক উপগিরিতে আপন কুটুম্বদিগকে আহ্বান করিয়া কহিলেন, যদি তোমরা প্রতিমাপুলা ত্যাগ না কর, তবে তোমাদের নরক যন্ত্রণা হইবে। তাহাতে তাঁহার পিভৃষ্য আবুলাহব তাঁহাকে অভিশাপ দিয়া কহিলেন; এ কী সংবাদ তুমি আপন কুটুম্বদিগকে দিতেছ ? ইহা কহিয়া আবুলা-হব প্রস্তর তুলিয়া মহম্মদকে আঘাত করিতে উদ্যত হইলেন। তখন মহম্মদ উল্লেখ্যরে কহিলেন, "তোমার হস্ত অভিশপ্ত হউক! তোমার স্বর্ণ মুদ্রাদিতে কোন উপকার হইবে না; এবং তুমি ও তোমার স্ত্রী নরকাগ্নিতে দগ্ধ হইবে, কারণ সে আমার ধর্মপথে কন্টক দিতেছে, অতএব সে গল-দেলে তালপত্রদারা বদ্ধা হইয়া নরকে আনীতা হইবে"। কিছু দিন পরে মহম্মদ পুনরায় ঐ কুটুম্ব লোকদিগকে আহ্বান করিয়া ভাহাদিগের নিকট স্বৰ্গ ও নরকের বিষয় প্রস্তাব করিলেন। তৎকালে তাহার। তাঁহার কথা নানিল না বটে, কিন্তু সকলই তাঁহাকে শত্রুগণ-হইতে রক্ষা করিতে খ্রির করিল।

তৎপরে মহম্মদ কিছুকাল সাফা উপাগরিতে অবস্থিতি করিয়া আপন ধর্মা গ্রহণ করাওণার্থে কোরেশ জাতীয়দিগকে আহ্বান করিলেন। কিন্তু তাহারা মহম্মদের প্রতি উপাহাস করত অঙ্গুলি তুড়ী দিয়া কহিল, এ তো আবর্চুল মতালবের পোল্র; এ কি স্বর্গীয় ঘটনার বিষয় সকল জানে? এবং মখন তিনি কোরানের কোন অংশ পাঠ করিতে আরম্ভ করিলেন, তখন

তাঁহার পাঠের ব্যাঘাত জন্মাইবার জন্যে কেহ কবিতা কেহ গণ্প ও কেহ বা বাদ্যধানি করিতে লাগিল। এক দিন মহম্মদ কাবা মন্দিরে প্রার্থনা করিতেছিলেন, সেই সময়ে এক জন তাঁহার বস্তে বিষ্ঠা নিক্ষেপ করিলেও তিনি এই অপমান সহ্য করিলেন। পরে তাহারা তাঁহাকে আশ্চর্য্য কর্মা করিতে বলিলে তিনি ক্হি-তেন, পরমেশ্বর আমাকে আশ্চর্য্য কর্মা করিতে পাঠান নাই, বরং ধর্মা কথার ঘোষণা করিতে প্রেরণ করিয়াছেন।

ষষ্ঠ বংসারের মধ্যে মহম্মদের পিতৃষ্য হাম্জা তন্মতাবলম্বী হইলেন। তিনি মুসলমানদের মধ্যে সাহসিক প্রযুক্ত "ঈশ্বরের ধর্মাসিংহ" নামে বিখ্যাত হইয়াছেন। এক দিন হাম্জা মুগয়া করিয়া প্রত্যাগমন কালে শুনিলেন বে মহম্মদের অন্য পিতৃষ্য আবুজাল ও কোরেশ লোকেরা একত্র হইয়া তাঁহার গাত্রে বিষ্ঠা নিক্ষেপ করিয়া প্রদাঘাত দায়া অপ্যান করিতেছে; তাহাতে হাম্জা অতিশয় কোপান্থিত হইয়া বল ও বীর্যা প্রকাশ পুর্বকি মন্দিরহইতে মহম্মদকে উদ্ধার করত আবুজালকে তীরদারা আখাত করিলেন। তংকালে তিনি কহিলেন, আণ্ডি তোমাদিগের প্রস্তর নির্দ্ধিত প্রতিমাকে বিশ্বাস করিতেছি না। কোরেশ লোকেরা এই কথা শুনিয়া অতান্ত ক্রোধ পুর্বক প্রতিজ্ঞা করিল যে কেহ হাম্জাকে বধ করিবে, আমরা তাহাকে এক শত উষ্ট্র পুরস্কারস্বাপে দান করিব।

ঐ সময়ে ওগার নামা এক সন্ত্রাস্ত ব্যক্তি মহম্মদের মতে আইলেন। তিনি প্রথমে মহম্মদের শত্রু হইয়া তাঁহাকে মারিতে উদ্যত হইয়াছিলেন, (তখন তাঁহার বয়স ২৬ বংসর,) ইতিমধ্যে গুনিলেন। যে আমার নিজ্ঞ ভগিনীও উন্মতাবলম্বিনী

হইরাছে; তাহাতে ওমার তৎক্ষণাৎ ভগিনী গৃহে গমন করিয়া তাহাকে প্রহার করত রক্তপাত করিলেন। ইহা দেখিয়া ওমারের কিছু দুঃখ বোধ হওয়াতে তিনি কোরার শুনিতে চাহিলেন, পরে তাহা প্রবণে সম্ভষ্ট হইরা মহম্মদের নিকটে গিয়া আপনিও তন্মত অবলম্বন করিলেন। ঐ ব্যক্তি মহম্মদের ধর্মা গ্রহণ করিলে পর্ তাহার শিষ্যদের সংখ্যা অতি শীম্র দিগুণ, হইল; এবং যে অবধি ওমার্র মহম্মদের পক্ষ হইলেন সে অবধি তিনি ও তাঁহার শিষ্যেরা প্রকাশ্যরূপে কাবা মন্দিরে প্রার্থনা করিতে সক্ষম হইলেন।

মহম্মদের স্কাতীয়ের। ভাঁহার পক্ষ হওয়াতে শক্ররা ভাঁহার কিছু অনিষ্ট করিতে না পারিয়াও তাঁহার শিষ্যদিগকে বল- পুর্বাক তাড়না করিতে ক্ষান্ত হইল না; যথা তাহারা তাহাদিগকে অনাহারে রাখিয়া জল পান করিতে দিত না, এবং গ্রীয়কালে মধ্যাত্নের স্থ্যতাপে উত্তপ্ত বালুকার মধ্যে নিক্ষিপ্ত করিয়া মৃত্যু পর্যন্ত প্রহার করিত।

খ্রীষ্টান্দের ৬১৯ সালে দরিদ্র শিষ্যদের মধ্যে অনেকে যন্ত্রণা পাইয়া কেহ ২ প্রতিমা প্রজা করিতে পুনর্বার আরম্ভ করিল; ইহাতে মহম্মদ বিরক্ত হওয়াতে তাঁহার আজ্ঞানুসারে ১১ জন প্রক্রম ও ৪ জন স্ত্রী হাবেশ র্দেশে পলায়ন করিল। কোরেশীয় লোকেরা প্রক্রমণ শুনিয়া তদ্দেশের নৃপতির সমীপে এক দূতকে প্রেরণ করিয়া নিবেদন করিল; মহম্মদের পক্ষীয় যে সকল লোক তোনার দেশে গিয়াছে, তুমি তাহাদিগকে ধরাইয়া আমাদের কাছে অর্পণ কর। কিন্তু রাজ্ঞা দূতকে কহিলেন, অস্মদীয় খ্রীষ্টিয়ান ধর্ম্ম প্রায় মহম্মদীয় ধর্ম্মের তুল্য; অতএব প্র লোক্দিগকে আমি ধরাইয়া দিতে পারিব না। ১

৬১৮ সালে কোরেশ জাতীয়েরা মহমদকে বলিল; তুমি
বদি দেবপুজক লোকদিগকে তিরস্কার করিতে ক্ষান্ত হও, তবে
আমরা তোমার সহিত বস্ধুতার নিয়ম করিতে পারি। ইহা
শুনিয়া তিনি কহিলেন, আমি শান্তির নিমিত্তে আপন মনস্থ
গোপনে রাখিতে পারিব না। তাঁহার মাতা ও পিতৃব্য দেবপুজক থাকিয়া মরাতে তিনি প্রকাশ রূপে কহিলেন, উহারা
নরকগামী হইয়াছেন। স্থতরাং তিনি তাঁহাদের মুক্তির নিমিত্তে
প্রার্থনা করিতে এবং দেবপুজকদিগের কবর মান্য করিতে আপন
শিষ্যদিগকে নিষেধ করিলেন।

করিবার নিমিত্তে পরস্পরের মধ্যে এক নিয়ম করিয়াছিল, যে তাহার ও তাহার রক্ষকদের সহিত আমাদের কেহ বিবাহের সম্বন্ধ ও বানিজ্য করিবে না, এবং তাহাদের নিকটে কোন খাদ্য দ্রব্য বিক্রন্থ করিবে না। এই নিয়মপত্র কাবা মন্দিরের মধ্যস্থলে ট্রাঙ্গান ছিল। পরে কোরেশীযেরা তাঁহাদিগকে দূর করিয়া মকার এক ভিন্ন পলীতে বাস করিতে দিল।

ইহার পরে মহম্মদ ও তাঁহার শিষ্যগণকে রধ করণার্থে কোরেশ লোকেরা এক ত্রতন মন্ত্রণা করিল; তাহাতে আবুতালেব ফলা নগরের সমীপস্থ এক স্থানে তাঁহাদিগকে আঁশ্রয় দান করিলেন। পরে কেহ গোপনে আসিয়া মহম্মদকে বধ না করে এ নিমিত্তে আবুতালেব তাঁহার শয়নাগার প্রতিদিন পরিবর্ত্ত করিতেন। মহম্মদ ও তাঁহার শিষ্যেরা ঐ স্থানে অবস্থিতি করিয়া পুন্য মাস ব্যতীত বাহিরে যাইতে গারিতেন না, এজন্যে আহারাভাবে তিন বংশর পর্যান্ত বড় ক্লেশ পাইতেন। ব্যথন কোরেশ

লোকেরা দেখিল যে মহম্মদের কুট্ছেরা ভাঁহাকে পরিত্যাগ করিল না, আর মকাস্থ লোকেরা ভাঁহার প্রতি সদয় হইলে ভাঁহার শত্রুগনের মধ্যে পরস্পার বিবাদ ঘটাতে উক্ত নিয়ম ভঙ্গ হইল, তখন তাহারা ভাঁহাকে মুক্ত করিতে চাহিল; আর এক জন আসিয়া কাবা মন্দিরে টাঙ্গান ঐ নিয়মপত্র ছিন্ন করিয়া ফেলিল। অধিকস্ত শত্রুদের মধ্যেও কতক গুলিন লোক ভাঁহার তাড়না দেখিয়া ভাঁহার দলভুক্ত হইল; এই রূপে ভাড়না ঘারাই ভাঁহার দলের বৃদ্ধি পাইল। পরে মহম্মদ মকায় আগমন পুর্বাক কাবা মন্দিরে ঘোষণা করিলেন, ভাহা শুনিয়া নেজেরান দেশীয় এক জন খ্রীষ্টিয়ান ভৎক্ষণাৎ ভাঁহার ধর্মা গ্রহণ করিল।

তৎকালে যে সকল শিষ্যর্গণ হাবেশ দেশে পলায়ন কবিয়াছিল, তাহাদের সংখ্যা ৮৩ জন পুরুষ ও ১৮ জন স্ত্রী ছিল।
তাহারা মহম্মদের মদীনা গমন পর্যস্ত হাবেশে দেশের মধ্যে
থাকিল। তথায় অনেক আরবীয় লোক ছিল। তাহারা আপনাদের দেশহইতে তাড়িত হইয়া যিহুদীয় রাজা ছলেমানের রাজ্য সময়াবির তদ্দেশে প্রবাস করিয়াছিল। প্রীষ্ঠীয় ৫২৫ সালে
হাবেশ লোকেরা য়েদমন দেশ জয় করিয়া লুট করণ কালে
অনেক ক্ষতি ও বহু লোক হত্যা করিল। গ্রিগেন্তিয় নালে
এক বিশপ আলেকজেন্দ্রিয়া নগরহইতে প্রেরিত হইয়া উক্ত
দেশে আসিয়া বসতি প্র্কাক অনেক ২ লোককে প্রীষ্ঠ ধর্দ্মাবলম্বী করিয়াছিলেন। ইব্রাহীম নামক হাবেশীয় রাজা
তাঁহার্ম সাহান্য করিয়া য়েদ্রন দেশের সানা নগরে অত্যুৎকৃষ্ট প্রীষ্ঠীয় মন্দির স্থাপন ক্রিলেন। পরে অরেবীয় লোকেরা

মক্কার পরিবর্ত্তে ঐ স্থানে তীর্থবাত্রা করিবে, এই ইচ্ছাতে তিনি সকলকে প্রবৃত্তি প্রদানার্থে নানা দেশে দূতগণকে পাঠা-ইলেন: কিন্তু আরবীয় লোকেরা সানা মন্দিরের মধ্যে এক জন-কে বধ করিল, এবং অন্যেরা মন্দিরকে অপবিত্র করিল; ইহা-তে ইব্রাহীম ক্রোধান্বিত হইয়া স্থসজ্জিত সৈন্য সম্ভিব্যাহারে কাবা মন্দির ধাংস করণার্থে মকায় প্রস্থান করিলেন। তৎ-কালে মহামারী উপস্থিত হওয়াতে ইব্রাহীম রাজা আপনিই মৃত্যু গ্রাদে পতিত হইলেন। ৫৭০ সালে তাঁহার উত্তরাধিকারী অতিশয় দৌরাঅ্য করাতে আরবীয় লোকেরা তাঁহার প্রতি বিদ্রোহিতাচরণ করিতে আরম্ভ করিল, এবং পার্স্য দেশের স্মাট তাহাদিগকে সাহায্য প্রদান করিয়া বধার্হ লোকদিগকে কারাগারহইতে মুক্ত করিয়া যুদ্ধ করিতে প্রবর্ত্ত হইলেন। ঐ যুদ্ধে হাবেশ লোকেরা পরাজিত হইয়া উক্ত স্মাটের অধীন হইল। ২০ ব্ৎসর পরে হাবেশ লোকেরা ঐ রাজ্ঞাকে বধ করিল, কিন্তু পারস্য দেশের রাজা সৈন্যগণ প্রেরণ করিয়া আজ্ঞা দিলেন, যে যত লোকদের চর্মা শ্যামবর্ণ ও চুল কৃঞ্চিত, তাহাদিগকে বধ কর।

মহম্মদের স্ত্রী খাদাইজা ৬৪ বংসর বয়ক্ষা হইয়া খ্রীষ্টাব্দের ৬১৯ সালে লোকান্তরগতা হয়। সে মহম্মদের মন্ত্রিনী ছিল, এবং তাঁহাকে বহু ধন প্রদান করাতে তিনি নিশ্চিন্ত হইয়া ধ্যান করিতে অবকাশ প্রাপ্ত হইয়াছিলেন। ঐ স্ত্রী মহম্মদ অপেক্ষা ১৫ বংসর অধিক বয়ক্ষা, তথাপি সে জ্বীবিতা থাকিতে মহম্মদ অন্যা স্ত্রীতে আসক্ত হন, নাই; কিন্তু তাহার মৃত্যুর পর তিনি আপনার স্থানাবিক লাম্পট্য প্রকাশ করিতে লাগিলেন। তিনি

স্ত্রীবিয়োগে অভিশয় শোকাকুল হন নাই, বরঞ্চ ভাহার মৃত্যুর চুই মাস পরে সাদা নামে এক বিধবা স্ত্রীকে বিবাহ করেন। ঐ স্ত্রী কিছু কাল পূর্বের আপন স্বামির সহিত হাবেশ দেশে গমন করিলে তথায় তাহার স্বামির মৃত্যু ইও-য়াতে দে স্বদেশে প্রভ্যাগমন করিল। মহম্মদ সাদাকে বিবাহ করিয়া পরে আবুরকরের কন্যা আয়েশার সহিত বিবাহের সম্বন্ধ স্থির করিলেন; তৎকালে সে বালিকার ৬ বৎসর মাত্র বয়স হইয়াছিল। তিন বৎসর পরে মহম্মদ তাহাকে বিবাহ করেন। তৎকালে ৫০ বৎসর বয়ক্ষ হইলেও তাঁহার উপর 🔄 স্ত্রীর প্রভুত্ব হইল। মহম্মদ তাহাকে আরবীয় ভাষা উত্তমক্রপে শিক্ষা করাই-লেন। এক দিবস মহম্মদের মনে খাদাইজ্ঞার মৃত্যু স্মরণ হওয়াতে তিনি অতিশয় জুঃখিত আছেন, এমত সময়ে আয়েশা কহিল, তুমি সেই স্ত্রীর নিমিত্তে কেন চুংখিত হও? দেখ, আমি তাহা অপেক্ষা অধিক ছন্দরী ও যুবতী আছি। गহম্মদ উত্তর করিলেন, সে আমার অতি প্রিয়তমা ছিল, তাহার সমান তুমি কোন মতেই হইতে পারিবা না; কারণ ধখন সকল লোক আমাকে অবিশাস করিয়াছিল, তখন সে বিশাস করিত, আর সকলে যৎকালে আর্মাকে তাড়না করিয়াছিল, তৎকালে এ স্ত্রী ধন मिया आमारक तका करिल। **এक ममराय आली आर्यामा**त किছू-মন্দ ব্যবহার প্রকাশ করাতে সে তাহার প্রতি অতিশয় রুষ্টা হইল, তাহাতে আরব দেশে অনেক লোক রক্তাক্ত হইয়া প্রাণ ত্যাগ করিল।

কিছু কাল পরে মহম্মদ ওমারের কন্যা হাঁসাকে বিবাহ করেন। এইৰপে তাঁহার সমস্তঃপুরের নারীগণের সংখ্যা ক্রমশং বৃদ্ধি হইতে শাগিল, কিন্তু আয়েশা ব্যতীত সকলেই বিধবা ছিল। তিনি
শিষ্যগণকে চারিটীর অধিক বিবাহ করিতে বিধি দেন নাই, কিন্তু
স্বয়ং একাদশ বিবাহ করিয়াছিলেন। কেহ অধিক বিবাহের কথা
তাঁহাকে জিজ্ঞাসা করিলে তিনি উত্তর করিতেন, আমি ঈশ্বরের
প্রেরিত, আমার উহাতে কোন দোষ নাই। হিন্দু লোকেরাও
প্রীকৃষ্ণের অধিক বিবাহে ঐ কপ কারণ দর্শাইয়া থাকেন।
মহম্মদের এবং প্রেভু বীশু খ্রীপ্তের ব্যবহারে বহুতর প্রভেদ
আছে; দেখ, যীশু খ্রীপ্ত, পাপিদেরহইতে পৃথক ও নির্দোষ এবং
পবিত্র; মহম্মদ কামুক ও সাংসারিক স্থথে আসক্ত ছিলেন।

প্রীষ্টীয় ৬২১ সালে মহম্মদের পিতৃব্য আবুতালেব যৃত হয়েন।
তিনি মহম্মদকে প্রতিপালন করিয়াছিলেন, এবং প্রতিমাপুজক
হইয়াও তাঁহার কথা সকল সত্য জ্ঞানে বিশ্বাস করিতেন, কিন্তু
তাঁহাকে ঈশ্বরের প্রেরিত বলিয়া স্বীকার করিজেন না। আবুতালেবের মৃত্যুর পর কোরেশ লোকেরা মহম্মদকে অনেক যন্ত্রনা
দিতে লাগিল, তাহাতে তিনি নিরাশ্রেয় হইয়া মকাহইতে ৪০ ক্রোশ
অস্তরে টাইক নগরে পলায়ন করেন। তথায় তাঁহার অনেক
কুট্রলোক বাস করিত। ঐ নগর উত্তম দ্রাক্ষাক্ষলের উদ্যান
প্রযুক্ত বিখ্যাত হয়। মহম্মদ টাইকে দশ দিন থাকিলে পর
নগরবাসি প্রতিমাপুজক ও ক্রীতদাস এবং বালক বালিকারা
তাঁহাকে প্রস্তরাঘাত করিল; তাহাতে তিনি তথাহইতে পলায়ন
প্র্রেক মকানগরে প্রত্যাগ্যন করিয়া এক গুপ্ত স্থানে বাস
করিলেন।

মুসলমানেরা কছে তৎকালে মুহমাদ অতি ছঃখিত ওঁ হতাশ হওয়াতে মিরাক্ক অর্থাৎ স্বর্গারোহণ করিয়াছিলেন্। কথিত আছে মহম্মদ বরাক নামক জন্ততে আবোহণ করিয়া এক রাত্রির মধ্যে মকাহইতে যিকশালম দিয়া সপ্তম স্বৰ্গ পৰ্যান্ত যাইয়া প্ৰত্যা-গমন করেন। ঐ জন্ত গর্দাভ অপেকা ধর্বাকৃতি, তাহার মুখ মনুষ্যবদন সদৃশ, ও গ্রীবা উট্টের গ্রীবা তুল্য, ও কর্ন হস্তির কর্নের ন্যায়, এবং মানিক্যে 'খচিত লম্ব কেশর, ও বুষের ন্যায় ক্ষুর, ও ऋर्ष्म ककून, जात शृष्ठांनाम पृष्टे शक्त शूर्विनिकश्हेरा शिक्तम-দিক পর্যান্ত বি<del>ন্তু</del>ত আছে। জিব্রিয়েল স্বর্গদূত মহম্মদের পায়ের রেকাব ধরিলেন, এবং তাঁহার সহিত ৪০ মহন্ত স্বর্গদূত গমন করিলেন। মহম্মদ ৫ মিনিটের মধ্যে যিক্রশালম নগরের মন্দিরে \* উপস্থিত হইয়া সকল ভবিষ্যদ্বকাদিগকে দর্শন করেন। পরে ঐ স্থানহইতে দীপ্তিময় স্বর্গসোপানে আরোহণ করিয়া পাঁচ শত বংসরের পথ গিয়া প্রথম স্বর্গে উপস্থিত হন। ঐ স্বর্গ সোপান তিন সহস্র পাঁচ শত বৎসরের পথ পর্যান্ত দীর্ঘ, তাহার মধ্যে ২ রত্ন আছে। মুসলমানেরা কছে যে ঐ পথ দিয়া ভবিষ্যম্বকারা ও মৃত ব্যক্তিরা স্বর্গে গমন করিয়া থাকে। মহম্মদ প্রথম স্বর্গে এক কুকুট দেখিলেন, তাহার চরণহইতে মস্তক পাঁচ শত বৎসরের পথ। পরে মহম্মদ তৃতীয় স্বর্গে যাইয়া দেখিলেন, তথায় আজ্বায়েল নামক মৃত্যুর দূত আছে; তাহার এক চন্দুহইতে অন্য চক্ষু: ৭০ সহস্র বৎসরের পথ অন্তর, আর তাহার মুখ এরূপ

বিস্তৃত \* যে ৭ পৃথিবীকে একটি মটরের ন্যায় অনায়াসে মিলি-তে পারে। অনস্তর তিনি ষঠ স্বর্গে আর এক দুত দর্শন করেন, তাহার শরীরের অন্ধভাগ অগ্নি আর অন্ধভাগ বর্ফ, কিন্তু, ঐ অগ্নি নির্বাণ হয় না এবং বরকত্ত গলে না। শেষে সপ্তম স্বর্গে যাইয়া আর এক স্কন্দ দুতকে দেখিলেন, তাহার ৭০ সহস্র মস্তক্ত প্রতিমস্তকে ৭০ সহস্র বদন, প্রতিবদনে ৭০ সহস্র মৃথ, প্রতি
মুখে ৭০ সহস্র জিন্তা, প্রতিজিন্তায় ৭০ সহস্র ভাষা আছে। পরে লেখে, মহম্মদ পর্মেশ্বরকে দর্শন করিলেন, আর তিনি তাহাকে জগতেররত্ব নাম দিয়া তাহার ক্ষন্ধে হস্তার্পণ করিলেন। তাদনস্তর মহম্মদ প্রনরায় সেই জন্ততে আরোহণ করিয়া মন্ধায় প্রত্যাগমন করিলেন। আরও কথিত আছে, রাত্রির দশমাংশের একংশ মধ্যেই মহম্মদের গমনাগ্র্মন হইয়াছিল।

প্র স্বর্গারোহনের বিষরণ কোরানের মধ্যে ভাতি সংক্ষেপে লিখিত আছে। মহম্মদ মিত্র লোকদিগকে প্রবৃত্তি দিতে পরদিন স্বর্গারোহনের কথা প্রকাশ করিলেন, তাহাতে কেছ২ তাঁহাকে উপহাস করিল, ও কেছবা তাঁহার ধর্মা ত্যাগ করিল। ইদানীস্তন বিজ্ঞ অনেক মুসলমানেই তাহা স্বপ্ন জ্ঞান করেন। কলতঃ মহম্মদের মুখাসতে যে এক কূপের তিক্ত জল মিন্ট ও এক জন খোঁড়ার পা ভাল ও উৎক্ষিপ্ত চক্ষ্য স্বস্থ হইয়াছিল, ইত্যাদি গল্প সকল তাঁহারা বিশ্বাস করেন না। কিন্তু আবুবকর ঐ স্বর্গাহেনের বিষয়ে বিশ্বাস করেতেন, নতুবা মহম্মদের ধর্মা

<sup>•</sup> মুদ্রলমানের। স্বর্গদৃষ্ঠ বিষয়ক অনেক অসম্ভব কথা প্রকাশ করিয়া থাকে। তাহারা কহে, ঈদৃশ দৃত আহে যাহাদের নেত্র বারিতে ভাছাজ ভাসিয়া অনেক বৎসর পর্য্যন্ত চলিতে পারে।

এক কালে সৃপ্ত হইয়া যাইত। তিনি প্রধান বণিক্ ও বিচারক্ত ছিলেন, পরে মুসলমানদের প্রথম খালীফা হয়েন। তিনি মকাতে মুসলমান ধর্ম প্রকাশার্থ দশ সহস্র টাকা প্রদান করিলেন, এবং মদীনা গমন কালে মহম্মদকে অনেক ধন দিলেন। ছয় জন মান্য লোক আবুক্রের প্রবৃত্তিদারা সহম্মদের শিষ্য হইলেন; তাঁহারা সদংশ জাত ও অতি ধনি বণিক্ এবং কর্মাঠ হইলে তাঁহা-দিগের সাহায্যে মহম্মদের রাজ্য পশ্চাৎ স্থাপিত হয়।

প্রীষ্টীয় ৬১৫ সালের পুর্বের মহম্মদের ৫০ জন শিষ্য ছিল; তাছাদের মধ্যে প্রায় তিন অংশ স্ত্রী লোক। ঐ শিষ্যেরা সকলে বাণিজ্ঞা ব্যবসায় করিত। কেহ ২ তণ্ডুল ও কেহ ২ কলাই ও কেহ বা দ্রাক্ষারস বিক্রুয় করিত, এবং কেহ লোহার মিস্ত্রী, কেহ কসাই, ও বাদ্যকর ছিল। তাহারা পুর্বেও এক মাত্র পর-মেশ্বরকে বিশাস করিত, আর প্রথমে নীচ কুর্ম্ম করিয়াও পরে উচ্চপদ প্রাপ্ত হইয়াছিল।

মহন্দ টাইফ নগরহইতে প্রত্যাগমনের পর প্রকাশ্য রূপে বিদেশীয় লোকদিগের নিকটে প্রতিমা পুজার বিরুদ্ধে এবং এক ঈশরের বিষয়ে কএকবার ঘোষণা করিলেন। তিনি মক্কান্থ লোকদের নিকটে পুর্বের অনেকবার ঘোষণা করিয়াছিলেন, কিন্তু প্রত্যাগমনের পর অধিক করেন নাই। মহন্দদ এক স্থর্গের বিষয়ে প্রকাশ করিতেন, যে তাহাতে দ্রাক্ষারস ও দুশ্ধ ও মধুর নদী আছে, আর বৃক্ষ সকল গৃহাগত হইয়া কল পুজা দান করে। এবং সে স্থানে এক উনুই আছে, তাহার নিকটন্থ প্রস্তুর সকল মণির ন্যায়, ও তাহার মৃত্তিকা কর্পুর তুল্যা, এবং শর্নাগার মৃগনাভিদ্বারা নির্দ্ধিত।

মহম্মদের ও প্রীষ্টিয়ানদের স্বর্গে অনেক বৈলক্ষণ্য আছে।
প্রীষ্টিয়ানদের স্বর্গে পারমার্থিক হুখ আছে, এবং ইম্মর ধ্যানে
অসীম সন্তোষ জন্মে; পরস্ক মহম্মদের স্বর্গ শিব লোক তুল্য,
তথার পবিত্রতা ও পার্নমার্থিক সন্তোষ নাই।

মহম্মদ নরকের বিষয়ে খোষণা করিতেন, যে তথায় উক্ষ জল-ধারা নারকিদের মন্তকে পড়িবে, ও সেই জলদারা তাহাদের উদরের নাড়ী সকল গলিত হইবে, এবং তাহারা লোহ যষ্টিদারা আঘাত প্রাপ্ত হইবে। নর্কগামিদিগের পক্ষে অগ্নিকণাই গৃহ বোধ হইবে, এবং তাহাদের ভক্ষনীয় বস্তু শিয়ালকাটা মাত্র।

শহমদ দশ বংসর পর্যান্ত নানা মেলায় ধর্মের বিষয় ঘোষণা করিতেন। তিনি বিদেশীয় তীর্থ যাত্রিকদিগের সহিত অনেক কথোপকখন করিয়া প্রতিজ্ঞা করিলেন, যাহারা আমার ধর্ম্ম গ্রহণ করিবে, আমি তাহাদিগকে স্ব ২. দেশের, রাজস্ব প্রদান করিব। ইহা শুনিয়া বিদেশীয়েরা মহম্মদকে কহিল, তোমার স্বদেশীয় লোকেরা তোমাকে বিশাস করে না, আমরা ক্ষী প্রকারে বিশাস করিতে পারিব?

ইঞ্জীলে লেখা আছে, এক সময়ে যীশু খ্রীষ্টের শিষ্যেরা তাঁহার নিকটে আসিয়া উচ্চপদ চাহিলে তিনি ভাহাদিগের কাছে জতি শিশু এক বালক আনিয়া কহিলেন, তোমরা এই বালকের মত নুমুও স্থাল না ছইলে স্থারাজ্য প্রাপ্ত হইরা না। এই উপ-দেশ মহম্মদের উপদেশহইতে কেমন পৃথক্।

বীশু খ্রীষ্ট আপন দাদশ শিষ্যকে যে শক্তি প্রদান করিয়া-ছিলেন, মহম্মদ সেই ৰূপ শক্তি প্রদান করণাভিলাষে দাদশ জন শিষ্যকে মনোন্টত করেন, এবং তাহাদের প্রতি, জন্য কাহারও ছেম না জ্বান্ধে একারন কছিলেন, "জিব্রীয়েল দুত ঐ ব্যক্তিপানকে মনোনীত করিতে আমাকে কছিয়াছেন।" এই কর্মাদারা
মুসলমান রাজ্যের মূল স্থাপন হয়। পরে মহম্মদ খড়রদারা
রাজ্য বিস্তার করিতে লাগিলেন। প্রথমে তিনি কহিয়াছিলেন,
"শান্তিদারা সকলকে জয় কর;" এখন কছিলেন, "অবিশাসিদিধকে যুদ্ধারা পরাজয় করিয়া তাহাদিগের মস্তক ছেদন কর,
এবং অঙ্গুলীর অগ্রভাগ কাটিয়া ফেল।" 'যীশু খ্রীপ্তের ও মহম্মদের ক্রিয়াতে অনেক বিশেষ। যীশু খ্রীপ্ত বদ্ধ হইলে পিতর
খড়র ধারণ করিয়া যখন তাঁহাকে রক্ষা করিতে যায়, তখন
ভিনি কছিলেন, "তুমি লড়র খাপে রাখ, কারণ যে তাহা গ্রহণ
করিবে সে সয়ং হত হইবে।"

মহম্মদ এক দিন রাত্রি কালে সভা করিয়া এইকপ নিয়ম স্থাপন করত ঈশ্বরের নামোচ্চারপ্ল পূর্বিক স্কলকে যুদ্ধ করিতে কহেন; ঐ সভায় এক জ্বন চর ছিল, সে সকল অবগত হইয়া কোরেশদিগকে জ্বানাইলে, পরদিনে তাহারা ঐ সভাস্থ সকলকে তাড়না করিতে লাগিল।

মহম্মদ দশ বৎসর পর্যন্ত সীয় ধর্ম ঘোষণা করিয়া অধিক কল লাভ কবিডে পারেন নাই, কিন্তু ঐ সময়াবধি এক হতন রীতি প্রকাশ করিলেন,। মদীনাতে অনেক রণিক লোক বাস করিত; তাহারা মকাস্থ ব্যবসায়িদিগের প্রতিবাদী হইয়াছিল। তথায় অনেক পাষ্ণ খ্রীষ্টিয়ানও ছিল, তাহারা ঘীশু খ্রীষ্টের ঈশ্বরত্ব অস্বীকার করিত। আর মূসার সময় অবধি তথায় অনেক যিহুদীয় লোক বাস করিয়াছিল। মদীনা নগরস্থ অনেক আরবীয় লোকেরা প্রতিমাপ্তলা পরিত্যাগ করিয়া সেই সময়ে অন্য

ধর্মা অন্বেষণ করিতেছিল'; মহম্মদ তন্নগরীয় সন্ত্রাস্ত তীর্থ যাত্রিক-দিগকে ধর্ম্ম খোষণা অবণার্থ আহ্বান করিলে তাহারা তাঁহার সম্বক্তা শুনিয়া মুসলমান ধর্ম মুসার ব্যবস্থার সমান বুবিশ্বা ও তাঁহার সাহস দেখিয়া তুদীয় ধর্ম গ্রহণ করিল। কিছু দিন পরে সহম্মদের নব শিষ্যেরা মদীনা নগরে প্রত্যা-গমন করে। মহম্মদ তাহাদের সহিত এক জন নিপ্লুণ ধর্মশিক্ষক প্রেরণ করিলেন। পরে প্রতিমাপুক্তক লোকেরা মহম্মদীয় ধর্ম্মের বিপরীতাচরণ করিলেও ঐ ধর্ম্ম ক্রমে২ সেই স্থানে বিস্তত হইতে লাগিল। তাহারা প্রর্বেরাজপুত জ্বাতিদের ন্যায় এক গর্ত্ত খনন করিয়া তাহার মধ্যে আপনাদের ছয় বংসর বয়ক্ষা বালিকাদিগকে নিক্ষেপ করিয়া বধ করিত। এক বৎসর পরে আকবা নামক পর্বতে মহম্মদের সহিত মদীনা নগর-বাসি দাদশ জনের সাক্ষাৎ হওয়াতে তাহারা ভাঁহার নিকট প্রতিজ্ঞা করিল, আমরা প্রতিমাপ্রজা চুরি এবং সস্ততি হত্যা আর করিব না। তাহারা আরও এই শপথ করিল, আমরা লম্পট-তাচরণ করিব না, এবং মহম্মদে বিশ্বাস করিবন এই দিব্যেতে যুদ্ধের কথা না থাকাতে লোকেরা ভাহাকে স্ত্রীশপথ কহিত।

তাহার পর বংসরে মহম্মদীয়া ধর্মাক্রান্ত ৭২ জন পুরুষ ও ছুই ন্ত্রী মদীনাহইতে ৫০০ শত পৌত্রলিক তীর্থ বাত্রিকদিগের সহিত মকায় গমন ক'রে; তথার বাইয়া রাত্রি চুই প্রহরের সময় মহম্মদের সভায় উপস্থিত হয়। মহম্মদের পিতৃত্য আবাদ দেবপুজক হইয়াও তাহাকে স্ববংশ্য বলিয়া রক্ষা করিতে স্বীকার করিয়াছিলেন। তাহারা দিব্য করিয়া কহিল, যে কপে সন্তান ও স্ত্রীকে রক্ষা করিতে হয়, সেই কপে তোমাকে রক্ষা করিব।

ঐ দিব্যে মহম্মদ হাই হইয়া তাহাদিগের হন্তে আপন হন্ত দিয়া কহিলেন, একনে সকল বস্তুতেই আমাদিগের সমান অধিকার, অর্থাৎ তোমাদিগের রক্ত ও মাংস আমার, এবং আমার রক্ত ও মাংস তোমাদিগের।

মহম্মদের শিষ্যগণ কোরেশ লোকহইতে নানা তাড়না ও বন্ধা।
পাইয়া স্থানেগ মদীনায় পলায়ন করিল, কিন্তু মহম্মদ তিন মাস
মকায় থাকিলেন। কোরেশেরা প্রকাশক্ষপে সভা করিয়া আবুজালের পরামর্শানুসারে স্থির করিয়াছিল যে মহম্মদ বন্ধ কি
দেশান্তরীকৃত ইহলে তাহার ধর্মা বিস্তার পাইবে, অতএব
তাহাকে একেবারে বধ করা যাউক; এবং কোন জাতীয়েরা
দোষী না হয়, তন্নিমিত্তে সকল জাতির এক ২ জন ঐ কর্ম্মে
প্রেবৃত্ত হইল। এতদভিপ্রায়ে কোরেশেরা এক দিবস রাত্রি কালে
মহম্মদের গৃহ বেষ্টন করিল। আলী চর প্রমুখাৎ এই সংবাদ
পাইয়া স্বীয় হরিদবর্ণ শালদ্বারা এক কার্চকে আচ্ছাদিত করিয়া
মহম্মদের শয়ন স্থানে রাখিলেন। পরে মহম্মদ বাটীর পশ্চাৎভাগের প্রাচীর দিয়া আবুবকরের গৃহে গমন করিলেন, এবং
তথাহইতে উত্ত্রে আরোহণ করিয়া মকাহইতে ২।। ক্রোশ
অস্তর তেরি নামক পর্বতের গর্মেণ্ড পলায়ন করিয়া রহিলেন।

পর দিন প্রাতঃকালে কোরেশেরা মহম্মদের গৃহে প্রবিষ্ট হইয়া কেবল আলিকে দেখিতে পাইল, তাহাতে অতি ক্রুদ্ধ হইয়া তাঁহাকে বহুতর অশ্বেষণ করিয়া কহিল, যে ব্যক্তি মহম্মদকে ধরিয়া দিবে তাহাকে এক শত উষ্ট্র পারিতোষিক দেওয়া যাইবে; কিন্তু সকলের চেষ্টা খৃথা হইল। মুসলমানেরা কহে, কোরেশেরা ঐ গর্ত্তের মুখে মাকড্সার জাল দেখিয়া ইহার মধ্যে কেছে নাই বলিয়া ভন্মধ্যে মহন্মদের অনুসন্ধান করিতে প্রবিষ্ট হয় নাই। তিনি 
থ গর্জে তিন দিন ছিলেন। শিষ্যেরা রাদ্রিযোগে মকাহইতে 
আহার আনিয়া তাঁহাকে দিত, এবং সকল সমাচার কহিতৃ। 
মহন্মদ চতুর্থ দিন রার্ট্রিতে উদ্ভে আরোহণ করিয়া মদীনায় গমন 
করিলেন। পথিমধ্যে একজন মকান্ত লোকের সহিত সাক্ষাৎ 
হইলেও সে তাঁহার কিছু ক্ষতি করিল না; বরং আপন পাশাভীর কাপড় বরশার উপর দিয়া ধ্বজা করিয়া তাঁহার অগ্রগামী 
হইল। মহন্মদ ছাদশ দিনে মদীনার সমীপে উপস্থিত হইলে 
৫০০ লোক তাঁহাকে সেলাম করিতে আইল; তাহাতে তিনি 
তাল পত্রের ছত্র মস্তকে দিয়া এবং এক হস্তে ধ্বজা ধ্বিয়া দিগ্বিজ্ঞায়ি সেনাপতির ন্যায় মদীনায় প্রবেশ করিলেন। তৎকালে 
সকলে জয়ধ্বনি করিতে লাগিল। ব

মহম্মদ মদীনায় য়াইয়া এক বাটীর নিচ্ন্থ গৃহে রহিলেন, যেন সকলে আসিয়া অনায়াসে তাঁহার সহিত সাক্ষাৎ করিতে পারে। তাঁহার পঁত্ছিবার তিন দিন পরে আলী তথায় উপস্থিত হইলেন; কিছু দিন পরে মহম্মদের পরিবারস্থ সকলও গিয়া পৌছিল।

কোরেশেরা ভাঁহাকে দূরীকৃত করিয়া অতি তুই হইয়াছিল। কিন্তু তাহাতে ভাঁহার ধর্ম অধিক বিন্তার হইতে লাগিল।

#### পঞ্চম অধ্যায়।

#### यर्यम योका खंत्राका।

মুসলমান লোক ঐ ঘটনা. অবিশ্ব হিজরা নামে মহম্মদীয় সাল গণনা করে। শ্রীষ্টীয় ৬২২ সনে সেপ্তেম্বর মাসের ২৪ ভারিত্থে হিজরী দাল আরম্ভ হয়। মদীনার নাম পুর্বেষ বাত্রিব ছিল; কিন্তু এ অবধি 'মদীনা নবী,' অর্থাং প্রেরিতের বাসস্থান নামে প্রেসিদ্ধ হয়।

महत्मान शतरमधरतत अर्जनार्य मनीना नशरत এक छान निर्मिष्टे করিতে অতি বাত্র হইলেন, তাহাতে এক মসজীদ নির্দ্মাণ করাই তাঁহার প্রথম চেষ্টা হইল। সেই ভূমি পুর্বের এক কবরস্থান ছিল, কিন্তু তত্রস্থ শব সকল স্থানাস্তর করাইয়া তিনি **बहे कर्मा भीख निर्द्धाह क**ितलन। महत्त्रम सहस्त्र मन्त्रीम আরম্ভ করিলে সকলে সহকারী হওয়াতে একাদশ মাসে তাঁহা সম্পন্ন হইল। সেই ধর্মগৃহের ভিত্তি ইষ্টক নির্মিত, কিঁত্ত তাহার স্কম্ভ তাল বুক্ষের গুঁড়ী, ও তালপাতার চাল ছিল, এবং কতক গুলি খর্জ্র বৃক্ষ ভাহার উপরে ছায়া করিত। প্রথমতঃ, মহম্মদ ভাল ৰুক্ষে হেলান দিয়া দিখাবিষয়ক ঘোষণা করিভেন। পরে ভ্রোভূগণের বৃদ্ধি হইলে তিনি সোপানের তিন ধাপে উচিয়া প্রচার করিতেন। তৎকালে তিনি বিক্রশালমের দিগে মুখ্ ফিরা-ইয়া প্রার্থনা করিতেন। মসজীদের নিকট মহম্মদ সাদা ও আয়েশা আপন চুই জীর নিমিত্তে দুই গৃহ নির্মাণ করিয়া দিলেন।

কিছু কাল পরে মহন্মদের মির্শ্মিত উক্ত মস্ভীদ স্থা ও সর্পার প্রেস্কারা অলক্ত হইল। হারোণ আরসীদ নামক খালীফা ঐ মস্জীদ দশনার্থ যাত্রা করিলে তাঁহার চুই কোটি যাইট লক্ষ মুদ্রা ব্যয় ইইয়াছিল; এই যাত্রায় উষ্ট্রগণ তাঁহার নিমিত্তে যথেষ্ট বরক বহন করিল।

হিজরার ৭ মাস পরে মহশাদ আর্থেশাকে বিবাহ করিলেন। তৎকালে তাহার বয়স নয় বংসর মাত্র ছিল, এবং সে কাগভের পুত্তলিকা লইয়া ক্রীড়া করিত। ইহার তিন মাস পরে ২২ বর্ষ বয়ক্ষ আলী পঞ্চদশ বর্ষীয়া মহম্মদের কতেমা নামী কন্যাকে বিবাহ করিলেন। মহম্মদ অর্থের অভাব প্রযুক্ত আপন উষ্ট্র বিক্রেয় করিয়া কতেমাকে যৌতুক দিলেন। তাঁহার আহার ব্যবহার পূর্বের যেমত ছিল এখনও সেই মত রহিল, অর্থাৎ তিনি খর্জ্জুর কল ও যবের রুটী ও মধু ও চুগ্ধ মাত্র খাইতেন। প্রতিদিন তিনি আপন গৃহে স্বহস্তে অগ্নি জ্বালাইতেন, ও মেষের চুগ্ধ দোহন করিতেন, আর গৃহ পরিষ্কার রাখিতেন, এবং প্রয়োজন মতে আপনার বস্ত্র ও পাচুকা সেলাই করিতিন। পর্যাটন কালে তিনি পাথেয় দ্বায় আপন পরিচারকের সহিত বিভাগ করিতেন, এবং দরিদ্রদিগকে এত দান করিতন যে শেষে গৃহব্যয়ের জন্যে তাঁহার হস্তে কিছু মাত্র অর্থ খাকিত না।

এই সময়াবধি, মহশ্মদের অবস্থা পরিবর্ত্তিত হইতে লাগিল;
যিনি পুর্বের পলাতক ছিলেন, অদ্যাবধি তিনি আপন শিষ্যগনের
গুরু ও সেনাপতি এবং রাজা হইলেন। দেখ, মহম্মদের সহিত
যীশু প্রীষ্টের কত বিশেষ! যীশু প্রীষ্ট প্রকাশ করিয়াছিলেন,
" আমার রাজ্য এই জগৎ সম্বন্ধীয় নহে; যদি ইইত, তবে
ফিছুদীয়দের হস্তগত যেন না হই ইহার নিমিত্তে আমার সেবকেরা প্রাণপন করিত; কিন্তু আমার রাজ্য ঐহিকের রাজ্য
নয়। মনুষ্য প্রপ্র পরের সেবা করিতে এবং অনেকের পরিত্রানের মূল্য রূপ আপন প্রাণ দিতে আসিয়াছেন। খজন
স্বস্থানে রাখ, কেননা যে সকল লোক খজন ধারণ করে তাহারাই
ধজনদারা বিনষ্ট হয়।" পরে মহম্মদের সাংসারিক অবস্থার ন্যায়

তাঁহার মতও পরিবর্ত্ত হইল; বিশেষতঃ, তিনি মকা নগরে থাকিয়া কোরানের ষে ২ অধ্যায় প্রকাশ করিলেন. তাহাতে লিখেন, "তর্ক বিতর্ক বিনা আমার অন্ত্র শস্ত্র নাই, এবং আমার খজা কেবল যুত্তা আছে।" ত্রয়োদশ বৎসরাবধি তিনি পরাক্রম বিহীন হইয়া শান্তির কারণ এইকাপ প্রকাশ করিতেন; কিন্তু এইকণে তাঁহার অবস্থা পরিবর্ত্তিত হইলে তিনি এমত প্রচার করিতে লাগিলেন, "খজাই নরক ও মর্গের চাবি; এবং চুই মাস উপবাস করণ অপেক্ষা ধর্মা যুক্তে এক বিন্দু রক্তপাত করা অথবা অস্ত্রধারী হইয়া এক রাত্রি জ্ঞাগরণ করা অধিক ফলবান।" তিনি আরও লিখেন, "যে ব্যক্তি ধর্মা রণে পতিত হয়, তাহার পাপ সকল ক্ষমা হইলে শেষদিনে তাহার দেহ হিন্ধুলের ন্যায় উজ্জ্বল ও মৃগনাতির ন্যায় স্থান্ধ হইবে, এবং ছিন্ন হল্ত পদের পরিবর্ত্তে সে ক্র্যনুত্তর পক্ষ প্রাপ্ত হইরে।"

মূলা এবং বীশু খ্রীফ পরমেশ্বরের প্রেরিত, ইহা তাঁহাদের আদর্য্য ক্রিয়াদারা প্রমাণীকৃত হইয়াছিল; অতএব মহম্মদের শক্রগণ তাঁহাকে কহিত, তুমিও আশ্বর্য কর্ম্ম করিলে আমরা তোমাকে ক্র্মরের প্রেরিত স্বীকার করিব। কিন্তু তিনি আপত্তি করিয়া কহিতেন, "ক্র্মর এক ৮ জন প্রেরিতদ্বারা আপনার এক ২ শুণ প্রকাশ করিয়াছেন; বখা, মূলা ভাঁহার দয়াও তত্ত্বাবধারকক্ষ্য, আর স্থলেমান তাঁহার বুদ্ধি ও সহিমা, এবং বীশু খ্রীষ্ট তাঁহার বাগার্থ্য ও সর্বজ্ঞতাও সর্বসামর্থ্য প্রকাশ করিলেন; তথাপি তাঁহানিগতে লোকেরা বিশাল করিতনা। এই জন্যে পর্মেশ্বরে শেষ প্রেরিত যে আমি, আমার হন্তে তৎকর্ত্ক খলে সমূর্পিত হইরাছে। অত্রুএব যাহারা এই শ্র্মন না মানিবে,

আমার ধর্মঘোষকের। তাহাদের সহিত কোন তর্ক বিতর্ক না করিয়া তাহাদিগকে খড়ুলদারা ছেদন করিবে। আর যে কেহ \*সত্য ধর্মের নিমিত্তে যুদ্ধ করে, সে রণে পতিত হউক বা জয়ী হউক, উত্তম পুরস্কার পাইছে; ইহাতে কোন সন্দেহ নাই।"

পুর্বের দশরথের পুল্র রামচন্দ্র ভারতবর্ষের দক্ষিণে আদিয়া খড়নদারা ও ব্রাহ্মণ লোকদের সাহায্যে যে রূপে হিন্দু ধর্মা বিস্তার করিয়াছিলেন, সৈই রূপ মহম্মদও করিলেন। বিশেষতঃ বর্গিদের ন্যায় আরবদেশ লুটকারি যে বেচুইন্ লোক তাহাদের সহায়তাদ্বারা মহম্মদ আপন ধর্মা বিস্তার করিলেন। তত্রস্থ মন্থ্যগণনের নরকভয় অপেক্ষা খড়নভয় অধিক হওয়াতে প্রায় সকলেই ভাঁহার মতাবলম্বী হইল। মহম্মদ নরক বন্ত্রণার বিষয়ে তাহাদিগকে এইরূপ শিক্ষা দিতেন, "নরক ভোগি লোকেরা উম্বও চুর্গন্ধ জল পান করে, আর উত্তপ্ত আল্কাতরার ন্যায় যন্ত্রণাদায়ক এক প্রকার তিক্ত কল ভক্ষণ করে, এবং বিষাল সর্প বৃশ্চকাদি তাহাদিগকে সর্বেদা দংশন করিলেও তাহা-দিগের মৃত্যু হয় না।"

মহম্মদের দলস্থ লোকেরা শীন্ত বিশ্বিষ্ণু হইতে লাগিল, যেহেত্ক মদীনাস্থ খ্রীপ্টবাদি লোকেরা পরস্পার নানা বৈধর্ণের বিষয়ে রিবাদ করিয়া পোত্তলিক ধর্মাহইতে মহম্মদীয় ধর্মা শ্রেষ্ঠ মানিয়া তাহা গ্রহণ করিল। ঐ ব্যক্তিরা যীশু খ্রীপ্তের ঈশ্বরছে বিশ্বাস করিত না। মহম্মদ আপনার কোরানে মুসা লিখিত ব্যবস্থার অনেক অংশ উদ্ধৃত করিয়া যিহুদীয়দিগকে বিশ্রাম দিন পালন করিতে এবং উষ্ট্র মাংস ভোজনে বিরত হইতে অনুমতি দিয়াছিলেন। কলতঃ তাঁহার আশা ভিল যে আগি উহাদিগকে এই ৰূপে আপন ধর্মে আনিব; কিন্তু শেষে তাঁহার এই আশা নিজ্লা হইল। মহন্মদের ইচ্ছা ছিল যে যিহুদীয় লোকেরা আমাকে ত্রাণকর্ত্তা ৰূপে স্বীকার করে, তাহাতে তিনি যিৰাশালম নগরকে আপনার কেবুলা অর্থাৎ প্রার্থনার অভিমুখ স্থান নির্দিষ্ট করিলেন। কিন্তু যিহুদীয় লোকদের বিশ্বাস ছিল যে•দায়ুদ রাজ্ঞারই বংশে আমাদের এক জন ত্রাণকর্তার উদ্ভব হইবে, এই কারণ তাহারা মহন্মদের কথাতে বিশ্বাস করিত না, বরং অনেকেই তাঁহাকে উপহাস করিতে লাগিল। মহন্মদ সেই আশা নিতান্ত নিজ্কলা দেখিয়া যিৰাশালম নগরের পরিবর্তের মন্ধা নগরকে মুসলমানদের কেবুলা নিৰাপণ করিলেন, এবং তৎপরে যিহুদীয় লোকদিগের সহিত আল প্রণয় করিতেন না।

বিহুদীয়েরা তৃরী শক্ষারা ও এীটিয়ানেরা ঘনীয়ারা মহ্ব্যদিগকে প্রার্থনার্থে আহ্বান করিত; কিন্তু মহম্মদ মস্জীদের ছাতহইতে মনুষ্য রবদারা আপন মতাবলম্বিদিগকে আহ্বান করিবার
নিয়ম স্থির করিলেন। "ইশ্বরই মহান্ত! ও আলা ব্যতিরেকে
ইশ্বর নাই, আর মহম্মদ তাঁহার প্রেরিত," এই কথা প্রতি
দিন পঞ্চবার উচ্চৈঃস্বরে বলিতে হয়; আর "নিদ্রাহইতে প্রার্থনা
ভাল ২!" এই কথাও প্রত্যুবে প্রচার করিতে আছ্রা দিলেন। ল

मि काटल मका ७ मनीना नगत्र मूजलमारनता पूरे मटल विज्ञ रहेल। मकानिवाजिता ध्यथरम मरुमारमत धर्माकाञ्च रहेशाहिल, धवः मकारहेरिक भलायन कतिवात जमस्य मनीनाञ्च रलारकता ठाँरारक आध्यय मिमा श्रीय नगरत तक्का कतियाहिल; धरे मूरे कात्राभिलाक जाराता भत्रस्थत हेर्या कतिया कलर করিতে লাগিল। মহশ্বদ সকলের সন্মিলন করণাভিপ্রায়ে তাহাদিগকে এক নূতন আভৃত্ব ৰূপ শৃঞ্জলে বন্ধ করিলেন;
যথা, কতগুলিন মকাস্থ লোক এবং তৎসংখ্যক মদীনা নিবাসি
ইহারা তাঁহার পরামর্শাকুলারে প্রত্যেকে চুই ২ জন করিয়া
এমত সম্বন্ধ স্থির করিল, যে আমি তোমার উত্তরাধিকারী হইব,
অথবা তুমি আমার উত্তরাধিকারী হইবা, আর আমরা কুশলে
ও অকুশলে পরস্পার উপকার করিয়া ধর্মের নিমিত্তে একত্র
হইয়া যুদ্ধ করিব, ইত্যাদি। কুট্ন্মের বন্ধনহইতেও এই মিত্রতা
দৃত্তর হইল। এই নিয়ম বদরের সংগ্রাম পর্যান্ত থাকিয়া
পরে দুই দল একত্র হইল। তৎপুর্বের ঐ মকাস্থ পলাতকেরা
নিশ্বন্ধ আযুক্ত লুট করত কাল ক্ষেপণ করিত।

কোরান স্বর্গহইতে প্রেরিত হইয়াছে, ইহা স্মরণার্থে মহম্মদ রমজ্ঞান মাসে উপবাৃস করিবার-বিধান করিলেন। তিনি এই মাসে মুসলমানদিগকে দিবসে আহার করিতে নিষেধ করিয়া বলিলেন, "তোমরা যে পর্যান্ত মেতবর্গ ও কৃষ্ণবর্গ স্থত্তের ভিন্নতা দেখিতে পাও, সে পর্যান্ত কিছু খাইও মা।" তাহাতে তাহারা সমস্ত দিবস উপবাস থাকিয়া রাত্রে উত্তম আহারাদি করত স্থথে যাপন করে।

মহম্মদ যুদ্ধের বিষয়ে যাহা কোরান্দে লিখিয়াছিলেন, তাহা
অধিক কাল নিক্ষল রহিল না।

প্রথমতঃ, তাঁহার দুই শত সৈন্য মাত্র ছিল। তংকালে তিনি শিষ্যগণকে কেবল আপন ২ রক্ষার্থে যুদ্ধ করিবার আজ্ঞাদিতেন। কিন্তু একাদশ মাস পর্যান্ত মদীন। নগরে থাকিয়া তত্রস্থ মস্জীদ নির্ম্মাণ সমাপ্ত করিলে পরে মহম্মদ সত্তর জন সৈন্য সম্ভিব্যাহারে লইয়া আপনি প্রথম যুদ্ধ যাত্রা

করেন। এক মাস পরে তিনি চুই শত সেনা সঙ্গে লইয়া প্রনায় যুদ্ধার্থে গমন করিলেন; এ বাপে ক্রমে ২ তাঁহার সৈন্য দল বৃদ্ধি হইল, কিন্তু প্রথমতঃ তাহারা লুটিত দ্রব্য অধিক পাইত না। পরে আবছুলা নামে তাঁহার সেনাপতিকে যুদ্ধার্থে প্রেরণ করাতে তদ্ধীন অনেক সৈন্যেরা প্রণ্য গাসে তীর্থ যাত্রিদের ন্যায় বেশভূষা ধারণ করিয়া স্থানে ২ লুট করিল, তাহাতে তাহারা আফুর ও চর্ম্ম ইড্যাদি 'অনেক দ্রব্য পাইল। মহম্মদের অন্য শিষ্যগণ ইহা শুনিয়া বচসা করিয়া কহিল, প্রণ্যমাসে যুদ্ধ করা নিতান্ত অন্যায়; কিন্তু তিনি কোরেশ জাতীয়দিগের বাণিজ্ঞা নষ্ট করিতে দৃঢ় মানস করিয়া এই এক ন্যতন ব্যবস্থা কোরানের মধ্যে লিখিলেন, 'প্রণ্যমাসে বধ করণাপেক্ষা ক্রমরের বিরুদ্ধে বিদ্রোহিতাচরণ করা মন্দ।" তিনি এই ব্যবস্থা প্রকাশ করিয়া তাবং লুটিত দ্রব্যের পঞ্চমাংশের একাংশ আপনি গ্রহণ করিতেন।

হিজ্ঞরার দিতীয় বংসরে মহন্দদ স্থানিষ্যাণন লইয়া তিনবার কাফিলা অর্থাং, যাত্রিক বানিজ্যকারিদের দলকে আক্রমন করি-লেন। তাঁহার শিষ্যেরা লুট ও সমর করণে সর্বাদা উৎস্কক, এবং আপনি কোরেশদিগের প্রতি দেষশালী ছিলেন। মদীনাহইতে আট দিনের পথু দুরে বদর নামক. ক্ষুদ্র নগরে এক উনুই ছিল, তাহার নিকটে কাফিলা সকল বিশ্রাম করিত। আবু-স্থাক্ষয়ান ন্থরিয়া দেশহইতে এক সহস্র উষ্ট্র লইয়া ঐ স্থান দিয়া আসিতেছেন, ইহা শুনিয়া মহন্দা, কুপ সকলের নিকটে প্রহরিগণকে নিযুক্ত করিলেন, যেন কোন ব্যক্তি তাহাহইতে জল তুলিতে না পারে। সে সময়ে বৃষ্টি হওয়াতে বালুকা সকল সার্দ্র ছিল, এবং প্রচণ্ড প্রতিকূল বাযু বছন করাতে আবুস্থাকিয়ান প্রভৃতির আগমন বড় চৃষ্কর হইল। মুসলমানদের পদাতিক
কেবল ৩০৫ জন, ও তাহাদিগের সঙ্গে ৭০ উষ্ট্র এবং চৃই ঘোটক
মাত্র। কোরেশদের দলে ৮৫০ পদাতিকগণ এবং ৭০০ উষ্ট্র ছিল;
কিল্ক তাহারা মুসলমানদের ন্যায় সাহস্কি ছিল না, এবং এক
জ্বন কহিল, স্তুট্ট মহম্মদীয় লোকদের সহচর, আর যুদ্ধ বিনা
উহাদের কোন কর্মা নাই।

মহম্মদ যুদ্ধের আরম্ভে এক কুটীরে গিয়া প্রার্থনা করিলেন; পরে সমরের মধ্যে কতক গুলিন চকমকির প্রস্তুর কোরেশ-দিগের প্রতি নিকেপ করিয়া কছিলেন, "তোমরা সকলে ব্যস্ত ও ছিক্লভিন্ন হও।" তিনি আরও কহিলেন, "হে শিষ্যগণ র্নিভয় হইয়া যুদ্ধ কর; কারণ তোমাদিগের খড়েনর ছায়াতে স্বর্গের দ্বার আছে, এবং জিত্রীয়েল এক সহ্স্র স্বর্গীয় দূত লইয়া তোমাদিগের পক্ষে যুদ্ধ করিতেছেন।" মহম্মদের শিষ্যেরা এই প্রবৃত্তিজ্ঞনক বাক্য শুনিয়া এবং তাঁহার শোষ্য দেখিয়া অতি ব্যগ্রতা প্রকাক যুদ্ধ করত শত্রুদিগকে পরাস্ত ও ছিন্ন ভিন্ন করিল। এক জ্বন অতি সাহসিক মুসলগানের বামবাহু চ্ছিনপ্রায় হইলেও সে যুদ্ধ করিতেছিল; কিন্তু ঐ বাস্ততে •ব্যাঘাত হইবায় সে তাহা ছিড়িয়া ক্ষেপণ করত প্রনর্কার যুদ্ধে প্রবর্ত্ত হইতে লাগিল। আর এক জন মহম্মদের মুখে ভনিয়'-ছিল, যে ব্যক্তি অস্ত্র শস্ত্র পরিত্যাগ করিয়া কেবল বিশ্বাসবর্মা পবিধান পূর্ব্বক সমরে শত্রুদিগের নিকট যায়, তাহার প্রতি ঈশ্বর সন্তপ্ত হন; ইহাতে সে স্বর্ণ্ম খুলিয়া শত্রুগণের প্রতি আক্রমণ করিলে শত ২ বল্লমদারা আহত হইয়া মরিল।

উক্ত যুদ্ধে সর্বয়েছ ৭° জন দেবপুর্জক এবং ১৪ জন মুসলমান হত হইয়াছিল; তন্মধ্যে আলী স্বহস্তে ১১ জন দেবপুজককে হত্যা করেন। মহম্মদ ও তাঁহার শিষ্য সকলে লুটিত দ্রব্যাদি তুল্যাংশ করিয়া পরস্পার বিভাগ করিলেন; কিন্ত ইহার পর তিনি আপনার ও দরিদ্রদিগের নিমিত্তে যুদ্ধে লুটিত দ্রব্য সকলের পঞ্চমাংশ গ্রহণ করিতেন।

আবুজ্ঞাল নামে মহম্মদের এক পিতৃত্য হত কোরেশদের মধ্যে ছিলেন। गरमान उँ। होत हिम्न मस्त्रक मिथिया পরমেশ্বরের थनावाम कतिरा नाशिराना। विमारमत मर्या महायामत छे ११-হাসকারি নাদর নামে এক জ্বন পণ্ডিত ছিল; তাঁহার আদে-শানুসারে তাহার মস্তক ছেদিত হইল। আর প্রর্কো আখবা নামে এক জ্বন পাগড়ী খুলিয়া মহম্মদকে স্বহস্তে ফাঁসি দিতে প্রবর্ত্ত হইয়াছিল, মহম্মদ ঐ সময়ে তাহাকে বন্দিদের মধ্যে দেখিয়া হত্যা করিতে উদ্যত হইলে সে কহিল, হায়! কে আমার সস্তানদিগের প্রতিপালন করিবে? মহম্মদ উত্তর করিলেন, नत्रकाशि। यात अक वन्नी श्रद्ध कहिशाहिल, काताने कवल পারস্য দেশের গণ্প মাত্র; এই দোষ প্রযুক্ত মহম্মদ তাহাকেও नष्टे कतिरलन । हेराराज्ये योख औष्टे ७ महम्मारमत वावहारतत गर्या কত প্রভেদ্য তাহা দেখ। ফলতঃ যে সময়ে যীশু ক্রুশার্পিত হয়েন, তখন তিনি আপন হত্যাকারিদের নিমিত্তে প্রার্থনা করিয়া কহিলেন, "হে পিত:! উহাদিগকে ক্ষমা কর।"

বদরের সংগ্রামের লুটে অনেক ২ দ্রব্যাদি পাওয়া গেল, তাহাতে মুসলমানেরা ধনবান ও যশসী হইল তাহা কেবল নয়, বরং আপনাদের ধর্মা বিস্তীর্ন করিবার উপায়ও কণ্ণিল। হিজরার তৃতীয় বংসরে মহমাদ ওমারের কন্যা হাসা এবং
, জেনাব এই চুই বিধবাকে বিবাহ করিলেন। পরে তিনি নানা
মুজেতে প্রবর্ত্ত হইরা অনুনক বিভব প্রাপ্ত হইতে লাগিলেন।
বে সেনারা লুট করিতে গিয়া মারা পড়িয়াছিল, মহমাদ তাহাদিগকে ধর্মসাকী করেপ বিখ্যাত করিলেন।

মহম্মদ এই প্রকারে দিখিছারী হইরা বিহুদীয়দের প্রতিফল দিতে ছির করিলেন। তাহাদের অসমা নামী এক জন প্রী লোক মহম্মদের প্রতিক্লে কএক শ্লিফ কাব্য রচনা করিয়া-ছিল, তিমিত্তে ওমার মহম্মদেন প্ররোচনা বাক্ষ্যে তাহাকে পর্যকোপরি রাত্রি কালে হত করিলেন। পর দিন প্রাতঃকালীন প্রার্থনানন্ত্রীর মহম্মদ এই কথা শুনিয়া ওমানকে পরমভক্ত বলিয়া প্রদংসা করিলেন। তাহার কিছু দিন পরে ওমারেব পুত্র ১২০ বংসর বযক্ষ আর এক জন যিহুদীয় লোককে শ হত্যা করিল। ঐ ব্যক্তি মুসল্মানদিগকে লক্ষ্য করিয়া কতক শুলি শ্লিষ্ট কাব্য রচমা করিয়াছিল।

আর এক জন বিংদি য লোক এক মুসলমানী জীকে মুখাচ্ছাদন খুলিতে কহিলে সে অসমতা হইল, তাহাতে যিহুদী তাহাকে অসমত করিলে এক জন মুসলমান ভাহাকে বধ করিল। পরে নদীনান নিকটবর্গা জন্য ঘিহুদীযেরা জাসিয়া ঐ হত্যা-কারিকে মারিয়া ফেলিল। ইহা শুনিয়া মহম্মদ যিহদীয়-দিগকে আক্রমণ করিয়া তাহাদের দুর্ম ১৫ দিন পর্যান্ত অবলোষ করিলেন; পরে তাহারা ভাহার হস্তগত হইলে তিনি সমস্ত ধন লইয়া তাহাদিগকৈ ছরিয়া দেশে পাঠাইলেন।

<sup>•</sup> ওয়াকিদী।

মহম্মদের যে শক্রগণ বদরের যুদ্ধে হত হইয়াছিল, তাহাদের প্রশংসাধে কাব্ নামে আর এক জন বিহুদীয় লোক কতক গুলি কাব্য রচনা করাতে মহম্মদ ২। ৩ মান পরে এক দল দয়্য সংগ্রহ করিয়া তাহাকে বিনাশ করিতে প্রেরণ করিলেন। তাহাদের গমন কালে তিনি কহিলেন, ইশ্বর তোমাদিগকে সাহায্য করুন। পর দিন প্রাতে দয়্যরা কাবের মস্তক মহম্মদের নিকট আনিয়াদিলে তিনি কহিলেন, ইশ্বর প্রশংসিত হউন! মহম্মদ সেই সময় অবধি বিহুদীয় লোকদিগকে লারব দেশে বাস করিতে নিষেধ করিলেন। তাহারা নিবুধংনিৎসরের রাজত্বকাল অবধি তথায় বাস করিয়াছিল, এবং তাহাদের মধ্যে অনেকে অতি ধনবান বনিক ছিল।

কেরিব প্রিপ্ত থাব্যদ্বার। উৎসাহযুক্ত হইয়া মদীনা আক্রমনার্থ
গামন করিল। তৎকালে হেগুা নামী এক জন আর পঞ্চদশু
দ্রীলোক মাদল বাদ্য করত এবং বদর সংগ্রামে ইত লোকদের উদ্দেশে বিলাপ করিতে ২ স্ক্রাতীয় নৈন্য সকলকে প্রবৃত্তি
দিল। মহ্মদ আপনি ৭০০ সাত শত সৈন্য লইয়া মদীনাহইতে তৃই ক্রোশ অন্তরে ওহদ নমিক পর্বতে তাহাদিটোর সহিত
যুদ্ধার্থে গমন করেন। তখন অনেক সেনা ও বিহুদীয় লোজ
মহম্মদের পক্ষ ত্যাগ করিয়া প্রস্থান করিল। মুসলমানদিগের রণগ্রনি " যৃত্যু," ও কোরেশদিগের রণগ্রনি " অজিয়া
হোবাল " এই মাত্র ছিল। খালিদ ও আমত্র মুসলমানদিশের
সেনাপতি ছিলেন। মহম্মদ আপনার এক বন্ধুকে সীয় খড়ল
সম্পণ পূর্বক কহিলেন, এই আন ভগ্ন কিয়া পত্রক না হইলে

ত্যাগ করিও না। ঐ খড়েরর উপরে এই কথা খোদিত ছিল, " কাপুরুষতাহইতে লজ্জা জন্মে; অগ্রসর হওনে যশ লাভ হয়, এবং প্লায়নদার। অদৃষ্ঠের ফল এড়ান যায় না।" সহস্মদের পামড়ীতে এই লিপি ছিল, "ঈশরহইতে উপকার হয়, পলাতক ব্যক্তি নরক্ছইতে কখনই পলাইতে পারিবে না"। পরে তিনি সৈন্যগণের সমুখীন হট্যা যুদ্ধ করিলেন। প্রথমে মুসলমানেরা জায়ী হইতে লাগিল; কিন্তু তাহাদিগের কতক গুলিন বৈন্য মহম্মদের আজ্ঞা লজ্জন ব্যরিয়া লুক্টনাশয়ে স্বীয় শ্রেণী পরিত্যাগ ক্রিলে বিপক্ষ দৈন্যগণ পশ্চাতে আসিয়া তাহাদিগকে পরাক্ষয় করিল। মুসলমানের। ঐ ৰূপ আক্রমণে এবং বাযুর প্রতিকূল-তায় সকলৈ ছিন্ন ভিন্ন হইয়া পলায়ন করিতে লাগিল; তাহাতে মহম্মদ স্বলৈন্য লইয়া অতিসাহস পুর্বক যুদ্ধ করিয়াও পরি-শেষে আহত ও রক্তাক কলৈবর হইয়া ঘোটকহইতে এক, গর্জ্তে পতিত হন। তৎকালে তাঁহার বদনে দশ বর্ষাঘাত ও তাঁহার সমুখের এক দস্ত ভগ ও ওঠ ছিন্ন হইয়াছিল। মহম্মদের সদৃশাকৃতি এক জন ধ্রজাবাহক তৎকীলে হত হইলে, মুসলমানেরা তাহাকে মৃত দেখিয়া মনে করিল, মহম্ম হত হইয়াছেন; ইহাতে তাহারা সকলে পলায়ন করিতে লাগিল। ভাৰন এক ব্যক্তি চেঁচাইরা কহিল, যদিও মহম্মদের মৃত্যু হইয়া থাকে, তথাপি মহম্মদের ঈশ্বর জীবিত আছেন। হত সৈন্য-গণের মধ্যে মহম্মদ ভূমিতে পতিত হইয়াছিলৈন, কিন্তু তাঁহার পরিহিত রুর্মন্বয় ও সতেজ চক্ষু দেখিয়া মুসলমান লোকেরা তাঁহাকে জীবিত জ্ঞানে তুলিয়া লইয়া গেল। ঐ সংগ্রামে কোরেশেরা জয়ী ইইয়া মৃত মুসলমাল সৈন্যদিগের

নাসিকা ও কর্ণ ছেদন করিয়া আপনাদের কঠে নাসিকার মালা ও হক্তে কর্নের মালা গাঁথিয়া দিল।

'গুহদ রণে মহম্মদের পিতৃত্য হামজা আর ৭০ জন মুসলমান সেনা এবং শক্রদের মধ্যে ২৩ জন হত হয়। হাম্দা নামী এক জন জী উক্ত হামজার হৃদয় বিদারণ করিয়া ভক্ষণ করিল। মহম্মদের মৃত্যু হইয়াছে, কোরেশেরা ইহা বোধ করিয়া তংকালে মদীনায় গমন করে নাই, মতুবা একেবারে মহম্মদীয় ধর্মা লোপ করিতে পারিত।

মদীনাস্থ লোকেরা পরাজয় মানিয়া কুদ্ধ ও ক্রস্ত হইলে মহম্মদ ভাহাদিগকে শাস্ত করণার্থে কহিলেন, সকলের " মৃত্যু-কাল নিকপিত আছে, তাহাতে পলায়ন করিলে কেঁহ নিস্তার পাইবে না। আর যাহারা ধর্মের নিনিতে যুদ্ধ করিয়া মৃত হয়, তাহারা স্কর্মে গিয়া প্রত্যেকে ৭২ হুরী-কিনা অঞ্চরীকতৃক সৈবিত হইয়া ধর্মজয়ির মুকুট প্রাপ্ত হইনে, এবং এক প্রকার সবুষ্ণ পক্ষির গলার থলিতে বাস করিবে। ঐ অঞ্চরীদিগের চকু कृक्षवर्न ও উত্তম মুক্তার সদৃশ উজ্জ্বল, এবং তাহাদের শরীর কন্তরীতে নির্দ্মিত।" মহমাদ মৃত সৈন্যদিগের উদ্দেশে তাহাদের আত্মীয়দিগকে রোদন করিতে অনুমতি দেন বটে, কিন্তু শোকে কেশ ও বস্ত্র ছিড়িতে নিষেধ করেন; ডিনি কহিতেন, "সমরে সংহত ব্যক্তিরা স্বর্গস্থ হইয়া পরম স্থাঞ্ উপস্থিত হইলে অপ্তর্ব্ব শব্যায় শয়ন ূকরুক কিম্বা যুক্ষে সমুপস্থিত হউক, অবশ্য স্তু্য প্রাপ্ত হংকে; ইহাতে কোন সন্দেহ নাই।"

ওহদ রণের কিছু কাল পরে মহম্মদ হাবেশ দেশীয় এক জ্বন সন্ত্রাস্ত পলাতকের স্ত্রীকে বিবাহ করেন, তাহার চারটী সন্তান ছিল।

হিজারার চতুর্থ বৎসরে, মহমাদ দ্যুত ক্রীড়া ও শুকর মাংস ভক্ষণ, ও শর পরীক্ষা, ও প্রতিমূর্ত্তি খোদন এবং দ্রাক্ষারস পান, এই সকল কর্ম্ম নিষেধ করেন। কথিত আছে, দ্রাক্ষারস পান निरंदर्भत कांत्र थहे, जिन् धक मियन कांन विवाद निम-দ্রিত হইয়া সেই স্থানে উপস্থিত হওত দেখিলেন, আগত लाक जकरन वकमना इहेशा आत्माम श्रेक्क खाकातन शान করিতেছে; কিন্তু পর দিবস প্রত্যাগ্যন করিয়া পথিমধ্যে পতিত রক্তদারা অবগত হইলেন যে তাহারা উন্মন্ত হইয়া পরস্পার বিবাদ পূর্বাক রক্তারক্তি হইয়াছে; ইহাতে মহম্মদ দ্রাক্ষারসকে শয়তানের যন্ত্র বলিয়া তাহা পান করিতে নিষেধ করিলেন। পরে তিনি আজা করিলেন, যে ব্যক্তি এই রস পান করিবে, তাহাকে অশীতিবার কোড়া প্রহার করা যাইবে। এই হেতু অনেক ২ আরবীয়েরা ভাঁহার ধর্ম পরিত্যাপ করিল, কিন্তু অন্যান্য কতিপয় লোক তাহা গ্রহণ করিল।

কিছু কাল পরে মহম্মদের প্রিয় বন্ধু আক্রানা তাঁহার প্রবৃত্তিরারা স্থকিয়ান ইবন খালেদ তাঁহার শত্রুকে গোপনে বধ করিলে মহম্মদ তাহাতে সম্ভষ্ট হইয়া স্বীয় হস্তের যত্তি প্র-স্থার স্বরূপ তাঁহাকে প্রদান করিয়া কহিলেন, দেখ, এই যত্তি কর্মে তোমার অবলম্বন হইবে, আমি ইহাদারা প্রনরুত্থানের দিনে তোমাকে চিনিয়া লইব। আক্রান্তা অতি সমাদর পুর্বক যত্তি গ্রহণ করিয়া চিরকাল রাবহার করিতেন, পরে \* মৃত্যুকালে

<sup>·</sup> ইবন মিশক।

ভাহা আপনার কবরে দিতে আজ্ঞা করিলেন। মহম্মদ আবু স্থাকিয়ানকৈও বধ করণার্থ মকা নগরে আমরু বেন ওমিয়াকে প্রেরণ \* করেন, কিন্তু ইহা প্রকাশ হওয়াতে তাঁহার চেষ্টা বিফল হইল।

এই সময়ে মদীশার সন্নিকটস্থ যিতৃদীয় এক স্থাতি বিবাদ নিজ্পত্তির ছলে মহম্মদকে নিমন্ত্রন করিয়া ভোজন কালে তাঁহার মন্তকে যাঁতা কেলিয়া মারিবার কুমন্ত্রণা করিল, কিন্তু মহম্মদ এক জন বন্ধুর নিকটে ইহা জ্ঞাত হইয়া পলায়ন করিলেন। পরে ভিনি প্রকাশ করিলেন, আমি এ বিষয় ঈশ্বরদারা অবগত হইয়া রক্ষা পাইয়াছি। কিছু দিন পরে তিনি দৈন্যগণ লইয়া বিহুদীয়-দিগের দুর্গ আক্রমণ করিলে তাহারা বশীভূত হইল। মহম্মদ তাহাদিগকে দেশান্তর করিয়া খ্য়বার প্রদেশে পাঠাইলেন, কিন্তু প্রত্যেককে এক ২ উট্টের বোঝার অতিরিক্ত সম্পত্তি সঙ্গে লইতে নিবেধ করিয়া মকাহইতে যাহারা তাঁহার সহিত পলায়ন করিরাছিল, তাহাদিগকে ঐ সকল লুটিত ধন বাঁটিয়া দিলেন। তদবধি তিনি তাবৎ বিহুদীয়দিগকে অবিশ্বাস করত তজ্জাতীয় নিজ সর্বাধ্যক্ষকে পরিত্যাপ করিয়া এক জন আরবীয় লোক-क थे शर्टन निर्याभ कतिरजन, अवः यिष्ट्रभीय लाकनिरभत সহিত পত্রাদিয়ারা কথোপকথন করণার্থে হুরিয়া ভাষা শিক্ষা করিতে তাহাকে অনুমতি দিলেন।

হিজরার চতুর্ধ বংসরে মহম্মদ স্থরিয়া দেশের নিকটস্থ অঞ্চলে যুদ্ধ করিয়া অনেক কাফিলার দ্রব্য লুট করিলেন।

তারীধ এল্থাসিমী ও সিরৎ এরাকাল।

পঞ্চন বংসরে তিনি এক দল দেবপুজককে আক্রমণ পূর্বক তাহাদিপের কতিপয় লোককে বধ করিয়া দুই শত জনকে বন্দি করিয়া লইয়া গেলেন; এবং তাহাদিপের এক সহস্র উত্ত পাঁচ সহস্র মেষ লুট করিয়া লইলেন। পরে তিনি ঐ বন্দিদিগকে বিক্রয় করিতে গেলে তাহাদের মধ্যে বাসা নামী এক অধ্যক্ষের কন্যা খীয় মূল্য দিয়া আপনাকে মুক্ত করিতে চেন্টা করিল; কিন্ত তাহার মূল্য অধিক হওয়াতে সে তাহা ন্থান করণার্থে মহম্মদের নিকটে প্রার্থনা করিল। মহম্মদ তাহার কপ লাবণ্যে গোহিত হইয়া কহিলেন, তোমার মুক্তির মূল্য ন্থান হইবেক না, আমি তোমাকে বিবাহ করিব; তাহাতে অধ্যক্ষের কন্যা সম্মতা হইল।

পরে মহম্মদ এক দিন আপন পৌষ্যপুত্র জয়েদের গৃহে প্রবেশ করিয়া তাহার, বিশ্বতার ৰূপ লাবণ্য দর্শুনে মুখ্রু হওত তাহা-কেও বিবাহ করিতে ইচ্ছা করিলেন। তাহার স্বামী জয়েদ পুর্কে, মহম্মদের ক্রীত দাস ছিল, এ কারণ সে সম্মত হইল; কিন্তু এরপ বিবাহ আরব দেশীয় লোকদিগের রীতি বিরুদ্ধ হইলে তিনি তাহাদিগকে কহিলেন, \* জিব্রীয়েল, দৃত আমাকে ইহা অনুমতি দিয়াছেন। এ কবা বলিয়া তিনি অতি সমারোহ পুর্কাক উক্ত কর্মা, সম্পন্ধ করিলেন।

মছদাদ যুদ্ধযাত্রা কালে এক জন জীকে সঙ্গে লইয়া যাইতেন; তাহাতে এক সময়ে তিনি আইশাকে সঙ্গে লইয়া যুদ্ধযাত্রা করিলে সে কোন কারণ বশতঃ সকলের পশ্চাছর্ত্তিনী হইল।

<sup>•</sup> व्यष्टकारी।

পরে আর এক জন পুরুষ তাহাকে মহম্মদের তাঁবুতে লইয়া গেলে আইশার প্রতি ব্যক্তিচার দোবের সন্দেহ জমিল; তাহাতে মহম্মদ আলীকে জিজ্ঞাসা করিলেন, তুমি এ বিষয়ে কৌ বাধ কর? আলী তাহাকে দোবী করিলেন, কিন্তু মহম্মদ কিছু কাল পরে ম্মীরোগগ্রস্ত হইয়া কহিলেন, আইশা নির্দোষী বটে, ইহা আমার নিকটে দৈববানীদারা প্রকাশ হইয়াছে; আর যে ব্যক্তি স্ত্রীলোকের ব্যক্তিচার দোষ আরোপ করে সে যদি চারি জন সাক্ষী না দিতে পারে তবে তাহাকে অশীতিবার কোড়া প্রহার করা যাইবে। অতএব উক্ত দোয় প্রযুক্ত \* এক জন কবি এবং মহম্মদের এক জন শালী উভয়ই তদ্রপ দণ্ড পাইল।

কোরেশ ও বিহুদীয় লোকেরা মদীনা আক্রমনার্থে উদ্যত ইইলে মহন্মদ চতুর্দিগে পরিখা করিয়া নগর রক্ষা করিলেন। এই পরিখা তিনি সহস্থে খনন করিতে লাগিলে সকলের প্রবৃত্তি জন্মিল। এই কর্মা ছয় দিনে সমাপ্ত হওয়াতে দশ নহন্দ্র শক্রে পঞ্চদশ দিবস অবধি নগর আক্রমণ করিলেও তাহাদিগের চেষ্টা বৃথা হইল। এই সময়ে এক দিন আলী আপন পিতৃব্য আমক্রর সহিত যুদ্ধ করিয়া তাহাকে পরাজ্ম করিলেন; তাহাতে আমক্র ভূমিতলে প্রতিত হইলে তিনি বক্ষঃস্থলে আরোহণ প্র্কৃক খড়াদারা তাহার কণ্ঠ ছেদন করিলেন। ধর্ম্মের নিমিত্ত এক্রপ কঠোর কর্মা প্র্কের্বিক খন্ ব্যার কর্মা প্রক্রি কথন হয় নাই।

মহম্মদের কেবল তিন সহস্র সৈন্য ছিল, এ কারণ তিনি দেবপুজক ও যিহুদীয় লোকদের মধ্যে বিবাদ জন্মাইয়া দিলেন।

<sup>•</sup> ইবন সিপাক।

ইতিমধ্যে শক্রগণের শিবির প্রচণ্ড বায়ুদারা ছিন্নভিন্ন হওয়াতে, তাহারা ভীত ও ব্রস্ত হইয়া মদীনাহইতে পলায়ন করিল।

এই যুদ্ধ পরিধার রণ নামে খ্যাত আছে।

भक्तभरनेत गर्या अरनक विकूमीय लाक हिन; ७ छांचाता हन पूर्विक महत्राप्तक वंध कतिए महाना कतियाहिन, भेरे पृष्टे कांतन প্রযুক্ত, তিনি তিন সহস্র পদাতিক ও ৩৬ জন অখারোহি সেনা লইয়া খোরাইদা নামক ভাহাদিগের নগর আক্রমণ করিতে যাত্রা করিলেন। তথায় উপস্থিত হইয়া তিনি ঐ নগর ১৪ দিন পর্যান্ত অবরোধ করিয়া পরে হস্তগত করিলেন। মহম্মদ খোরা-ইদা নিবাসি সাত শত লোককে বন্ধ করিয়া মদীনায় আনয়ন পূর্ব্বক তাঁহাদিগকে জীবিত অবস্থায় কবর দেওয়াইলেন। প্রভু यीख औष्ट्रे यथन प्रिशितन य यिक्नालम नगत थारन इहेरव ज्यन তিনি রোদন করিরাছিলেন; কৈন্ত মহম্মদ, ফিনি আপনাকে রহীমের রম্বল অর্থাৎ দয়ালু ইশবের প্রেরিত বলিয়া জানাই-তেন, .তিনি অতি নিষ্ঠুরতা পুর্বাক ঐ ৭০০ লোককে হত করেন। ফলতঃ মহম্মদ আপত্তি করিয়া কহিতেন, \* বজপ বিহোভয়া ঈশ্বরহইতে কিনানীয় লোকদিগের উৎপাটন করিতে অনুমতি পাইয়াছিলেন, সেইৰপ আমি উহাদিগকে হত্যা করিতে অনু-মতি পাইয়াছি। ঐ যিহুদীয়দের লুটিত দ্রব্য তিন শত বর্ম্ম, এক সহস্র বর্ষা, পঞ্চদশ শত ঢাল, এবং প্রচুর দ্রাক্ষারস, ও মিসরী ইত্যাদি। মহমাদ সে সকলের পঞ্চম অংশ গ্রহণ করিয়া আপু-নার সৈন্যপণকে মেষ ও উষ্ট্র সকল ও তিন শত বর্মা ছিলেন। অশাবাঢ় সেনারা পদাতিকগণহইতে তিন গুণ অধিক পাইল।

<sup>•</sup> ইবন মিগাক।

ঐ যুদ্ধে বে সকল জ্রীলোক ধৃতা হয় তাহাদিগকে মহমদ ক্রীতা দাসী করিয়া তৎপরিবর্ত্তে নেজেড দেশহইতে অম্ব্রান্তর্গরিবর্ত্তে নেজেড দেশহইতে অম্ব্রান্তর্গরিবর্ত্ত নেজেড দেশহইতে অম্ব্রান্তর্গরিক করিলেন। মহমাদু ঐ দাস্টাদিগের মধ্যে রহনা নামে পরমন্ত্রদরী এক বৃবতী জ্রীকে দেখিয়া ভাহাকে বিবাহ করিতে প্রস্তাব করেন; কিন্তু বিবাহিতা হইলে আমাকে অন্তঃশ্বরে স্ক্রিদা বাস করিতে ও ঘোমটা দিয়া থাকিতে হইবে, ইহা ভাবিয়া সে ভাহা অস্বীকার করিয়া মহম্মদের উপপন্নী হইয়া ভাহার ধর্মা স্বীকার করিল।

এই সময়ে মহম্মদের অনুষত্যনুসারে তাঁহার এক জন যিত্ন
দীর শত্রু বন্ধুতাবে ছলপুর্বক হত হইল। তৎপরে মহম্মদ খোরাইদা দেশস্থ যিহুদীয়দিগকে জয় করিয়া ভাহাদের মের্ব ও সম্পত্তি
সকল লুট্রা লইলেন। লুটের আশয়ে অনেক আরবীয় লোক
ভাহার সেনা ক্ইল। মহম্মদ কহিতেন, কাপট্য করা এবং পরিশোধে অপারক হইয়া মনগ্রস্ত হওয়া, এই চুই পাপ ব্যতিরেকে
আমার শিষ্যান অবিশাসি লোকদিগকে বহু করিলে সকল পাপহইতে মুক্ত হইবে। আর তিনি কোরানে আট্বার লিখিয়াছেন, অবিশাসিদিশের সঙ্গে কোন সম্পর্ক রাখিও না।

হিজরার ষষ্ঠ বংসরে মহন্দান তিল কারণ প্রযুক্ত মকা নগরে তীর্থ যাত্রা করেন। প্রথমতঃ, ঐ স্থানহুইতে তিনি অপমানিত ও দূরীকৃত হুইরাছিলেন; দিতীয়তঃ, মকা প্রবাস্থান; তৃতীয়তঃ, তিনি স্বথ্যে তথায় যাত্রা করিতে আদেশ পাইয়াছিলেন। এই সকল হেতু প্রযুক্ত মহন্দান পঞ্চলশ শত সৈন্য লইয়া মক্ষায় যাত্রা করিলেন। কোরেশেরা তৎকালে তাঁহাকে নগরে প্রবেশ করিতে দিল না, এই জন্যে তিনি দৈনাগণ সহিত মকার প্রাস্তভাগে

শাকিয়া মন্তক মুক্তন, ও উট্ট জবেহ করিলেন, এবং স্ত্রীসংসর্থ ও ক্থান্দ দ্রব্যক্তিত বিরত হইলেন। পর বংসরে কোরে-শেরা ভাঁহার সহিত এই নিয়ম স্থির করিয়া মক্ষায় প্রারেশ করিতে চিল; অর্থাৎ ভোমরা খড়ন কোনে রাখিয়া তিন দিবসের মধ্যে নগরহইতে প্রস্থান করিবা। কিন্তু মহন্দ্র যে ইম্বরের প্রেরিত ইহা ভাহারা শীকার করিল না।

এই ৰূপ ভীর্থ যাত্রায়ারা মহন্মদের পরাক্রম বৃদ্ধি ছইলে ভিনি রাজ্যের ও ধর্মের প্রধান অধ্যক্ষ পদে নিবৃক্ত ছইলেন। কলভঃ হিন্দুলোকেরা কুলীন ব্রাহ্মণদিগকে যেৰাপ সম্মান করিয়া থাকে, ভংকালীন মুসলমানেরা মহম্মদকে ভডোধিক যান্য করিত। বিশেষভঃ ভাহারা ভাঁহার ছিন্ন নথ ও কেশ লইয়া পবিত্র বলিয়া ভাঁহার স্মরণার্ধে যদ্ধ পুর্বাক রাখিত, ভাঁহার নিষ্ঠীবন চাটিয়া খাইত, এবং ভাঁহার ধানীয় উদক্র ঘর্মাক্ত ছেতু অভি দুর্মক ছইলেও সমাদর পুর্বাক পান করিত।

মদীনার উত্তরে পাঁচ দিনের পথ ধরবার নামে এক প্রদেশ আছে। মদীনা হইতে বছিফুত যে সকল ধনি বিহুদীয় লোকেরা তথায় ঘাইরা বাস করিয়াছিল, তাহারা মহম্মদের শিষ্যদিগের প্রতি দ্বেব করিত। মহম্মদ ইহা শুনিয়া তাহাদের প্রতিহিংসা করণাভিলাবে চতুর্দ্ধশ শত সৈন্য লইয়া তদ্দেশ আক্রমণার্থে গমন করিলেন। পরে তিনি তাদক নগরকে জয় করিয়া তত্রস্থ যিহুদীয় লোকদিগের সম্পত্তি সকল লুটিয়া লইলেন। তাহাদের মধ্যে এক জন আপনার সম্পত্তি গোপন করিলে মহম্মদ তাঁহাকে বধ করিয়া সাকা নামী তাহার স্ত্রীকে বিবাহ করিলেন; কিছু দিন পরে ঐ স্ত্রী মুসলমানী হইল। পরে মহম্মদ অন্য ২ কুদ্র নগর জয় করিয়া শেষে গ্রবার নগর হস্তগত করিয়া লুটে নানা ভক্ষদ্রব্য ও রত্ম পাইলেন। তাহার অর্জেক ভাবি তীর্থ বাত্রার ব্যয়ার্থে রাখিয়া তিনি অবশিষ্ট সকল দ্রব্য সৈন্যদিগকে দান করিলেন। পরে তিনি খ্যবার্ণের ভূমি সকলকে ১৮০০ অংশ করিয়া অশ্বার্ণেহি সেনাগণের মধ্যে বাঁটিয়া দিলেন।

এই স্থানে মহম্মদের এমত ভারি বিপদ ঘটিয়াছিল, যে তিনি তিন বংসর পর্যান্ত শারীরিক ও মানসিক পীড়া অনেক প্রকার ভোগ করিয়া অবশেষে পরাজিত হইলেন। বিশেষতঃ, তিনি ঐ নগরস্থ এক স্থান বিহুদীয়ের গৃহে বাস করিতে গেলে স্বয়-দাব নামে এক ক্রীতা দাসী মেবের ক্ষজা বিষাক্ত করিয়া আহারার্থ ভাঁহার সম্মুখে রাখিল। পরে মহম্মদের এক জন শিষ্য তাহার কিঞ্চিৎ ভক্ষণ করিয়া তৎক্ষণাৎ ভুমিতে পতিত হইয়া মরিল, এবং মহম্মদণ্ড য়ংকিঞ্চিৎ মাত্র ভক্ষণ করত অভিশয় ক্লেশ পাইলেন। আলী ঐ জ্রীর পিতা ও পিতৃব্যকে হত করিয়া-ছিলেন, তাহার প্রতিহিংসার নিমিত্তে সে এই ৰূপ করিল। মহম্মদ এ বিষয়ে জয়নাবকে অনুযোগ করিলে সে উত্তর দিয়া কহিল, তুমি সত্য প্রেরিত হইলে ইহা অরশ্য অবগত ছইতে পারিতা; আর যদি তাহা না হও, তবে তুমি হত **হই**-ल जांगांनिरगंत शक्क भक्क, कांत्रव जांगांत कांजीयरमंत यर्थके অনিষ্ট করিয়াছ। মুসলমানেরা কহিয়া থাকে যে ঐ জজা নিজে মহমাদকে তাহা আহার করিতে নিষেধ করিল; কিন্তু তাহা ভানিতে ২ তিনি এক গ্রাসমাত্র ভক্ষণ করিলেন। সেই অবধি তাঁহার হংপিও ঐ বিষে নিতা কম্পিত হইত, ইহা মৃত্যুকালে गृहस्मान আপনি কহিলেন।

মহন্মদ এ ৰাপ ক্লেশ পাইয়া সৈন্যদিগকে আজ্ঞা করিলেন, যে যিহুদীয় লোকদের ভোজন পাত্র স্থপরিষ্কৃত না হইলে ভোমরা ভাহা ব্যবহার করিও না, এবং হিংন্দ্র পক্ষী বা পশু ও গ্রাম্য গর্জভের মাংস ভক্ষণ করিও না; এবং পাচকেরা ভোজ্যদ্রব্য প্রথমে কিঞ্ছিৎ ভক্ষণ না করিলে আপনি ভাহা \* খাইভেন না।

উক্ত খ্য়বারের যুদ্ধ ছয় সপ্তাহ পর্যান্ত ছিল। অনন্তর মহমদ মকা নগ্ধরে প্রত্যাগমন করিয়া আপন শক্র আবৃহ্ছিনয়ানের কন্যাকে বিবাহ করিলেন। কিয়ৎ দিন পরে তিনি
কেনীনা নামে খ্য়বার দেশস্থ এক জন মান্য বিহুদীয়ের স্ত্রীকে
বিবাহ করিলেন। মহম্মদ আপন সেনাপতিদিগকে স্থানে ২
প্রেরণ করিলে আরব দেশবাসি বিহুদীয় লোক সকল তাহাদিগের দৌরাজ্যে ভীত হইয়া † পরাজয় মানিয়া কর প্রদানে
অঙ্গীকার করিল।

সেই সময়ে মৃহমাদ তাবং দেশীয় লোকদিগকে সমতাবলম্বি করিতে মনস্থ করিয়া তৎসম্পাদনার্থ এক মোহর নির্দ্ধাণ করাইয়া তাহাতে "মহমাদ ঈশ্বরের প্রেরিড" এই কথা খোদাইলেন। পরে তিনি সকল রাজার নিকটে উক্ত মোহরান্ধিত পত্র সমেত দূত. প্রেরণ করিয়া মুসলমান ইওনার্থ তাহাদিগকে আহ্বান করিলেন। প্রথমে হাবেশ দেশীয় রাজার নিকটে তাঁহা প্রেরণ

<sup>•</sup> ইবন মিশাক।

<sup>ী</sup> মহম্মদের মৃত্যুর কিছু দিন পরে ওমার নামক থালীকা তাঁহার আদেশানুসারে প্রকাশ করিলেন, আরব দেশে কেবল এক জাতি বাস করিবে, এবং এক থর্ম প্রচলিত হইবে; ইহা কহিয়া ভিনি ভাবৎ যিহূ-দীয়দিগকে আরবদেশহইতে বহিছ্তু করিলেন।

করেন। মহম্মদ সেই পত্রে বীশু খ্রীষ্টকে প্রকৃত কুমারীর প্রত্র ও ইম্বরের আত্মা স্বীকার করাতে ঐ রাজা তাঁহাকে বথার্থ প্রেরিত বলিয়া মানিল।

পরে মহম্মদ শক্র নামক পারস্থ দেশের রাজার নিকটে ঐ কাপ পত্র সমেত দুত পাঠাইরা কেখেন, তুমি যদি আমার মত গ্রহণ না কর তবে অগ্নি প্রকাদিগের যে পাপ তাহা তোমার প্রতি বর্তিবে। রাজা ঐ পত্র দেখিয়া কোপ প্রকাদ প্র্বেক কহিলেন, দানীর পুত্র কি আমার প্রতি একাপ লিখি-য়াছে? ইহা কহিয়া তিনি সেই পত্র ছিঁড়িয়া কেলিয়া য়েমেন দেশের অধ্যক্ষকে আজ্ঞা করিলেন, হয় তো তুমি মহম্মদকে এ বিষয়ে কান্ত কর, নতুবা তাহার মন্তক ছেদুন করিয়া পাঠাও। এমত আজ্ঞা পাইয়াও কিছু দিন পরে ঐ অধ্যক্ষ এবং তদ্দেশবাসি পারস্থ লোক সকল মহম্মদকে দিগ্বিজয়িয় জানিয়া তাহার মত গ্রহণ করিল।

ইন্তাম্পুল মহানগরের সমুটি হিরাক্লিয়স মহন্মদের ঐ ৰূপ পত্র পাইয়া সন্তোষ পূর্বক দুতের হল্ডে বহুদ্রবা উপচোকন স্বৰূপ পাঠাইলেন। সে রাজা তৎকালে দদ্যেষক নগরে ছিলেন। "মহন্মদ ঈশ্বরের প্রেরিড" ইহা পাঠ করণানন্তর তিনি চমৎকৃত হইয়া কহিলেন, এ স্থানে কি এমন কোন ব্যক্তি আছে যে মহন্মদের বিষয় বিশেষৰূপে আমাকে জানাইতে পারে? তথন আবুদ্ধক্যান্ এবং স্থার ২ কতক জন কোরেশ জাতীয়েরা তথায় উপস্থিত হইয়া এক জন ছিভাষাবাদিঘারা রাজার প্রশা সকলের উত্তর দিল। বথা;

-প্রশ্ন। মহম্বদের বংশ উত্তম র্কি না ?

উত্তর। ই উত্তম বটে।

প্র। তাঁহার বংশে কি কোন কালে কেই রাজা ছিল ? উ। না।

প্র। তিনি আপনাকে প্রেরিড জানাইবার পূর্বে কি
মিখ্যাবাদী রূপে খ্যাড ছিলেন?

উ। না, তাঁহার কথা সকল যথার্থ ছিল, একারণ তাঁহার নাম সকলে "আমীন" অর্থাৎ বিশ্বস্ত রাখিয়াছে।

धा। धनि लादकता जाहात निया रस कि मतिस ?

উ। দরিক্র।

क्ष। क्रांस जोशंपितभन्न मध्यान वृद्धि कि शंग श्रेरिक ?

छ। वृद्धि बरेटाटा ।

প্র। কেই তাঁহার মত গ্রহণ করিয়া পরে কি ত্যাগ করিয়াছে?

छ। ग।

প্রা। ভোমরা কি ভাঁহার বিরুদ্ধে কর্থন ২ যুক্ত করিয়া থাক ?

छ। हाँ कतिया शकि।

প্র। ভাছাতে ভোমাদিশের জয় কি পরাজয় হয় ?

छ। कथन जिनि असी हरसन कथन ना जागता हहे।

প্র। তিনি বিখাস্থাতক कि না ?

" উ। না।

প্রা। পুর্বের ঐ ধর্মা কেহ খোষণা করিত কি না ?

छ। ना।

বা। ভাঁছার খোষণার মূলার্থ কী?

উ। প্রার্থনা, উপবাস, কুটুম্ লোকদিগের প্রতি অনুরাপ, এবং পাপ কর্মাহইতে নিবৃত্তি। স্মৃতি ইহা শুনিয়া সন্তুষ্ট চিত্তে দূতকৈ বিদায় \* করিলেন।
হিরাক্লিয়স উক্ত কথাতে ভীত হন নাই, কারণ মহম্মদের
পূর্ব্ব পুরুষের মধ্যে কেই রাজা না থাকাতে তিনি বুবিলেন,
আমার রাজ্য গ্রহণের নিমিত্ত নয়, বরং ধর্ম্ম শিক্ষা দিবার
নিমিত্তে মহম্মদ এবংপ ভাব প্রকাশ করিয়াছেন। ইহা বিবেচনা
করিয়া স্মৃতি মহম্মদের ধর্ম যথার্থ বোধ করিলেন।

পরে মিসর দেশের অধ্যক্ষ এক জ্বন খ্রীষ্টিয়ান মহম্মদের পদ্র সম্মান পূর্ব্বক গ্রহণ করিয়া তাহা গল্পমন্ত নির্মিত একটি সিন্ধুকের মধ্যে রাখিল, এবং প্রচুর উপর্যোক্তনের সহিত তৃই জ্বন ক্রীতা দাসীকে মহম্মদের নিকটে প্রেরণ করিল। মহম্মদ তাহাদের মধ্যে মরিয়ম নামী পঞ্চদশ বর্ষ বয়স্কা এক জনকে পরম স্থানরী দেখিয়া মোহিত হইয়া তাহাকে উপপত্মী করিলেন। তিনি কোরাদেন লিঞ্মাছিলেন, যে ব্যক্তিণ কোন স্ত্রীকে অস্ত্রাগ করিতে প্রবৃত্ত হইয়া প্রকাশ করিলেন, আমি তৎ সম্ভোগ করিতে প্রবৃত্ত হইয়া প্রকাশ করিলেন, আমি তৎ সম্ভোগ করিতে সম্মত হইলাম। ক্রতঃ তিনি স্বীয় শিয়্য়পনকে চারিটীর অধিক বিবাহ করিতে নিষেধ করিয়াও আপনি বিংশতি বিরাহ করিলেন।

মহম্মদ এই কর্মা সম্পন্ন করিয়া পুনর্ব্বার মক্কাতীর্ধে যাত্রা করিতে স্থির করিলেন। তাহাতে তিনি তীর্থ যাত্রির বেশধারী হইয়া ২০০০ সৈন্য সহ ঐ নগরে প্রবেশ করিয়া কাবা মন্দির সাত্যার প্রদক্ষিণ করেন ; কিন্তু কোরেশেরা তাঁহাকে মন্দিরের মধ্যে প্রার্থনা করণার্থে প্রবেশ করিতে দেয় নাই। মহম্মদ শাকা উপগ্লিরিছইতে মেরুয়া পর্যন্ত তিন বার দেড়িয়া গেলেন। তিনি তিন দিবলের পরে মকা তীর্থহইতে প্রত্যাণ্যমন করিয়া ময়মুনা নামী একার বর্ষ বয়ক্ষ্ম এক জন বিধবাকে বিবাহ করিলেন। এই স্ত্রী খালীদের খুড়ী ছিল্য এবং তাহার প্রবৃত্তিদারা খালীদ মহম্মদের ধর্মা গ্রহণ করিয়া ইম্বরের খড়র নামে বিখ্যাত হন। এ স্মুন্যেতেও আমরু মহম্মদের ধর্মাবলম্বী হইলে কতক বংসর পরে মিসর দেশকে জয় করিলেন।

বসরা নগরের অধ্যক্ষ মহন্মদের দূতকে ইরিয়া দেশস্থ মুতা
নগরে বঞ্চ করিতে মহন্মদ তাহার সহিত যুদ্ধ করিতে স্থির
করিলেন। ঐ যুদ্ধে মহন্মদের মুক্ত দাস জ্বয়েদ সেনাপতি
হইয়া তিন সহস্র সৈন্য সংগ্রহ পূর্বক প্রাস্তরের পারগামী
হইলেন; কিন্তু গ্রীকু ও আরবীয় খ্রীষ্টিয়ানদের দশ সহস্র
সৈন্য তাঁহার বিপক্ষ \* হইয়া উচিল। তখন জ্বয়েদের
কোন ২ সৈন্য পথকে চুর্গম বুবিয়া অগ্রসর হইতে অস্বীকার
করিলে আবদালা নামে এক জ্বন স্ক্কবি ও সেনাপতি
উচ্চেঃম্বরে কহিলেন, আমরা ধর্ম্ম বিস্তার করণার্থ যুদ্ধ করিতে
মাই; ইহাতে অগ্রে জ্বয় নতুবা স্বর্গলাভ হইকে। আমরা বলে
ও সংখ্যায় বিশ্বাস করি না, কেননা এ মনুষ্যুদের পরস্পার যুদ্ধ

<sup>•</sup> প্রীস দেশীয়দের সহিত মুসলমানদের যুদ্ধ এ রূপে আরম্ভ হইরা আট শত বৎসর পর্যান্ত থাকিয়া ইস্তান্থল ন্গর পরান্তিত হইলে প্রীক্ষীয় ১৪৫৩ সমে তাহার শেষ হয়।

নয়, বরং সত্য ধর্ম মিখ্যা ধর্মের সহিত যুদ্ধ করিতেছে। আইস, আমরা বিধর্মিদের শবরাশিলারা স্বর্গ গমনের পথ প্রস্তুত করি।

মোয়াব দেশহইতে অর্দ্ধ দিনের পথ অন্তর মৃতা নগরে যুদ্ধ হইল, ভাহাতে জয়েদ এক সাংঘাতিক আঘাত প্রাপ্ত इरेशा गृष्ठ इन । छाँशांत विषया महत्राम कहिराजन, जिनि ভূর্ব্যোদয়হইতে ভূর্ব্যান্ত পর্যান্ত আমার স্মরণে থাকেন, এবং প্রত্যেক বায়ুতে তাঁহার প্রতিমূর্ত্তি দেখিতে পাই। পরে জাফর নামে মহম্মদের এক জন জ্ঞাতি পুণ্যপতাকা ধারণ করিলে শক্ররা ভাহা প্রাপবের নিমিত্তে প্রাণপনে যুদ্ধ করিতে লাগিল। তিনি "সেই পডাকা দক্ষিণ হল্তে করিলে শক্রুরা তাঁহার সে হস্ত \*কাটিয়া ফেলিল; পরে বাম হল্ত ধার্ন করিলে সে হন্তও কাটা গেল; তাহাতে বাহুদ্বে ধরিলেন। পরে এক ব্জাঘাতে তাঁহার মন্তক ছিন্ন হইলে তিনি পতাকা হন্দ্ৰ ভূতলে পড়িলেন। অনস্তর আবদালা ইহা দেখিয়া পতাকা লইয়া ধারণ করিলেন; কিন্তু তিনিও পঞ্চাশং আঘাত পাইয়া পতিত হইলেন। তখন মৃতন শিষ্য খালীদ তাহা ধরিয়া শক্রগণের সহিত এমত খোরতর ব্রপে যুদ্ধ করিলেন, যে তাঁহার হঠে নয় খানি খজা ভগ্ন হইল। পরে তিনি পতাকা রক্ষা করত অবশিষ্ট সৈম্যদিগকে শ্রেনী পুর্বনক করিয়া শক্রদের নিকট্টইতে দ্বা গেলেন। কেবল অল্ল সেনাগণ রক্ষা পাইয়াছিল, কিন্তু খালীদ তাহাদিগকে ইতন্ততঃ লইয়া যাওয়াতে শক্রগণ মুতন সৈন্য বোধে তাহাদিগের পশ্চাতে আইল না। অবশিষ্ট সেনাগণ মদীনায় উপস্থিত হইলে তন্নিবাসি লোকেরা তাহাদিগকে পুরাজিত বলিয়া তাবজ্ঞা করত তাহাদের মুখে ধূলি নিক্ষেপ করিতে লাগিল। সেই সময়ে গ্রীক দেশীয়দিগের
নৈন্য অধিক থাকাতে মহম্মদ তাহাদের সহিত যুদ্ধ
করিতে ক্ষান্ত হইলেন। জাকর নামক তাঁহার আগ্রীয় ব্যক্তি

ঐ রনে পতিত হইলে তাঁহার বন্ধুগন অনেক বিলাপ করিতে
লাগিল; তাহাদের সাজুনা করিবার নিমিত্তে মহম্মদ কহিলেন,
তোমরা আপনাদের যুক্ত আতার নিমিত্তে ক্রম্মন করিও
না। ইহাঁর যে হস্তদ্বয় রনে ছেদিত হইয়াছে, তাহার
পরিবর্ত্তে স্বর্গ গমনার্থে, মুক্তাময় চুই \* পক্ষ পাইয়াছেন।
হে পাঠকগন দেখ, পৌল এবং মহম্মদ এই চুই জনের কথা
কেমন বিভিন্ন! সাধু পৌল কহেন, "আমি যদ্যপি দক্ষ হইতে
আপন শরীর অগ্নিতে সমর্পন করি, তথাপি প্রেম না থাকিলে
আমার কোন ফল নাই।" পুনশ্চ কহেন, "পুন্য ব্যতিরেকে
কেইই প্রভুর দর্শন পাইবে না।"

মহম্মদ মকাস্থ লোকদিগের সহিত দশ বৎসরের জন্যে করি করিয়াছিলেন, কিন্তু সন্ধি পত্র স্থির করিলে পরে অনেক প্রজা ও সৈন্য লুট করিতে ইচ্চুক হইয়া তাঁহার পক্ষে আইল, অতএব তিনি পুর্বর অপমানের প্রতিফল দেওনার্থে মকা নগর এবং কাবা নামক দেবপুজক লোকদৈর প্রধান মন্দিরকে আক্রমণ করিছে স্থির করিলেন। কোরেশরাও ঐ সন্ধির নিয়ম লজ্জ্বন করিয়া মহম্মদের পক্ষীয়দিগকে আক্রমণ করিয়াছিল, তাহাতে মকা নিবাসিরা তাঁহার ক্রোধ নিবৃত্তি করণ জন্য আবুষ্থিকিয়ানকে মদীনায় প্রেরণ করিলে তাঁহার চেন্টায় কোনই কল দর্শিল

हिगामी उँ अग्रांकिमी।

না। মহম্মদ ভাঁহার একটি কথাও শুনিলেন না, বরং হাবিবা নামী মহদাদের এক স্ত্রী স্বীয় পিতা আবুত্থকিয়ানকে আপন মার্মির বিছানাতে বসিতে নিবারণ করিয়া কহিল, পয়গম্বরের বিছানাতে দেবপুজক লোককে বসিতে দেওয়া উচিত নয় ৷ পরে তিনি প্রস্থান করিলে মহম্মদ অভিত্রায় দশ সহস্র সৈন্যসহ গোপনে মকা আক্রমণার্থ যাত্রা করিলেন। তিনি ঐ নগারের নিকট পৌছিলে পর নগরস্থ লোকেরা জ্ঞাত হইল যে মহম্মদ আইলেন, কিন্তু পুর্বের তাহার। কিছুই জানিত না। পরে মহম্মদ রক্তবর্ণ বর্দ্ম পরিধান করিয়া কোরানে লিখিত জয়ের প্রতিক্ষা छिकिः चटत करू यहावीदात नामा मका नगदा श्रादम कतिदलन। তিনি আট বংসর পুর্বে ঐ নগরহইতে অপমানিত হইয়া পলায়ন করিয়াছিলেন। যিকশালম নগরে প্রভু য়ীত প্রীষ্টের প্রবেশ করা চ্ইতে ইহা অনেফ বিশেষ। দেখ, তিনি পাপ ও রোগহইতে যাহাদিগকে মুক্ত করিয়াছিলেন, তাহারা তাঁহাকে অয়ধানি করত গ্রহণ করিল।

মহম্মদের চিরশক্র আবুস্থকিয়ান স্বদেষিত প্রতিমাহইতে রক্ষার উপায় না দেখিয়া তাঁহার হস্তে আপনাকে সমর্পন করিলেন। কিন্তু তিনি মহম্মদকে প্রেরিত বলিয়া একেবারে স্বীকার না করাতে ওমার তাঁহার মস্তক ছেদন করিতে উদ্যুত্ত হইলে, আবুস্থকিয়ান প্রাণ রক্ষার নিমিত্তে মহম্মদকে প্রেরিত করেপ মানিলেন, পরে তাঁহার প্রবৃত্তিদ্বারা মকাস্থ সকল লোক মহম্মদের বলীভূত হইল। আবুস্থকিয়ান ধর্ম গ্রহণ করাতে মহম্মদ অতি সম্ভষ্ট হইয়া প্রায় তাবং মকাস্থ লোকদিগকে ক্ষমা করিলেন। বিশেষতঃ কোরান রহনা কালে মহম্মদের লেখক স্বীয়

অভিলাষানুসারে কোন ২ কথা পরির্ত্তন করিয়াছিল, তথাপি তিনি তাহাকেও কনা করিলেন। আবুস্থকিয়ান অতি উৎস্থক মুসলমান হইলেন; আর যখন তাঁহার পুল্র সেনাঞ্জি হইয়া স্থরিয়া দেশে রগমাত্রা করেন, তখন তাঁহার অধীনে থাকিয়া মহম্মদের পক্ষ হইয়া যুদ্ধ করিলেন।

महमारात्र (जनांशन मका नगरत ट्यानीश्रव्यक প্রবেশ করিলে পর তিনি কাবা মন্দিরকে সাত বার বেষ্টন করিয়া স্বীয় যষ্টি-দারা তৎস্থিত কৃষ্ণবর্ণ প্রস্তার স্পর্শ করণানস্তর জিম্জিগ নামক कूरभत अल भान कतिर्लम। मूजनमारनता कर्ट, देवाहीरमत পুত্ৰ ইস্মাইল তঞ্চাতে মৃতপ্ৰায় হইলে এক জন স্বৰ্গীয় দূত ভাঁহাকে 🖎 কুপ দেখাইয়াছিল। আরব দেশের সকল স্থানে ঐ কূপের জল বিক্রয় হয়; ফলতঃ হিন্দুরা গঙ্গাঘানে যে ৰূপ পুণ্য বোধ করে, মুসল্মানেরা জিম্জিম্ কুপুের জল পান করণে তদ্রপ জ্ঞান করে, এবং শবাচ্ছাদনবল্লে ঐ জল দেওয়া অতি পুণাজনক কর্মা বলে। পরে মহম্মদের হস্তে কাবার চাবি সমর্গিত হইলে তিনি সেই মন্দিরে প্রবেশিয়া কুলঙ্গীতে স্থিত ৩৬০ প্রতিমাকে ভগ্ন করাইলেন; ঐ সকল প্রতিমা শত ২ বংসর অবধি তথায় থাকিয়া প্র**জি**ত হইত। - তাহার মধ্যে হোবাল নামক যে এক প্রতিমা ইরাক দেশহইতে আনীত হইয়াছিল, লোকেরা বোধ করিত ইহারই অনুগ্রহে বৃষ্টি হইয়া থাকে। কাবাতে ইব্রাহীম ও ইস্মাইলের প্রতিমুর্ত্তি ছিল, 'তাহাদিগের হস্তে ভবিষ্যৎ ঘটনার জ্ঞাপক তীর থাকিও। के मिन्नदत्र अक स्टब्ड बीच और निचकाल मतियम कूमातीत ক্রোড়ে খোদিত ছিল। জ্ঞিন স্বন্দরী স্ত্রীৰপ্ধারী স্বর্গ দূত

মণের কতক চিত্রপট এবং কাঠে খোদিত এক কপোতের মুর্ত্তি ছিল।

मकोष्ट लारकता गर्यात्मत निकष्ठ जानिया जाने श्रुर्वक কহিল, আমরা আপনার সকল কথা ভিনিব। তাহাতে মহম্মদ উচ্চৈঃস্বরে বলিলেন, এক্ষণে সত্য উপস্থিত হইল, যিখা अर्डिट रेफेक ! रेहा विनिया करत्य প্রতিমা সকলকে নষ্ট করিতে আরম্ভ করিলেন। পরে তিনি কোরেশদিগকে কহি-লেন, তোমরা আপন ২ বংশের গৌরব আর করিও না; क्तिना नकत गल्यारे जानदमत मञ्जान, जात जानम धूलिहरूट উৎপদ্ম হইয়াছিলেন। তখন তিনি মকান্ত ন্ত্ৰী পুত্ৰৰ সক-. नक नक्त कतिया भाका उभिनिदिक आदारन कदिनन। তথায় পৌছিয়া তাহারা দিব্য করিয়া মহম্মদকে কহিল, আপনি যথার্থ ঈশরের প্রেরিড়; এখন অবধি আমরা প্রতিমা শ্বজা ত্যাগ করিয়া আপনকার ধর্ম বিস্তারার্থে যুদ্ধ করিব। জ্রী-लात्कतां अधिका श्रव्यक कहिन, हेरांत भारत सामता हति ও ব্যক্তিচার ও কন্যাহত্যা আর করিব না, ও শোকে আপন ২ বন্ত্র ও কেশ ছিড়িব না, আর মিখা কথা \* কহিব না।

পর দিন মহমাদ মন্দিরে পিয়া প্রচার করিয়া কহিলেন,
মকা নগর পৃথিবীর স্থান্ত অবধি পুণ্য স্থান; ইহাতে রক্তপাত।
কি বৃক্ষচেন্ত্রদন আরু হইবে না। পরে তিনি কতক গুলিন
সূতন ব্যবস্থা প্রচলিত করিলেন; তাহার মধ্যে একটি এই,
কোন ব্যক্তি টাকা দিয়া কিছু কালের নিমিত্তে উপস্তী করিতে

<sup>•</sup> ইন্সান আরু উগান।

পারিবে । পরে প্রতিমা পুরুষ বুক্তির বিরুদ্ধ, তদিষয়ে মহম্মদ সন্ধ্যাকাল পর্যান্ত খোষণা করিলে সকলে উচ্চঃম্বরে কহিল, (আলা আকবর) অর্থাৎ ইশার মহান্। ভাঁহা বিনা ইশার নাই, আর মহমদ তাঁহার প্রেরিভ।

ইহাতে মহম্ম কোরেশদের অধ্যক্ষদিগকে জিজ্ঞাসা করিলেন, একণে ভোমাদিগের প্রতি আমি कि कরিব? তাহারা কহিল, হে মান্য আতঃ! আমাদিগকৈ অনুগ্রহ করুন। ইহা শুনিয়া তিনি সন্তঃ হইয়া উত্তর করিলেন, যাও, ভোমরা মুক্ত হইলা। তখন তিনি আর সকলের অপরাধ মার্জ্জনা করিয়া তিন জন পুরুষ ও এক জীর প্রাণদণ্ডের আজ্ঞা দিলেন। মকা নিবাসি সকলে মুম্বলমান হইলে পর তিনি তাহাদিগের পুর্ব্ব দোষ বিস্মৃত হইলেন। ঐ চারি জন ব্যতিরেকে কাহারও ধন ও প্রাণের হানি হইল না, কেবল আন্দোলা নামক আর এক জন প্রাণে নষ্ঠ হইল। মহম্মদ কোরানের এক অংশ তাহাকে লিখিতে দিলে সে ব্যক্তি তাহার স্থানে ২ পরিবর্ত্তন করিয়াছিল, তমিমিত্তে ঐ কর্প দণ্ড পাইল। পরে তিনি আজ্ঞা \* করিলেন, মুসলমান ব্যতীত আর কেহ কাবা মন্দিরে প্রবেশ করিলে তাহার প্রাণ

্মদীনাস্থ লোকেরা ঐ সকল কথা শুনিয়া অনুয়ান করিল, মক্কা নগর পুনর্ব্বার মহম্মদের প্রিয় হইয়াছে, এখন আমা-দিগের নগরে তিনি আর বাস করিবেন না। কিন্তু তিনি

মহন্দদের এই আজা পাইয়া মুসলমানেরা যিক্রপালম মদ্দিরেও প্রীকিয়ানদিগতে প্রবেশ করিতে গ্রন্থ না।

কহিলেন, যে নগর জামাকে আত্রয় দিয়াছে তাহা আমি কদাচ পরিত্যাগ করিব না।

পরে মহম্মদ এই রীতি সংস্থাপন করিলেন, এক ব্যক্তি প্রতি-দিবস পাঁচবার মন্দিরের চুড়ায় উটিয়া প্রার্থনার নিমিতে লোক-দিগকে আহ্বান করিবে; তাহা মুসলমান্দের মধ্যে স্থানারিধি চলিত আছে।

् मृहत्त्रमः , अष्टीमृत्र मिन्न मकायः द्विष्ठि , कृतियाः , ध मगदतन नकन প্ৰতিমা নৃষ্ট করিলেন, তাহা কেবল নয়, किन्छ অন্য ২ স্থানের মৃদ্দির ও প্রতিমা সকল ভগ ক্রিতে চতুর্দিগে সৈম্য পাঠাইলেন ৷ তৎুকালে হিজস দেশে অনেক সমরপ্রিয় দেবপ্রজক বাস করিত। তাহার। যখন দেখিল যে মুস্সমানের। স্থানে ২ আমাদের পুজা প্রতিমা সক্ল ভগ করিতেছে, তখন তাহারা সীয় ধর্মা রক্ষার্থে হুনাইন নামক উপত্যকাতে আপনাদের দৈন্য সুকল সংগ্রহ করিয়া মক্কা নগুর আক্রমণ করিতে গেল। সেনাগুল আরও সাহস প্রকি যেন एक করে, একারণ মালিক নামে তাহাদের সেনাপতি তাহাদিগকে সং ন্ত্ৰী ও স্কান ও সম্পৃতি সকল সংস্থা লইয়া বাইতে আজ্ঞা कतित्वन। 'हुनारेन मक्रांश्रेटिक, इस त्कांन पूत्र। त्वश्रेख-কেরা নিকটবর্ত্তি, উপগিরি সকলের পার্মে থাকিয়া মুসলমান-দের প্রতি অতি শক্তরপে আক্রমণ করিল, তাহাতে তাহারা শ্রেণীভক্ত হইতে লাগিল; ইহা দেখিয়া কোরেশদিগের বোধ **इरेन, यूजनमानत्मत शताब्य इरेंद्र ; हेराट** जाहाता जल्ल ছिल, र्कनना स्वक्षार्थ्यक महमारात्र शतक मूक कतिए योग नारे। महमारात क्वन अझ त्त्रना हिन, किन्द्र जिनि यथन

তাহাদিগকে কহিলেন, আমি ইশারের প্রেরিত ও পরপশ্বর;
তবন তাহারা নাহন প্রেক প্নর্বার মুদ্ধে প্রবৃত্ত হইয়া জয়ী
হইল। এই খোরতর রুণে মহম্মদ বক্ষস্থলাক্রাদক উজ্জ্বল বর্দ্দ পরিধান পূর্বক এক শেত অশ্বতরে আরোহন করিয়া সহস্তে শক্তদিখকে নপ্ত করিলেন। দেবপুজক লোকদের ৭০ জন হত হুইলে তাহারা পরাক্ষয় মানিল।

পরে মহমান দেবপৃত্তকদিশের প্রতিমা ভন্ন ও সম্পত্তি সকল লাই করিতে পুনর্বার জাপন দেনাপতিদিগকে ইডল্ডতঃ প্রেরণ করিলেন। ত্বল মনুদ্রের নিকটে নকলা নামক করিতে প্রেরণ দিমের এক প্রেরিশ ভান ছিল; তথার শালিদ গমন করত উজ্জানামে গাঁত প্রতিমাকে কেলিয়া দিয়া মহম্মদের নিকট যাইয়া ভাহার সংবাদ দিলেন। তাহাতে মহম্মদ তাঁহাকে কহিলেন, তুমি কিরিয়া যাইয়া সেই স্থানের কোন বিশেকলোকের সহিত সাক্ষাৎ করুল ইহাতে গালিদ তথায় পুনর্বার গমন করিলে মন্দিরের পুরোহিতা মুক্তকেশী হইয়া হুজাঞ্জলি করত তাঁহার সহিত সাক্ষাৎ করিতে স্বয়য় বাহিরে আইলা। শালিদ তৎক্ষাণ ভাহাকে এক শঙ্রাঘাতে দিশশু করিলেন। পরে মহম্মদের নিকট প্রত্যাগমন করিয়া সংবাদ দিলে তিনি কহিলেন, প্রের নিকট প্রত্যাগমন করিয়াছ বটে।

পরে খালিদ মহম্মদের আক্ষাত্মসারে -৩৫০ সৈন্য লইয়া তেহামা দেশে গমন করিলেন। পথিমধ্যে অপ্প দিন হটুল মুসলমান ধর্মা গ্রহণ করিয়াছে এমন কত গুলিন লোককে পাইয়া তিনি তাহাদিগকে জিজ্ঞাসা করিলেন, তোমরা কোন্ ধর্মা-বলম্বী? ইহাতে তাহারা ইসলাম (কার্থাৎ মুসলমান) না কহিয়া স্বনা (অধীৎ আমরা হথনা তারি করিয়াছি) কহিল; তাহা তনিয়া থালিদ বোধ করিলেন, উহারা মুসন্মান ধর্ম ত্যাগ করিয়াছে, এ কারণ তাহাদিগকে তৎক্ষণাৎ বহু করিতে আজ্ঞা দিলেন। ইহা তনিয়া মহন্মদ অতিশয় জুদ্ধ হইলেন।

অবশেষে টাইক নগর স্বাতীত দেবপুতাক লোকদিগের আর কোণাও ছুর্ম রহিল লা। তথাকার লোকেরা পুর্বের মহম্মদক্ষ প্রেস্তাঘাত করিয়াছিল। মহম্মদ কডক বংসর হইল এক পারস্ত দেশীয় প্রীষ্টিয়াদকে দাসত্হইতে মুক্ত করিলে সে মুসলমান হইয়া ভাঁহাকে মদীনার চতুর্দ্ধিগে পরিখা খনদ করিতে शरायर्भः मित्राहिन । ः रगरे वाक्तितः ध्ववृत्तिवाता सरमान छोरेक নগর আক্রমণ করিতে যাত্রা করিলেন। ঐ নগরস্থ<sup>®</sup>লোকেরা দ্রাকারস ব্যবসায়দারা প্রতিপালিত হইত, অতএব তাহারা বেন শীল্র বশীভুত হয়, এ নিমিত্তে মুসলমানেরা তাহাদিশের দ্রাক্ষালভা সকল ছেমনা করিম; কিন্ত ভাহাদের লে চেষ্ঠা वृशी हरेना । शत्त सूत्रकर्गातनती छोटक, जाक्कानिक हरेग्री युक् করিবার মানলে নগরের প্রাচীরের নিকটে গেল; কিন্ত নগরন্থ লোকেরা লোহ গালাইয়া ভাহাদিগের উপরে ঢালিয়া দিলে তাহার। অগ্রসর হইতে পারিল না। বিংশতি দিন পরে মহম্মদ किছू पूरत शिल डूनारेटन जूषि उद्धरवांत विखान विषय जाहात ও সৈন্যদিনোর পরস্পার বড় বিবাদ উপস্থিত হইল ; তাহাতে তিনি এক বুক্ষের পার্মে পলায়ন করিলে কোন ২ লোকেরা তাঁহার, কৃত্তি ধরিয়া + ছিঁড়িয়া কেলিল। মহন্দদ হতন 'সেনাদিগকে লুটিড় দ্লব্যহ্ইতে আপনার অংশ দিলেন, যেন

<sup>•</sup> সিরাৎ আররস্থ ।

তাহারা ধর্মে দুট্তর আলক্ত হয়; ইহা দেখিয়া প্রাচীন লৈন্যগণ অভিনয় অসম্ভই হইয়াছিল। কিন্তু সহম্মদের প্রবোধ বাক্ষ্যে তাহারা শেবে ফান্ত হইল।

টাইফ নগরবাসি ওক্তরা নামক এক সম্ভান্ত ব্যক্তি মহম্মদীয় धर्मा श्रद्धाः कतिरामनः छोहां प्रथियां सर्वतन्त्रः व्यानक रामक-মান হইল। পরে নগর নিবাসিরা মহম্মদের নিকটে দূত প্রেরণ করিয়া সন্ধি প্রার্থনা করিন। বিশেষতঃ ভাহারা এই প্রতিক্ষা করিল, ভিন বংসর পরে আমরা লাট্ দেবীর প্রা করিব। কিন্তু মহমাদ কহিলেন, ভাহার প্রজা আর এক দণ্ডও করিতে দিব না । অভএব তাঁহার আজ্ঞানুসারে ঐ দেবীর মূর্ত্তি ভগ্ন হইলে ভাহার সমুদায় আভরণ লুটিড হইল, ইহা দেখিয়া সকলে ক্রন্দন ও বিলাপ করিতে লাগিল। পরে ভাহার। মহমদকে कहिक जामता पिरिंगिक भौत्रात खार्यना कतिए পারিব না । তাহাতে তিনি উত্তর করিলেন, প্রার্থনা ব্যতি-त्तरक. धर्मा निक्तन। अजमर्थ कांत्रारन निचिठ जारस, প্রার্থনা ধর্মের দ্বস্তু ও স্বর্গের চারি। পরে টাইফ নগর महमारात रस्तां रहेरा जिनि थोते कतिरानन, जागारक **ঈশ্বর কহিয়াছেন, মুসলমানেরা আপন বর্দ্দীগনের স্ত্রীদিগকে** ৰিবাছ করিতে পারিবে। উক্ত নগরের লুট চকিন সহস্র উहु, ও চল্লিশ সহজ্র মেষ, ও ১৩০ সের রূপা। মহমাদ ধর্মা বিষয়ে চঞ্চাচিত্ত হতন মুসলমানদিগকে হস্তির করিতে এবঃ विश्वानि, প্রাচীনদিপের উৎসাহ বুদ্ধি করণার্থে এই সমুদায় দ্রব্য তাহাদের মধ্যে বাঁটিয়া দিলেন। এই ৰূপ লাভজনক नंत्रधरम् कारत्मितिरभतं खिक भौखाः जिला।

মহন্দ টাইক নগন বলীভূত করিয়া মহায় প্রত্যাগমন করিলোন। তথায় উপস্থিত হইয়া কাবা মন্দিরে পরিচারকাদি নিমুক্ত করিয়া তিনি মদীনায় গেলেন। ঐ সময়ে তাঁহার কন্যা করনাবের মৃত্যু হইলে তিনি দুঃবিভ হইলেন; কিন্তু কিছু কাল পরে মরিয়ম নামে যে ক্রীভা দালীকে উপস্ত্রী করিয়া রাখিয়াছিলেন, সে এক পুত্র প্রদান করিয়া কাভিলয় সভাই হইয়া দরিত্র লোককে অনেক দান করিয়া কতকণ্ডলিন বন্দিদিকে মুক্ত করিলোন। মহন্দদ ঐ পুত্রের নাম ইবাহীন রাখিলোন। তাঁহার অনেক প্রী বাকিলেও মরিয়ম ব্যতিরেকে আর কাহ্যিও পুত্র সম্ভান ছিল না।

হিজরার নবম বংসরে নানা দেশীর লোকদির্গের দুড়েরা মহম্মদের নিকট জাসিয়া ভাঁহার কর্তৃত্বে অধীনে থাকিতে চাহিল। তদ্ধগো বনি ভামিন্ নামে জারবীয় এক গোষ্ঠী মদী-নাস্থলোকদিগের সহিত কার্য ও জনকার শান্তবিষয়ক বিচার করিল।

যে সকল আরবীয়া জাতিরা পুর্বে পরস্পর বিভিন্ন ও শক্তিহীম ছিল, তাহারা মহম্মদের ধর্ম গ্রহণ করিয়া বল-পুর্বাক লুট করিবার লোডে একণে একব্রিড হইল। ইহাতে মহম্মদের ক্ষমতা অধিক বৃদ্ধি হইলে তিনি জন্যান্য দেশেও সীয় রাজ্য বিস্তার করিতে মানস করিলেন। এক দিন তিনি আরব দেশীয় এক জন সৈন্যকে কহিলেন, বাবিলন নগরের খেতবর্ণ দুর্গ সকল শীন্ত্র আমার শিশ্যগণের হস্তগত হইবে; তাহা হইলে কাদেশিয়হইতে কাবা পর্যান্ত জীলোকেরাও নির্ভরে পদব্রজে যাতায়াত করিতে পারিবে।

নহম্মদ এই অভিপ্রোৱয় অন্য ভাবৎ দেশীয় দেবপুলক लोकनिर्भेत विक्रटेस अंक धर्मगृष धोठांत कतिराम । जरमक স্থানছইডে শত্রুদিগের সংবাদ তাঁহার নিকটে আইল, কিন্ত তিৰি কোন স্থানে গমন করিবেন, তাহা প্রকাশ করিতেব না। গ্রীমুখাল প্রযুক্ত কুপ সকল ভত্ব হইয়াছিল, আর খর্জুর নংগ্রহ করণের সময় সন্নিকট ; ভাহাতে সেনামন সকলে মুতার সংগ্রামের পরাজয় স্মর্থ করিয়া সেই যুজে বাইছে অসম্ভ হইল ৷ তখন, মধ্মদ কোরালের এক ভূডন জ্থায় প্রকাশ করিলেন; তাহাতে লেখা আছে, গ্রীপ্রকালের ভাপ-হইতে নরকের ভাপ অধিক। পুরুষেরা এলপ ভয়ান হইকেও कान र क्रिजनमानी जीत्नांक थे बृद्दन्न राम निर्दार्श्वत अपना निष्य र व्यक्तिन मान कतिम ; धवर व्यवक्रमित्रात मध्या अर्गात ও অনুনান ভজান্য চারি সহস্র টাকা দিলেক। ইহা পাইয়া মহমাদ তাঁহাদিগকে প্রতিভা করিয়া কহিলেন, তোমাদের वर्ज्यान ७ अविदार शांश नकन मार्ज्यना कता गारेटन। जानू-বকর পোনের শত টাকা দিলে তাঁহার আর কিছু সঙ্গতি রহিল না; ইহা জানিয়া মহম্ম তাঁহাকে জিজাসা করিলেন, তোমার পরিবারের নিমিন্তে অবশিষ্ট কী আছে? ভাহাতে ভিনি কহিলেন, ইশ্বর ও তাঁহার প্রেরিত।

মহম্মদ ছরিদ্ বৰ ভাল বাসিতেন, তাহাতে তিনি ঐ বর্ধের বস্তু পরিধান করিয়া ত্রিংশং সহস্র ইনন্য লইয়া যুদ্ধার্থে প্রস্থান করিলে। এক দিন যাত্রা করিলে পর, তাঁহার কতকগুলিন সৈন্য ভগু খুলি ও মারাত্মক বাযুদ্ধারা অতিরিপ্ত হইয়া ও শক্রদিগের অনেক নৈন্যের আগমন ভনিয়া উৎসাহ

जन रहेन ; ভारांट जाराता जल बरेसा महीनांत्र প्रकाशमन করিল। সহস্কার মকাস্থ লোকদের প্রতি বিশাস না করিয়া তাহাদিলের উপরে আলিকে অধ্যক্ষরপে নিযুক্ত করিলেন। मार्क निम- भगरमत शत जमा मकन (मनाता मनीनात छेखरत वक কুদ্র প্রবাহ ও পর্বভন্থ শীতন গর্ভের-নিকটে উপস্থিত হইন। ঐ স্থানে প্রকে থানদ জাতিরা বাস করিও; ভাহারা শাপগ্রস্ত হইয়াছিল, একারণ মহমাদ সে ছাবে আপন সৈন্যদিপকে ছিতি করিছে দিলেন না ৷ পর দিন রাত্রিতে ভূকা নিবারণের নিমিত্তে তাহারা আপন ২ উট্টন্নিগকে বৰ করিল। পরে তাবক নামে 'এক স্থানে উপস্থিত হইয়া তথায় বিংশতি দিন বাস করত गरमाम निक्रवेर्वि असम ज्ञकन अस कर्त्रगार्थ के श्रीनर्हेर्ड বৈন্যগণকে প্রেরণ করিলেন। ত্র্বন ছরিয়া দেশে অনেক সৈন্য উপস্থিত আছে, ইহা অবশ্বত হুইয়া তিনি সকল অধ্যক্ষদিগের পরামর্শাস্কুসারে প্রত্যাগ্মন করিতে লাগিলেন। মহম্মদ কিরিয়া আমিবার সময়ে এক রাত্রি কডক লৈন্য কর্তৃক আক্রান্ত হুই-লেন, তাহাতে বদি ভাঁহার উট্ট অভি বেগে পলায়ন না করিত, তবে তিনি অবশ্য হত হইতেন। এপ্রত্যাপ্রয়ন কালে মহমাদ প্রাচার করিয়া কহিলেন, ইশ্বরের বাক্য শরীরের শ্রেষ্ঠ शिष्टिकत, गरमंत्र यम शत्रम धम, जरकमारे (व्यर्क क्रांखांत, रेमारतत ভয় পরম বুদ্ধি, এবং জীলোক পুরুষদিগকে ধরিবার নিমিত্তে শয়তানের জালস্কপ হয়।

অবশ্বে সৈন্যথন প্রচুর কুঠিত দ্রুর লইয়া মন্ত্রীনায় প্রবেশ করিল। এবপ দূরদেশে তাহারা পূর্বে যুক্ত নাত্রাক্ত করিত না। পরে মদীনাস্থ যে ২ লোকেরা যুদ্ধাতে অমীকৃত হইয়াছিল, মহন্দ তাহাদিগকে মণ্ডলীছইতে বহিদ্ধৃত করিয়া আপনার শিব্যাণ গণকে তাহাদিগের সহিত আলাপ করিতে নিষেধ করিলেন। ইহাতে কেহ ২ দুঃখিত হইয়া মস্জীদের প্রাচীরে আপনা-দিগকে বন্ধ করিয়া বলিল, মহন্দদ যদি আমাদিগকে ক্ষমা দা করেন তবে এ স্থানে অনাহারে মরিব। ইহা শুনিয়া মহন্দদ ভাছাদিগকে তৎক্ষণাৎ ক্ষমা করিলেন। তিনি কহিতেন, যে ব্যক্তি ধর্ণের নিমিতে যুক্ষকারিকে এক ঘোটক দিবে, সে মরিলে পর ঐ ঘোটকের আহার ও বিষ্ঠার পরিমাণে তাহার পাপের হাস হইবে। আর ইশরের জোধ প্রযুক্ত যাহার চক্ষে অক্রপাত হয়, ও যুক্ষকালে যাহার চক্ষে কুপা না জন্মে সেই দুই প্রকার চক্ষ্য নরকায়ি দর্শন করিবে না।

মহমদ সমুদায় আরব দেশ জয় করিয়াছিলেন, কিন্তু আপনার জীদিগের ইব্যা জয় করিতে পারিলেন শা। তিনি ঐ সকল জীকে ভিন্ন ২ বাটী নির্দিষ্ট করিয়া দিয়াছিলেন, এবং প্রত্যেক জনের গৃত্তে এক ২ দিন বাস করিতেন। কিন্তু অন্যান্য জীরা মিসর দেশীয়া মরিয়ম নামী উপজ্ঞীতে তাঁহার বিশেষ আসক্তি দেখিয়া তাহাদের মধ্যে কলহ উপস্থিত হইল; তাহাতে তিনি একমাস পর্যান্ত কাহারও গৃত্তে না মাইয়া একাকী ছিলেন। পরে তাহাদের সাজুনা করনার্থে তিনি দিব্য করিয়া কছিলেন, আমি মরিয়মের নিকটে আর যাইব না। কিন্তু এমত প্রতিজ্ঞা করিলেও কাম রিপ্র সম্বরণ করিতে না পারিয়া তিনি কিছু কাল পরে প্রতারকা প্র্কাক কহিলেন, আমাকে ইশ্বর কহিয়াছেন, তুমি সক্ত্যাক্র স্থাকর কহিলেন, আমাকে ইশ্বর কহিয়াছেন, তুমি সক্ত্যাকর স্থাকর কহিলেন, আমাকে ইশ্বর কহিয়াছেন, তুমি সক্ত্যাকর স্থাকর নিয়ম তুলা নহে। তিনি

দ্বীদিগের প্রতি সন্দেহ করিয়া কোন প্রশ্নয়কে তাহারিখের মূখ দেখিতে দিতেন না, এবং মৃত্যুকালে তাহাদিগকে পুনর্কার। বিবাহ করিতে নিষেধ করিলেন।

ইং ৩৩২ শালে মহম্ম মকা নগরে সমং তীর্থ যাত্রা করিছে পারিলেন নাঃ কিন্ত'তাঁহার কর্তৃত্ব সবল হইলে ভিনি পারমার্থিক অন্তর অগ্রাহ্য করিয়া লোকিক অন্ত ব্যবহার করত আলিকে ভথায় প্রেরণ করিলেন। অতএব ভিনি মহম্মদের আক্ষালুলারে মকায় যাইয়া এ কথা প্রচার করিলেন, ইহার চারি মাস পরে দেবপ্রকাদিগকে আয় ক্ষমা করা যাইবে না, বরং ছলেও বলে ভাহাদের সহিত নিত্য বৃদ্ধ হইবে, ভাহাদের ভাহারা প্রধা-মাসে কি প্রশাস্তানেও রক্ষা পাইবে না, ও তাহাদিগকে কুট্ম বলিয়া কোন মুসলমান দয়া করিবে না, আর ভাহাদের সঙ্গে কাহারও আলাপাদি \* •হইবে না।

মহমাদ একপ তয় প্রদর্শন পূর্বক আপন কার্য্য সকল সিদ্ধা করিলেন, ভাহাতে অবিলয়ে নানা দেশের রাজারা ও অধ্যক্ষ-শণ ভাঁহার নিকটে মদীনায় দৃত প্রেরণ করিল। ভিনি মিসর দেশস্থ মেম্ফিশ নগরের কোগু জাতীয় অধ্যক্ষের নিকটে এক জ্বন দৃতকে প্রেরণ করিলেল। অধ্যক্ষ প্র দৃতকে সম্মান পূর্বক প্রহণ করিয়া মহমাদের নিমিত্তে কতক শুলিন বহুমূল্য দেব্য

<sup>•</sup> ইহার ৩০ বৎসর পরে অর্থাৎ গুমার থালীফার রাজত্কালে উক্ত আজানুদারে তাবৎ যিহুদীয় এবং গ্রীঞ্চিয়ান লোকেরা আরব দেশহইতে দুরীকৃত হইল, এবং মুসলমানদের ন্যায় তাহাদের পাগড়ী ও কোমরবন্দ পরিডে নিবেশ্ব হইল।

পারিতোবিক দিলেন। পরে মুসলমানের। যবন মিসর দেশে
মুদ্ধ করিল তখন কোপ্ত জাতীয়েরা তাহাদের সহকারী ছিল।

নিযুক্ত করিলেন। আলি তথার গিয়া প্রথম কোরানের ব্যাখ্যা করিলেন, তাহাতে কেছ মনোযোগ পূর্বক প্রবন না করিলে তিনি তর্ক পরিত্যাগ করিরা খজন ব্যবহার করিতে লাগিলেন। এই কপে ৪৩ জন খজারারা হত হইলে পরে আর সকলে ভীত হইরা মহম্মদীয় ধর্মা স্বীকার করিল। অপস দিশনের মধ্যে ঐ সকল দেশ মুসলমান ধর্মের বলীভূত হইল। ইহাতে যীশু প্রীষ্টের এবং মহম্মদের উপদেশে কত প্রভেদ দেখা বার্থ। কলতঃ যীশু প্রীষ্টের শিষ্যগন ব্যাদ্রের নিকট মেবপালের ন্যায়, কিন্তু মহম্মদের শিষ্যগন অন্ধ কুপহইতে নির্মিত শলভের ন্যায় ছিল।

## वर्ष अधारा।

## भरमारमञ्जावस ७ मृजू।

এই সময়ে মহম্মদের চেণ্ডা সকল সকল হইলেও এই এক মহাবিপদ, ঘটিল, অর্থাৎ তাঁহার অন্বিতীয় পুদ্র ইবাহীম ১৮ মাস বয়সে মৃত হইল। মহম্মদ অন্বিতীয় পুদ্র শোকে অতিশয় ব্যাকুল হইয়া তাহার শবের উপরে পতিত হওক কহিলেন, ছে আমার পুদ্র ! তোমার বিচ্ছেদে আমার চক্ষ্ণ অ্ফ্রতে পরিপুর্ন হইতেছে, কিন্তু বিপদ্কালে ক্রন্দন করিলে দুঃবের উপশম হয়। তোমার পশ্চাণ আমি লীপ্র গমন করিব, ইহা বদি না আনিতাম, তবে আরো দুংশ পাইতাম। আমরা
ইশরহইতে আগত হইয়াছি, শীল্ল তাঁহার নিকট কিরিয়া
যাইব । মহন্মদের মৃত্যুকালে তাঁহার সকল সন্তানের মধ্যে
কেবল খাদীজার গর্জা ফতেয়া নামী কন্যা জীবিতা ছিল।
ঐ কন্যাকে আলি বিবাহ করিয়াছিলেন, ও তাহাহইতে এক
বৃহৎ গোন্ধী জামিল; তাহারা একণে সৈএদ নামে খ্যাত
আছে। মহন্মদের পুত্র সন্তান অবশিষ্ট না থাকাতে লোকেরা
ভাঁহাকে অপ্তা অর্থাৎ বেঁড়া। বলিত।

মহন্মদের কর্তৃত্ব মত বৃদ্ধি পাইল, তন্ত তাঁহার শারীরিক বল ক্রমশঃ ২ হাল পাইল। একতঃ পুত্র শোকে, তাহাতে নানা কর্ম্মে মনের ব্যস্তভা, ও বিষাক্ত মাংস ভক্ষণে শূলবেদনা, এ সকল প্রযুক্ত তাঁহার বৃদ্ধাবস্থা শীল্র উপস্থিত হইতে লাগিল। অতএব আপনাকে উত্তরোত্তব ফীল বৃদ্ধিয়া তিনি হিন্তরার ১০ বংসরে মক্কাতীর্থে শেষ যাত্রা করিতে স্থির করিলেন।

মুসলমানেরা কহিয়া থাকে ধর্মের পাঁচ স্তম্ভ আছে, অর্থাৎ তাহা পাঁচ অংশে বিভক্ত ব্যাহ্ন যথা; তীর্থবাত্রা, ঈশ্বরে ও তাঁহার প্রগম্বরে বিশ্বাস, প্রার্থনা, দান, এবং রমজ্ঞান মাসে উপবাস। মকা নগর অতি পূর্বকাল অব্ধি দেবপুজকদিগের তীর্থ স্থান ছিল। আধুনিক আরবীয়দের এমত প্রতীতি আছে, ইব্রাহীম মকায় প্রবেশ কালে যে প্রস্তারের উপরে পদার্পন করিয়াছিলেন তাহা অদ্য পর্যান্ত আছে।

'মহম্মদের এই শেষ তীর্থযাত্রা স্মরনীয় বটে। প্রব্রে থে সকল পর্বিতীয় লোকেরা পরস্পর যুদ্ধ করিয়াছিল, ভাছারা জাপন ২ দুর্গ ও প্রান্তরভূইতে জালিয়া ভাঁছার সহিত তীর্থে যাইবার কারণ মদীনায় উপস্থিত হইল; তাহাতে যে ব্যক্তি উষ্টুব্যবসায়ী ও বাদীজার গোমন্তা হইয়াছিলেন, এবং হিজারার প্রথম তিন বৎসরে কেবল ছয় জনকে শিষ্য করিয়াছিলেন, একনে তিনি ১১৪০০০ এক লক্ষ চৌদ্ধ হাজার স্বীয় ধর্মাক্রান্ত লোককে সমতিব্যাহারে লইয়া \* ভীর্ষ যাত্রা করিজেন।

• তীর্থাত্রা কালে মহম্মদের সহিত নয় জন ভার্যা গর্মন করিল। তাঁহার সঙ্গিলোকদের প্রার্থনার রবে প্রান্তর প্রতিশ্বনিত হইল, তাহাতে কোন শক্রগণ ভাহাদিগকে আক্রমণ করিতে সাহস পাইল না। ঐ সময়ে সমস্ত ভারবীয় ও বিহুদীয় লোকেরা সম্পূর্ণরূপে বশীভূত হইয়া বলিদানের মেষ ও উট্টু সকলকে পুল্পাভরণে ভূষিত করিয়া সঙ্গে লইয়া গেল। সেনাগণ তাহা-দের রক্ষক হইয়া সঙ্গে ২ চলিল ।

মহম্মদ মকায় পঁছছিবা মাত্র অন্ত শস্ত্র রাথিয়া তীর্থযাত্রিকের বেশ ধারণ প্রবিক্ষ কাবা মন্দিরে প্রবিষ্ট হইয়া শ্যামবর্ণ প্রস্তরকে চুম্বন, করিলেন। মুসলমানেরা কহে, জিত্রীয়েল দূর্ত ঐ প্রস্তর ইস্মাইলকে দিয়াছিলেন; তাহা তৎকালে খেতবর্ণ ছিল, কিন্তু মনুষ্যদিগের পাপে এক্ষণে কৃষ্ণবর্ণ হইয়াছে। পরে মহম্মদ জিম্-জিম্ কূপের নিকটে গমন করিলেন। ইম্মাইলের মাতা হাজিরা

<sup>•</sup> উক্ত লোকের। প্রায় মহমদের ভয়ে ঐ কর্ম থীকার করিয়াছিল; ইহার প্রমাণ, ভাঁহার মৃত্যুর পরে ভাঁহার পঞ্চীয় প্রাক্তিয়ান ও যিহুদীয় এবং দেবপুরুক লোক বিজোহ করিতে উদ্যাত হইলে আসন। মুসলমানেরা শীতকালের রাত্রিযোগে ভ্যাক্ত মেষপালের ম্যার ছিল। তথন আরু-বক্তর মহমদের উক্তরাধিকারী হওত জয় ও কুটের লোভ দর্শাইয়া ধর্মে বিচলিভচিক ব্যক্তিদিগের মন শীঘু স্ক্তির করিদেন।

ভৃষায় মৃতপ্রায় হইলে ক্সিত্রীয়েল তাহাকে ঐ কুপ দেবাইয়াহিলেন, মুললমানদিপের এমত বিশ্বাস আছে। ইত্রাহীম
দ্বীয় পুত্র ইম্মাইলকে বলি দিতে উদ্যত হইয়াছিলেন,
তংশ্বরণার্থে মহন্মদ আপন আয়ুর বর্ধ সংখ্যানুসারে ৬৩ উট্টু
স্বহন্তে বলিদান \* করিলেন। পরে তিনি আপন কেল সকল
মুগুন করিয়া শিষ্যদিপকে বাঁটিয়া দিলেন। খালিদ ভাহার এক
গোচা আপন পাগড়ীতে রাখিয়া কহিতেন, যুক্কালে ইহা
ধারণ করিলে আমার দিব্য শক্তি হয়। মহন্মদ ইত্রাহীমের
ন্যায় শয়তানকে ভাজনা করণার্থে প্রস্তর নিক্ষেপ করিলেন,
এবং তীর্থ বাত্রিদিগকে বিশেষ ছানে সাত ২ খানি প্রস্তর
কেলিতে আজ্ঞা দিলেন।

নকায় উপস্থিত হওনের পর নবম দিনে মহন্মদ উষ্ট্রারোহন করিয়া খীয় ধর্মা প্রচার, করিলেন। তিনি ঐ সময়ে কহিলেন, অধিক হল গ্রহন করা অনুচিত; বিধবা ও পিতৃ মাতৃহীনের প্রতি কোনী অত্যাচার করা নিষিদ্ধ; এবং চারি জ্রী বর্ত্তমানা থাকিলে আর বিবাহ করিবেক না; বিধবা জ্রী খামির মৃত্যুর চারি মাস দশ দিন পরে অন্য পুরুষকে বিবাহ করিতে পারিবে; আর কেহ কোন প্রাণির রক্ত পান করিবে না, কিন্তা খাস বন্ধ করিয়া হক্ত জন্তর মাংস আহার করিবে না; অধবা ইশরের উদ্দেশে না কাটিলে জন্তর মাংস খাইবে না; এবং প্রতিমার উদ্দেশে নিরেদিত কোন দ্রব্য ভক্ষণ করিবে না।

<sup>\*</sup> इंदर्ग प्राप्ति भाक वश्मत भारत अक अन्य श्रामीका से जीए गाहिल। 8॰ महमु देखें के गढ़ा सवर ६० महमु त्याव वनि मितम्स। \*

মহমাদ দশম দিনে মিনা নামক উপত্যকাতে যাইয়া সাত্ত থানি প্রস্তুর পশ্চাদিনে নিক্ষেপ করত, "দমর মহান! দমর মহান! দমর মহান!" এই কথা বার ২ কহিলেন। পরে এই কপ তিন দিবস করিয়া চতুর্দ্ধশ দিনে কাবা মন্দিরকে প্রদক্ষিণ করিলেন। অপ্তাদশ দিনে তিনি প্রচার করিয়া কহিলেন, যিনি আমাকে ভাল বাসেন, তিনি আলিকেও ভাল বামন। প্রকার দারা আলির মিত্রগণ বুরিল, যে আলিই মহম্মদের উত্তরাধিকারী হইবেন; ইহাতে মহম্মদের মৃত্যুর পরে মুসলমানদের মধ্যে অনেক রক্তপতি হইল। উনবিংশ দিনে মহম্মদ তীর্থইতে মদীনায় প্রত্যাগমন করিলেন।

মহম্মদ্ন মদীনায় প্রত্যাগমন করিলে পর চুই জন প্রধান ব্যক্তি ভাঁহাকে ফুডকার্য্য দেখিয়া অথচ ভাঁহার মৃত্যুকাল উপস্থিত জানিয়া আপনাদিগকেও ঈশরের প্রেরিত বলিয়া প্রকাশ করিলেন। তমধ্যে আখাদ নামে প্রথম ব্যক্তি অতি ধনবান ও অবজা ছিলেন; তিনি ইক্রজাল বিদ্যাঘারা আরবীয় লোকদিগকে মুখ্য করিতেন, যথা, অতি সংকীর্ন মুখ্য এক শিশির মধ্যে একটী অণ্ড রাখিয়া সক্লকে দেখাইলেন। আখাদের অনেক শিব্য হইলে তিনি প্রায় চারি মাসের মধ্যে সমস্ত য়েমেন দেশকে বশীভূত করিলেন। ইহাতে মহম্মদ প্রচার করিলেন, অবিধাসিদিগকে যে কোন প্রকারে বধ করিলে ভাল হয়। পরে ভাঁহার প্রবৃত্তিদারা দুই জন অনুচর শানা নগরে যাইয়া আখাদের জীর সাহায্যে ভাঁহাকে নিদ্রাবন্থায় বধ করিল; আখাদের মৃত্যুর পর ভাঁহার শিব্যুগণ পুনর্কার ইসলাম্ ধর্মা গ্রহণ করিল।

মোসাইলমা নামক দিতীয় ব্যক্তি অতি সম্ভ্ৰান্ত ছিলেন। তিনি প্রতিমা প্রজার বিরুদ্ধে কোরানের ন্যায় এক প্রস্তুক রচনা করিয়া তাহাকে ঈশরদত্ত বলিয়া প্রকাশ করিলেন। অণপ কালের মধ্যে অনেক লোক ভাঁহার শিঁষ্য হইলে তিনি মহম্মদ-কে পত্রদারা এই প্রস্তাব করিলেন, আইম্বন, আমরা চুই জন शिनिया शृथिवीटक जांश कतिया नहे। धे शत्वत निरताना-মে লিখিলেন, আলার প্রেরিত মহম্মদের প্রতি আলার প্রে-রিত মোসাইলমা এই পত্র লিখিতেছেন। মহমদ তৎকালে পীড়িত ছিলেন, তথাপি যুদ্ধের আরোজন করিয়া তিনি তফুত্তরে এই কথা মাত্র লিখিলেন, আল্লার প্রেরিত সহম্মদ মিখ্যাবাদি মোসাইলমার প্রতি লিখিতেছেন। ষ্ত্যুর পর খালিদ মোসাইলমাকৈ আক্রমণ করিলে তিনি দশ সহস্র শিষ্যের ক্লহিত রণে পতিত হইলেন ৷ যে বড়শাদারা মহম্মদের পিতৃত্য হত হইয়াছিলেন, তদ্বারাই মোসাইলমা হাবেল দেশীয় এক জন ক্রীত দাসকর্তৃক আহত হইয়া প্রাণ ত্যাগ করিলেন। "পত্নে তাঁহার অবশিষ্ট শিষ্যেরা খড়েনর ভয়ে रेम्लाम अर्थेा९ महत्त्रकीय धर्म शहन कतिल।

মহন্দদ জীয়েচচু হইয়া হিজরার ১১ বৎসরে ছরিয়া দেশ আক্রমণার্থ অনেক বলবান সৈন্য সংগ্রহ করিয়া ওসমা নামক ২০ বৎসর বয়ক্ষ এক সুবাকে প্রধান সেনাপতি পদে নিমুক্ত করিলেন। ঐ যুবা জয়েদ নামক মহন্দদের প্রিয় দাসের প্রস্ত্রা; আর যখন মহন্দদ ছূলাইন যুদ্ধে সীয় সেনাগণ কর্তৃক পরিত্যক্ত হইলেম, তখন তিনি তাঁহার নিকটে আসিয়া দাঁড়াইলেন। অন্যান্য সেনাপতিয়া আপনাদিগকে ক্রীত দাসের পুজের অধীন দেখিয়া অতিশয় অসন্তর্ভ হইলেন; কিন্তু মহম্মদ যুবার গুণ জ্ঞাত হইয়া তাঁহাকে ঐ পদের উপযুক্ত পাত্র জানিয়া মস্জিদের মধ্যে প্রাচীন সেনাপতিদিগকে জাতির অহকার বিষয়ে ভংগনা করিলেন। ইহাতে তাঁহারা ঐ তিরক্ষার সহ্য করিয়া অভিভক্তি প্রকাশ করত কহিলেন, ধর্মের পভাকা যাঁহার হস্তে হয়, তিনি শিশু হউন বা শক্র হউন, আমরা তাঁহার বলীভূত হইয়া যুক্ত করিব।

দৈন্যগণ যে দিবস মদীনাহ্ইতে যুদ্ধার্থে প্রস্থান ক্রিল, সেই দিন মহম্মদ সাঞ্চাতিক পীড়াক্রাস্ত হইলেন। বিশেষতঃ তাঁহার মস্তকে হঠাৎ অতিশয় বেদনা হইলে তিনি রাজি দুই প্রহরের সময়ে, শ্যাহইতে গাত্রোপ্থান করিয়া নগরের পথ দিয়া কবর স্থানে গমন পুর্ধাক মৃত ব্যক্তিদিগকে সম্বোধন করিয়া ভাহাদের উদ্দেশে শ্রোর্থনা করিলেন।

পরদিন তাঁহার পীড়া অভিশয় বৃদ্ধি পাইল। তুই তিন
দিবস পরে তিনি আপন প্রিয়তমা দ্রী আইশার গৃহে গিয়া বাস
করিলেন। তথায় খোরতর জ্বর হওয়াতে উত্তাপ উপলমের
নিমিত্রে মহন্মদ আপন মস্তকে সাত কলমী জল, ঢালিয়া
কহিলেন, আমি খয়বার স্থানে যে বিষ ভক্ষণ করিয়াছিলাম
তাহা এইক্ষণে আমার জ্বলয় দক্ষ করিতেছে। ঐ জলসেকে
কিঞ্চিৎ হস্ত হইয়া তিনি মসজিদে যাইয়া মিয়্বর স্থানে
দগুরমান হওত লোকদিগকে কহিলেন, আমার মৃত্যুকাল
সন্ধিকট হইতেছে; নৈনোরা আমার প্রিয় বন্ধু জয়েদের প্রশ্রু
ওসমার অধীন ধাকিবে। ইহা কহিয়া তিনি সকলের নিকট
ক্ষমা চাহিলেন। ঐ সময়ে এক ব্যক্তি তাঁহাকে কহিল,

আপনি আমার এক টাকা ধারেন; তাহাতে মহমাদ তাহাকে श्रमादम् । होका मित्रा कहिलान, श्रात्मादक मिक्कि रहना-পেका देशमांक मज्जा सीकांत कता जान। शात जिनि जांतू-तकतरक मनुखित्मत छेनातमक नाम नियुक्त कतिया चौय वसू-मिशक किरामन, आमि मकांश्रेट मृतीकृष श्रेया ममीनाय পাইলে যাহারা আমাকে অনুগ্রহ পূর্বাক আত্রার দিয়াছিল তাহাদিগের প্রতি তোমরা সম্বাবহার করিও। ইহা বলিয়া তিনি মুচ্ছিত হইলেন। তখন মহম্মদের মৃত্যু হইয়াছে। এই অনরৰ হওয়াতে তিনি কিঞ্ছিৎকাল পরে চেতনা পাইয়া অতি চুর্বল প্রযুক্ত হামাগুড়ি দিয়া মস্ভিদের মধ্যে বাইয়া সকলকে কহিলেন, প্রেরিভগণ সকলই মরিয়া গিয়াছেন; এই-ক্ষণে আমিও আপন প্রভুর নিকটে চলিলাম। ভাঁহারই ইচ্ছাত্রসারে নিয়ুমিত সময়ে সকল ঘটনা হইয়া থাকে। আমার জীবন তোমাদিশের যাদৃশ উপকারক মৃত্যুও তাদৃশ হইবে। ইহা কহিয়া তিনি ওহদ রণে পতিত ব্যক্তিদিপের উদ্দেশে ব্যগ্রতা পূর্বক প্রার্থনা করিয়া তিনটি শেষ আজ্ঞা দিলেন, যথা; ভোমরা সকল দেবপুজকদিগকে আরব দেশহইতে দুর कतिथ, ७ रूजन मूमलम्बनिमिशं व वाशनीरमत ममान शम पिछ, धवः मकल नर्वमा धार्यनाय जानक शाकिछ।

মহম্মদ খোর বিকারের সদয়ে মস্যাধার ও লেখনী চাহিলেন; কিন্তু পাছে বিভোল হইয়া কোরানের বিপরীত কোন কথা লিখেন, এই ভয়ে ওমার তাহা তাঁহাকে দিলেন না। তাঁহাতে সূহমধ্যে এমত গোলযোগ উপস্থিত হইল যে মহম্মদ সকলকে বা-হিরে যাইতে আজ্ঞা করিলেন্। প্র দিনে তিনি প্রশরায় মস্কিদে

বাইতে চেষ্টা করিলেও পথে মুদ্ধিত হওয়াতে পৌছিতে পারিলেন না। কিছ তংপর দিনে যাইয়া জিনি শিষ্য সকলকে ঐক্যভাবে থাকিতে বলিয়া মৃত্যুদ্ধ নিশ্চয়তা বিষয়ে উপদেশ দিলেন। পরে তাঁহার যে ২৮ জন ক্রীত্রাস ছিল, তাহা-দির্মকে দাসজ্হইতে মোচন করিতে, এবং তাঁহার পুহে যত যন ছিল তাহা দরিদ্রদিগকে বিতরণ করিতে আজ্ঞা করিলেন।

মহমদ যুদ্ধের সময়ে যেকাপ সেইকাপ মৃত্যু সময়েও ছাছিরচিড ছিলেন। তিনি পৈত্তিক জ্বরে ও শিরংপীড়ায় অতিশয়
ক্লেশ পাইয়াও স্বীয় কবরের রিয়য়ে বিশেষ ২ আজ্ঞা দিলেন।
"ক্ষার খ্রীষ্টেতে থাকিয়া আপনার সহিত জগজ্জনের সমিলনকারী হইলেন," মহমদ সত্য ধর্মের এই মূল উপদেশের
শক্র হইয়াও ক্ষারের দয়া পাইবার ও স্বর্গে মাইবার আশা
করিতেন। কলতঃ তিনি পুর্বের যে কাপ প্রবিক্তনা করিতেন,
মরণের সময়েও সেইকাপ করিয়া কহিলেন, "য়ৃত্যুদ্ত আমার
নিকট প্রাণ চাহিলে জিল্লীয়েল আসিয়া আমাকে বলিলেন,
হে মহম্মদ, মরিতে কি বাঁচিতে তোমার যাহা ইচ্ছা হয় তাহাই
কর; ইহাতে আমি মৃত্যু ইচ্ছা করিয়াছি।" মহম্মদ নয় বার
যুদ্ধ করিয়া স্বহস্তে অনেক লোকের রক্তপাত করিয়াছিলেন,
তথাপি তাঁহার মনে কিছু মাত্র খেদ জ্বিয়ল না।

পীড়ার একাদশ দিনে তিনি রীত্যমুসারে প্রার্থনা করিতে মস্জিদে গেলেন। তাহা দেখিয়া লোকেরা তাঁহাকে কিঞ্ছিৎ আরোগ্য জানিয়া অতিশয় আহ্লাদিত হইল; কিন্তু কিছু কাল পরে বাটীতে আসিরা তিনি অবিক রোগাক্রান্ত হওয়াতে হত্যুকাল উপস্থিত বুকিয়া কহিলেন, "নিদানকালে ইশ্ব আমার নিকট হউন!" ইহা কহিয়া তিনি অভৈতন্য হইলেন।
তৎক্ষণাৎ আইশা আপনার পিতাকে ডাকিডে লোক পাঠাইলেন,
কিন্তু তাঁহার আসিবার পুর্বে মহম্মদ ভাহার ক্রোড়ে মন্তক্ষ রাখিয়া প্রাণ্ড্যাগ করিলেন। ভাঁহার শেষ কথা এই ছিল, "স্বর্গন্থ সন্ধিনের নিকটে যাই।"

নহম্মদের মৃত্যু এও শীপ্ত হইবে, কাছারো এমত বাধ ছিল
না; তাছাতে মদীনা নগরে বড় গোলযোগ উপস্থিত হইল,
এবং যে সৈন্যেরা যুদ্ধ্যাত্রায় প্রবৃত্ত হইয়াছিল তাহাদিগের
গমন স্থাতি হইল। অনেকে অনুমাণ করিল, মহম্মদ মরেন
নাই, মৃসার ন্যায় অভিতুত আছেন। এইকপ তর্ক বিতর্ককালে
আবুবকর কোরানের এক ভাগ বাহির করিয়া সকলকে জানাইলেন, ইহাতে লিখিত আছে, মৃহম্মদ অমর নহেন।

মহম্মদের কবর মকায় কি মদীনায় অথবা বিক্শালম নগরে হইবে, এ বিষঁয়ে অনেক আন্দোলন হইতে লাগিল। তখন আবুবকর মহম্মদের নিজ বাক্য উল্লেখ করিয়া প্রকাশ করিলেন, যথা; প্রেরিত যে স্থানে প্রাণত্যাগ করেন সেই স্থানে তাঁহার কবর হইবে; আর যাহারা মস্জিদের ভিতরে কবর দেয় তাহারা শাপগ্রস্ত। অতএব মহম্মদ আইশার গৃহে যে খাটের উপরে মরিয়াছিলেন, তাহার নীচে তাঁহাকে কবর দেওয়া গেল; কিছ কতক বংসর পরে ঐ স্থানে এক পরিপাটী মস্জিদ

মহম্মদ কোন ব্যক্তিকে স্বীয় উত্তরাধিকারিকপে নিযুক্ত করেন নাই। তিনি কহিতেন, যে ব্যক্তি রাজ্য স্থাপন করে ভাঁহার উত্তরাধিকারী তদীয় গৌরব ও দৃষ্ঠান্ত মাত্র প্রাপ্ত হয়। আলি মহন্মদের উত্তরাধিকারী হইবেন, এমত সম্ভাবনা ছিল;
কিন্তু তিনি মহন্মদকে কবর দেওনে ব্যক্ত হইলে আবুবকর
রাজ্য প্রাপ্তির উপায় চেষ্টা করিলেন, তাহাতে কবর দেওনের পুর্বেই রাজ্যের নিমিত্তে ঘোরতর বিবাদ উপস্থিত হইল।

এই নপে মহন্মদের মৃত্যু হইয়াছিল। বাস্তবিক তিনি অত্যাশর্মা ও নিপুন ব্যক্তি ছিলেন; এবং যে জমন্ধপ রাজ্য
তিনি স্থাপন করিয়াছিলেন, তাঁহার মৃত্যুর পর ঐ রাজ্য
অপপ বৎসরের মধ্যে চতুর্দ্ধিগে বিস্তৃত হইলে আশিয়া ও
আফ্রিকা ও ইউরপ দেশস্থ নানা জাতীয়েরা কোরানের মত
গ্রহণ করিল। তাহাতে হিরা সহারহইতে যে গুঁয়া নির্মত
হইয়াছিল, তাহা ভারতবর্ষের সাগর অবধি আটলান্টিক মহাসাগর পর্যান্ত ব্যাপ্ত হইল। মহম্মদের যে রূপ সভাব তাহা
তৎস্থাপিত ধর্মের রীতি ও ব্যবহারে প্রকাশ হয়; অর্থাৎ
তিনি কোন ক্রমেই অন্য ধর্মা সন্থ করিতে পারিতেন না,
এবং সাধারন লোকদিগকে জ্ঞান ও বিদ্যা প্রদানার্থে কোন
চেইন্ডি করিতেন না।

খ্রীষ্টিয়ান ধর্মের এক স্থূল মর্মা এই যে রক্তপাত ব্যতিরেকে পাপের মোচন হয় না; মহমাদ এই ধর্মের পরম শত্রু ছিলেন। ধর্মপুস্তকের প্রকাশিত ভবিষ্যদাক্যের ৯ অধ্যায়ের ১২ পদে যে পঙ্গপালের কথা লিখিত আছে, মহমাদ ও তাঁহার উত্তরাধিকারিরা তাহার ন্যায় হইয়া প্রায় সকল দেশ জয় করিলোন। মহমাদ প্রচার করিতেন, ইম্বর কর্তৃক সকল মটনা নির্দ্ধারিত হইয়াছে; তুরকী দেশীয় লোকেরা এই কথায় সম্পূর্ণ বিশাস করিয়া মড়ক উপস্থিত হইলে তমিবারনে কোন উপায় চেষ্টা কয়ে না ; ইহাতে অসংব্য লোক অসময়ে মারা পড়ে।

মহম্মদের শরীর বধান প্রকার ছিল। তাঁহার ক্ষম বিকৃত, ও ললাট উচ্চ, এবং গণ্ডদেশ লোহিত বর্গ ছিল। তিনি এমত প্রিয়দর্শন ছিলেন বে ভাঁহার মুখ দেখিবামাত্র সকলেই প্রেম করিত। তিনি অন্যের মুখের প্রতি ছির দৃষ্টি করিতে প্রারিতেন না। তাঁহার যে কাপ বল তক্রপ সাহস ছিল না। তাঁহার মন্তক ও নাসিকা বৃহৎ, এবং তাঁহার জন্মবের মধ্যে এক শিরা ছিল; ক্রোম হইলে ঐ শিরা টিপ ২ করিয়া লভিত। তাঁহার পৃষ্ঠ দৈশে লোম ও তিলে আহুত কপোতের অও প্রমাণ একটা লাব ছিল; মুসলমান লোকেরা বোধ করিত, ঐ প্রাব তাঁহার প্রেরিত ছওনেব চিত্র।

মহম্মদের শিষ্যগণ তাঁহার বিষয়ে অনেক অলোকিক কথা কহিয়াছে, যথা; তিনি পশ্চাৎদিগে দৈখিতে পাইতেন, এবং তাঁহার শরীরকে মন্ধিকায় স্পর্শ করিতে পারিত না, ইত্যাদি। মহম্মদ শোচ ক্রিয়াদির বিষয়ে অতি মনোযোগী থাকিতেন। তিনি কহিতেন, পৃথিবীর মধ্যে জীগণ ও হুগন্ধি দ্রব্য পরম হুখন্ধনক পদার্থ হয়। তিনি তৎকালীন লোকদিগের অপেক্ষা অধিক বুদ্ধিমান হইলেও তাবি শুভাশুভের লক্ষণ ও জাদু প্রভৃতি মানিতেন। তাঁহার প্রতীতি ছিল যে কুম্ম দেখিলে নিজ বাম ক্ষন্ধে তিন বার থুখু দিলেই ঐ ম্মুজন্ম অমঙ্গল বিবারণ হয়। তিনি প্রত্যেক কর্ম্ম দক্ষিণ দিগহইতে আরম্ভ করিয়া বাম দিগে সমাপন করিতেন, এবং অথ্যে দক্ষিণ নেত্রে পরে বাম নেত্রে রসাঞ্চন দিতেন।

্ৰিধৰ্মোৎপাদক লোকেয়া প্ৰায় সকলেই কোন ২ উৎফুষ্ট গুণে বিভ্বিত হয়, তাহাতেই ভাহাদের ধর্মের দোব আচ্ছা-দিত হইয়া থাকে। ইহার প্রমান খ্রীষ্টের ইশরত্ব অত্বীকারকারি আরিয়ুস, এবং মহন্দরও ছিলেন। মহন্দদ পাওয়া পরার প্রতি বিশেষ যত্ন করিতেন না। তিনি স্তীকাতিকে বেহ করিতেন, একারণ তাহাদিগকে প্রহার করিতে নিবেষ कतित्वमं । जिमि चरमभीत्र भण्भ जान वानित्र जानक রাত্রি পর্যন্ত আপন জীনিমের নিকট এ গণ্প করিতেন। তিমি ছোট বড সকলের প্রতি প্রিয়ভাষী ছিলেন, অবং সমান বাবছার করিডেন, ইহাতেই তাঁহার শিষা বৃদ্ধি হইল। মহমাদ সকল আরব দেশ জায় করিয়াও স্বীয় গুহে অভি সামান্য কর্ম্ম করিতেন, যথা; তিনি নিক্ষ পরিধেয় বস্তু পরিষ্কার করিতেন ও স্বহস্তে ছাগী দুহিতেন। ভাঁছার আহারের দ্রব্য রুটী খর্জুর ওঁ তৈল ছিল। তিনি লোভী ছিলেন না, বরং धनानि यांचा २ ' পार्रेटिन गक्नि विख्यन कतिया किनिएन । দরিক্র লোক আসিয়া কখন ২ তাঁহার সহিত একত্র আহার করিত। তিনি কাহারও প্রতি বিষয়বদন হইতেন না। তাঁহার গ্রান্থবিদ্যা অধিক ছিল না বটে, কিন্তু তিনি মনুষ্যদের স্বভাব ও চরিত্র উত্তম রূপে জানিতে পারিতেন।

মুসলমানেরা কছে, মহম্মদের বাল্যাবস্থায় স্বর্গদূত আসিয়া তাঁহার হুংপিগুহুইতে আদি পাপ ৰূপ শ্যামবর্গ চিহ্ন উত্তোলন করিয়াছিল, আর তদবধি তিনি নিক্সাপ ছিলেন। কিন্তু তাঁহার, কাম ও প্রবিশ্বনাদি কুক্রিয়া দেখিয়া আমারা ইহা কদাচ স্বীকার করিতে পারি না। বোধ হয় তিনি প্রথমে

লোকাটীৰ ও রামনোত্র রায়ের ন্যার বধার্থাত্বতী ছিলেন, কিছ পরে তাহা ক্রমে ২ পরিত্যাগ করিয়া প্রবঞ্চনা করিতে লাগিলেন, যথা : তিনি যখন খীয় অভিলাব সিদ্ধ করনের करना कहिएकन, वाजित्य जागारक केयत जाका प्रियोद्धन. তৎকালে তাঁহার মন প্রবঞ্চনায় বিলিপ্ত হইত। তিনি রাজ্য প্রাপ্ত হইয়া আরও অপ্তাচারী হইতে লাগিলেন। দেশ, তিনি কাষাদি রিপুগণকে দমন করিতে আজ্ঞা করিয়াও সমুং পোर्नति विवाह कतिराम ; धवर ध्राथम आश्रनारक केश्वरत्त्र প্রেরিত ধর্ম প্রচারক রূপে প্রকাশ করিয়া পরে সামান্য যোগার ন্যায় আপন শক্তাদিগকে ধজারারা সংহার করিতে आका मिलन। हेि।

#### মহম্মদের বয়ঃক্রম সম্বলিত জীবন চরিত্রের ঘটনাবলি।

১ বৎসরে। মহম্মদের পিতার মৃত্যু হয়।—মহম্মদ শব্দের তাৎপর্য্য—তিনি মুস্থতার জন্য প্রান্তরে প্রেরিত হন।

২—৫। মহম্মদ প্রান্তরে ধাত্রীদারা প্রতিপালিত হন।— তিনি স্বাভাবিক প্রকম্পশীল।

 । মহম্মদকে মৃগীরোগগ্রস্ত দেখিয়া ধাত্রী ভীতা হইয়া তাঁহাকে মাতার নিকটে আনিয়া দেয়।—কিছু দিন পরে তাঁহার, মাতার মৃত্যু হয়।

१-- । महस्मा मका नगरत राम करतन।

১०--- >১। जिनि अकीम नामक (मनाय भगन करतन । 😘 😅

৯২। মহম্মদের পুড়া তাঁহাকে সঙ্গে লইয়া ছরিয়া দেশে গেলে। তথায় তিনি সের্জিয়স উদাসীলের সহিত সাক্ষাৎ করেন।

১৩—১৯ তিনি নানা মেলার বাইয়া মহুবাদিগের রীতি নীতি বিষয় অনেক অবগত হন ৷—বিশেষতঃ ১৬ বংসরে দক্ষিণ আরব দেশে যান।

২ । তিনি মনার নিকটছ কোন এক যুদ্ধে উপস্থিত হন। ২১---২৬। অন্য কর্ম্মে অপারক প্রয়ুক্ত মহম্মদ মেষপালকের क्मा चीकांत करंदन ।

२८। थानाइकात भामका इरेशा खतिया तम शेर्गा हैन करतन। २६--२৮। मङ्ग्राम २६ वश्मात थामाङ्कारक विवाद करतन। २२-७६। वानिका कम्म कृत्रन, ७ शांभरन विमया स्थ-রের ধ্যান করেন।—কাৰা মন্দিরের বিষয়ে বিরোধ উপস্থিত হইলে তিনি তাহা নিষ্পন্ন করেন।

७७--७३। विविद्यु कर्मा करत्न, धवर धर्मात विवर्य हथन হইয়া আত্মহত্যা করিতে উদ্যত হন।—তিনি প্রকাশ করেন যে জিব্রীয়েল দুতের সহিত আমার সাক্ষাৎ হইলে তিনি আমাকে প্রেরিত পদে নিযুক্ত করিয়াছেন।—মহম্মদের স্থী ও ক্রীত দাস ও ভাতৃপুত্র প্রথমে তাঁহার ধর্ম গ্রহণ করে।

৪০-৪১। চল্লিশ अन ক্রীতদাস ও বিদেশীয় ও নাস্তিক লোকেরা গোপনে তাঁহার শিষ্য হয়।

৪২। মহম্মদ প্রকাশ্যরূপে আপনাকে ঈশ্রের প্রেরিড বলিয়া, জানাইলে তাঁহার কুটুম্ব লোকেরা তাঁহাকে উপহাস ও ভাড়না করে।

৪৩—৪৪। সহমাদ দেবপুজকদিগের শরকভোগ প্রচার করিলে কোরেশেরা তাঁহার প্রতি জুদ্ধ হয়।—তাঁহার খুড়া দেবপুজক হইয়াও তাঁহাকে রক্ষা করেন।

৪৫। ছয় জন শিষ্য প্রকাশ্য ব্ধেপি তাঁহার ধর্ম স্বীকার করে।
৪৬—৪৭। মহম্মদ শক্রেগণ কর্তৃক স্বগৃহের মধ্যে বন্ধ থাকেন।
—ওমার তাঁহার ধর্ম্ম গ্রহণ করেন।—কোরেশেরা তাঁহাকে দুর
করিয়া দেয়।—কোন ২ মুসলমানেরা হাবেশ দেশে ঘাইয়া বাস
করে। থাদাইজ্বার ও জাবুতালবের মৃত্যু হয়।—মহম্মদ টাইক
নগরে পলায়ন করেন।

৪৮। আইশারু সহিত বিবাহের সম্বন্ধ, এবং সাদা ও হাসার। সহিত ভাঁহার বিবাহ হয়।

৪৯। কএক জন মদীনাস্থ তীর্থবাত্রিরা তাঁহার উপদেশ শুনিয়া তন্মতাবলম্বী হয়।

৫ । তাঁহার মেরাজ অর্থাৎ স্বর্থদর্শন।—দ্বীলোকদের শপথ।

৫১। ছুই প্রহর রাত্রির সময়ে মদীনাস্থ শিষ্যদের সভা ছইলে তাহারা মহন্মদের পক্ষে যুদ্ধ করিতে দিব্য করে।—কোরেশেরা তাঁহাকে উগ্রতর তাড়না করাতে তিনি গহরুরে লুকায়িত হইয়া থাকেন।—তিনি মদীনায় পলায়ন করিলে হিজারা সন আরম্ভ হয়।—তিনি মদীনায় এক মসজিদ নির্মাণ করেন।—আইশাকে বিবাহ করেন।—তাঁহার মগুলীস্থ লোকদের সংখ্যা বৃদ্ধি হয়।

৫২। তিনি यिष्ट्रेगीय लोकिमिश्रेटक खांशन धर्म्य खाँनिए 
किंडी करतर्न ।—गका ७ मनीनाञ्च नियामिश्रेत मध्य खांकृञ्चलश 
बक्क्ष्ण ,कर्तान ।—जिनि कारत्रनमिश्रित कांकिना नूर्व करत्रम ।
—वनरत्रत्र युख ।

- ৫৩। মহম্মদ রমজানি মাসের উপবাস স্থাপন করেন।
- ৫৪। মহন্মদের য**ষ্টির কথা।—দুই বিধবার সহিত তাঁ**হার বিবাহ হয়।—তিনি কোন ২ যিহুদীয় লোককে বধ করেন। —ওহদ রবে পরাভূত হন।—ক্রাক্ষারস পান নিষেধ করেন। —অন্তেইর কথা প্রচার করেন।
- ৫৫। তিনি এক বন্দি অধ্যক্ষের কন্যাকে বিবাহ করেন।—
  আপনার এক জন শক্রকৈ গৌপনে হত্যা করিতে চেষ্টা করেন।
   জয়েদ জীবৎ থাকিতে তিনি তাহার স্ত্রীকে বিবাহ করেন।
- ৫৬। তিনি মদীনায় শক্রমণ কর্তৃক অবরুজ হন।—সাত শত যিহুদীয় লোককে হত করেন।—তিনি রোহনা নামে এক যিহু-দীয়া স্ত্রীকেণবিবাহ করেন।
  - ৫१। महम्म मका नभद्र जीर्थाजा करतन।
- ৫৮। মহম্ম বিষ ভক্ষণ করেন।—তিনি আর কুই বিধবাকে বিবাহ করেন।—গ্রীক ও পারস্য স্মাটের নিকট দূত প্রেরণ করেন।—পুনর্বার মন্ধায় তীর্থ যাত্রা করেন।—অন্য বিধবাকে বিবাহ করেন।
- ৫৯। তিনি স্থরিয়া দেশকে আক্রমণ করেন।—মুতায় পরাস্ত হন।—মহম্মদ মকা নগরকে জায় করিয়া প্রতিমা সকল ভঙ্গ করেন।—হুনাইনের যুদ্ধ।
- ৬০। প্রান্তরে যুদ্ধযাত্রা।—সহদ্মদের স্ত্রীদিগের বিবাদ।—
  তিনি মন্ধায় শেষ তীর্থ যাত্রা করেন।
- ৬১। প্রতিবোগি ক্রধ্যক্ষণণ তাঁহার নিকটে দুত প্রেরণ করেন।—মহন্মদের মৃত্যু।

# ' यश्यमीत्र 'तारकात' भूतीवृंख ।

নহন্দদের পরলোক প্রাপ্তির শর মুললনাদদিশের রাজ্য উত্তর ২ কৃষি পাইয়া, শেবে কোন কাফিলা ছয় নাজে যত দূর বাইতে পারে, তওঁ দূর পর্যান্ত বিস্তারিত হইল। তাঁহাতে সমরকল ও ইম্বজু এই উত্তর মেশের লোকেরা কোরাণ নামক শান্ত অন্তর্য করিছে, এবং ভারতবর্ষ ও আফ্রিকা এই উত্তর মেশের প্রোকেরা মকাতে একত্র হইতে লাগিল, ও মুসলমানদের নাম সিবীরিয়া মুক্তৃমি পর্যন্ত গান্য হইল। ক্লিক্ত এই জগৎ সম্বন্ধীয় না হইলেও খ্রীইখর্মন যক্রপ সত্য শিক্ষাব প্রচারদাবা রোমীর রাজগণের ভ্যানক শক্রতা জয় করিয়া ভাহাদের রাজনিংহাসনে উপবিষ্ট হইয়াছিল, মহন্মদের ধর্ম তক্রপ না হইয়া কেবল খড়নদ্বারা বর্জিঞ্ছইল।

# প্রথম অ্ধ্যার।

### व्याद्वकत नारम अथम कानीक।

মুসলমানেরা বতল, মহত্মদ প্রাত্তর্ক্তার নিমিতেই জন্ত্র এহন করিয়াছিলেন : কিন্তু, জাঁহার শিক্ষা ও শ্যবহারানুসারে জাঁহার শিবোরা অভিনয় ফারী, ধর্ম প্রাচার, করা বিহিত জান

A.

করিছ, ইহা পশ্চালিখিত বিবরণদারা দশ্রেশাণ ছইবে। বংকাকরিছার নানধারি দলসমূহের পরস্পার দেব ও লামান্য লোকক্লিমের খোর অজ্ঞানতাও রোমীয় রাজ্যের বলহীনতা শুরুদ্ধ এমন
শক্রদিগকে নিমারণ করিতে কহিরো উদ্যোগ অপ্রাদ্ধিক এমন
ছিল না, তৎকালে নীচবংশজাত কিছু অসীয় সাহস বিশিক্ত
ঐ মুসলমানেরা ইহলোকে বুটদারা ধনী হওনের আকাজ্যাতে
ও পরলোকে মদ্যপান ও ত্রীসন্তোগজন্য হব পাইবার আশাতে উন্মন্ত হইরা চতুর্দিক্স দেশ আক্রমণ প্র্রাক্ত অতি অপশ
কালের মধ্যে ছবিয়া ও পারসা ও ইজিপ্ত ও আবিকার উত্তরভাগ
ও স্পোন, এই সমুদ্য দেশ জয় করিল।

ब्रिष्टीय ७७२ मोरलत जून मोरनत कर्टम विवरन महस्मन शत-লোক প্রাপ্ত হন। সিকন্দন নাদসাহের ন্যায় ডিনিও আপ-<mark>মার উত্তরাধিকা</mark>রিপদে, কাহাকেও নিযুক্ত, না করিয়া প্রাণ-ত্যাগ করিলেন। ইহার কারণ নিশ্চয় করা কটিন। কি জানি তিনি কাহাকে সেই পদ দিবেন, তাহা স্থির করিতে পারেন নাই। ভাঁহার প্রথম শিষ্য ও প্রিয় পাত্র যে ফালি ভাঁহার ভাভুক্ষাত্র ও জামাতা ছিলেন, এবং অতি বুদ্ধিমান যে আবুবকর তাঁহার बाधत हिटलन, এই मुरे ब्यटनत मट्या क छेक शटमत यांगा, ভাছা নিশ্চম করা চৃষ্কর ছিল। তাঁহারা উভয়েই মহম্মদের অতি ভক্ত শিষ্য, এবং মকা নগরস্থ উত্তম বংশকাত ছিলেম। মকার লোকেরা যখন মহত্মদকে আপনাদিশের দেশহইতে দুর করিয়াছিল, জখন দদীনা নিবাসি লোকেরা দশ বংসর তাহাকে ্রকা করিয়াছিল, আই জন্য ভাছারা আপনাদিগের স্বদেশীয় সানু নামক এক ব্যক্তিকে নিযুক্ত করিছে চাহিল। আৰার

क्यांत लाक्कित विनि जामत महम्मरमत चरमणीय लाकि छ প্রথম শিব্য, অভএব উজ্জ কর্ম্মের স্থার আমাদিগেরই অর্হে 🖟 তংকালে আলি মহন্মদের কবর দিতে ও কোরাণের ছিমভিষ ৰঙা প্ৰাৰ সংগ্ৰহ করিতে গিয়াছিলেন; অতএব তাঁহাকে অকুপত্তিত জানিয়া ওমার সাহসমূর্কক কালীকের পলে আবু-क्केंद्रक नियुक्त करालंद्र शतांवर्ण मिला नकला विवासित छरय সন্মত হইল; তাহাতে দিবটি বংসর বর্ষ উক্ত আবুবকর সেই পদ আগ্র হইলেন। মুহম্মদীয় বর্ম স্থাপনে তিনি बदनक माहाया कतिशाँ इटलने। छाहात अक्टिरक काल সালের বন্ধুদিগকে নিকটে আসিবার অনুমতি দত্ত হইল না। बदः " बक चाटम कुरे चड़न दांचा यांत्र ना," बहे कथा वनिशा ওমার কহিলেন, আলি যদি এই কর্মো কোন প্রতিবন্ধক উপস্থিত করেন, তুবে তাঁহাকে তাঁহার রাটীর রাইত ভদ্মসাৎ করিব। তাহাতে আলিকে উাহার কথায় সম্মত হইতে হইল। কটেডমা নামী ভাঁহার জীর পরলোক প্রাক্তির পর সর্বসা-ধারণেই আবুবকরকে কালীফ বলিয়া গ্রাহ্য করিল। এই প্র-কারে সেকন্দর বাদসাহের মরণানস্তর তাঁহার রাচ্ছ্য যেমন না-না ভাগে বিভক্ত হইয়াছিল, সহম্মদীয় রাজ্য তদ্রপ'বিভক্ত শা হইয়া উত্তমক্রপে ছাপিত হইল ; আর বাস্তবিক ওযারই ভা-हांत कर्छ। इहेटलन।

এত দিনের পর জগতের মধ্যে দাবানলের পুন উঠিতে লাগিল'। মহম্মদের কাল হইলেও তাঁহার ধর্মা নই হয় নাই। সহস্মদীয় ধর্মা ত্রায় বিস্তারিত হওলের প্রধান কারণ ব্যৱহী হিল। এক লত কংলরের গাধ্যে ভাহা ইউরপের পশ্চিত্র

প্রান্তে হিড জিরল্টর ভমর অব্ধি আলিকার পূর্ব প্রাক্তে কিউ টান দেশ পর্যান্ত বল্পপ্র হয়। আর বদ্যাপি ধর্ম বিষয়র কালামুবাদ ও গ্রন্থ বিদ্যান প্রান্ত শীল্ল মুসলগানী বিষয়র রাজকীয় প্রতাপ ও বিদ্যান প্রান্তর্ভার দ্বান পাইক জ্বাক্তি মহাদীয়ে ধর্ম বর্জিক থাকিল। ইউরপ মহাদীপে মখন তাহার হাল হইতে লাগিল, তৎকালে আফ্রিকা মহাদীপের উত্তরাং-শে এবং করাৎ নদীর নিক্টস্থ সমুদ্য দেশে তাহা অত্যন্ত প্রবল ছিল।

স্থাব্যকর ক্লেবল "কালীক," অর্থাৎ ইংলাদের প্রতিনিধি এবং
মুসলমান নগুলীর ও রাজ্যের অধ্যক্ষ, এই উপাধি গ্রহণ
করিয়াছিলেন। কিন্ত পরে কোন ২ কালীক আপনাদিগকে
"পৃথিবীতে ইশবের ছায়া" বলিয়া জানাইতেন।

প্রীষ্ট আপন, শিব্যদিগকে কহিয়াছিলেন, "তোমরা পৃথিবীর সকল ছানে যাইয়া তাবং লোককে অসমাচার জ্ঞাত কর।" কিন্তু আবুবকর সিংহাসনারোহণ করিবামাত্র অদেশীরমের পরস্পর, বিবাদ নিবারণার্থে এবং মহম্মদের শেবাজ্ঞানুসারে তাঁহার প্রনীত ধর্মা ভূমগুলব্যাপ্ত করণাভিপ্রায়ে নির্চুর যুদ্ধ আরম্ভ করিলেন। প্রথমেই তিনি অরিয়া নামক অতি উর্বরা দেশ আক্রমণাশয়ে মহম্মদ কর্তৃক প্রস্তুত ৭০০ সৈন্য ঐ দেশের সীমান্থিত কোনং অঞ্চল জয় করিতে প্রেরণ করিলেন। অদেশে ধাকিলেও সেই সৈন্যদিগকে যুদ্ধ করিতে হইত, কেননা যাহারা কেবল ভঙ্মবশতঃ মহম্মদীয় ধর্মা গ্রাহ্ম করাতে মহম্মদের মরণান্মর্র্মীবজ্রোহী হওনে প্রক্সত ছিল, এমন আরবি জ্ঞাতি সকলকে ক্সুর্মন করা ভাহাদের আবশ্যক হট্টত। পশ্চালিক্তিত বিবরণে উক্ত

শৈল্যদিখের ভার ভারতি পাইবে। এক জন জারবি বুরসেশার্র মাডা ও ভার্ননী ভাহার সহিত ঐ যুক্তে গিয়াছিল।
বে বুর্নার জাল হর, তাহা আরম্ভ হওনের পুর্বের সে
ক্রিক্রার ক্রিল স্বার কাল হর, তাহা আরম্ভ হওনের পুর্বের সে
ক্রিক্রার ক্রিল স্বারের নিক্তি এই বর প্রার্থনা করি, যে ধর্মের কারণ
প্রান্থিয়েণ হইলে পরে আমার আত্মা বেহেন্ডের সর্বপ্রকার
কলভোগি ও সর্বপ্রকার পানীয়পায়ি ছরিদ্বর্গ কোন পদ্বির গলার
থলিতে বাস ক্রিতে পায়। এইক্রণে বিদায় হইলাম; বেহেন্ডের
উদ্যানে ও নির্বারের নিক্তি পুনরায় সাক্ষাৎ হইলে।"

এই সৈন্যেরা মদীনানগরীয় লোক, এবং যজদের অতি অপপ বযক্ষ আনামা দামা পুল্র তাহাদিখের সৈন্যাধ্যক ছিলেন। প্রথম দিবস আবুবকর তাহাদিগের সহিত পদত্রজে গমন করিয়াছিলেন, ও, তাহাদিগকে বলিয়া দিয়াছিলেন, "কোন ব্যক্তির অঙ্গচ্ছেদ করিও না, বর্জুরাদি কলোৎপাদক কোন বৃক্ষ নষ্ট করিও না, বালকদিগকে ও বয়ঃপ্রাপ্ত লোকদিগকে ও স্ত্রীলোকদিগকে এবং উদাসীনদিগকে রক্ষা করিও, কিন্তু মুগু যাজকদিগকে নষ্ট করিয়া কেলিও।"

এই সময়ে মকার লোকেরাও পুনর্বার দেবপুঞ্চা করিতে
ইচ্চুক হইল, কিন্তু থালিদ আপন খড়রবলে তাহাদিগকে দমন
করিলেন। আবুবকর কহিয়াছিলেন, আরবি লোকনিগকে ভয়
না দেখাইলে তাহারা অতি শীস্ত্রই দেবপুজকের মত পুনর্বাব
অবলম্বন করিলে, কেননা সেই মত খণ্ডন্যান্ত্র হইয়ার্ট্রে,
উন্মূলন হয় নাই। আর তৃৎকালে খ্রীষ্টীয়ান প্রকারাও বিদ্রোহী
হওমের উপক্রম করিতেছিলঃ।

गर्यापत প্রতিযোগী আসনাদ নামা এক জম ইরেন্দ प्रान्त राहितन नगत भवां श्रीमाश्म अय कतियाहितन; কিন্তু সানাদেশের শাসনকর্তাকে যুদ্ধে বধ করণানস্তর ভাঁহার বিধবা স্ত্রীকে বিবাহ করিলে সেই বিধীবা ভাঁহার কতক শুলিন অসল্ভষ্ট প্রধান লোকের সহিত বড়যন্ত্র করিয়া তাহাদিসের দারা তাঁহার প্রাণ সংহার করিলেন। আবুবকর আপনাকে ভবিষ্যদক্তা না বলিয়া কেবল মইম্মদের উত্তরাধিকারিকপে বিখ্যাত হওয়াতে অসভ্য বেদুইনেরা তাঁহাকে কর দিতে অখীকার করিল। কিন্তু এক দিবল রাত্রিযোগে মদীনা নগরে গিয়া আবুৰকরের বাটী আক্রমণ করিলে তিনি তাহা-দিগকে পরাজয় করিলেন। পরে আসাগা হুরিয়া দেখের সীমা-হইতে প্রত্যাগমন করিলে আবুনকর প্রতিজ্ঞা করিলেন, যে श्रकारतहे इंडेंक, त्यप्रहेन पिर्शत इंडेटड अधि कत श्रहन করিব। এই নিমিত্র তিনি অষ্ট সহস্র সৈন্য সংগ্রহ করিয়া একাদশ জন সৈন্যাধ্যক্ষ নিযুক্ত করিয়া মহম্মদের আজানুসারে "কোরাৰ কিম্বা বড়ন" এই ঘোষণা করত রাজনিদ্রোষ নিবারণার্থ "ধর্মার্থ যুদ্ধ" আরম্ভ করিতে অনুমতি দিলেন; আর এই 'কথা প্রকাশ করিলেন, যে " মহম্মদ প্রাণত্যাগ করিলেও ভাঁহার ঈশ্বর পূর্ববিং জীবিত আছেন।" এই সময়ে ফুলাইছি নামা সদ্বংশজাত এক ব্যক্তি আপনাকে ভবিষয়কা বলিয়া ঘোষণা করাতে মহম্মদের কতক গুলিন বন্ধুও তাঁহার শিষ্য হ≷য়াছিল। কিন্ত উক্ত একাদশ দৈনাাধ্যকের মধ্যে থালিদ নামা এক ব্যক্তি তাহাদিণের कुछक्छलियाक , शतीक्षत कतित्व, : योशीत्। " त्वीक धूनलयोगत्क

নঐ করিয়াছিল, ভাহারা কালীফের অমুমত্যমুসারে উচ্চ ছান-হইতে নীচে নিকিপ্ত, কিয়া প্রস্তাম্বতে হত, কিয়া অগ্নিতে मध्य 💐 देव। मालमा नामी य भूजलमास धर्मावलविनी छी: वाशनीत्क ভविस्कामिनी कार्श व्यायना कतियाहित्नन, जिनि এবং তাঁহার উট্রক্ষক এক শত লোক যুদ্ধ করিতে ২ প্রাণ-ত্যাগ করিলেন। মহম্মদের প্রলোক প্রাপ্তির পর মেস-পতামিয়া দেশীয় স্কা নামী একটি সকংশোদ্ধা খ্রীষ্টীয়ান ন্ত্রীলোক প্রায় ১৯০ বংসর বয়ঃক্রমকালে আপনাকে ভবিষ্য-षांत्रिनीकारे श्वापन। कतिशाहित्वन; शृद्ध जन्माना वर्शनत লোকেরা ঈর্যা বশতঃ তাঁহার পক্ষ হইতে অস্বীকার করিলে তিনি ইয়েশামা নামক অঞ্চলে গিয়া, তথাকার মসাইলামা নামে এক শত বংসর বয়ক্ষ যে ব্যক্তি মহম্মদের প্রভিযোগিকপে খোষিত হইয়াছিলেন, তাঁহার সাহায্য করিতে লাগিলেন। তরি-মিত্ত থালিদকে তৎস্থানে প্রেরণ করিলে যে ভয়ানক যুদ্ধ भाष्टिन, ভাহাতে गरुभागीय धर्मात স্থায়িত্ব সংক্ষেত্র বিষয় इरेशा छिटिल। जनत्मदर महत्रामीदरातार खुकी रूरेल, मनारेलामा ও তাহার দশ সহত দৈন্য নক হইল। এই যুদ্ধে খালি-দের পক্ষ অনেক গুলিন উত্তম ২ দৈন্যও হত হইয়াছিল। मृत्कत भरत य मिक्क • इहेन, छाहार्ट हेरग्रमाना नगतीय লোকেরা বড় ক্লেশ পাইল নাট কারণ তাহারা আপনা-দিগকে অধিক শক্তিমান জানাইবার আশয়ে ,সৈন্যদিশ্বের ন্যায় সঁজ্জিত বিবাহিতা ও অবিবাহিতা যুবতীদিগকে প্রাচীরো-পরি দ্থায়মান করিয়াছিল।

(এী ৬৩৩ শাল ) এই প্রকারে মহত্মদের জাষ্কাংশ বন্ধু

ও পরিচিত লোক নট হওয়াতে আবুবকর কোরাণের ছিন্ধ-ভিন্ন খণ্ড সকল সংগ্রহ করা আবশাক বুঝিয়া তৎসন্থলিত শর্কুর পত্র ও শেতবর্ণ প্রস্তর ও পশুর অন্থি সকল একত্র করিলেন।

যহম্মদ অমর ন্হেন, এমত প্রমাণ পাওয়াতে বাছরিণ দেশীয় লোকেরা খ্রী ৬৩৯ শালে মুসলমান ধর্ম ত্যারা করিল, তাহাতে মুসলমানদিগেব দ্বারা তাহাদের নগর এক মাস পর্যান্ত অবরুদ্ধ হওলান্তর অবশেষে রাক্রিযোগে সৈন্যদিগের একটা ভোজে ব্যস্ত হওন 'সময়ে' পরাজিত হইল। যে মিথা ভবিষ্যদক্তা ওমানদেশের শাসনকর্ত্তা ছিলেন, তিনি হত হইলেন; তথাকার নাজির নায়ের বিশাস্থাতকতাদ্বারা মুসলমান লোকদের হস্তগত হইলেন; প্রক্রেরা হত ও অন্যান্য লোকেরা ক্রীত দাসক্রপে বিক্রীত হইল। এক জন গাযিকা মহম্মদেব নিন্দা হ্লচক কতক গুলিন গীত প্রস্তুত করাত্তে ভাহার চুই হস্ত ছিন্ন ও সন্মুখের সমুদ্য দক্ত আবাতন্থারা উৎপাঞ্জিত হইল।

এই প্রকারে সহন্দানীয় ধর্মের প্রতি আরবদেশীয় দেবপুরুক ও বিহুদি ও খ্রীষ্টীয়ান লোকদের সকল বিপক্ষত। খড়নদারা
নিবারিত হইলে পরে বৃদ্ধেতে অতিশয় আসক্ত মুসলসানদিশের
সস্তোযার্থে এবং পরদেশ জয় করণ বিষয়ক মৃত সহন্মদের
বাঞ্ছা সাধনার্থে জন্য রণস্থলের অন্তেখন করা আবশ্যক হইল।
মহন্মদের পরলোক প্রাপ্তির নয় মাস পরেই (খ্রী ৬৩৩ শালে)
ইরাক অর্থাৎ মেসপতামিয়া দেশের এক অঞ্চল আক্রমণ করা
ক্রম। ঐ দেশ তাৎকালিক প্রাক্রান্ত পার্মীক রাজ্যের ক্রমীন

📭 ঃ কিন্ত কল্মান্তীনপুরীস্থ গ্রীক রাজাধিরাজদিশের আক্র-वन अवर चरमनीय नाना अकात विदार श्रवूक रारे शांत्रनीक রাজ্যের শক্তি হাস প্রাপ্ত হইয়াছিল। ইরাক্বাসি লোকেরা অধিকাংশ আরববংশক্ষাত্ত, এই জন্যে পারস্য রাজ্যের অধীনতা ত্যাগ করিতে ইচ্ছক ছিল, অতএব কেবল করাৎ তীরস্থ দুর্প সকলের রক্ষক সৈন্যদলের সহিত মুসলমান্দিগের যুদ্ধ করা আৰশ্যক হইলণ থালিল আফীদশ সহস্র সৈম্য লইয়া আপনার পরাজিত ইয়েমামা দেশহইতে ঐ ইরাক্ দেনে যাত্রা করিয়া অতি অংশ দিনের মধ্যে ক্রাৎ নদীতীরছ बद्धा नगरत (भैं) हिल्लन । नामाक्रम नगतहरेख मङ्ग्रूमि निया গেলে প্রায় চারি দিনে উক্ত নগরে যাওয়া যায়। তৎকালে তাহা প্রধান বাণিজ্যস্থান ছিল, আর ঐ স্থানেই মহদাদ দের্জিয়স নামক উদাসীনের সহিত মাকাং করিয়া ভাষাুহইতে এটিয়া ধর্মা বিষয়ক শিক্ষা প্রাপ্ত হইয়াছিল। ঐ নগরবাসি এটিয়ান লোকেরা আপনাদিগের নগর রক্ষণের দিমিত্ত অত্যস্ত পুরুষত্ব প্রকাশ করিল। তাহারা নগরের চতুর্দ্দিক্স প্রাচী-রোপরি দাঁড়াইয়া রাগান্ধ হইয়া আপনাদের পবিত্র কুশ প্রভৃতি পতাকা সকল ভাঙ্গিয়া ফেলিয়াছিল। মুসলগানেরা জলাভাবে বালুকাতে হান করিয়া অখারোহণে প্রাতঃকালীন ভक्षना कतिश्वा " यूक यूक, वर्भ वर्ग," এই तथ উटिहाः नक् করিতে ২ অতি বেগে নগর আক্রমণ করিতে ধারমান হইল। नशत्तर्व माजनकछ। मत्नर मूजनमानत्तर शक्क, ज्ञिमिछ শক্রহত্তে নগর সমর্পণ করিতে ইচ্চুক ছিলেন, কিন্তু নগরীয় লোকেরা তাঁহাকে পদচ্যত করিয়া তাঁহার নিজগৃতে রুদ্ধ করিল।

সেই গৃহ প্রাচীরোপরিস্থিত, অতএব তিনি পত্রশ্বীরা শত্রুদিশের সহিত কথাবাৰ্ত্তা চালাইতে লাগিলেন, তাহাতে মধ্যরাত্রে খ্রীষ্টীয় বৈন্যদিগের ন্যায় ছম্মবেশি এক শত মসলমান লোক প্রাচীরের মধ্যে কৃত স্থড়ঙ্গ দিয়া লগরে প্রবেশ করিল; পরে নগরের দার মুক্ত করিয়া অন্য স্কুল সৈন্যকে প্রবেশ করিতে দিলে সমূহ নরহত্যা হইল। খালিদ্ দূতদারা বিপক্ষ দৈন্যাধ্যকের নিকটে এই প্রকার কথা কহিয়া পাঠাইলেন, " মুসলমান হও, নতুবা কর দেও। তাহা না হইলে যে দৈন্যদলের সহিত তোমাকে যুদ্ধ করিতে হইবে, তাহারা যেমন মরণাকাজ্ফী, তোমার লোকেরা তেমন জীবনাকাজ্ফী নহে। তাহারা সন্ধি অপেকা যুদ্ধ ভাল বালে, ও তোগাদিগকে কুরুরের তুল্য জ্ঞান করে। 💞 উক্ত ইেসন্যাধ্যক্ষ বস্তা নগরের নিকটে যুদ্ধ করণ দারা তাহার প্রত্যুত্তর দিলেন। পলাবানের আশকা প্রযুক্ত পারসীকদের অনেক সৈন্যদিপকে শৃঞ্জলৈ বন্ধ করত একতা করিয়া সংগ্রাম স্থলে আনয়ন করা গিয়াছিল। ইয়েরমক নামক স্থানের যুদ্ধে অনেক গ্রীক সৈন্যদিগকে তদ্রপ আন্য়ন করা গিয়াছিল। পারস্য লোকেরা পরাজিত হইলে মুসলমানদের প্রত্যেক অম্বারোহি সৈন্য লুটের অংশবাপে এক সহস্র দ্রাহম (অর্থাং সিকি) প্রাপ্ত হইল। পারস্য দৈন্যাধ্যক্ষের মুকুটের মূল্য এক লক্ষ দ্রাহম। এই "নৃঞ্জীয়" যুদ্ধের পরে যে স্থানে ফরাৎ ও তিগ্রিষ নামক চুই নদী একত্র হয়, সেই স্থানে আর এক যুদ্ধ ঘটিল। তাঁহাতে ত্রিশ সহস্র সৈন্য নম্ট হইল, অবশিষ্টেরা পোতা-রোহনে পলাইয়া রক্ষা পাইল। অতি শীঘ্র স্থার এক রক্তপাত-ময় সংগ্ৰাগ হইল।

া অক দল আরবি ঐপ্রিয়ান লোক পারসীকদের সহিত মিলিলে খালিদকে তাহাদিগের সহিত যুদ্ধ করিবার নিমিত্তে ফরাৎ নদী পার হইয়া, পুর্বের যে স্থানে কূফা নুগর ছিল, সেই স্থানে ষাইতে হইল। যুদ্ধের পুরের পারস্য সৈন্যদল অধ্যক্ষের অত্মতি না ভনিয়া আহার করিতে বসিল; বসিবাগাত্র খালিদ আপন অখারোহি সৈন্যদিগকে যুদ্ধারম্ভ করিতে অনুগতি দিলেন, তাহাতে অতি ভয়ানক সংগ্রাম ঘটিয়া উচিল। যুদ্ধের মধ্যকালে খালিদ ঈশবের নিকটে এই প্রতিজ্ঞা করিলেন, ''এই মৃদ্ধে যদি আমি স্বয়ী হই, তবে কাহাকেও স্পীবৎ রাখিব না, শত্রুদিগের রক্তে এই ফরাৎ নদীকে রক্তস্রোত করিব। 🐪 অনস্তর পারসীকেরা পলায়ন করিলে খালিদ আ-পন সৈন্যদিগকে কহিলেন, যে ২ লোক প্রতিরোধ করে না, ভাহাদিগকে বন্দী কর্ণ পরে বন্দি লেক সকল একত্র इरेल जिनि जाहां मिशक नमीजीत आनारेश य अर्था छ नमीत জল রক্তবর্ণ না হয়, তদবধি তাহাদিগের মস্তকচ্ছেদন করিতে ক্ষান্ত হইলেন না। আহা, যাকুবের প্রতিজ্ঞাহইতে খালিদের এই প্রতিজ্ঞা কি ভিন্ন! ( আদিপুস্তক ২৮ অ ; ২০,২১)

অনস্তর করাৎ নদীতীরস্থ আর এক নগর সম্পূর্ণক্ষপে ধ্বংস হইল। ঐ নগরে যে লুট হয়, তাহা অংশ করিলে আরবিদের প্রত্যেক অশ্বারোহি সৈন্য দেড় সহস্র দ্রাহম প্রাপ্ত হইয়াছিল। তংপরে থালিদ হীরা নগেরর প্রতি গমন করিলে• ঐ রাজ্যের আরবীয় প্রধান ২ লোকেরা এক লক্ষ্ণ নবতি সহস্র দ্রাহম পরিমিত বার্ষিক কর দিতে সম্বত হইল, এবং তাহা-দের কর্ত্তা মান্য পার্কীক লেইকেরাও তাহাতে শীকৃত হইল।

ইতিমধ্যে পার্স্য প্রধান লোকের তিশিক্ষ নগরে একত হইয়া কাহাকে রাজা করিবেন, এই বিষয়ের বিবাদ করিতে লা-শিলেন; তাহাতে খালিন তাঁহানের নিকটে ও পার্স্য দে-শের অন্যান্য প্রধান লোকের নিকটে দুভদ্বারা এই আজ্ঞা প্রেরণ করিলেন, ভোমরা মহমাদীর ধর্ম কিমা খড়া কিমা कत्रमान, इंशत गाया कान्छ। मत्नानीज कत्, छाहा जितनत्त्र আমাকে জ্ঞাভ কর। বাগুণাদের নিকটে পারসীক রাজ্যের ৰশীভূত আনবার নামে একটা নগর ছিল। তন্নগরীয় লোকে-রা আরৰ জাতি প্রযুক্ত মুসল্মান্দের সহিত সংগ্রাম করণে অসমত হওয়াতে তাহাদের অধীনতা শীকার করিল; তথা-পি সেই নগরের নিকটে পারসীক লোকদের সহিত এমত **ঘারতর সমর উপস্থিত হইল, যে আর্থীয়েরা হত উষ্ট্রদের** শবে পরিখা নপরিপুরিভ করিল। সেই যুদ্ধে আরবীয়দের তীরদারা অনেক পারসীকদের নয়ন বিদ্ধ হইয়াছিল, এই क्रमा म्हे यूष्क्र मांग मयुग्क हहेता। এहे काल क्राय २ থালিদ করাৎ নদীর পশ্চিম তীরস্থ অনেক দেশ পরাজ্ঞয় করিলেন, এবং গ্রীক ও পারসীক ও আরবি শত্রুদিগের ष्यत्वक रेनना माग्रस भारांख्य कतिरमन। किथिए काम भरत খালিদকে হারিয়া দেশে যুদ্ধ যাত্রা করণে অনুমতি দত্ত ছইল, কারণ ৰত্রা নগর পরাভুত হইলেও পুনরায় তথা যুদ্ধ করা আবশ্যক হইল। তাহাতে তিনি অবিলম্বে আজনাদীন নামক ছানের অতি ভয়কর যুদ্ধে সম্পূর্ণকপে জয়ী হইলেন।

তংকালে সমুদায় আরব দেশ সংগ্রামাদির দারা মহশ্বদীয় ধর্মের অধীন হওয়াতে পরদেশ পরাজয় করণের

ঘোষণা হইলে যে ২ আরবীয় লোকের অম বা উষ্টু ছিল, ভাহারা সকলে আপনাদের জন্মস্থানে মরুভূমির বিনিময়ে অতি <sup>•</sup>উর্বরা স্থরিয়া দেশের আকাঞ্জাতে যুদ্ধ করিতে ধাৰ্মান হইল। কিন্তু উক্ত দেশ বশীভূত করা চুংসাধ্য কর্ম; এই জন্যে নানা পথ দিয়া নানা আরবীয় সৈন্যদল তাহার বি-রুছে প্রেরিত হইল। প্রথমতঃ আবুবকর পুর্ব্বোক্ত খালিদকে সপ্ত সহস্র সৈন্য সমর্পণ করিয়া তথাকার গ্রীক লোকদের ৰিপরীতে পাঠাইলেন। পরে মহন্মদের প্রথম শিষ্যদের মধ্যে গণিত আমরু নামক এক জন সেই চুষ্কর কর্মের ভার প্রাপ্ত হইলেন। ওয়ান দেশের আধিপত্য তাঁহার থাকাতে তিনি অন্তৰ্ক সন্মান ও হুখসম্পত্তির অধিকারী ছিলেন, তথাপি কালীকের আজা পাইবামাত্র সমত হইয়া কহিলেন, " আমি মহম্মদীয় ধর্মের তীরস্বলপ, আপনি শ্রনুর্দ্ধর হইয়া স্বেচ্চাফুসারে তীর লইয়া বৈরিদের বিরুদ্ধে ত্যাগ করিতে পারেন।" স্বীয় ধর্ম্মের প্রতি মহম্মদীয় লোকদের এই ৰূপ যে ভক্তি ছিল, তাহাতে অহন্ধারি লোকেরাও নম্তা স্বীকার করাতে সেই ধর্ম্মের আত্যস্তিক প্রভাব স্বামিল।

আবুবকর যে ওমারকে অতি মান্য জ্ঞান করিতেন, তিনি থালিদের বিপক্ষ ছিলেন, অতএব তাঁহার রেসমি বস্ত্রে বড় অসম্ভোব দেখাইলে থালিদ প্রধান সেনাপতির পদ প্রাপ্ত হইলেন না; তাঁহার পরিবর্ত্তে আবু সফীয়ানের প্রভ্র ইয়েজীদ সেই পদে নিযুক্ত হইলেন। তাহাতে থালিদ কহি-লেন, সৈন্যাধ্যক্ষ পদ যে কেহ প্রাপ্ত হউক, ধর্মবিরোধি-দিপের সহিতে সংগ্রীম করনের অনুমতি আমার পাইলেই

হয়। অমন দৃঢ়প্রতিক্ষ যোদ্ধাদের অকৃতকার্য্য হওয়া নিতান্ত অসম্ভব। পুর্বোক্ত বস্রা নামক অতি স্থরক্ষিত নগরের অধিপতি বিশাস্থাতকতা পুৰ্ব্বক মুসলমান ধৰ্মাব্লম্বী হওয়াতে সেই নগর পরাভূত হইয়াছিল। পরে চৌদ্দ সহস্র ন্তন দৈন্য প্রেরিভ হইলে হিত্রোণ নগরের নিক্টবর্ত্তি আজনা-मीरनत युष्क अर्घ लक ाधीक लोक नस्टे हहेन, किन्ड मूत्रन-মানদের মধ্যে কেবল চারি শত সত্তরি জ্বন প্রাণত্যাগ করিল। (১৬ জুলাই ৬৩৩) সেই যুদ্ধে মহম্মদীয় দৈন্যসামস্তের মধ্যে এক দল স্ত্রীলোক স্থীয় ধর্মের অনুরাগ বশতঃ সমর করিয়াছিল। সংগ্রাম সংঘটনের প্রর্বে গ্রীক লোকদের সেনা-পতি খালিদকে এই কথা কহিয়া পাঠাইয়াছিলেন, "আপনি নিবৃত্ত হইলে আমি আপনকার সৈন্যদিগের নিমিত্তে অপরি-মিত বসন মুক্তাদি পারিতোষিক দিব।" তাহাতে খালিদ উত্তর করিলেন, "হে খ্রীষ্টীয় ধর্মাবলম্বিরা, ভোরা কোরাণ বা কর-দান কিম্বা খড়ন, এই তিনের মধ্যে একটা মনোনীত কর, আ-মরা ভোদিগকে কুরুর তুল্য জ্ঞান করি, ভোদের পারিভো-যিকের কথা কেন শুনিব? যুদ্ধ করিলেই তোদের সমস্ত ধন পাইব।" वास्त्रविक म्ह नमात्र म्ननमानरमत्र नक २ चर्व ७ রোপ্যমুদ্রা ও সর্ব্ব প্রকার বহুমূল্য অব্তাদি সজ্জা লাভ হইল।

যে চারি জন মহন্দনীয় সেনাপতি চারি পথে স্থরিয়া দেশ আক্রমণ করিয়াছিল, তাহারা শক্রদের পরাক্রম ও প্রতিরোধ প্রযুক্ত অনেক বাধা পাওয়াতে তাহাদের ফিলিত হইয়া সংগ্রাম করা আবশ্যক হইল। এক দিন বিপক্ষ পক্ষের এক দূত তাহাদের শিবিরে গিয়া প্রত্যাগমন কালে তাহাদের চরিত্রের এই বর্ণনা করিলেন, "উহারা রাজিযোগে উদাসীনদিগের তুল্য ধর্মামুঠানে উদ্যোগী, দিবাভাগে মহাবীরের
সদৃশ যুদ্ধকারী; উহাদিগের মধ্যে কোন রাজকুমার চোর্য্য
ক্রিয়া করিলে সামান্য চোহরের ন্যায় তাঁহার হস্তচ্ছেদন হয়,
এবং পরদারগামী হইলে প্রস্তরাখাতে তাঁহার প্রানদণ্ড হয়।"

গালীলদেশস্থ তিবিরিয়া নামক ছদের প্র্র্বে অঞ্চলে ইয়ে-রমক নামক এক ক্ষুদ্র নদ আছে, তাহার তীরে অশীতি সহস্র গ্রীক সৈন্য শিবির করিয়া মুসল্যানদের অপেকা করিতেছিল। ঐ মুসল্যানদের চারি সেনাধ্যক্ষের অধীন কেবল ছত্রিশ সহস্র সৈন্য ছিল। কিন্তু এমন ভয়ন্কর সন্ধট্ট সময়ে সর্ব্বাপেক্ষা ঐক্য আবশ্যক, ইহা বুঝিয়া ঐ চারি জন ঐক-মত্য হইয়া সেই সমরের নিমিত্ত আপনাদের মধ্যে এক জনকে অর্থাৎ খালিদকে এখান কর্ভুত্বের ফ্লার সমর্পণ করিলেন। মহম্মদ ঐ খালিদকে " ঈশরের তলবার " এই যে উপাধি দিয়াছিলেন, তাহার উপযুক্ততা সেই দিনে প্রকাশ পাইল। মহম্মদীয় সেনাদিগকে সাহসিক কর্মার্থে বৈবারের যুদ্দে মহম্মদের যে পতাকা ছিল, সেই পীতবর্ণ পতাকা এই ঘোরতর সমরের দিবসে প্র্রায় ব্যবহার করা গেল।

আর মুসলমানদের মধ্যে চুই দল যুবতী সেই দিনে পুরুষদের ন্যায় যুদ্ধ করিল, বরং পুরুষগণ অপেক্ষা অধিক
বীরত্ব প্রকাশ করিল। অবশেষে বিপক্ষ পক্ষের এক জন
সেনাপতি মুসলমানদের পক্ষ হইলে তাহার অধীন গ্রীক
সৈন্যগণ বিশ্পাল হইতে লাগিল, তাহা দেখিয়া খালিদ অতিশয় সাহস পুর্বাক অগ্রিসর হাইয়া শত্রুদের অপ্লারোহি সৈন্য-

হইতে পদাতিকগণকে বিভিন্ন করিয়া বলেন্ডে আক্রমণ প্র্বাক তাহাদের শিবির হস্কগত করিয়া সম্পূর্ণকপে জ্বরী ছইলেন। সেই দিনে দেড় লক্ষ প্রীপ্রীয়ান লোক যুক্তে হড় কিম্বা ঐ নদীতে মগ্ন হইয়া প্রাণত্যাগ করিল। এক সময়ে মুসলমান সেনাগণ পরাপ্তমুখ হইয়া পালায়নে উদ্মুখ হইলে প্র্বোক্ত যুক্তকারিণী যুবতীরা তামুর খুঁটি লইয়া তাহাদিগকে তাড়না করিয়াছিল। প্র্বাকালে বিহোপ্র যে অমালেকীয়-দিগকে কিনান দেশহইতে বাহির করিয়া দিয়াছিলেন, ঐ যুবতীরা তাহাদের বংশোদ্ভবা, এমত জনপ্রতি আছে। সে যাহা হউক, সেই যুক্তের সময়ে খালিদও আতান্তিক ধর্মান্তরাগ বশতঃ যথে ২ আপন সেনাদিগকে আখাক দেওনার্বে উচ্চেংকরে কহিয়াছিলেন, "তোমাদের সন্মুখে বেহেন্ত এবং পশ্যাৎ শয়ত্বান ও মুরকানল আছে।"

উক্ত যুক্তের পূর্ব্ব দিন সন্ধানালে ( ৬৩৪ শালের ২২ আগন্ত )
নাবুক্তরের মৃত্যু হইল। এক দিন অতিশয় শীত হইলে খান
করাতে তাঁহার জ্বর হইয়াছিল। মরনকালে তাঁহার তেবট্টি
বংসর বয়ংক্রম ছিল, তাহার মধ্যে তিনি আড়াই বংসর রাজত্ব
করিয়াছিলেন। রাজত্ব প্রাপ্তির বিষয়ে যেন বিবাদ না হয়,
এই জন্য তিনি মৃত্যুকালীন দানপক্রদারা ওমারকে আপনার
উত্তরাধিকারী করিয়াছিলেন। এ পত্র লিখিবার অত্যে ওমারের সহিত্ কথাবার্ত্তা হইলে ওমার কহিয়াছিলেন, আমি
কালীকের পদের অপেক্ষা করি না; তাহাতে আবুক্তর উত্তর
দিলেন, সত্যা, কিন্তু কালীকের পদ তোমার অপেক্ষা করিভেছে। মহদ্মদের জীবন্কালেঃ আবুক্তর তাঁহার ঘনিষ্ঠ বন্ধু

ছিলেন, এবং তিনি নির্লোভতা ও পরিমিত ভোগ প্রযুক্ত অতি স্থাত ছিলেন। কালীফের পদে নিযুক্ত হইলে পরে তিনি কিছু দিন পর্যান্ত পূর্ববং আপনার পশুপাল চরাইতে আ-পনি যাইতেন। এবং জাহার সৈন্য সামস্তদ্বারা অপরিমিত ধনবিশিষ্ট দুই তিন দেশ পরাজিত হইলেও তিনি পূর্ববং আপনার সকল মুদ্রা দরিদ্রদিগকে দান করাতে আপনি নির্ধন থাকিলেন। মরনকালে তাঁহার একটা উষ্ট্র ও এক জন কাফ্রিকীত দাস ব্যতিরেকে আর কিছু সম্পত্তি ছিল না।

₹য়েরমক নদী তীরহ যুদ্ধের পরে মুসলমানদের সৈন্য সামস্ত দাগাস্কস (বা দম্মেযক) নগরের বিরুদ্ধে যাত্রা করিল। প্লথিবীতে উক্ত নগরের ন্যায় পুরাতন অতি অপ্প নগর আছে। ইব্রাহীমের সময়ে তাহার নামের উল্লেখ হইয়াছিল। (আদিপুস্তক ১৪; ১৫। ঐ ১৫% ২) নামান তন্মিকটবর্ত্তি নদীর প্রশংসা করিয়াছিলেন। ( ২ রাজাবলি ৫; ১২ ) এই বর্ত্তমান সময়ে সেই স্থান গাঞ্জীপুরের ন্যায় অতি উত্তম গোলাপ জল, এবং বেত্রের ন্যায় স্থখনমা খড়ের নিমিত্ত অতি প্রসিদ্ধ আছে। ঐ প্রথম মুসলমানদের সময়ে তাহা অতি বৃহৎ বাণিজ্যস্থান ছিল। তন্নিবাসি খ্রীষ্টীয়ান লো-কেরা ভিন্ন ২ সেনাপতির অনুরক্ত নানা দলে বিভক্ত ছিল। ঐ সেনাপতিগণের মধ্যে এক জনের সহিত খালিদ আপনি যুদ্ধ করত তাঁহাকে আন্ত ক্লান্ত দেখিয়া অশ্বহইতে ভূমিতে টানিয়া বন্দী করিলেন; পরে অবিলম্বে আর এক বিপক্ষ সেনাপতির সহিত যুদ্ধ করিতে প্রস্তুত হইলে যখন বন্ধুগণ তাঁহাকে বিভাগ করিতে বলিল, তুখন তিনি জম্বীকার করিয়া

करिएनन, अमा পরিশ্রম कরিলে কলা বিশ্রাম পাইব; নত্বা স্বর্গীয় স্থাভোগের মধ্যে বাহুলারপে বিশ্রাম পাইব। অনস্তর थानिम मिछीय (मनां शिष्ठिक उन्मी कतितन ; धवः मुहे জনে মহম্মনীয় ধর্ম গ্রাছ করিতে অম্বীকার করিলে তাঁহা-**प्तर गर्डक एइमन कतिया नग**रतत जिज्रत निरक्तर्भ कतिरज দিগকে নগরাবরোধহইতে নিবৃত্ত করণের আশাতে প্রচুর অর্থ দিতে স্বীকার করিলে খালিদ তাহাদিগকে এই কথা কহিয়া পাঠাইলেন, " আমরা সৈন্ধি অপেক্ষা যুদ্ধ অধিক ভাল বাসি, ও ভোদিগকে কুকুরবৎ তুচ্ছ জ্ঞান করি।" তাছাতে নগরের লোকেরা যুদ্ধ করিতে বাহির হইলে পুর্ব্বোক্ত মহম্মদীয় জীলোকেরা তামুর খুটিদারা যুদ্ধ করিয়া তাহাদিগকে পরা-ভব করিল। শেষপূর্ব এক বৎসর অবরুদ্ধ হইলে পরে নগরের অধিকাংশ লোকেরা কুধাতে ক্লিফ হইয়া আবু অবাইদা নামক মহম্মদীয় প্রধান সেনাপতির সহিত করদানের নিয়মে সন্ধি স্থির করিলে যখন উক্ত সেনাপতি বন্ধুভাবে নগরের এক দার দিয়া প্রবেশ করিতেছিলেন, এমন সময়ে খালিদ সন্ধির স্মাচার না পাওয়াতে বল পূর্বক আর এক দার দিয়া প্রবেশ করিয়া যাহার সহিত সাক্ষাৎ হইল, তাহাকেই বধ করিতে লাগিলেন; তথাপি পশ্চাৎ সকল কুত্রাস্ত ভিনিয়া কিঞ্চিৎ ক্লাস্ত रुहेत्नम्।

প্রি নগরের অবরোধ সময়ে তয়িবাসি উদক্সিয়। নামী অতি অক্ররী যুবতীর সহিত যোনাস নামক এক যুবার বিবা-ছের কথা স্থির হইয়াছিল। পারে যুবতীর পিতা মাতা বিবা-

ছে অসম্মতি প্রকাশ করিলে সেই বর কন্যা একপরামর্শ হইয়া নগরের বাহিরে পলাইয়া গেলেন। কিল্ড সেই স্থানেও আশব্ধা উপস্থিত হওয়াতে য়ৄবতী পুনর্ব্বার নগরমধ্যে গিয়া একটী স্ত্রীলোকদের মঠে •আশ্রয় লইলেন, যুবা ধরা পড়িয়া मूजलगानरावत প्रतामभी नुजारत महमानीय धर्म बाह्य कतिरानन; কেননা তাহারা ওঁহোকে কহিলেন, নগর আমাদের হস্তগত হইলে অবশ্য তোমাকে সেই কন্যা দিব। অতএব নগর পরা-জিত হইবামাত্র যোনাস সেই যুব্তীর আত্রয় স্থানে দেগিড়িয়া গিয়া ভাঁহাকে চাহিলেন'; কিছ যুবতী বলিলেন, আমি ধর্ম-চ্যুত পুরুষের ভার্য্যা কখন হইব না; এবং মুসলমান কর্তৃক অধিকৃত এই দামাস্কস নগরের স্থন্দর অট্রালিকা ও রম্য উদ্যান অপেকা বরং পরদেশে প্রবাস ও চুর্গতি আমার মঞ্চল বোধ হয়। নগরের যে লোকেরা করদানে অসমতে, তাহারা পুর্বেরাক্ত সন্ধির দারা প্রস্থানার্থে তিন দিবসের অবকাশ পাইয়াছিল, ভাছাতে অনেক ২ লোক একত্র হইয়া প্রস্থান করিয়াছিল; বিশেষতঃ ঐ যুবতীও তাহাদের নধ্যে ছিলেন। অতএব তাঁহাকে আপনার হস্তগত করণার্থে যোনাস চতুর্থ দিনে পথপ্রদর্শক হইতে স্বীকার করিলে খালিদ চারি সহস্র অশারোহি দৈন্য লইয়া সংক্ষিপ্ত পথ দিয়া পর্বত পার হইয়া তাহাদের লাগাঁইল পাইলেন; তাহাতে খোরতর সং-গ্রাম ছইলে ঐ প্রস্থানকারি লোকদের মধ্যে কেবল এক জন পুরুষ প্রাাচিয়া পলায়ন করিল। অন্যান্য স্ত্রীলে কর ন্যায় উদক্সিয়া ধরা পড়িলেন, কিন্তু এমত তুরবস্থাতেও ধর্মাচ্যুত যোনাসকে খুণী করাতে, পাছে তাঁহার ভার্ম্যা হইতে হয়,

এই ভরে ছুরিকা ছারা আপনার প্রাণ আপনি নষ্ট করিলেন। विम खीलांकरमत गर्या कन्छाछीनश्रत् त्राञ्चाधितारस्त अक কন্যা ছিলেন; অতএব মৃসল্যানেরা যোনাসকে সাস্ত্রনা কর-ৰাৰ্থে সেই রাজপুত্রীকে দিলেন ;· কিন্তু তিনি সাজুনা না মানিয়া সেই রাজকুমারীকে বিনামূল্যে মুক্তা করিয়া তাঁহার পিতার নিকটে প্রেরণ করিলেন। অনন্তর মুসলমানদের অদুষ্ট বা কপাল সম্পর্কীয় সাস্ত্রনার কথা সকল অগ্রান্থ করিয়া অণ্প দিনের পরে তাহাদের পক্ষে যুদ্ধ করিতে ২ রণস্থলৈ প্রাণ পরিত্যাগ করিলেন; তাহাতে তাঁহার তুল্য অন্য অন্য লোককে আকর্ষণ করণার্থে এক জ্বন মুসলমান সকলকে বলিতে লাগিল, আমি স্বর্গ নিবাসি যোনাসের দর্শন পাইয়াছি; তিনি স্থগাপেক্ষা অধিক তেজম্বী; এবং উদক্সিয়ার পরিবর্ত্তে সম্ভব্তি জন কামিনীর সহিত লীলা করিতে ২ বাছল্য-ৰূপে সান্ত্ৰা পাইতেছেন।



## দ্বিতীয় অধ্যায়।

## ওমার কালীফের কথা।

আবুবকর মরণকালে ঘাঁহাকে আপনার উত্তরাধিকারিরপে নিযুক্ত করিয়াছিলেন, সেই ওমার মহম্মদের শশুর ছিলেন। রাজত্ব পাইবামাত্র উক্ত ওমার ক্ষুদ্র ও পরাক্রমি উভয় প্রকার লোকদের নিরপেক্ষ ন্যায়বিচার করিতে প্রতিজ্ঞা করিলেন। অপশ্রয়ক্ষ স্ময়ে তিনি উষ্টুরক্ষক ছিলেন,

তমিমিত্ত কর্তৃত্বপদ প্রাপ্তি কালে কহিলেন, "উষ্টুকে নাকে ধরিয়া টানিলে সে যেমন নায়কের পশ্চাৎ ২ গমন করে, \*তক্রপ আরবি লোকেরাও নায়কের পশ্চাৎ২ গমন করে; কিন্ত তাহারা কোন্ স্থানে চালিত হয়, তাহা অগ্রে বিবেচনা করা নায়কের কর্ত্তব্য, অত্এব আমি তাহাই করিব।" তিনি আপন অধিকারের ভ্রারম্ভকালে তাবৎ খ্রীষ্টায়ান লোককে আরব দেশছইতে বাহির করিলেন, কারণ সমুদয় আরবদেশে य रकरन अक धर्मा প্রচলিত হয়, हेश गश्मामत गरनावाश्चा ছিল। কিঞ্চিৎ কাল পারে তিনি আরবদেশস্থ যিহুদি লৌকদি-গকেও কুকা নগর ভিন্ন অন্য কোন স্থানে বাস করিতে নিষেধ ক্রিলেন। আর অন্যথ মতাবলম্বিদের সহিত যেন মুসলমানদিগের আত্মীয়তা না হয়, এই নিমিত্তে তাহাদিগকে বিশেষ প্রকার পাগড়ী ও কটিবন্ধন ও উত্তরীম্ব বস্ত পরিধান করিতে আজ্ঞা করিলেন। যে আরবি লোকেরা মুসলমান ধর্ম। অখীকার করণানম্ভর পুনরায় পরাজিত হইয়াছিল, তাহাদিগকে ভিন্নমতাবলম্বি বিদেশিদিগের সহিত যুদ্ধ করণের অনুমতি. দিলেন। তিনি কুলের শ্রেষ্ঠতা কিম্বা বয়সের আধিক্যমূলক প্রাধান্য অগ্রাহ্য করিতেন, এবং খালিদের পরিবর্ত্তে আবু অবাইদা নামক এক জ্বন অতি বীর্য্যান যুবাকে ঈরাক দেশের সৈন্যাধ্যক্ষ পদে নিযুঁক্ত করিলেন। উক্ত দেশে তখনও পার-দীক লোকদের আধিক্য প্রযুক্ত মুসলমানদের পুরাক্রম ক্ষীণ ছিল, তথাপি অপ্প কালের মধ্যে মুসলমানদিগের প্রাধান্য স্থির হইলে ইরাক ও পারস্য দেশ তাহাদের বণীভূত হইল। ইহার এক কারণ এই যে কিঞ্চিৎ পূর্বের গ্রীকু রাজ্যের সহিত

যুদ্ধ করাতে ও তৎপরে রাজত্বপদের বিষরে মুখ্য লোকদের মধ্যে অনৈক্য ও বিবাদ উপস্থিত হওয়াতে পারসীক রাজ্য তৎকালে দুর্বল হইয়াছিল। রাজ্যের সর্বত্র নরহত্যা হইত ,' আর সৈন্যগণ স্ত্রীবং সাহসহীন, ও রাজমন্ত্রিরা ধর্মসম্পর্কীয় ৰিবাদের স্থক্ষ বিচার করণে নিবিষ্ট ছিলেন। আবু অবাইদা ঢুঃসাহস প্রকাশ করাতে এক হস্তি দারা আহত হইয়া প্রাণ-ত্যাগ করিলেন। অনস্তর পারসীকদের এক अन সেনাপতি পুল ভাঙ্গিয়া यूमनमानरमत পनायम निवातन कतिएक हिन्छो করিলৈ তাহারা ভয়েতে ব্যাকুল হইয়া পরাজিত হইল। সেই যুদ্ধে তাহাদের চারি সহস্র লোক পতিত হইল, অন্য पूरे मरख लोक महीनां अलारेया तका शहित। (मरे ममत्य যদি পারসীক লোকদের পরস্পার ঐক্য থাকিত, তবে মৃসল-মানদিগকে স্থাপনাদের দেশহইতে দূর করা তাহাদের তৃংসাধ্য হইত না। অপ্প কাল পরে লুটদ্বারা প্রচুর ধন পাইবার আ-শাতে আকর্ষিত হতন সৈন্য সামস্ত আরব দেশহইতে আ-গমন করিলে পারসীক সৈন্যগণ করাৎ নদী পার হইয়া তাহা-দের সহিত যুদ্ধ করিয়া বিলক্ষণ পুরুষত্ব দেখাইলেও পরাজিত হইল; অনস্তর তাহাদের স্বদেশে প্রত্যাগ্যন কালে মৃসল্মান সেনাপতি পুল ভাঙ্গিৰাতে তাহাদের অসংখ্য লোক হত হইল। भिर यूष्क यूननगानमात अदनक देमना श्री छाउ क मन २ अन শক্রুকে বধু করিয়াছিল, এই কারণ তাহার "দশমাংশের যুদ্ধ" এই নাম হইল। তৎকালে পারস্য দেশে এক জ্বন মহিষী রাজত্ব করিতেছিলেন, অতৃএব প্রজারা স্ত্রীলোকের অধীনতা আপনাদের অমঙ্গলের ফারণ জ্ঞান করাতে ভাঁহাকে

রাজাচ্যুত করিয়া ইয়েজুদিজিদি নামক এক জন রাজবংশীয় य्वाटक রাজ্যাভিধিক্ত করিলেন। সেই যুবার বয়স এক বিংশতি বংসরমাত্র, তথাপি তিনি মুসলমান লোকদিগকে জয় করিয়া স্বরাজ্যহইতে দূর করিলেন। তাহাতে ওমার যুদ্ধ করিতে অতি উদ্যোগী হইলে ত্রিশ সহস্র তুতন সৈন্য আরব দেশহইতে পারস্য , দেশের বিরুদ্ধে যাত্রা করিল; তাহাদের সেনাপতি পারসীক সৈন্যাধ্যক্ষ রস্তমের নিকটে কোরাণ কিম্বা थफ़्त किन्ना कतमान, रेहात मत्था धकता मत्नानी कतत्वत আজ্ঞা প্রেরণ করিলে উক্ত রক্তম আপনার এক লক্ষ বিং-শতি সহস্ৰ সৈন্যে নিৰ্ভৱ ৱাৰিয়া অবজ্ঞাপুৰ্বক এই ৰূপ উত্তর ক্রিলেন, "ওরে আরবি লোক, কীটও দর্প ও বৃশ্চিক তোদের খাদ্য, ও শক্ত মৃত্তিকা তোদের শব্যা, ও উষ্ট্রলোম তোদের দজ্জার আচ্ছাদন, .ও অনবরত যুদ্ধ এ লুট তোদের ধর্মা, আর কন্যা প্রতিপালনের ভার এড়াইবার নিমিত্তে ভোরা আপন ২ কন্যাদিগকে বধ করিস।" ইহা বলিয়া তিনি অভি-মান পুর্বকে মৃত্তিকাতে পরিপুর্ন কএকটি থলি আরবি দুতগণের গলদেশে বাঁধিয়া ভাঁহাদিগকে বিদায় করিলেন। ভাহাতে ভাঁহারা সেই অপমান শুভ লক্ষণ জ্ঞান করিয়া, পারস্য ভূমি আমা-मिशक में इंडेन, हें**डा गरन निक्य करिया स्वरम्भीयर**मत শিবিবে প্রত্যাগমন কবিলেন।

অনস্তর নিরর্থক বিবেচনাতে কতক মাস গত হইলে পার-সীক সৈন্য সামস্ত করাৎ নদী পার হইয়া আরব ও পারস্য দেশের সীমার নিকটবর্জি কাদেশীয়া নামক স্থানে মহম্মদীয় সৈন্যদিগকে ,আক্রমণ করিল। পারসীকৃদিগের এক লক্ষ বিংশতি সহস্র সৈন্য সামস্ত ছিল। তাহাদের সম্মুধে রাজ্য সম্পর্কীয় যে যুদ্ধপতাকা যাইত, তাহা বহুষুল্য নানাবিধ রত্বেতে শোভিত বাহরা হস্ত দীর্ঘ ও আট হস্ত প্রস্থ একটী চিতা ব্যান্তের চর্ম। কারণ তাহার দেড় সহস্র বর্ষ প্রবের নিষ্ঠুর শত্রুগণ পারস্য দেশ হস্তগত করিলে এক জন সামান্য কর্মকার স্বদেশীয়দিণের অগ্রগামী হইয়া আপুনার স্ফুলিক নিবারক চর্মানির্দ্মিত আবরণ ফুরুপতাকা করিয়া শক্রদিগ-কে পরাজয় করণ পূর্বক দূর করিয়াছিল। অতএব যে যুক্তে সেই পড়াকার ব্যবহার হইবে, ভাহাতে আমরা অজেয় হইব, এই ৰূপ প্রস্পারাগত কথা পার্নীকদিগের মধ্যে প্রচলিত ছিল। পরে কাল ক্রমে সেই কর্মাকারের সাত্রাবরণ ,চর্মা জীর্ন হইলে তাহার পরিবর্ত্তে উক্ত বিশাল ব্যাছের চর্ম্ম রাজ-পতাকা হইল পারসীক লোকেরা আরবিদিগকে অতিশয় তুচ্ছ জ্ঞান পুর্বাক কহিত, হরিদর্ণ গিরগিটী তোমাদের ভক্ষ্য, ও লবণাক্ত জল তোমাদের পেয়, এবং উক্ত প্রভৃতি পশুর মোটা লোমের রস্ত্র তোমাদের আচ্চাদক; কিন্তু সেই অসভ্য লোকেরা যুদ্ধেতে অতিশয় বিক্রমশালী ছিল। যদ্যপি কেবল ত্রিশ সহস্তারবি দৈন্য ছিল, তথাপি তাহারা তিন দিবস যুদ্ধ করণানস্তর চুতুর্থ দিনে জ্বন্নী হইল। তৃতীয় দিবসের রা-ত্রিতেও মশালের জালোতে যখন মনুষ্যচূর্কারি 'বৃদ্ধকপ পেষণী " ঘুরিতেছিল, তখন অতি প্রাসন্ধ কাব্যরচিকা খান্সা নামী বিধবার চারি প্রভ্র হত হইল। মাতা সায়ংকালে তাহা-দিগকে কহিয়াছিলেন, যেখানে তুমুল যুদ্ধ ও অধিক রক্ত-পাত দেখিবা, সেই ছানে সংগ্রাম ক্লরিও। পরে ভাছাদের মরণ-

मर्याम भारेटन जिनि कहिरलन, श्रीदार्यादातु धनावाम इंडेक, কেনন। বর্দের সাক্ষিরপে হত আমার পুত্রসনের মৃত্যুদার। \*आगि अन्। हरेनागे। **Б**ठूर दिवास अ**डि** अव्छ शन्तिम वाशु পারসীক লোকদের পরাভূত হওণের প্রধান করিন হইল ; কেননা তজ্বারা চালিত বালিতে ভাহাদের চকু অন্ধ হইয়াছিল। রস্তম নাৰ্যক তাহাদের সেনাপতি তামু সকল ভূমিতে পতিত দে-थिया बक्छे छिद्देद निर्म आखार बहेरतन, शरत मकता नमी-প্ৰতী হইলে লক্ষ্ দিয়া अनम्दा পড়িলেন, তথাপি এক জন আরবি লোক তাঁহীকে চিনিয়া পশ্চাৎ ধাব্যান হইয়া তাঁহার শ্লিরদেছদন করিল। সেই ব্যক্তির বড়শার অগ্রে রস্ত-যের মৃত্তক বিদ্ধা দেখিয়া পার**দীক দৈ**ন্যগণ নিরাশ হ**ই**য়া পলায়ন করিতে লাগিক আর মহম্মদীয় সৈন্যেরা উচ্চৈ: স্বরে " আলা আক্ষার ২ " বলিয়া তাহাদের পশ্চাৎ পাৰ্যান হইয়া তাহাদিগকে নিব্রুপায় করিল। ঐ আরবি লোক রস্তমের ছিন্ন মস্তক আপনার সাদ নামক প্রধান সেনাপতির সাক্ষাতে আ-নিলে ভিনি পুরকারকাপে রস্তমের সমস্ত সজ্জা তাহাকে দিলেন; ভাহার মধ্যে বর্মের মূল্য প্রায় সঁচিশ সহস্র টাকা ও শিরো-ভূষণের মূল্য এক লক্ষ টাকা। যুদ্ধে লক্ষ অন্য সকল বহুমূল্য वस्तुतं काम २ अश्म अिं वीर्यायान स्मनामिशक में इहेन; পরে যে ২ সৈন্য কোরাঁণ গ্রন্থ উত্তমকপে অবগত ছিল , তাহা-দিগের মধ্যে প্রত্যেকের পাণ্ডিত্যানুসারে অবশিষ্ট সকল বিভক্ত হইল। "সেই কাদেশীয়ার যুদ্ধদারা তিগ্রিস নদীর পশ্চিমে স্থিত केत्रोक गाँगक ममञ्ज ध्यामन महत्त्रमित लाकरमत रस्त्रभे रहेन। মুদ্রলমান লেকরো তখন পারসীকদিগের প্রশ্চাৎ তাড়না

না করিয়া করাৎ নদীর তীরে আপনাদের পরাক্রম দুচ করা আরশ্যক বুরিয়া, উক্ত নদী যে স্থানে সামরের সহিত নিলে সেই স্থানের অনতিদুরে একটী কৃত্য নগর নির্দাণ করিল। তথাকার ভূমির শুক্রতা প্রযুক্ত সেই নগরের নাম বস্রা হইল। তথায় অম্প কালের মধ্যে চতুর্দ্দিগ্রইতে আনীত লোক বসতি করাতে সে প্রসিদ্ধ বানিজ্যভান হইল, বিশেষতঃ পারস্থ ও ভারতবর্ষ এই চুই দেশের যে বানিজ্য তাহার প্রধান স্থান হইল। এবং তথায় স্থাপিত সৈন্যদলের ভয়ে নিকটবর্ত্তি খুবিস্থান নামক প্রদেশের পারসীক শাসনকর্তা এক প্রকার বলহীন হইলেন। তাহার এক বংসর পরে কুফা নামে আর এক প্রসিদ্ধ নগর স্থাপিত হইল। কাহীয়া ও বস্রার ন্যায় এই নগরও আরব দেশের দিগে নদীতীরে নির্দ্ধিত হইল।

তংপরে কর্প্ট সহস্র মুসলমান সৈন্য তিগ্রিস নদী পার হইয়া তাহার পূর্বতীরস্থ তিশিকন কিয়া মাদাইন নামক মহানগর স্লাক্রমণ করিতে উদ্যত হইলে পারসীক রাজা তাহা রক্ষা করা আপনার অসাধ্য জানিয়া রাক্রিযোগে সেই রাজধানী ত্যাগ করিয়া শক্রদের হস্তে ক্মপণ করিলেন। তাহারা ঐ নগরে এড ধন পাইল যে প্রত্যেক সৈন্যের অংশ ১২০০০ দ্রাহম নামক রোপ্য মুদ্রা হইল। তথাকার যে অতি প্রসিদ্ধ রাজপ্রার কাঁথড়া জন্যাপি দেখা যায় তাহার প্রধান কুঠরী ৩০০ হস্ত দীর্ঘ ও ১২০ হস্ত প্রস্ত ও ১০০ হস্ত উচ্চ ছিল। সেই কুঠরীর মেঝিয়াতে ৩০০ হস্ত দীর্ঘ ও ৬০ হস্ত প্রস্ত এক শতর্থণ ছিল; তাহাতে হীরকাদি মণির শিশুপ কার্যোতে একল উদ্যান্মের (কিয়া য়গীয় উদ্যানের) বৃক্ষ ও প্রক্ষ ও কল ভূষিত

চিত্র ছিল। ওমার পশ্চাৎ মহম্মদের সহচরদের মুধ্যে সেই শতরঞ বিভাগ করিলে আলি তাহার যে ভাগ পাইলেন, ১০০০ রৌপ্য মুদ্রা তাহার মুদ্যা ছিল। অধিকস্ক নেই রাজপুরীতে একটা সর্বময় উদ্ভের আঁকৃতি প্রভৃতি অনেক বছমুল্য দ্রব্য পাওয়া খেল, তাহার মধ্যে যে রাশীকৃত কপূর ছিল, মুসলমানেরা ভাহা লবণ জ্ঞান করাতে আপন ২ রুটীর সহিত ধাইতে লাগিল, কিন্তু তাহার তিক্ত আখাদে বন্ধ আশ্রর্থ্য জ্ঞান করিল। অমস্তর মুসলমানদের সেনাপতি, উক্ত রাজধানীর তুল্য একটা প্রাসাদ কৃষা নগরে নির্মাণ করিতে আরম্ভ করিলে ওমার তাহার সংবাদ শুনিয়া, মুসলমানেরা পাছে পারসীকদের ন্যায় মুখভোগে রত হয়, এই ভয়ে আপনার প্রেরিত লোকদারা সেই নুতন প্রাসাদ দথা করাইলেন, এবং তয়ির্মানকারি সেনা-পতিকে কহিলেন, পারসীক ভূপতিদিপের রাজপুরীতে যে বৃহৎ দার ছিল, তুমি আপনার হতন প্রাসাদে সেই দার বসাইতে উদ্যুত্ত আছ, এমত সংবাদ আমি পাইলাম। এ যে রাজগণ हेरतारक अथूर्व श्रीभाष्ट्र इथरजीन कतिया नर्तरक नामियारह, তুমি কি তাহাদের সদৃশ হইতে চাই? এবং তাহাদের ন্যায় কি ঐ দ্বারে দারিগণকে নিযুক্ত করিয়া নাহারা তোমার নিকটে कान भिरवणन केंद्रिएक आनित्व छोडोपिशतक निर्वादन किंदिए bie? श्रवकातानि विख्तान्त विषया मिहे खगांत कहिट्छन, धर्मात कल शतकारिक रहेरव ; हेर्रेलारक यात्रात्र यात्रा जा-বশ্যক তাহার তাহাই মাত্র প্রাপ্য। তথাপি তাহার অধিকার সময়ে एक रेमनामिर्गत स्थान ही उ वानकरमत ज्ञानधातन উত্তম ৰূপে হইত

এই সময়ে আলির পরামনাকুসারে ওমার হিজারা অর্থাৎ
প্রশাসন নামক শক হাপন করিলেন। খ্রীষ্টীয় ৬২২ শালের ১৬
জুলাই তারিখে মকাহইতে মহম্মদের ঐ পলায়ন হইয়াছিল।
তৎকালে চন্দ্রের কলা বৃদ্ধি হইতেছিল, তমিমিত্তে ক্রন্দ যেমন
খ্রীষ্টীয় ধর্মের চিত্রস্বরূপ, তেমনি তুরুক লোকদের বোধানুসারে
চন্দ্রের বৃদ্ধিকলা মহম্মদীয় ধর্মের চিত্রস্বরূপ। মহম্মদি লোকেরা
বৎসরের পরিমান স্থর্নের গতি অনুসারে গননা না করিয়া
চন্দ্রের গতি অনুসারে গননা করে, অর্থাৎ চরিম্ন পক্ষেতে
বৎসর হয় ইহা স্থির করে, তৎপ্রযুক্ত প্রকৃত বৎসর অপেক্রা
মহম্মদীয় বৎসর কিঞ্চিৎ ন্যুন হয়, অর্থাৎ প্রকৃত বিক্রিশ বংসরে মহম্মদি তেত্রিশ বংসর লাগে, এই জন্যে তাহাদের বার্ষিক
পর্বা প্রতি বংসর প্রায় দশ দিন অত্রো পড়িয়া ক্রমাণত তাবৎ
ঋতুতে পালিত হয়। \*

কাদেশীয়ার মুদ্ধের পরে পারস্য দেশস্থ মহম্মদীয় সৈন্য প্রায় এক বৎসর বিশ্রাম করিল। সেই অবসরে স্থরিয়া দেশস্থ সৈন্য বিশ্রামহইতে নিরুত হইয়া ইমিয়া নগর অবরোধ করণ

<sup>•</sup> প্রীক্ষয় ১৫৫৫ শালের শেষে, অর্থাৎ হিজরি ৯৯৩ শালে ভারত-বর্ষের অধিকারি মুসলমান লোকেরা আর্পানাদের মধ্যে চলিত বৎসরের গণনাকে বার্ষিক কর নিরূপণে অর্কর্মণা কানিয়া স্থাগতি অনুসারে মুত্র গণনা ব্যবহার করিছে আরম্ভ করিলেন। সেই নৃত্র গণনা বন্ধদেশে অন্যাপি চলিত আছে, অর্থাৎ প্রীক্ষয় ১৫৫৬ শালের ১১ মাজিল ভারিথে বাঙ্গালি সুন নামক গণনামুসারে ৯৯০ শালের আরম্ভ হয়। অত্তর্ব সন্মের এবং প্রীক্ষয় শালের মধ্যে নির্ভুর ৫৯০ বৎসর ও তিন মাস ও এগারো দিন ব্যবহান আছে কানিবা।

श्र्वक रुष्ठभे कतिन। शद्य अनुप्रान्। नगद्यत्र मरश्य जन्दमात् কিম্বা বালবেক নামক অতি প্রসিদ্ধ নগরও প্রাজিত হইল। পেই নগর প্রথমে অলেমান কর্ত্তক নির্দ্দিত হইয়াছিল, পশ্চাৎ তথায় অনেক ২ আশ্চর্য্য গাঁশখনি হইল, তাহার মুধ্যে বালের অর্থাৎ स्र्याप्तरात यनित नर्सार्थका दृश् हिन, ठाशत य २ स्छानि अम्मानि मिथा याद्य, जाहा ३० वा ६० इस्ड मीर्थ श्रस्टतथण-দারা প্রস্তুত হইয়াছিল। পরে কৈস্বিয়া ও আস্তিয়ণ নগরও মুসলমানদের হস্তগত হইলে সেই দেশের প্রবিস্থানি গ্রীকজাতীয় রাজাধিরাজ ঐ দেশ রক্ষা করবে নিরাশ হইয়া নিজ রাজধানী कनसासीनश्रदत अल्डाश्रम्म क्रिटलैन। जनस्त्र मूजनगारनता পুণ্য স্থানক্লপে মান্য যিকশালম নগর আপনাদের অধিকার করণার্থে অবরোধ করিতে লাগিল। তাহাতে চারি মাস পরে তমিবাসি খ্রীষ্টীয়ান লোকেরা নগর রক্ষা করণের আর কোন উপায় না দেখিয়া অবরোধকারি সেনাপতিকে এই কথা কহিয়া পাঠाইল, আমরা দৈববাণীদারা তিন অক্ষর বিশিষ্ট নামের সেনাপতিকে ( অর্থাৎ ওমার কালীককে ) নগর সমর্পণ করণের আজ্ঞা পাইয়াছি। অতএব যদি তিনি আপনি আইসেন, তবে আমরা তাঁহার বশীভূত হইব। এই সংবাদ পাইবামাত্র ওমার অতি আনন্দিত হইয়া তথায় যাত্রা করিলেন। তিনি লালবর্ণ উদ্ভে আৰাত হইয়া গমন করিলেন; তাঁহার সমাথে থর্জুর ফল ও চাউল সম্বলিত একটী ছালা ও পশ্চাৎ তাঁহার কার্সময় থাল প্রভৃতি কতিপয় সামগ্রী সম্বলিত একটী চর্মের থলিয়া ঐ উঠের পৃঠে বন্ধ ছিল। এবং রাত্রিকালে তিনি বৃক্ষতলে শয়ৰ করিতেন। এমন হস্টলেও রাজকীয় প্রতাপ বিশিষ্ট

থাকিলেন; বিশেষতঃ পট্ট বস্ত্র পরিহিত কতিপয় আরব লোক-দিগকে নমুতা শিখাইবার নিমিত্তে তাহাদের মুখ কাদার মধ্য मिया छानिएक जांका मिलन। धवर शरथत मरधा मृगार कुकर्माकाति आंत अक अन मूजनगानटक श्रहांत कतिरमन। यिक-শালমে উপস্থিত হইলে পর তিনি কিছু দিন প্রাচীরের বাহিরে একটী ভাষুতে বাসু করিলেন; তখন লেমিডজ মেষচর্মা নির্দ্মিত বস্ত্র তাঁহার পরিচ্ছদ ছিল। পরে ্যথন নগরের অধিকারী হই-লেন, ( ৬৩৭ শাল ) তঁখন যে নিয়ম স্থির করিলেন, সেই নিয়ম মুসলমানেরা পশ্চাৎ পরাজিত অন্যান্য স্থানের লোকদিগের সহিতও করিয়াছে। এক ২ ব্যক্তির বার্ষিক কর, ও মহম্মদীয় যাত্রিককে তিন দিবন অতিথি করিবার বিধি, ও মহম্দীয় লোক-ছইতে ভিন্ন প্রকার বস্ত্র ও নামের ব্যবহার, এবং যে কোন. সময়ে হউকু গীর্জাবরে প্রবেশ করণে মৃহত্মদীয় লোকদের অধিকার, এবং ক্রেশ স্থাপন ও ঘটা বাজানহইতে নিবৃত্তি, এবং ত্তন গীর্জামর নির্মাণ করণে ও অস্বারোছণে নিষেধ, এই সকল বিষয় ঐ নিয়মের সার। ক্লগতের শেষে প্রনরুত্থান কালে সমুদয় মনুষ্য যিৰাশালমে একত্ৰীকৃত হইবে বলিয়া মহম্মদ পূৰ্বের সেই নগর হস্তগত করিতে ৰাষ্ট্রা করিয়াছিলেন; অতএব তাহার পরাজয় হইলে ওমার অতিশয় আনন্দিত হইয়া, যে স্থানে পুর্বের ম্লেমানের মন্দির ছিল, সেই স্থানে অতি মৃদ্র একটী মস-জিদ নির্মাণ করাইয়া প্রথম স্থানকপে নিকপণ করিলেন। ঐ সময়াবধি যিকশালম নগরে কেবল এক বার নকাই বৎসর পর্যাস্ত খ্রীষ্টার্যান লোকেরা কর্তৃত্ব ক্রিয়াছিল, অন্য তাবৎ সময় ব্যাপি-या छोटा मुनलगानरमत अधिकारत त्रहिशांदह। धातः के मनिकारम

প্রবেশ করনের অনুমতি অদ্যাপি অতি মান্য ধনবান খ্রীষ্টীয়ান লোকেরও অতি তুর্লভ।

তাহান্যে কোন নগর কেবল কর দিবার নিয়নে মহম্মদি লোকদের কর্তৃত্ব স্থীকার করিল। ইমিধা নামক নগর ছলদ্বারা
তাহাদের হস্তগত হইল; ফলতঃ মহম্মদীয় সেনাপতি অনেক
দিনাবদি তাহার বৃথা অবরোধ করিলে পর প্রেছান করনের ইচ্ছা
প্রকাশ করিলেন; কিন্তু যাত্রা করনের পুর্বে লোক প্রেরণ করিয়া বিংশতি সংখ্যক বড় সিন্দুক রাখিতে নগরাধ্যক্ষের নিকটে প্রার্থনা করিলেন। নগরাধ্যক সম্মত হইলে এক দিন রবিবার সেই সকল সিন্দুক পাঠান হইল। সেই সকল সিন্দুকের
তলাতে চোরা কুঠরীর মধ্যে এক ২ মহম্মদি যোলা লুকাইয়াছিল। অতএব যে সময়ে খ্রীপ্রীয়ান লোকেরা ভজনালয়ে
ঈশ্বরের আরাধনা, করিতেছিল, সেই স্ময়ে ঐ সকল যোলা
সিন্দুকহইতে, নির্গত হইয়া নগরদার সকল খুলিয়া স্কাতীয়
সৈন্যাদিগকে ভিতরে প্রেবেশ করিতে দিল।

আলিপ্প নাসে আর এক নগর পাঁচ মিন অবরুদ্ধ হওনানন্তর অন্য প্রকার ছলদারা মহম্মদীয় লোকদের হস্তগত হইল। মহম্মদীয় শিবিরে দামেষ নামে অতি বৃহৎকায় এক ক্রীত দাস ছিল। সে ও তাহার মাত জন সদ্দী কুকুর সদৃশ আকৃতি দেখাইবার নিমিত্তে সঁলোম চর্ম্মে স্ব শরীর আবৃত করিয়া ক্রটী খণ্ড খাইতে ব্যস্ত হইয়া রাক্রিকালে নগরের প্রাচীরের নিকটে বেড়াইতে লাগিল। পরে তথায় উপস্থিত হইলে দামেষ শীম্র উঠিয়া দাঁড়াইল; পরে ভাহার ক্ষম্কে আর এক জন উঠিয়া দাঁড়াইল। এই প্রকারর সকলে এক জন অন্যের ক্ষমে

উঠিয়া দাঁড়াইলে যে ব্যক্তি সকলের উচ্চতম ছিল, সে লক্ষ্য প্রাচীরের উপরে উঠিয়া আপন পাগড়ি খুলিয়া তল্পারা দিতীয় ব্যক্তিকে আকর্ষণ করিয়া আপনার নিকটে তুলিল, পরে তাহার সাহায্যে আর এক ২ জন করিয়া ক্রমে ২ ত্রিশ জনকে প্রাচীরের উপরে উঠাইল। সেই স্থান এমন দুরাক্রম যে প্রহরি লোকেরা নিশ্চিন্ততা প্রযুক্ত মন্ত হইয়া নিদ্রা গিয়াছিল; তাহাতে উক্ত ত্রিশ জ্বন তাহাদিগকে বধ করিয়া দুর্গইইতে নগরে প্রবেশ করণ প্রকাক স্বজাতীয়দের নিমিত্তে নগর- দ্বার প্রকাষা দিল।

অনস্তর আন্তিয়্রথ নগর বিশ্বাসঘাতকতাদ্বারা শক্রদিগের অধীন হইলে কনস্তান্তীনপুরের রাজাধিরাজ তথাহইতে পলায়ন করিলেন। মহম্মদীয় সেনাপতি মদ্যাপি তথাকার স্থান্ডোগের , বাহুল্য ভয়ে আপন সৈন্যদিগকে ঐ নগরে অবস্থিতি করিতে দিলেন না, তথাপি অম্প দিনের মধ্যে মহানারী উপস্থিত হইয়া তাহাদের ২৪০০০ জনকে নফ করিল। অপর ত্রিপলি ও সোর্ব এই চুই নগরেও বিশ্বাসঘাতকতাদ্বারা মহম্মদি লোকদের হস্তগত হইল, এবং কৈসরিয়া ও তার্সস এই চুই নগরের লোক স্বেচ্ছা পুর্বাক তাহাদের অধীনতা স্বীকার করিল। অনস্তর অম্প দিনের মধ্যে বিধর্মারূপ ধুমোৎপাদক যুদ্ধানল উক্সাইন নামক সমুদ্ধের তীর পর্যান্ত ব্যাপিল।

ঐ সময়ের দুই বংসর পরে খালিদ যে অপসান সহ্য করিলেন তংপ্রাযুক্ত মনোড়ংখে প্রাণ ত্যাগ করিলেন। তিনি স্থরিয়া দেশের যে পরাক্ষয় সাধন করিয়াছিলেন, তাহার প্রশংসা-স্থচক বৃত্তান্ত লিখিবার নিমিতে পঁচিশ সহক্র রোপ্য মুদ্রা দিয়াছিলেন, এবং কোন বিধবা স্ত্রীকে বিবাহ করন সময়ে যৌতুকরাপে অধিক ধন দিয়াছিলেন, এই প্রকার কএকটী কারন বশতঃ তাঁহার বিপক্ষ ওমার তাঁহার প্রতি চৌর্য্য দোষ আরোপ করিয়া তাঁহার পাগড়িদারা গলবস্ত্র করিয়া সাধারন টেটরা পেটকের দারা তাঁহাকে কশাখাত করাইলেন, তাহাতে তিনি লজ্জাতে প্রাণ ত্যাগ করিলেন। সেই স্থরিয়া দেশ বিজ্ঞার সেনাপতির মরনানন্তর তাঁহার, ধনসম্পত্তির অনুসন্ধান হইলে তাঁহার অস্ত্রাদি সজ্জা এবং একটা অশ্ব ও এক ক্রীত দাস ব্যতিরেকে আর ক্রিছই পাওয়া গেল না।

উক্ত স্থরিয়া দেশ যে পাঁচ বংগরের মধ্যে মুসলমানদের কর্তৃক পরাজিত হইল, ইহার প্রধান কারণ এই যে ভিন্নং নগরের লোকেরা একপরামর্শ না হইয়া ও পরস্পর সাহাযা না করিয়া কেবল আপনং নগরের চিন্তা করত শক্রদের সহিত ভিন্নং নিয়ম করিল। মহম্মদি লোকেরা ঐ সকল নিয়ম রক্ষা করিল, এবং বার্ষিক কর লঘু করিল। আর যাহারা মহম্মদীয় ধর্ম্ম গ্রাহ্য করে তাহাদিগকে ভাতা বলিয়া সেই কর দান ক্ষমা করিল। এই প্রকারে খ্রীষ্টীয়ান লোকের মধ্যে অনৈক্য উৎপন্ন করাতে মহম্মদীয় লোকেরা খড়নদারা যাহা সাধন করিয়াছিল, তদপেক্ষা ছলেতে অধ্বিক সাধন করিল। ওমার খ্রীষ্টীয়ান লোকদের প্রতি কটিন ব্যবহার করিতেন না, বরং খ্রীষ্টের প্রতি সমাদর করিয়া এক বার নৈংলেহমস্থ তাঁছার জন্মন্থানে গিয়া প্রার্থনা করিলেন।

সম্পৃতি পারস্য রাজ্যের কথা পুনর্কার উল্লেখ করা যাইতেছে। সাদাইন নগর মুসল্যানদের হস্তগত হইলে পরে তাহার। হামাদান নামক নগর জয় করিল। উক্ত স্থান অতি र्थ्सकारन ट्रेंच्येत तांनीत अन्नज्ञि हिन। अभतं भातमीक সৈন্যেরা আদরবয়জান নামক প্রদেশহইতে বহিষ্কত হইলে তাহাদের রাজা তেহরাণের নিকটবর্ত্বি রেয়ী নগরে পলায়ন করিলেন। অনস্তর করাৎ ও তিগ্রিস এই দুই নদীর মধ্যবর্ত্তি रमम्भाजां स्थापक अप्तम मूमनमान प्रत अधीन रहेल তাহারা খুষিস্থান নাম্ক অঞ্চল 'আক্রমণ করিতে লাগিল। তথাকার অন্তর নামক দৃঢ় নৃগর ছয় মাস পর্যান্ত বৃথা অব-রুদ্ধ হইল, পরে এক জন পারসীক বিশাস্থাতকতা পূর্বক আরবিদিগকে কোন স্বড়ঙ্গ দেখাইলে তাহারা নগরে প্রবেশ করিয়া তাহা হস্তগত করিল। তথাপি হর্ম্মধাণ নামক সেনাপতি তখনও দুর্গরক্ষা করত কহিলেন, যদি তোমরা আমাকে অভয় দান দিয়া তোমাদের প্রধান অধ্যক্ষ ওমারের নিকটে লইয়া যাও, তবে আমি এই দুর্গ তাঁহার হস্তে সমর্পণ করিব। ভাহাতে তাহারা সমত হইলে তিনি দুরবর্ত্তি মেদীনা নামক নগরে নীত হইয়া এক দিন অতি স্থন্দর বেগুনীয়া রঙ্গের রাজ-বস্ত্র পরিহিত হইয়া মস্তকে রাজমুকুট দিয়া ওমারের সহিত সাক্ষাৎ করিতে গেলেন। তংকালে ওগার অতি সামান্য লোমজ বস্ত্রে বস্ত্রাহ্বিত হইয়া একটী মসজীদের দার সমীপে ভিক্ষকদের জনতার মধ্যে নিদ্রিত ছিলেন। অতএব উনি মুসলমানদের প্রধান অধ্যক্ষ, এই কথা সমভিব্যাহারি লোকদের প্রমুখাৎ অবগত হইয়া হর্মুয়াণ অতি আশ্চর্য্য জ্ঞান করিলেন। পরে ওমার জাগ্রং হইয়া তাঁহার নামাদি পরিচয় শুনিবামাত্র আপন मिक्रिनिश्त विलिल्ल, উरांत थे! मकल मुक्रोनि मिथा मञ्ज्रा

অপনয়ন কর। অনন্তর হর্ম্বাণকে কথা কহনের অনুমতি দিলে তিনি জিজ্ঞাদা করিলেন, আমি মৃত লোকের মত, কি জীবং •লোকের যত কথা কহিব ? ওমার উত্তর করিলেন, জীবৎ লোকের মত। তাহাতে তিনি পুনর্স্কার কহিলেন, তবে আপনি আমাকে ক্ষমা করিলেন ? ওমার প্রাত্যুত্তর করিলেন, ক্ষমা করিব কেন ? ভোমার দারা কত বিশ্বাসি লোকের মৃত্যু হইয়াছে! অবশ্য তুমি প্রাণদণ্ডের যোগ্য। ইহাতে. হশু্বাণ নিবেদন করিলেন, তবে স্ত্যুর পূর্বে পানার্থে আমাকে কিঞ্চিং জঁল দিতে আজ্ঞা হউক। ইহাতে ওমার সম্মত হইলে অনুচরদের মধ্যে এক জ্বন এক বাটি জল আনিল। অনস্তর হর্ম্মাণ আর বার জিজ্ঞানা করিলেন. যাবৎ আমি এই জল পান না করি, তাবৎ আপনি না আমার প্রাণ রক্ষা করিবেন? তাহাতে ওমার, অবশ্য করিব, বলিলে হর্মাণ তৎক্ষণাং সেই জল ভুমিতে ঢালিয়া কুহিলেন, এই জল ভূমিহইতে আর উচিবে না, স্তরাং আমার দারা কখন ইহার পান হইবে না; অতএব আপনি যদি ন্যায়বান ও সত্যবাদী ভূপতি হন, তবে আমার প্রাণ রক্ষা করিবেন। এই কথা শুনিয়া ওমার কহিলেন, তুমি যদি মুসলমান হও, তবে রক্ষা করিব। ভাহাতে হদ্মুবান তংক্ষনাং মহম্মদীয় ধর্মা গ্রাহ্ম করিলেন।

প্রায় সেই সময়ে আরব দেশন্ত বাহরী। নামক নগরহইতে এক দল মহম্মদীয় সৈন্য সমুদ্র পার হইয়া ইস্তাথর নামক নগর আক্রমণ করিল; কিন্ত বড় একটা কৃতকার্য হইল না, আর ওাহাদের জাহাজ সকল ঝড়েতে নফ হইলে তাহার। কটে গুলপণে ব্যানগরে প্রত্যাগমন করিয়া রক্ষা পাইল।

জুনস্তর পারসীক রাজা রেয়ীহইতে ইস্পাহান নামক নগবে

গমন করিয়া সেই হতন রাজধানীতে অবস্থিতি করণ কালে অপিন রাজ্যস্থ বিশেষ ২ প্রদেশাধ্যক্ষকে উত্তেজনা করিয়া आतिनिभरक निवादशार्थ यज्ञवान रूउरन श्रेवुङ कतिरलन। ইহাতে অনেক বিলম্ব হইলেও শেষে ভেড় লক্ষ পারসীক সৈন্য একত্র হইল। তৎকালে মুসলমানদের পরাজ্য বড় একটা অসম্ভব ছিল না; কেননা ৬৪০ শালে যে সময়ে তাহাদের এক বৃহং লৈন্য দল মিসর দেশে যুদ্ধ করিতেছিল, সেই সময়ে স্থরিয়া ও ইরাক এই চুই দেশে মহামারী উৎপন্ন হইয়া তথা-कांत्र रिमनामागरखत मभ खारनतं गर्या व्यक्ति खनरक, मर्वाचन চবিশে সহস্র সৈন্যকে নফ করিল। তথাপি মুসলমানের। অধৈৰ্য্য না হইয়া মদীনাহইতে পাঁচ সহস্ৰ জনকে, ও অন্যান্য স্থানহইতে পঁচিশ সহস্র জনকে একত্র করিয়া পারসীক রাজ্যের বিনাম করণার্থে যাত্রা করিল। পারসীক সৈন্যসামস্ত পর্বতিষয় প্রদেশস্থ নেহাবেগু নামক নগরের সমীপে অতি চূঢ় শিবির করিয়াছিল। মুসল্মান্ত্রের সৈন্যাধ্যক্ষ তাহার সম্মুখে শিবির করিয়া নুই মাস বৃথা যাপন করিলেন; পরে অকস্মাৎ স্বদেশে প্রত্যাগমনের আজ্ঞা দিয়া মুদ্ধেতে অনুপযোগি বস্তু সকল শিবিরে রাখিয়া প্রস্থান করিলেন। তাহাতে পারসীকেরা ছল না বুৰিয়া পূলাতক বলিয়া তাহাদের পশ্চাং তাড়না করণার্থে আপনাদের দূঢ় শিবির ত্যাগ করিলে মুসলমান সৈ-ন্যেরা ত্বায় মুখ ফিরাই্থা তাহার্দের সহিত সংগ্রাম করিতে লাগিল, এবং তুমূল সংগ্রাম হইলে তৃতীয় দিনে সম্পূর্ণৰূপে জয়ী হইল। সেই সমরে অস্তাখাতে কিন্তা জলে মগ্ন হওন দারা এক লক্ষ দশ সূহস্র পারসীক্ লোক নফ 'হইলঃ আর তদ্ধারা

পারদীক রাজ্য লুপ্ত হওয়াতে আর্নি লোকেরা সেই সমরকে পরম জয় বলে। সেই যুদ্ধের পরে ফিক্রখাণ নামক পারসীক পেনাপতি পর্বতময় প্রদেশ দিয়া পলায়নকালে অনপেক্ষিত ৰূপে ধরা পড়িলেন; কারণ মধ্বাহি বণিক লোকদের এক কাফীলাদারা তথাকার সন্ধীর্ণ পথ রুদ্ধ হইয়াছিল; তয়িমিত্তে আরবি লোকেরা বলিয়া থাকে, পরমেশরের সৈন্যসামস্তের মধ্যে মধুও সেনাৰূপে গণনীয়। অনস্তর মদীনাতে প্রবাসি পুর্বোক্ত হদ্মবাণ ওমারকে কহিলেন, পারস্থ রাজ্যের ইস্পা-হান নামক অঞ্চল মন্তক্ষৰূপে, এবং রেয়ী ও আদরবর্মজান তুই চরণস্বৰূপ, এবং কার্স ও কর্মীণ তুই হস্তস্বৰূপ, অতএব পারস্য রাজ্যু সম্পূর্ণৰূপে বুশীভূত না করিলে মুসলমানেরা নির্ব্বিত্নে থাকিতে পারিবে না। ওমার ইহা বুঝিয়া যুদ্ধ করি-তে ক্ষান্ত 'হইলেন না। প্ৰথমতঃ ৬৪৪ শালে 🛊 মন্তক্ষৰপ है ज्ञाहीन नगत, ववर किक्षिर भरत कमान श्राम ७ उरभरत ভারতবর্ষের সীমাস্থিত সেক্ষেম্থান ও মেক্রাণ নামক চুই অঞ্চল म्जलमान्दानत रस्त्रभठ रहेल। मिक्कान अक्ष्टलत तकार्थ সিন্ধুদেশহইতে এক সৈন্যদল গিয়াছিল, এবং উক্ত সিন্ধুদেশের রাজা যুদ্ধে হত হইয়াছিলেন; তাহাতে মুসলমানদের সেনাপতি একেবারে সিন্ধু নদীর তীর পর্যান্ত অগ্রসর হুইতে ৰাঞ্ছা করি-লেন; কিন্তু ওমার উঁহোকে বারণ করিলেন। কারণ এক জ্বন দৃত তাঁহাকে বলিয়াছিল, ঐ দেশের সমভূমিও পুর্বতিময়, ও ভন্নিবাসি লোকেরা যুদ্ধবীর; তথায় জলের ও শস্মের ও ফলের অভাব; অতএব ক্ষুদ্র দৈন্যদল শত্রুদারা, এবং বৃহৎ সৈন্যদল কুধা, তৃঞ্চাদারা, ন্ট • হইবার সম্ভাবনা আছে; এবং অগ্রে

যে প্রদেশ সে আরো কুৎসিত। ন্যানাধিক সেই সময়ে দেরাব-জর্দি ও সিরাস নামক চুই নগর পরাজিত হইল। এবং কোন পারসীক লোকের বিশ্বাস্থাতকতাদারা রেয়ী নগরও মুসলমান-দের হস্তগত হইল। তৎপরে কোঁকাসস পর্বতের নিকটবর্ত্তি তিফুিস ও কোকান প্রভৃতি নানা দেশ অবিলম্বে ওমারের অধীন হইল, এবং তথাকার অনেক লোক মহম্মদি ধর্ম্ম গ্রাছ করিল, কারণ কিছু দিন পর্যান্ত তাহারা মুসল্লমানদিগকে স্বর্গীয় দুত বলি-য়া অমর জ্ঞান করিত। পরে এক দিবস তীরাঘাতে এক জন মুস-লমানের প্রাণবিয়োগ হইলে তাহাদের মর্ত্ত্যতার প্রমাণ পাওয়াতে তাহাদের সহিত খোরতর ধৃত্ব করিতে লাগিল। ইতিমধ্যে পার-সীক ভুপতি পলাতক হইয়া আদে খস্ত্ৰ যে পৰ্বতময় দেশহইতে নির্গত হইয়া পারসীক সামাজ্য স্থাপন করিয়াছিলেন, সেই দেশে মেৰপাল্কদের মৃধ্যে আশ্রয় লইলেন। পরে তথাহইতে মেরু দেশে গিয়া ভুরুক ও চীন লোকদের সাহায্য প্রার্থনা করিলেন, কিন্তু তাঁহার চেষ্টা নিক্ষল হইল। পরে তিনি বালখ নগরে আশ্রয় লুইলেন; এবং মুসলমানেরা তাহাও আক্রমণ করি-লে অক্লস নদী পার হইলেন। তথাকার তুরুক রাজা আপন সৈন্য সামস্তের দারা তাঁহার সাহায্য করিলেন, কিন্তু বিংশতি সহস্র মহম্মদি সৈন্যদারা হুরক্ষিত মেরবেরদ নগর হস্তগত করা তাহাদের অসাধ্য হওয়াতে ঐ তুরুকেরা রাজ্যচ্যুত বিদে-শির পক্ষে যুদ্ধ করিতে অসমত হইয়া পুনর্কার অকসস নদী পার হইল। তথাপি কএক বংসর পরে তিনি মহম্মদিদিগের বিদ্রোহি থরাজ্ঞান দেশীয় লোকদের অগ্রগামী হইলেন; পরে রাজজোহিদের পরাজয় হইলে, পলায়ন কালে শস্ত পেষ্ণ

ব্যবসায়ি কোন লোকের গৃহে অতিথি হইয়া রাত্রি যাপন করেন। সেই ব্যক্তি তাঁহার স্থন্দর বস্ত্র দর্শনে তাঁহাকে ধনি জানিয়া লোভে মুগ্ধ হইয়া তাঁহার শিরশ্ছেদন করিল, পরে যে জলস্রোতের বেগে তাহার যাঁতা ঘুরিত, তম্মধ্যে তাঁহার শব নি-ক্ষেপ করিল। ৬৫০ শালের ২৬ আগষ্ট তাঁহার মৃত্যু হইল। তাঁহার যে দুই কন্যা ধরা পড়িয়াছিলেন, তাঁহাদের মধ্যে এক জন আলির, এবং দ্বিতীয়া আবুবকরের পুত্রবধূ হইলেন।

এই বাপে পারসীক রাজ্য লুপ্ত হওয়াতে পারস্য দেশের পুরাতন ধর্মমত অর্থাৎ স্থাব্যের ও অগ্নির সেবা রহিত হই-তে লাগিল। দানিয়েল ভবিষ্যদক্তার সময়াবধি, বরং তাঁহার পুর্বাবধি ঐ দেশে সেই মত প্রচলিত ছিল। তনিবাসি লোকেরা তাহাতে অতি দৃঢ় বাপে আসক্ত হওয়াতে, এবং আরবদেশের দূরতা প্রযুক্ত আপন পর্বতময় দেশের রক্ষা সহজ্ঞ জ্ঞান করাতে বারহ মহম্মদি লোকদের বিরুদ্ধে রাজদ্রোহ করিত, এই কারণ মুসলমানেরাও তাহাদের প্রতি অতি নির্দিয় ব্যবহার করিত। তাহাতে অবশিষ্ট অগ্নিপুষ্ককদের মধ্যে অনেকে বিদেশে প্রবাস করা আবশ্যক জানিয়া স্বদেশ ত্যাগ করিল; তাহাদের বংশোদ্ভর পারসি লোকেরা বোম্বাই ও কলিকাতা প্রভৃতি ভারতবর্ষের নানা নগরে অদ্যাপি বাস করিতেছে।

তাৎকালিক কনন্তান্তীনপুরস্থ রাজ্ঞগণ কর্ত্বক নিযুক্ত দেশা-ধ্যক্ষেরা অভি লোভী ও প্রজাপীড়ক ছিল, বিশ্বেতঃ যে ২ দেশের প্রীষ্টীয়ান লোকেরা রাজ্ঞার অনুগৃহীত ধর্মানিক্ষা-হইতে ভিন্ন ধর্মানিক্ষাকে . গ্রহণ করিয়াছিল, সেই২ দেশস্থ প্রজাদিগের প্রাক্তি আত্যন্তিক দৌরাত্ম্য প্রকাশ করিত। সতএব গ্রীক রাজ্যন্ত প্রজ্ঞা থাকা অপেক্ষা বরং মহম্মদি লোকদের অধীন হওয়া আমাদের মঙ্গল, ইহা ভাবিয়া ঐ সকল প্রজ্ঞারা দেশ আক্রমণ করিতে আরবিদিগকে আখাস দিতে লাগিল। ইহার বিশেষ উদাহরণ মিসর দেশে প্রকাশ পাইল।

মিসর দেশে অতি পুর্বব কালাবধি কপ্ত নামক লোকেরা বাস করিত। প্রেরিতদের সময়াবধি তাহাদের মধ্যে খ্রীষ্ট-ধর্মা ব্যাপ্ত হইয়াছিল। পরে এপিক রাজ্যন্থ প্রীষ্টীয়ান লোক-দের মধ্যে খ্রীফের স্বভাব ও ইচ্ছাবিষয়ক বিবাদ বার ২ উৎ-পম হইলে এক পক্ষের লোক বলিতে লাগিল, খ্রীষ্টের ঈশ্ব-রীয় ও মানুষিক দুই স্বভাব ও দুই ইচ্ছা ছিল; অন্য পক্ষের লোকেরা কৃহিত, তাহা নহে, কেবল এক স্বভাব ৪ এক ইচ্ছা ছিল। এই দিতীয় দলকে মনফিসাইত (অর্থাৎ একসভাব) বলা যাইত 1° তাৎকালিক রাজা প্রথম দলতুক্ত হওয়াতে রাজ-পুরুষেরা এই দ্বিতীয় দলভুক্ত সকলের প্রতি দৌরাত্মা করিত। পুর্ব্বোক্ত কপ্ত লোকেরা সকলে মনফিসাইত ছিল; কিন্তু মিসর দেশের প্রধান ২ নগরে যে সকল গ্রীক লোকেরা বাস করিত, তাহারা সঙ্গাতীয় গ্রীক রাজার পক্ষ ছিল। এই প্রকারে मिह एम अरेनका ध्येयुक विम्थल इहेश हिल। धमन नमरश আয়ত্ত নামক স্থারবি সেনাপত্তি \* ঐ দেশের অবস্থা জ্ঞাত

<sup>\*</sup> আমক্রর অতি আশ্র্য্য পুরুষত্ব ছিল। এক দিন ওমার ভাঁছার তরবাল দেখিতে চাহিলে আমক অতি সামান্য তরবাল দেখাইয়া বলিলেন, "বামির বাহু ভিন্ন অন্য কোন বিষয়ে ভারেজদ্ক কবির খলা অপেক্ষা এই খলা কিছুই শ্রেষ্ঠ নহে।" উক্ত কবি তরবালের উৎকৃষ্ট বর্ণনা করিয়াছিলেন, কিন্তু মুদ্ধে কাপুরুষের ন্যায় ব্যবহার করিতেন।

ছওয়াতে ৬৩৯ শালে অর্থাৎ স্থরিয়া দেশের পরাজ্ঞয়ের পরে ওমারের নিকটে মিসর দেশ আক্রমণের অনুমতি প্রার্থনা করি-रलम । তৎकारल खांगळूत अधीन रेमनारमत मः था हाति महस्र মাত্র ছিল; অতএব ওমার মিসর দেশের আক্রমণ সংশয়ের বিষয় জ্ঞান করিয়া তাঁহাকে এক পত্র লিখিলেন; সেই পত্রের সার এই, মিসর দেশের সীমা উল্লঙ্গনের অগ্রে এই পত্র না পাইলে তুমি মিসর দেশ আক্রমণ করিবা, কিন্তু অগ্রে পাইলে ক্ষাস্ত হইবা। আমরু উক্ত দেশের সীমাতে পত্র পাইয়া তাহার তাৎপর্য্য বিষয়ে সন্দিঞ্ধ • ছইয়া অত্যে সীমা উল্লক্ষ্য করিলেন, পশ্চাৎ পত্র খুলিয়া পাঠ করিলেন, স্থতরাং আপনার সেনা-পতিদিগকে বলিতে লাগিলেন, এই রাজপত্রানুসারে অগ্রসর হইয়া মিসর দেশ হস্তপত করা আমাদের উচিত। পরে তিনি নান! যুদ্ধে জয়ী হইয়া নীল নদীর পুর্বতীর পর্যান্ত অগ্রাসর হইলেন। পশ্চাৎ বারো সহস্র লোকদারা ভাহার সৈন্যসাম-স্তের বৃদ্ধি হইলে মেন্ফিস নামক পুরাতন রাজ্ঞধানীর নিকটবর্ত্তি দুর্গ সাত যাস অবরোধ করিয়া অনেক ক্ষতির পরে,শেষে হস্তগত করিলেন। পরে পুনঃ ২ জয়ী হইয়া ৩৪১ শালের শেষে অতি প্রসিদ্ধ বাণিজ্যস্থান সিকন্দরীয়া নগরে প্রবিষ্ট হইলেন।

তংকালে সিকন্দরীয়া নগর কেমন বৃহৎ ছিল, তাহা নিমে লিখিত কএকটী লক্ষণদারা জানা যায়। তথায় চারি সহস্র দানাগার ও কারি শত রঙ্গভূমি ছিল, ও ছয় লক্ষ্ণ পুরুষ বাস করিত। তথাকার অতি প্রসিদ্ধ রাজকীয় পুস্তকাগারে পৃথিবীর সর্বাদিগৃহইতে সংগৃহীত সাত লক্ষ্ণ খান হস্তলিখিত গ্রন্থ ছিল; তদ্বিধ্যে সর্বাসারণেই মধ্যে প্রচলিত গণপু মদি প্রমান হয়,

তবে "কোরাণের সহিত যে সকল গ্রন্থ মিলে তাহার রক্ষা নিষ্পুরোজন, এবং যে না মিলে তাহার রক্ষা ধর্মাবিরুদ্ধ," জা-মরুর এমত বিচারাজ্ঞানুসারে ঐ সকল গ্রন্থ মুসলমান লোকদের কর্ত্ব জ্বালানি কার্ছের ন্যায় ভস্মসাং হইবার নিমিন্ত বিক্রীত হয়; তাহাতে তদ্ধারা ছয় মাস পর্যন্ত পুর্বোক্ত চারি সহস্র শ্বানাগারের জল তপ্ত করা যাইত।

ঐ মিসরদেশস্থ বাবিলোন নামধ্ব দুর্গ অবরোধ করণ সময়ে আমরু কন্তল নামক যে স্থানে আপনার ভাস্বু কেলিয়াছিলেন, ভাহার পার্শ্বে প্রথমে এক মসন্ধাদ, পরে ক্রমে ২ এক নগর নির্দ্দিত হইলে অবশেষে কাহীরা নামক এক মহা নগর উৎপন্ন হইল। ওমারের এমত ইচ্ছা ছিল না যে উাহার অনুগামি লোকেরা ভূম্যধিকারী হইয়া কোন বিশেষ স্থানে সর্বাদা বন্ধ থাকে, বরং ভাহারা ঘাহাতে যুদ্ধ্যাত্রা করণার্থে নিরন্তর প্রস্তুত থাকে, এই ওাঁহার চেন্টা ছিল, এবং বিদেশ জয় করণদারা মহন্দ্রীয় ধর্ম্ম বিস্তারিত করণার্থে তিনি অপরিমিত অর্থ ব্যয় করিতেন।

মিসরদেশ আরবি লোকদের শস্তভাগুরিষরপ হইল, বিশেষতঃ অলপকাল পরে আরব দেশে অতি ভয়ানক চূর্ভিক্ষ উপস্থিত হইলে এও উষ্ট্র মিসরদেশে ধান্য বোঝাই করিয়া আরব দেশে গানন করিতে লাগিল, যে কাহীরা অবধি মদীনা পর্য্যস্ত দেড় শত ক্রোশ দীর্ঘ এক অভগ্ন উষ্ট্র জ্রেলী দেখা ঘাইত। পরে শস্ত আনয়নের আরো সহজ্ঞ উপায় করণার্থে নীল নদী অবধি আরবি সমুদ্র তীর পর্যাস্ত বিস্তারিত যে প্ররাতন খাল বালুকা-দারা আবদ্ধ হইয়াছিল, ওমার তাহা পরিষ্কার করাইলেন।

ভাছা ম্যুনাধিক চল্লিশ ক্রোশ দীর্ঘ, তথাপি তাঁছার সৈন্যগন এক বৎসরের মধ্যে তাহা পরিষ্কার করিল। তদবধি এক শত বংসর ব্যাপিয়া ঐ খাল নৌকা গমনের হুগম পথ থাকিল, পরে শাসনকর্ত্তাদের অমনোযোগ প্রযুক্ত পুনর্বার বালুকাময় হইল। প্রথমে খ্রীফের পুর্বের ৬১৫ শালে মিসর্দেশের সামীতিখস নামক রাজা ভুমধ্যস্থ সমুদ্রের সহিত আরবি সমুদ্র সংযুক্ত করনার্থে ঐ খাল খনন করিয়াছিলেন।

অনস্তর আমক অবিলম্বে মিসর দেশহইতে পশ্চিমদিণে গিয়া বর্বর লোকদিগের দেশ আঁক্রমন করিতে প্রবৃত্ত হইলেন। মহ-মুদি লোকদের পুরুষপরম্পরাগত প্রমাণানুসারে সেই বর্বর লোকেরা প্লর্ফের কিনান দেশে বাস করিত, পরে দায়ুদকর্তৃক ভাহাদের জ্বাল্ও নামক রাজা হত হইলে তাহারা আফ্কিদেশে গমন করিয়া বসতি করিয়াছিল। আসক্তর সময়ে তাহারা গ্রীক রাজ্যের অধীন ছিল, কিন্তু মুসলমানদিগকে কর দিতে অনায়াসে সম্মত <mark>হইল। পরে বারকা ও ত্রিপলী নগর আমরুর বশীভূত</mark> হইল; তথাপি ত্রিপলীর নিকটে ক্রমাগত কএক'দিন ব্যাপিয়া প্রভাহ সংগ্রাম হইত, কেবল মধাাহ্ন সময়ে চুই পক্ষের সৈন্যগণ ক্ষান্ত হইয়া বিশ্রাম করিত। সেই সময়ে গ্রীক লোকদের এক लक विश्वि महस्य अन, ও মুসলমানদের চল্লিশ সহস্ৰ अन टेमना हिल। এक पिराम महस्मपीय रमनांगन मधार्क्त काटन विद्यास-কারি গ্রীকদিসকে অকস্মাই আক্রমণ করিয়া পরাভায় করিল। পরে যে কেহ মহম্মদীয় সেনাপতিকে বধ করিবে, তাহাকে আমি এক লক্ষ স্বর্গুদ্রা দিব, ও তাহার সহিত আমার কন্যার বিবাহ দিব, গ্রীকদিগের সেনানায়ক এই পণ করিলে আসরু আপন সৈন্যদিগের মধ্যে এই কথা ঘোষণা করাইলেন, যে কেছ এ প্রীক সেনাপতিকে বধ করিকে সে তাহার কন্যাকে পাইবে; তাহাতে এক জন মুসলমান ঐ সেনাপতিকে বধ করিয়া তাহার কন্যাকে প্রাপ্ত হইল।

তাৎকালিক ওয়ার নামক কালীফ পরাজিত নগর নিবাসি অন্য মতাবলম্বি প্রজাদিগের প্রতি অতি ভয়ানক দৌরাঝ্য করিতেন, কারণ তাঁহাদিগের দেয় কর্ম্বারা স্বজাতীয় আরবি লোকদিগকে ধনাচ্য করিতে তাঁহার অভিপ্রায় ছিল। তাঁহার আজ্ঞানুসারে কূফা নগরের অধ্যক্ষ তথাকার শিশ্পকরদের নিকটে প্রত্যেকের নৈপুণ্যানুসারে দৈবসিক কর আদায় করিতেন; তাহাতে কি-রোজ নামে এক ব্যক্তির নিকটে প্রত্যক চুই তিন সিকি কর চাহিবার আজ্ঞা হইলে সেই দুঃখী মদীনাতে গিয়া দেশাধ্য-ক্ষের লোভ বিষয়ে ও্যারের নিকটে নিবেদন করিল। ওমার ভাহার কথাতে মনোযোগ না করিয়া ভাহাকে কহিলেন, ভূমি না কি বায়ুচালিত পেবণীযন্ত্র প্রস্তুত করিতে পার? আমার জন্যেও একটা নির্মাণ কর। তাহাতে ফিরোজ উত্তর করিল, পর্মেশ্র যদি আমাকে বাঁচান, তবে আগি এমন এক পেষণী যন্ত্র নির্মাণ করিব, যাহার নাম গুনিলে পুর্বাও পশ্চিম দিক্স্থ ভাবং দেশ নিবাসিরা আশ্চর্য্য জ্ঞান করিবে। ভাহাতে ওমার তাহাকে বিদায় করিলেন। কিছু দিন পরে প্রতিঃকালে মস্-জীদে তাঁহার গমন সময়ে সেই ফিরোজ প্রাক্তন দণ্ডায়মান মুসল্মান লোকদের প্রথম শ্রেণীতে দাঁড়াইয়া ওগারকে নিকটবন্তী দেখিবামাত্র লক্ষ্ দিয়া দ্বিধার খড়নদারা তাঁহাকে ক্ষতবিক্ষত তংগারে ওমার অতি অণপ দিবসখাত্র বাঁচিলেন। क तिन।

তিনি কালীকের পদে নিযুক্ত করণার্থে আপনার কোন জ্ঞাতিকে মনোনীত করিলেন না, আরু শেষে অথমান সেই পদ প্রাপ্ত • হইলেন।

মহম্মদের যত বন্ধু ও শিষ্য ছিল, সেই সকলের মধ্যে ওমার সর্ব্বাপেক্ষা দৃঢ়প্রতিজ্ঞ। তাঁহার অতি কটিন স্বভাব ছিল। তাঁ-হারই পরামর্শানুসারে মহম্মদ আপন ভার্য্যাদিগকে বদ্ধ রাখিতে ও দ্রাক্ষারস পান নিষেধ করিতে প্রবৃত্ত হইয়াছিলেন। আর ওমারের পুত্র দ্রাক্ষারদ পানে দোষী হইলে পিতার আজ্ঞানুসারে মস্জীদের মধ্যে কশাখাতে হত হইলেন। এবং ওমার অপিনার অধীন দেশাধ্যক্ষদিগকে অশ্বারোহণ করিতে কিম্বা ফুন্দর বস্তু পরিধান ক্রিতে কিম্বা স্থক্ষ স্বজির রুটী ভক্ষণ করিতে নিষেধ कतित्तान। मिहे प्रभाषाक्रापत यक्ष अवश्री हिल, छोहां धहे উদাহরণধারা বুঝা যায় ৷ ইমিষা নগরের অধ্যক্ষ কেবল অপরাহ সময়ে লোকদের নিবেদন শুনিতেন, এবং রক্ষনীতে কাহাকেও আপনার নিকটে আসিতে দিতেন না; তাহাতে নগরের লো-কেরা তাঁহার নামে অভিযোগ করিলে তিনি দোৰ প্রকালনার্থে এই উত্তর দিলেন, রাত্রিতে আমি কোরাণ পাঠ করিয়া থাকি; আর আমার কোন ভূত্য নাই, এই কারণ প্রাতঃকালে আমাকেই প্রয়োজনীয় আহারার্থে ময়দা ছানিয়া রুটী প্রস্তুত করিতে হয়।

ওমার যদ্যপি অতি বিস্তারিত রাজ্যের ভূপাল ছিলেন, তথাপি খর্জ্জুর কল ও যবের রুটী প্রভৃতি অতি সামান্য দ্রাব্য আহার করিতেন। দুই খান বন্ধ কখনও ধারণ করিতেন না। ক্থম ২ তিনি মদীনা নগরস্থ মসজীদের সোপানে ভিক্কুকদের মধ্যে শয়ন করিয়া রাত্রি,যাপন ক্রিভেন, এবং নিজু বুটীতেও কেবল খর্জুর পত্র নির্মিত তাঁহার শযা ছিল। এক বার জিনি খালিদ নামক প্রসিদ্ধ সেনাপতিকে অবেশাভিলাধী বলিয়া জুতা মারি-লেন। এমত কৃপণ হইলেও তাঁহার সপ্ত ভাষ্যা ছিল। যে ব্যক্তি প্রথমে উট্টারক ছিলেন, শেষে তাঁহার এমত পরাক্রম প্রাপ্তি বড় আশ্চয্যের বিষয়। তাঁহার অধীন সৈন্যগণ ছত্রিশ সহস্র নগর ও দুর্গ হস্তমাৎ ও চারি সহস্র খ্রীফ্রীয় ভঙ্কনালয় ভশ্মসাৎ করিয়াছিল, এবং স্থরিয়া ও পারস্যাও মিসর দেশ পরাক্ষয় করি-য়াছিল, তাহাতে তাঁহার প্রাণ প্রয়াণ সময়ে সিন্ধু নদী অবধি ত্রিপলা পর্যান্ত এবং বাব-ইল-মাণ্ডিল স্বর্যাধি কৌকাস্স পর্বত পর্যান্ত মহম্মদীয় রাজ্য বিস্তারিত ছিল।

## ---

## তৃতীয় অধ্যায়। অথমান কালীফের কথা।

ওমাবের চবমকালে আলিকে কালীকের পদে নিযুক্ত করনের কণা ছিল; কিন্তু তিনি আবুবকরের এবং ওমারেব
ব্যবহারানুসারে দেশ শাসন করিতে অসম্যতি প্রকাশ করাতে
ক্রেগ্রাহা হইলেন। ওমার মহম্মদের সঞ্চিদের মধ্যে ছয়
জনকে মনোনীত করিয়া এই আল্লী দিয়াছিলেন, তোমরা
আপনাদের মধ্যে যাহাকে সেই পদের যোগ্যপাত্র জ্ঞান কর,
ভাহাকেই নিযুক্ত কর, তিনিই কালীক হইনেন। অনন্তর তাঁহারা দুই দিন পর্যান্ত পরস্পার বিবাদ করিলে পরে ভৃতীয়
দিবসে অনাহারে গৃহমধ্যে বন্ধ থাকিবার ভয় পাইয়া মহম্বের জামাতা অথ্যানকে নিযুক্ত করিলেন্।

;

লেই অধ্যান মিসর দেশ বিজয়ি আমত্রকে অপদস্থ করিয়া আপনার প্রিয় কোন ব্যক্তিকে সেই দেশের অধ্যক্ষ ৰাপে নিৰুক্ত করিলে মিসর দেশ নিবাসি গ্রীক লোকেরা ক্ষম্ভান্তীন্পুর্হইতে আগভ নাবিক্ট সৈন্যের সাহায্যে রাজ-ट्राष्ट्री इरेग्ना निकम्पतीया नगत पूजनगान एवत कर्जुक्टरेट মুক্ত করিল, কিন্ত অবিলয়ে ঐ দেশজাত কণ্ড লোকদিগের প্রতি পুর্ববং ভয়ানক দৌরাত্ম করাতে উক্ত কপ্ত লোকেরা ভাহাদিগের প্রতি বিদ্রোহ করিতে লাগিল। ইতিমধ্যে আ-মরু পুনরায় সেনাপতির পর্দে নিমুক্ত হইয়া, যাবং গ্রীক ও কপ্ত লোকদের অনৈক্যমারা উভয় পক্ষের অনেক ক্ষতি ना खत्म, जांवर विलय कतिरलन ; शत्त कश्च लांकरमत लांर-নাহুসারে গ্রীক লোকদিগকে আক্রমণ করিলেন; ভাহাতে নীল নদীর তীরস্থ মুদ্ধে গ্রীক লোকেরা পারাজিত তইলে আমরু অবিলম্বে তাহাদের পশ্চাৎ ২ যাইয়া সিকন্দরীয়া নগর হস্তগত করিয়া ভাষার প্রাচীর ভূমিসাৎ এবং সহস্র ২ লোককে বধ করাইলেন; কারণ তিনি-ঞ্ প্রাসন্ধ নগরকে বেশ্যালয়ের সমান করিতে প্রতিজ্ঞা করিয়াছিলেন। কিছু কাল পরে গ্রীকদিগের নাবিক সৈনাও পরাজিত হইল। তৎপরে মুসল্মানেরা মি-সর দেশহইতে পশ্চিমে গিয়া কার্থান্ত প্রদেশের অধ্যক্ষ গ্রে-গরির সহিত যুদ্ধ করিতে লাগিল। উক্ত ব্যক্তি জ্ঞাপনার কর্ত্তা গ্রীক রাজার অধীনতা অস্বীকার করিয়াছিলের 🗓 তাঁহার এক লক বিংশন্তি সহস্র সৈন্য ছিল, উথাপি তিনি হুখভোগে আসক্ত হওয়াতে শত্রুদের বিংশতি সহস্র সৈন্যকে নিবারণ क्रिड अमगर्थ इरेलैंग । महमुनीयुम्द्र मरशु প্রত্যেক পদাতিক

সৈন্য লুটিত দ্রব্যের অংশক্রপে এক সহস্র রৌপ্য মুদ্রা, ও প্র-ত্যেক অখারোহি সৈন্য তিন সহস্র রৌপ্য মুদ্রা প্রাপ্ত হইল।

অনন্তর পারস্থ দেশের কোন্থ অঞ্চল নিবাসি লোকেরা বিদ্রোহী হইলে তাহাদিগকে পুনরায় বশীভূত করা আবশ্যক হইল। অপর মহমাদীয়েরা কুপ্র (কিম্বা সাইপ্রস) এবং (तामम **এ**ই फूरे उंभद्दीश करांधीन कतिन, **এ**वर क्रीेंडी छ মान्छ। উপদ্বীপ আক্রমণ করিল। রোদস নগরে স্থ্রিদেবের কলসদ নামে অতি প্রকাশু পিতলময় প্রতিমা ছিল; ভাহা সত্তরি হস্ত উচ্চ, এবং তাহায় পাদন্তয়ের মধ্যদিয়া জাহাজ গমনাগমন করিত। তৎকীলে তাহা আর দণ্ডায়মান ছিল না, কারণ কোন ভূমিকম্পে তাহার পতন হইয়াছিল, কিন্তু আরবিরা সেই প্রতিমা লইয়া গেল। অপর পারদীক লোকেরা আপনাদের দেশে মহম্মদীয় সৈন্যের অপ্সতা দেখিয়া আর বার বিদ্রোহ করিল; তাহাতে যে সংগ্রাম উপস্থিত হইল, ज्याद्या कान विष्य नगदतत लोकप्रियत निकटि महमापि সেনাপতি এই প্রতিজ্ঞা করিলেন, আমি তোমাদের এক জনকে বধ করিব না। পরে নগরের লোকেরা তাঁহার এই কথা শুনিয়া अधीन जा श्रीकांत कतित्व जि.नि नकनत्करे वध कतारेश किटलन, আমি এক জ্বকে বধ করিব না, এই প্রতিজ্ঞা করিয়াছিলাম; কিন্তু অনেককে বধ করিব না, এমত প্রতিক্তা করি নাই।

অথমানের অধিকার কালে এক শুক্তর কর্মাণ নিষ্পান্ন হই-য়াছিল। তৎকালে কোরান গ্রন্থের ভিন্ন ভিন্ন অনুলিপির না-না স্থানে ভিন্ন ভিন্ন পাঠ প্রকাশ পাইতে লাগিল, আর মহম্মদ অ্রো যে সকল, শ্রোক কঠন্থ ক্রিতে আগনার অনুসামিদিগকে করিছাছিলেন, পশ্চাও তাহার মধ্যে কোন কোন শ্লোক লিপিবদ্ধ করিতে নিষেধ করিয়াছিলেন। ইহাতে অশেষ বিবাদ উৎপন্ধ হওয়াতে অধ্যাদ কোরানের একটা শুক্ত অনুলিপি প্রস্তুত করনের ভার আপনার বারো জন অনুগামিকে সমর্পন করিলেন। পরে ঐ সংশোধিত গ্রন্থের সহিত যে যে অনুলিপির সম্পূর্ন ঐক্য ছিল না, সে সকলই দক্ষ হইল। অদ্যাপি কোরানের যত অনুলিপি আছে, সে সকলই দক্ষ হইল। অদ্যাপি কোরানের যত অনুলিপি আছে, সে সকলি ঐ গ্রন্থের সহিত মিলে। বারো শত বৎসর গত হইলেও সেই সকলের মধ্যে যে ঐক্য আছে, তাহা অতি আম্বর্য ; এবং অন্য কোন পুরাতন গ্রন্থে তাদৃশ্ শুদ্ধতা পাওয়া যায় না।

কৃষা প্লাদেশের শাসনকর্ত্তা মদ্যপানে দোষীকৃত হইয়াছিলেন। অনুপযুক্ত ব্যক্তিদিগকে উচ্চ পদে নিযুক্ত করাতে
অনেক লোক অথমানের প্রতি বিরক্ত হইল, কেনলা তিনি পক্ষাণাত পূর্বক আপনার জ্ঞাতি কুট্রদিগকে উচ্চ পদ দিতেন।
তাহাদের মধ্যে অন্মিয়ার পোল্র আবু সফিয়ানের পুল্র মেরবার
প্রভৃতি অন্মীয়াদ বংশীয়-কৃত্রক জন প্রজ্ঞাদিগের প্রতি দৌরাজ্য
করণদারা যে অপরিমিত ধন সঞ্চয় করিতেন, তাহা হ্বভাগে
ত্বং আপন দলের পরাক্রম বন্ধনে ব্যয় করিতেন।

আর বস্রা ও মিসর এই দুই প্রদেশের যে দুই সাশন-কর্ত্তা পদচ্যত হইয়াছিলেন, তাঁহারা সর্বসাধারণের সাক্ষাতে অতি মান্য ছিলেন, এবং তাঁহাদের সধ্যে এক জ্ঞা মহম্মদের জীবৎকালে তাঁহার বিশেষ বন্ধু ছিলেন। অতএর অনেক লোঁক এই দুই জনের পক্ষ হইয়া রাজদ্রোহী হইতে লাগিল। পরে আল্লিও আইশাতাহাদের সাহায্য ক্রাতে দেই রাজদ্রোহিদের

মধ্যে অনেক লোক নাায় বিচারের আকাজ্ফা খবজা করিয়া गिमत्रहरेट मनीनांट भगन कतिल। (महे मगर्य खालि मधा-স্থালী করাতে তাহারা ক্ষান্ত হইয়া স্বদেশে প্রত্যাপ্রমন করিল।' পর বৎসরে তাহাদের মধ্যে প্রবরায় সহস্র ২ লোক মদীনাতে গমন করিলে অথমান, কিন্তা মেরবাণ নামক তাঁহার প্রধান মন্ত্রী, গিসর দেশে হুতন শাসনকন্তাকে নিযুক্ত করিতে প্রতিজ্ঞা করিলেন; তাহাতে তাহারা সেই বারও প্রত্যাগমন করিতেছিল; ইতিমধ্যে অথমানের প্রেরিত এক জন দুত ধরা পড়িলে তা-হারা তাহার বস্তাদি অনুসন্ধান করিয়া মেরবাণ কর্তৃক লিখিত ও মুদ্রান্ধিত এক রাজপত্র প্রাপ্ত হইল। সেই পত্রদারা অখ-মানের কিম্বা মন্ত্রির দারুণ বিশ্বাসঘাতকতা সপ্রমাণ, হওয়াতে তাহারা রাগান্ধ হইয়া মদীনাতে ফিরিয়া গিয়া মস্জীদের মধ্যে অথমানের উদ্দেশ পাইয়া এমত প্রস্তর মারিতে লাগিল, যে তিনি ভয়েতে আপন গৃহে পলাইয়া গেলেন। অনন্তর তিনি বেচ্ছা পূর্ব্বক কালীফের পদ ত্যাগ করিবেন, নিদ্রোহিরা এমন প্রত্যাশা করিতে লাগিল; পরে সেই আশা নিরর্থক দেখিয়া ছয় মাদ পর্যান্ত তাঁহার বাটী অবরোধ করিলেও খাদ্যের অভাব প্রভৃতি নানা ক্লেশদারা তাঁহাকে বাধ্য করিতে না পারাতে শেষে গৃহে প্রবেশ করিয়া তাঁহাকে বুধ করিল। হত হওন কালে তাঁহার সম্মুখে একখানা কোরাণ গ্রন্থ খোলা ছিল, তাহাও তাঁহার রক্তে লিও হইল। পরে অতি গোপনে সন্মান ব্যতিরেকে তাঁহার সমাধি হইল। তিনি বিরাশী বংসর বয়:-ক্রমে মরিয়াছিলেন, এবং তাঁহার ধনাগারে এক কোটিহইতেও অধিক টাকা পাওয়া গেল।

# চতুর্থ অধ্যায়।

organia servi

#### আলি কালীফের কথা।

অনস্তর আলি নামক 'যে ব্যক্তি কালীক হইলেন, তিনি মহম্মদের জীবংকালে তাঁহার বিশেষ বিশ্বাসপাত্র ছিলেন, এবং সহম্মদ তাঁহাকে আপনার হারোন বলিতেন। তিনি ঐ উচ্চ পদের আকাঞ্জনী ছিলেন মা, এবং তাহাতে নিযুক্ত হইলে পরে অতি শীঘ্র অনেক ক্লেশ প্রাপ্ত হইলেন; কেননা হত অংশানের দল ও জাঁহার বিপক্ষ দল, এই উভয়কে সম্ভুট করা স্বদুষ্কর ছিল। এতদ্ভিন্ন মৃত মহন্মদের আইশা নামী ভার্যা। আলির বিরোধনী ছিলেন। সেই স্ত্রী। মহম্মদের সর্বাপেকা প্রিয়া ছিলেন, এবং মুসলমান লোকেরা কোরানের তুরাই বচ-নের অর্থ বিষয়ে ভাঁহাকে জিজ্ঞানা করিত। যাই গা অথমানকে বধ করিল, আইশা তাহাদের সাহায্য করিয়াছিলেন ; তথাপি অনেকৃ ২ মহম্মদি লোক অথমানের মৃত্যুর প্রতিফল দেওনার্থে অতিশয় উদ্যোগী হইল, এবং তন্নিমিত্তে সর্ব্বসাধারণের মনকে উত্তেজনা দেওনার্থে দমেষক নগরের মসজীদে অথমানের রক্তাক্ত কামিজ উপদেশকের মঞ্চে ঝোলান গেল। অপর বিদ্রোহিগণ বস্রা নগর হস্তসাৎ করিলে ,আলি করাৎ নদীর তীরস্থ কৃষা নগরে বসতি করিলেন; এবং তিনি সহম্মদের कार्याजा, बरे करा अरार्क २ लाक जारात शंक रहेल। किहू কাল পরে তির্নি বিংশতি সহস্র সৈন্য সঙ্গে লইয়া ব্র্রীতে বিদ্রোহিদের বিরুদ্ধে যুদ্ধ যাত্রা করিলেন; তাহাতে তুমুল যুদ্ধ इडेल । विस्ति हित्तर गश्राष्ट्रत्य आहें या यात. आंकण हित्तन,

তাহাতে এত বান বিদ্ধ হইল যে তাহা সন্ধারর তুলা হইল।
আর কথিত আছে যে ক্রমাগত চুই শত আশী জন গীত গাদ
করিতে২ তাঁহার উষ্ট্রের লাগাম ধরিয়াছিল, তাহাদের মধ্যে
প্রত্যেকের হস্ত ছিল্ল কিম্বা প্রাণ নাট হইল; তলিমিত্তে সেই
যুদ্ধকে উষ্ট্রের দিন বলা যায়। সেই দিনে উভয় পক্ষের পোনেরো
সহস্র লোক হত হইয়াছিল। আইশা ধ্রা পড়িয়া মদীনাতে
নীতা হইলেন। ৬৫৬ শালে এই যে যুদ্ধ হইয়াছিল তাহা
সম্প্রতীয়দের সহিত মহম্মদি লোকদের প্রথম যুদ্ধ ছিল।

বিশাসিদিগের জননীক্তপে বিশ্বাতা ঐ আইশার পরাজয় হই-লে পরে হত অথমানের জ্ঞাতি মুয়াবীয় নামে এক ব্যক্তি আলির বিরুদ্ধ হইয়া উঠিলেন। তিনি পুর্ব্বোক্ত অদ্যিয়াদ বংশোদ্ভর লোক, এবং স্থরিয়াদেশের অধিপতি ছিলেন। তিনি দম্মেনকের য**সঞ্জীদে অধ্**মানের রক্তাক্ত কামিজ টাঙ্গাইয়া আপনাকে কালীক বলিয়া লোকদিগকে আপনার সপক্ষ করিলেন; ভাহাতে **তাঁহার অধীন পঁচাশী সহস্র সৈন্য আলির** বিরুদ্ধে যাত্র। **করিল। আলির কেবল স**ত্তরি সহ্ত্র সৈন্য ছিল। করাং নদীর তীরে উভয় পক্ষের সৈন্যের পরস্পর সাক্ষাং হইলে পরে আলির সৈন্যেরা যত বার জল ডুলিতে যাইভ, তত বার তাহাদিপকে যুদ্ধ করিতে হইত। তথাপি যুদ্ধ করণার্থে দুই পক্ষের সৈন্যগণ ৰড় একটা উদ্যোগী ছিল না। আলি সহস্রহ লোকের হত্যুর সম্ভাবনাত্তে ছঃধিত হওয়াতে শুয়াবীয়কে এই কথা কহিয়া পাঠাইলেন, আইন আমরা তুই জনে একক যুদ্দ করিয়া এই বিবাদ নিষ্পত্তি করি। তৎকালে তাঁহার প্রায় যৃষ্টি বংসর বয়ংক্রম, হইয়াছিল; ভূথাপি মুখাবীয় ভাঁহার বীরত্ত্

ভীভ হওয়াতে ঐ প্রকার যূদ্ধ করিতে অম্বীকার করিলেন। কিছু দিন পরে যে যুদ্ধ হইল, সেই যুদ্ধে মহম্মদের বস্তো-শ্বিত আলি স্বহস্তে পাঁচ শত লোককে বধ করিলেন। ৬৫৭ শালের २॰ जुलाई फातिरथ वरे यूके रक्ष । कृठीय मित्नत त्मरव भूयां नीय পরাজিত হইয়া রণস্থল ভ্যাগ করিভেছিলেন, এমন সময়ে তিনি আমত্রর পরামশাসুসারে আপনার সৈন্যদিগকে কহিলেন, ভোমরা বৃড়শার অগ্রভাগে কোরাণ গ্রন্থ বাঁধ। তাহাতে পাঁচ শত চুয়ান জন সেনা আপন২ বড়শার অগ্রে এক২ খান কোরান এস্থ বাঁধিলে আলির সৈন্যেরা 🕏 গ্রন্থের প্রতি আপনাদের ভক্তি প্রযুক্ত ভদ্বাহি লোকদের বিরুদ্ধে আর যুদ্ধ করিতে নিভাস্ত অস্বীকার করিল। এবং আলি ভাষাতে অসম্ভোষ প্রকাশ করিলে তাঁহার প্রতি এমন বচসা করিতে লাগিল, যে সন্ধি করণ ব্যতিরেকে তাঁহার অন্য কোন উপায় থাকিল না ; আর যে মর্ক্লি স্থির হইল, তাছাও বরং মুয়াবীয়ের পক্ষে লাভজনক হইল। বোধ হয় আলির অনুগামিদের মধ্যে কেহ কেহ বিশ্বাস্থাতক ছিল। হউক, অপ্প কাল পরে ইরাক দেশীয় প্রজারা আলির প্রতি অম-নোখোগী হইল, এবং মিসর দেশীয়ের! রাজক্রোহী হইয়া উঠিল। শেষে স্বজাতীয়দের সহিত যুদ্ধ করণে অনেকের ঘৃণা হওয়াতে তিন জন মান্য লোক একপরামর্শ হইয়া ব্রত করিয়া ঐন্যুদ্ধ স্থাসিত कत्रनार्थ उद्वरभामक जिन अन अहकातित्क, अर्थाए जानित्क ও মুয়াবীয়কেও আমক্লকে একই ছিলে অখাৎ কোন উপবাসের দিনে বিষাক্ত খজনদার। বধ করিতে প্রতিজ্ঞা করিল। তাহা-দের মধ্যে যে দুই জন মুয়াবীয়কে ও আমরুকে বধ করিতে স্বী-কার করিয়াছিল ভাছার। কৃতকার্য্য হইল না। মুয়াবীয় অপপ

আঘাত পাইয়া অনায়াসে রক্ষা পাইলেন; এবং ঘাতকের জান্তি প্রযুক্ত আমরুর পরিবর্ত্তে আর এক জ্বন হত হইল; কিন্তু আলি কুফার মসজীদে সাংঘাতিক আঘাতে ক্ষত বিক্ষত হইয়। চুই দিনের মধ্যে অর্থাৎ ৬% শালৈ প্রাণ ত্যাগ করিলেন। তাঁহার ঘাতক অতি দারুল দণ্ড প্রাপ্ত হইলেন। প্রথমে তাঁহার হস্ত পাদ ছিন্ন হইল; পরে তপ্ত লোহদারা তাঁহার চক্ষ্ উৎপাটিত হইল; এবং শেষে তাঁহার জিহ্বাওকাটা গেল।

এই বাপে আলি চারি বংসর ছয় মাস অতি ক্লেশে রাজত্ব করিয়া ৬৬১ শালে তেষষ্টি বংসর বয়ঃক্রমে প্রাণ পরিত্যাগ করিলন। তাঁহার নয় ভার্যাও উনবিংশতি উপপত্নীও তেত্রিশ সন্তান ছিল। তিনি এক জন কবিও সদক্তা ছিলেন; তাঁহার রচিত এক শত উপদেশকথা অর্থাৎ ক্লোক অতিশয় বিখ্যাত আছে; তম্বধ্যে এক কথা এই, "জীবৃনং বারিদচ্ছায়া রাত্রে বা স্থাদর্শনং।" ছংখের বিষয় এই যে রাজ্যশাসনের ক্ষমতা তাঁহার ছিল না। তিনি বাষ্টি বংসর বয়ঃক্রমে কালীফের পদ প্রাপ্ত হইয়া প্র্রেগত ছই জন কালীফের শ্যায় খাতকের সন্তাঘাতে প্রাণত্যাগ করিলন। কুফাহইতে প্রাড়াই ক্রোশ দূরে তাঁহার কবর হইয়াছিল; তথায় তাঁহার স্মরণার্থক অতি স্লন্মর স্তম্ভ নির্দ্যিত হওয়াতে মেষদ্ আলি নামক যে নগর উৎপন্ন হইল, তাহা পশ্চাৎ অতি প্রসিদ্ধ তীর্থস্থান হইয়া উঠিল।

#### পঞ্চম অধ্যায়।

### भूग्रातीय कानी रकत कथा।

হাসান ও হোসেন নামে আলির ফুই পুল্র ছিলেন; তাঁহাদের মধ্যে হাসান জ্যেষ্ঠ। তিনি স্থাভোগে অতিশয় রত হওয়াতে যে কোন স্ত্রীকে বিনাহ করিতেন, অল্প কালের পরে পুনর্বার তাহাকে ত্যাগপত্র দিতেন; এই প্রকারে ক্রমে ২ সন্তরি ভার্যা। গ্রহণ করিয়াছিলেন; তথাপি বে মহম্মদীয় বিধ্যুস্থারে এক সময়ে কেবল চারি জন ভার্যা রাখা উচিত, তাহাও এক প্রকার পালন করিয়াছিলেন। তাঁহার এমত ব্যবহার প্রযুক্ত মহম্মদি লোকেরা তাঁহাকে ত্যাগপত্রী বলে। পিতার মরণানস্তর তিনি কালীকের পদ প্রাপ্ত ইইলেন; কিল্ক স্বভাবের শৈথিলা প্রযুক্ত তাহা রক্ষা করিলেন না। মৃদ্যুপি তাঁহার চল্লিশ সহস্র সৈন্য তাঁহার পক্ষে যুদ্ধ করিতে আতিশয় উদ্যোগী ছিল, তথাপি হাসান ছয় মাসের শেষে বিবাদে বিরক্ত হইয়া মুয়াবীয়ের নিকটে বার্ষিক বৃত্তির প্রতিজ্ঞা গ্রাহ্য করিয়া কালীকের পদ ত্যাগ করিলেন। এবং অপ্পকাল পরে তাঁহার ভার্যা বিষদ্বারা তাঁহার প্রাণ নফ্ট করিলেন, এমত জনপ্রতি আছে।

অনস্তর ৩৬১ শালে মুয়াবীয় কালীক হইয়া জয়ী ৰূপে কূফাতে প্রবেশ করিলেন। মহম্মক্ষের জীবদ্দশাতে তিনি তাঁহার লেখক ছিলেন, এবং "নর্যকৃদ্ভক্ষিণীর পুল্র" তাঁহার এই উপাধি ছিল, কারণ অপিয়াদের যুদ্ধে তাঁহার মাতা রাগান্ধা হইয়া মহম্মদের পিতৃব্যের ইত দেহহইতে যুক্ৎ বাহির করিয়া খাইয়া-

ছিলেন। তৎকালে তাঁহার জ্ঞাতিরা দেবপুজার পক্ষে অতিশয় উদ্যোগী ছিল, এবং আবু সফিয়ান নামক তাঁহার পিতা কোরেশ লোকদের মধ্যে প্রধান ছিলেন।

मुद्यावीय (य वश्ममश्कां छ छिलने, महे अभियाम वश्म अक শত বৎসর পর্যান্ত কর্তৃত্বের অধিকারী থাকিল। মুয়াবীয়ের নিযুক্ত দেশাধ্যক্ষেরা অতি যত্ন পূর্ব্বক রাজ্য শাসন করিতেন; কিন্তু যখন তিনি আপন বংশের মধ্যে ক্রমাগত কর্তৃত্বের অধিকার স্থির করিতে চেন্টা করিলেন, তথন পুত্র পোত্রাদির অনুক্রমানুযায়ি কর্ত্ত্বর বিপক্ষেরা কড় অসম্ভট হইল। আর এমত কিম্বদস্তী আছে, যে তাঁহার ঐ চেন্টা হাসানের হত্যার মুল ছিল; অর্থাৎ লোকেরা কছে, মুয়াবীয় এক লক্ষ বিংশতি সহস্র মূদ্রার দান ও আপন পুত্রের সহিত বিবাহের প্রতিজ্ঞা-ছারা হাসানের ভার্যাকে কুপ্রবৃত্তি দিলে সেই বিশাস্থাতিনা আপনার স্থামিকে স্থানের পরে গাত্র মার্জ্জনের নিমিজে বিযাক্ত গামছা দিয়া তাঁহাকে নট করিল। পরে সে প্রতিক্রত অর্থ পাইল বটে, কিন্তু মুয়াবীয় তাহার সূহিত আপন পুত্র জ্বসীদের বিবাহ দিতে নিতান্ত অস্বীকার করিলেন, এবং কহিলেন, পুল্রের প্রাণ আমার অতি বহুমূল্য বোধ হয়, অতএন কি প্রকারে এমত বিশ্বাসঘাতিনীর হস্তে তাহা সমর্পন করির? প্রত্যুত এই বুতান্তের সত্য মিখ্যা জানা যায় না; কি জানি মুয়াবীয়ের শক্ররা তাহা কম্পনা করিয়া থাকিবে।

'৬৬৪ শালে মিসর ও কিনান ও উত্তর জাফ্কিন দেশের শাসনকর্ত্তা যে আমরু তিনি প্রাণত্যাগ করিলেন। চর্ম কালে তিনি রোদন ক্রিতে লাগিলেন; তাহাতে তাঁহার গুল্র, আপনি কি মরণের ভাষে ক্রন্দন করিতেছেন ? এই কথা জিজ্ঞাসা করিলে তিনি উত্তর করিলেন, না, মরণের ভাষে নছে; কিন্তু মরণের পরে যাহা ঘটিবে, তাহারই ভাষে কান্দিতেছি।

প্রায় সেই সময়ে মিসর দৈলে স্থাপিত আকবর নামক সেনা-পতি পশ্চিমদিগে অতি ভয়ানক মক্ত ভূমি দিয়া যুদ্ধযাত্রা করিয়া ফেজান নামক দেশ বশীভূত করিলেন। সেই দেশের পশ্চিম সীমা আটলান্টিক गर्शमभूटात छीतে পঁছছিলে তিনি আপনার ঘোড়াকে কাঁটা মারিয়া • সমুদ্রতরক্ষে প্রবেশ কুরা-हेशा উरेक्रः करत करिएनैन, एड् शृतरमध्त, ममूख आमारक বাধা না দিলে আমি পৃথিনীর সীমা পর্য্যন্ত অবিদিত পশ্চিম দিক্স্ত রাজ্যে গমন করত তোমার পবিত্র নামের একত্ব প্রচার করিতে২, এবং তোমা ছাড়া অন্য দেবতার সেবক তাবং বিরোধি জাতিদিগকে খড়নদারা নফ করিতে জতাসর হইতাম। এই উদ্যোগি যোদ্ধার জয়দারা আর্বি বিদ্যা আফ্রিকা মহাদ্বীপের মরুভূমিতেও ব্যাপ্ত হইতে লাগিল। ৬৮০ শালে তিনি কু-মন্ত্রণাদারা পদচ্যত ও শৃঙ্খলৈ বন্ধ হইলেন; অনন্তর কোন মতে मुक इहेशा अल्भकान भटत वह्मःशाक औष्टीयान लाटकत সহিত যুদ্ধ করণ সময়ে হত হইলেন, এবং তাঁহার সৈন্যেরাও সম্পূৰ্ণৰূপে পরাঞ্চিত হুইল।

আর এক জন সেনাপতি অক্সস নামক নদী পার হইয়া তথাকার তুরুক লোকদিগকে পরাজ্য করিলেন; তাহাতে সেই দেশের রানী পলায়ন কালে এক লক্ষ রোপ্য মুদ্রা মূল্যের এক খান বস্ত্র হারাইলেন। তৎকালে বোখারা দেশের এক অংশ পরাজ্যিত ইইল, এবং সামাকাণ্ড ও মেক্রাণ ও কান্দাহার এবং কাবুল ও মুল্ডানের মধ্যবর্তি দেশ, এই সমস্ত অঞ্চলের আক্রমণ করা গেল। আর সেই সময়ের পূর্বের অর্থাৎ ওমারের কর্ত্তুকালে মুসলমানদিগের কএকটা আহাজ সিন্ধু নদীর মুহানা পর্যান্ত গিয়াছিল, কিন্তু তথাকার দুর্গমা জলপথ ও মন্ত্র্যাদের বীরতা, প্রেযুক্ত যুদ্ধার্থে স্থলে নামিতে তাহাদিগের সাহস হয় নাই।

৬৬৮ শালে মুয়াবীয়ের প্রেরিত সৈন্যদল ছোট আশিয়া প্রদেশে গিয়া সকলি লুট পাট করিল। গ্রীক রাজ্যের কন-স্তান্তীনপুর নামক রাজধানী পরাশ্বয় করিতে দীর্ঘ কালাবধি মহম্মদি লোকদের আকাজ্ফা ছিল। মহম্মদ তাহার অপে-ক্ষাতে কহিয়াছিলেন, যে সৈন্যেরা সেই কর্ম সাধন করিবে, তাহার। সৃমৃদয় পাপের মার্জনা পাইবে। মুয়াবীয় সেই মহা-নগরের ফিরুদ্ধে নাবিক সৈণ্য প্রেরণ করিয়া সাত বৎসর পर्याख তाहा अवरताथ कताहित्तन। जिनि (य कृजकार्य) इहेरनन না, তাহার প্রধান কারণ এই যে তৎকালে গ্রীক জুগ্নি নামক এক বস্তু আবিষ্কুত হইল; তাহা লেটেতৈল ও গৰাক ও আল-কাতরাতে প্রস্তুত হইড, এবং জলেতে নিক্ষিপ্ত হইলে নির্ব্বাণ না হইয়া আরো ভয়করকাপে উজ্জ্বল হইত। ছয় বৎসরের মধ্যে প্রতিবংসর তিন শত, সর্বান্তর আঠার শত মহম্মদীয় জাহাজ সেই নগরের বিরুদ্ধে প্রেরিত হইল; সেই সমস্ত জাহাজ ঐ অগ্নিদারা দক্ষ, এবং ওদারোহি অসংখ্য মুসলমান লোক নক হইল। শেযে তাহারা ঐ যুদ্ধহইতে নিবৃত্ত হইয়া ৬৭৭ শালে গ্রীক রাজাধিরাজের সহিত সন্ধি গ্রির করিল। কিন্তু পুর্বের মিসর দেশীয় কপ্ত লোকেরা যেমন গ্রীক রাজ্যের অধীনভাতে

অসহিষ্ণু হইয়া মুসলমান লোকদের অধীন হইয়াছিল, তেমনি ৬৫০ শালে আরমানি লোকেরাও মহম্মদিদিগের বশীভূত হইল; তাহাতে গ্রীক রাজ্যের অনেক ক্ষতি জন্মিল।

৬৬৯ শালে মৃত মহম্মদের অতি প্রিয়া আইশা নামী যে ভার্যা নিত্য কুমন্ত্রণাতে ব্যস্তা ছিলেন, তিনি মুয়াবীয়ের ছলনাতে হত হইলেন, এমত জনক্রতি আছে; কিন্তু তাহার সত্য মিথা জানা যায় না। কথিত আছে, যে মুয়াব্রীয় তাঁহাকে ভোজের নিমন্ত্রণ করিয়া তাঁহার আসনের নীচে অতি গভীর এক গর্জ খনন করাইয়া খালের চাবড়া ও পাত্রাদিহারা অতি উত্তম্ক্রপে ঢাকিয়া রাখিয়াছিলেন, পরে ঐ হতভাগ্যা সেই আসনে বসিবামাত্র গর্জ-মধ্যে পতিত, হইলে একেবারে মৃত্তিকাহারা তাহা প্রাইলেন।

উপদেশ কর্ন সময়ে তিনি কহিয়াছিলের, পকৃ শাসা যেমন ছেদকের আকাজ্জা করে, আমিও তেমনি করিতেছি। এই সংসারহইতে যে লাভ পাইতে বাঞা করিয়াছিলাম, তাহাতে তৃপ্ত হইয়া এখন সংসারকে তুল্লু জ্ঞান করি। মুয়াবীয় জতি দৃঢ়প্র-তিক্ত শাসনকর্ত্তা ছিলেন। তিনি ইয়েমন অবধি আরমানি দেশ পর্যান্ত, এবং অক্সম ও সিন্ধু এই চুই নদীর তীরাবধি কাইরাবান পর্যান্ত মহম্মদীয় কর্ত্ত্ত বিস্তার করিয়াছিলেন। তিনি মদীনার পরিবর্ত্তে দম্মেক নগরকে রাজধানী করিয়া তাহাকেও প্রন্য স্থান কপে দেশাইবার নিমিতে মহম্মদের যান্ত তাহার মধ্যে স্থান করিলেন। তিনি নানা বিষয়ে প্রকাত কালীকগ্রন হতে ভিন্ন ছিলেন, বিশেষতঃ রেশমি বন্ত পরিধান ও ফ্রাকারন পান ক্রিতেন, এরং গ্রীক বিদ্যা উপার্জন করিছে আরবি লোক-

দিগকে আখাস দিতেন। ওমার মুসলমানদিগকে সমুদ্রযাত্রা করিতে
নিষেধ করিয়াছিলেন; কেননা তিনি আমারুর ন্যায় কহিতেন,
সমুদ্র বৃহৎ বিলহকাপ. আর যে কীট সকল কার্চখণ্ডে চড়িয়া বিল পার হয়, ছুঃসাহসি সমুদ্রগামি লোকেরা তাহাদেরই
তুল্য; কিন্তু মুয়াবীয় সেই নিষেধ রহিত করিয়া মুসলমানদিগকে
সমুদ্রযাত্রা করণের অন্নতি দিলেন।



# यर्छ अक्षाप्त ।

# इर्फ्राकिन कोलीरकत कथा।

মুয়াবীয়ের মরণানন্তর তাঁহার আজ্ঞানুসারে ইয়েজিদ নামে তাঁহার পুল তাঁহার উত্তরাধিকারী হইয়া কালীকের পদ প্রাপ্ত হইলেন। তিনি প্রথমে শারীরিক স্থণভোগে রত ছিলেন, পরে বারহ যুদ্ধ করাতে ইন্দ্রিয় দমন করিতে অভ্যাস করিয়াছিললন। আলির উরসে ফাতিমার গর্বে জাত যে হোসেন মদীনাতে বাস করিতেন, তিনি কালীকের পদ পাইতে প্রত্যাশা কারয়াছিলেন; অতএব ইয়েজিদের বশীভূত হইতে প্রতিজ্ঞা করনে অজীকৃত হইয়া মক্ষাতে পলায়ন করিলেন; তাহাতে তাঁহার পিতার রাজধানী কূফা নগরের লোকেরা তাঁহাকে কালীক করিতে অস্পীকার করিয়া আপনাদের মধ্যে আসিতে আহ্বান করিল। কিন্তু তাঁহার উপস্থিত হওনের পুর্বেষ ইয়েজিদ কর্ত্বক নিযুক্ত এক ত্তন শাসনকর্তা কূফাতে গিয়া কাহাকেহ লোভ দেখাইয়া, কাহাকেহ বা দণ্ড দিয়া হোসেনের পক্ষীয় দলের ক্ষমতা ক্ষম করিতে লাগিলেয়। হোসেনের গক্ষীয় দলের

কুফাতে আসিতেছিলেন, কিন্তু পথের মধ্যে তাঁহার সৈন্যেরা তথাকার সমাচার পাইয়া তাঁহাকে ত্যাগ করিল, কেবল চল্লিশ 'জন অশ্বারোহী ও এক শত জন পদাতিক সৈন্য বিশ্বস্ত থাকিল। অনস্তর চারি শত জন বিপক্ষ সৈন্য তাঁহার বিরুদ্ধে প্রেরিত হইলেও তিনি পুর্ববিৎ অগ্রসর হইয়া ফরাং নদীর নিকটস্থ কর্বালা নামক স্থানে উপস্থিত হইলেন। তথাহইতে দূত প্রেরণ করিয়া বশীভূত হইতে ও সামান্য লোকের ন্যায় কাল কাটাইতে অস্বীকার করিলেন; কিন্তু তাঁহার সেই প্রতিজ্ঞাতে निशक्तरत विश्वांत्र ना रुखशांद्यं शांदर खलामवाता धांव यांग्र, এই আশস্কাতে রণক্ষেত্রে প্রাণপণ করিতে স্থির করিলেন। অপর প্রার্থনা করিতে২ রাত্রি যাপনানস্তর প্রাতঃকালে বিপক্ষদের সম্মুখে এই ৰূপ বক্তৃতা করিলেন, সাবধান, তোমাদের পর্ম গুরু মহলাদের দৌহিত্রকে বধ করণের দোবে লিপ্ত হইও না। কিন্তু ঐ বিপক্ষেরা যদ্যপি মুসলমান ছিল, তথাপি তাঁহার সমাদর না করিয়া স্বজ্ঞাতীয়দের পরস্পার যুদ্ধোৎপাদক নলিয়া ওঁহিকে অগ্রাহ্য করিল্ব। ৬৮০ শালে ১০ অক্টোনর তারিখে সেই যুদ্ধ হইয়াছিল। তন্মধ্যে হোসেনের অনুগামি বাহাত্তর জন একেং হত হইল; এবং তাঁহার চারি পুত্র ও পাঁচ ভাতাও नक्छे हहेल। (महे जाठारित मर्पा এक करनत किन कम वरमत वयुः क्रम इरेग्नां इल ; अवः श्रुल्यामत गरमा अक अन নিতান্ত শিশু ছিল। ছোনেন বাণছারা বিদ্বাহল সেই শিশু সঁস্তান তাঁহার নিকটে আনীত হইয়া হিন্দোলায়তই নষ্ট হঁইল; আর তাঁহাকে আলিখন করিতে যে ভাতৃপুত্র দৌজিয়া আদিতেছিলেন, ভাঁহারও শিরশেছদুন হইল। পরে

আত্যন্তিক রৌক্র হইলে হোসেন তৃঞ্চাতুর হইয়া মাধ্যাত্মিক প্রার্থনা করিয়া ভৃষ্ণা নিবারনের আশাতে করাৎ নদীর তীরে मििएए निर्मालन। अधिमार्था जातक २ विश्रक्त मर्थे করণানস্তর যখন তিনি জলপান করিতেছিলেন, তখন শক্রুরা তাঁহাকে খেরিয়া বধ করিল। তাঁহার শরীর তেত্রিশ তীরেতে বিশ্ব ও চৌত্রিশ অস্ত্রাঘাতে আহত হইয়াছিল, এবং তাঁহার নহিত আক্রমণকারি ছয় জ্ঞান হত হইয়া পড়িল। অনস্তর জ্বারির তাঁহার শিরণেছদন করিয়া তাঁহার গাত্র পদতলে দলিত ও তাঁহার অবশিষ্ট পরিজনগণতে ধরিয়া শৃঞ্জলে বন্ধ করিল। তথাপি কিছু কাল পরে কর্বলার নিকটস্থ মেষেদ হোসেন নামক স্থানে তাঁহাকে কবর দেওয়া গেল। তাঁহার মু<del>গু</del> দক্ষেযক নগরে প্রেরিত হইয়াছিল। হোসেন মহম্মদের দৌছিত্র ছিলেন, এই হৈতুক অনেক লোক তাঁহার মরণে মহা বিলাপ করিল, এবং তাঁহার মৃত্যুর স্মরণার্থে অদ্যাপি মহ্ম্মদীয় মহরম নামক মাসের দশম দিনে বার্যিক পর্ব্ব পালন করে।

হোসেনের প্রতি পারস্য দেশীয় মুসলমান লোকদের ভিক্তি অতি আশ্চর্যা। তাহাধা বলে, হোসেনের শোকে যে নেত্রজ্ঞল নির্মত হয়, তাহা শিশিতে সঞ্চয় করিয়া ঔষধন্ধপে ব্যবহার করাতে অনেক মৃত্রুকণ্প লোক আরোগ্য পাইয়াছে। এবং অনেকে কর্মলাতে করর দিবার নিমিত্তে আপেন ২ মৃত বন্ধুর শব শানবন্ধে বান্ধিয়া অশ্বের পৃষ্ঠে করিয়া সহন্ত ২ ক্রোশ দ্রবর্ত্তি স্থানহইতে তথায় লইয়া যায়। আর কর্মলা প্রায় মক্কার মত প্রসিদ্ধ তীর্থস্থান হইয়াছে। এবং হোসেনের কবরের মৃত্রিকা নানা রোগনিবারক ঔষধন্ধপে বহুমূল্যে বিক্রয় হয়।

পারসীক লোকেরা পশ্চাৎ শিয়া নামক যে মত ভাবলম্বন করিল, সেই মতানুসারে আলি ও তাঁহার বংশ মহম্মদের প্রকৃত উত্তরাধিকারী ছিলেন, কারণ মহম্মদের বংশ সম্পর্কীয় লোক ভিন্ন আর কেহ কালীফের পদ পাইবার যোগ্য নহে। কিন্ত স্থামি নামক মতাবলম্বি লোকেরা কছে, আবুবকর কালীফ হওনের উপযুক্ত পাত্র ছিলেন; এবং তিনি ও ওমার ও অথ্যান যদ্যপি মহন্মদের বংশ সম্পকীয় ছিলেন না, তথাপি তাঁহাদের পুরুষ-পরস্পরাগত আদেশ সকল সম্পূর্ণ ৰূপে গ্রহনীয়। পারসীক লোক শিয়াদল ভুক্ত, ও পারস্য দেশের রাজা সেই দলের সম্ভক্ষৰপ। কিন্তু ভূত্তক লোক সকল স্থানিদল ভূক্ত, এবং ভূত্তকদেৱ বাদশাহ । সেই দলের মস্তকস্বৰূপ। ধর্মাবিষয়ক ভিন্নবাক্যতা প্রযুক্ত ভুরুকদের ও পারসীক লোকদের মধ্যে প্র্রাপর চুর্ছি ও জাতকোধ আছে, এবং বার ২ অতি ভয়ানক যুদ্ধও হইয়াছে। আলির বংশোদ্ভব লোকদিগকে সায়দ বলা যায়; তাহারা অতি বহু সংখ্যক; এবং হরিদর্ণ পাগড়ি পরিতে ভুরুক রাজ্যে কেবল ভাঁহাদেরই অধিকার আছে।

আনালা নামক যে সেনাপতির অভিমান জন্য পরামর্শানুসারে হোসেন ঐ সাংখাতিক মুদ্ধে প্রাকৃত হইতে অস্বীকৃত হাঁহার মরনের পরেও ইয়েজিদের বনীভূত হইতে অস্বীকৃত হইয়া আপন বসতিনগর মকাতে রাজদোহ করিলেন; তাহাতে মদীনা নগর নিবাসি অনেক লোকও তাঁহার সন্ধিত যোগ দিল; কারন তাহারা ইয়েজিদকে বাদ্যেতে ও স্ত্রীলোকেতে ও মৃদ্যুপানে আসক্ত বলিয়া খুনা করিত। অনস্তর তাহাদের মধ্যে অনেকে মান্দীদের প্রাবেশ স্থানে প্রাপন্থ পাত্রকাত ও পাগড়ি ত্যাগ

করিয়া কহিল, আমরা যেমন এই সকল দ্রব্য ত্যাগ করিলাম, তেমনি ইয়েজিদের কর্তৃত্বও ত্যাগ করিলাম। পরে তাহারা ইয়েজিদের পক্ষীয় সকল লোকদিগকে মদীনাছইতে তাড়াইয়া দিল। তাহাতে ইয়েজিদ দম্বেকহইতে বারো সহস্র সৈন্য প্রেরণ করিলে ৬৮৩ শালের ২৬ আগফ তারিখে মদীনা नगरतत मणुरथ जूमून यूक्त रहेन। मनीनीय लोकरनत मरधा সহস্র ২ লোক হত হইল, তাহাদের মধ্যে কেহ্২ মহম্মদের পূর্ব্বসঞ্চী ছিল। অনন্তর নগর পরাজিত হইলে জায়ি সৈন্যেরা তিন দিন পর্যান্ত লুট পাট প্রভৃতি সর্ববিপ্রকার অত্যাচার করিয়া তমিবাসি লোকদিগকৈ দাস করিল। অপর তাহারা চলিশ দিন পর্যান্ত মকা নগর অবরোধ করিল, এবং প্রজ্বলিত আলকাতরাতে পরিস্থর্ন পাত্র নিক্ষেপদারা তথাকার অতি প্রাসিদ্ধ কিব্রা গামক মন্দ্রির দধ্য করিল; কিন্তু তংকালৈ অর্থাৎ ৬৮৩ শালের ১১ নোবেম্বর তারিখে ইয়েঞ্জিদের লোকাস্তর হওয়াতে সেই নগর রক্ষা পাইল।

ইয়েজিদ কোরানের প্রতি যে অন্যাদর করিতেন, তংপ্রযুক্ত "নিন্দক" এই উপাধি প্রাপ্ত হইলেন। তাঁহার জননী বেচুইন জাতীয়া স্ত্রী ছিল। সে দম্মেবকের স্থখভোগ অপেক্ষা সরুভূমির নির্জনতা অধিক ভাল বাসাতে মুমাবীয় তাহাকে ত্যাগ পত্র দিয়াছিলেন। সেই স্ত্রী নিজ্ঞ জন্মভূমি দেখিবার আকাজ্ফাতে একটা কবিতা, লিখিয়াছিল, তাহার সার নিম্নে প্রকাশ করা যাইতেছে। "অতি উচ্চ রাজপ্রাসাদ অপেক্ষা বরং বায়ুতে আন্দোলিভ তামু আমার প্রিয়; এবং পোষা বিড়াল অপেক্ষা বরং নির্দ্তিজ পথিককে তাড়নাকাধি কুকুরেতে জামার সম্ভোষ

ছয়। এবং অতি হুন্দ পট্টবন্ত অপেকা বরং সামান্য লোমের বন্ধ আমার চক্ষুর তৃপ্তি জন্মায়। বিবাহবাটীতে বরকে লইয়া ঘাইবার নিমিত্রে হুনোভিত খচর অপেকা বরং আমার যানের পশ্চাদর্ত্তি বলনান যুব উন্দু হুন্দর নোধ হয়। আমার স্বজ্ঞাতীয় কোন গৃহহের দর্শনে মনের যত হুখ হয়, আতরেতে হুবাসিত শাক্রধারি হুন্ট পুন্ট বাবুর দর্শনে তত হুখ হয় না। আর তুরীফানি অপেকা বৃক্ষহীন মরুভূমিতে বায়ুর শক্ষাপ বাদ্য আমার কর্নে মিন্ট লাগে। এবং অতি উপাদেয় খাদ্য দ্বন্য অপেকা নিজ তামুর কোনেতে বসিয়া ঘাহা খাইতে পারি, বরং সেই শুদ্ধ রুটীখণ্ড হুনাত্ব বোধ হয়। অট্টালিকাতে আমার কিছুই সান্তনা হয় না, নিজ জন্মভূমির আকাজ্যাতে আমার কিছুই সান্তনা হয় না, নিজ জন্মভূমির আকাজ্যাতে আমি ক্ষাণা হইতেছি।"

ইয়েজিদের মরণানন্তর একুশ বংসর বয়ক্ষ দিতীয় মুয়াবীয় নামক তাঁহার পুত্র কালীক হইলেন। তিনি পাঁচ মাস কর্তৃত্ব করিলে, পরে প্রাণত্যাগ করিলেন। তাঁহার জ্ঞাতিরা বিষদারা তাঁহার প্রাণ নন্ট করিয়াছিল, ও তাঁহার শিয়া মতাবলম্বি শিক্ষাগুরুকে জীবন্দশাতে ভূমিমধ্যে পুঁতিয়া ফেলিয়াছিল, এমত জনক্রতি আছে।

#### मक्षर्भ जशायः।

অস্মিয়াদ বংশীয় অপর কালীফদের কথা।

. অপর প্রবোক্ত মেরবান' নামক ব্যক্তি কালীফের পদ প্রাপ্ত হইগেন, কিন্তু ভাহা রক্ষা করনের নিমিত্তে তাঁহাকৈ যুদ্ধ করিতে হইল। আরব ও ইরাক ও স্থরিয়া দেশ নিবাসি লোকেরা বিদ্রোহী হওয়াতে বস্তি সহস্র সৈন্য তাঁহার বিরুদ্ধে দশ্মেষ্ক্ পর্যান্ত অগ্রসর হইল, এবং যদিও তাহারা পরাজিত হইল, তথাপি তাঁহার মরন পর্যান্ত কালীকত্ব পদের আকাজিক নানা ব্যক্তির অনুগামি নানা দলের লোকেরা, এবং আলির বংশের সপক্ষ ও বিপক্ষ লোকেরা পরস্পর অনবরত মুদ্ধ করিল। পরে ৬৮৫ শালে মেরবান আপনার আন্ধল্মালিক নামক প্রস্তুকে উত্তরাধিকারী হওনের নিমিত্তে মনোনীত করিলে সেই যুবার বিমাতা আপন স্থামির শাস রোধ করিয়া প্রাণ নফ্ট করিলেন।

মেরবাবের মৃত্যুর পরেও গোলগোগ নিকৃত্ত নহইল না;
মুসলমানেরা পূর্ববিৎ মুসলমানদের রক্তপাত করিল, এবং
কালীকত্ব পদ প্রাপ্তির নিমিত্ত যুদ্দি নিবিষ্ট হইয়া স্বীয় ধর্ম্মত
অন্যত্র ব্যাপ্ত করিতে ক্ষান্ত হইল। আর গ্রীক লোকেরা স্থরিয়া
দেশ আক্রমণ করিলে কালীক প্রতিরোধ না করিয়া কর
দিতে স্বীকার করিলেন। অপর স্থবিয়াদেশীয় মুসলমানেরা মকা
নগর আক্রমণ পূর্বক পরাজয় করিলে সমস্ত আরব দেশ দশ্মেধকের অধীন হইল। তাৎকালিক মুসলমানেরা যদ্যপি আফ্রিকার মধ্যে কার্থীক্ত নগর পর্যান্ত অগ্রসর ইইয়া সমুদ্য় দেশ
বশীভূত করিল, এবং পাঁচ শত খ্রীষ্টীয় মন্দির রোধ করিয়া
আগস্তীনের ও সিপ্রিয়ানের প্রণীত শিক্ষার প্রচার রহিত
করিল, তথাপি অন্যান্য স্থানে তাহারা আপনাদের পরাক্রম
বৃদ্ধি করিতে পারিল না। বিশেষতঃ কারুল দেশে তাহারা
পরান্ত হইল, এবং আরমানি ও হোঁট আশিয়া দেশে যুদ্ধ উপস্থিত

रुरेल। किन्छ कन्स्रास्त्रीनश्रतस् श्रीक तांक्राधितांक मूमलमानत्मत অনৈক্য আপনার স্থযোগ জানিয়া তাহাদিগকে আক্রমণ করিলে তাহারা পুনরায় সাহস প্রকাশ করিতে লাগিল। সেই দীর্ঘস্থায়ি যুদ্ধে অন্য সকল দেশ অপেকা আরমাণি দেশ অধিক বিপদ্গ্রস্ত হইল; কেননা তথায় এত খ্রীষ্ট্রীয় মন্দির দধ্দ হইল নে ৭০৩ শালের "দাহ বৎসর" এই নাম হইল। উত্তর আফুকার পর্বতময় অঞ্চল নিবাসি বর্বার নামক লোকেরা মুসল-মানদিগকে পরাস্ত করিয়া বার্কা নামক স্থান পর্যান্ত পরাঙ্মুখ করিল; পরে তাহাদের যুদ্ধপরায়ণা রাজ্ঞী কোন বিশ্বাস্থা-তক মুসল্মান লোকদারা হত হইলে আপনারা প্রাক্ষিত হইল। এবং আফিকার অন্য অঞ্চহইতে গ্রীক লোকেরা মুসলমান-দিগকে দূর করিলে পরে ৬৯৭ শালে মুসা নামে এক জব মুস-লগান সেনাপতি তঁথায় প্রেরিত হইয়া সমুদয় গ্রীক লোক-দিগকে আফ্কাহইতে বহিষ্কত করিয়া তাহার পশ্চিম দীমা অর্থাৎ আটলান্টিক সমুদ্র তীর পর্যান্ত সমুদয় দেশে মুসলমানদের কর্তৃত্ব স্থাপন করিলেন। ১সই সময়ে মুস্লুমানেরা সিসিলি ও সার্দ্দিনিয়া নামক দুই বৃহৎ উপদ্বীপ আক্রমণ পূর্বক লুটপাট করিয়াছিল।

আকলমালিক যুদ্ধ .ভাল বাসিতেন না; কিন্তু হারাণ ভূমি পুনঃপ্রাপ্ত হইবার আকাজ্যি এীক লোকেরা ও দলে ২ বিভক্ত মুসলমানু লোকেরা সন্ধি করিতে অতি অনিচ্ছক ছিল। তিনি অনেক রার বলিতেন, "চিরস্থায়ি হইলে মনুষ্যের ঐহিক জ্বীবন অতি বাঞ্ছনীয় হইত, কিন্তু যাহা নবীন তাহা জ্বীর্ব হইরা যায়, স্পার অদ্য যাহা বর্ত্তিয়ার কল্য ভাইা ভূত হইবে।"

তিনি কবিদের বিলক্ষণ সাহায্য করিতেন; ইহার উদাহরণ এই যে এক দিন কোন ব্যক্তিকে বিশেষ কাব্যের পারিতোষিকরূপে এক শত উদ্ভ ও আঠার জ্বন ক্রীত দাসকে ও একটা রূপার পানপাত্র দিয়াছিলেন।

অপর ৭০৫ শালে আন্দলমালিকের পুত্র ওয়ালিদ কালীক হইলেন। রাজ্যাভিষেকের পরে তাঁহার উক্ত প্রথম কথা এই, "আমরা ঈশ্বরের আছি, তাঁহার নিকটে পুনর্বার গমন করিব।" মুসলমানদের মধ্যে ঐক্য ও বিদেশিদের সহিত ধর্ম-যুদ্ধ তাঁহার চেন্টার সার ছিল। ত'ংকালে মুসল্যানদের মধ্যে সঞ্জাতীয়দের সহিত যুদ্ধ নিবৃত্ত হওয়াতে তাহারা পুনর্কার বিদেশ হরণ করিবার নিমিত্তে অবকাশ পাইল। প্রথমে তাহারা বাল্থ ও বথারা নামক চুই দেশ পরাজয় করিয়া তথাকার অসীম ধন হরণ করিল ও দেবপ্রতিমা সকল নর্ফ করিল। অপর তাহারা কাসগড় পর্যান্ত অগ্রসর হইল, ও চীন দেশীয রাজার নিকটে দুত পাঠাইল। অনস্তর মহম্মদ কাসিম মেকরাণ দেশ পরাজয় করিয়া তথাকার মরুভূমি দিয়া ভারতবর্ধের দিগে গমন করিলেন। পথের মধ্যে ভৃষ্ণাভূর সৈন্যেরা ভৃষ্ণা নিবারণার্থে শিরকাতে মগ ভূলা মুখে দিত। পরে সিন্ধু নদীর তীরে উপ-স্থিত হইলে তুমল যুদ্ধ হইল। তৎপরে কোন ২ নগরের লোক কর দিতে স্বীকার করাতে রক্ষা পাইল; কেননা মুসল-মানেরা দেনমন্দির ধ্বংস'করণ অপৈক্ষা বরং ধন সঞ্য করণে চেন্টান্থিত ছিল। মুলতান নিবাসি হিন্দু লোকেরা দীর্ঘকাল প্রতিরোধ করণানন্তর শেষে জলের অভাব প্রযুক্ত আপনা-' দিগকে জায়িদিগের হস্তে ,সমর্পন করিল। তাছাতে তাছারা অবজ্ঞার চিত্নৰপে সেই দুংখি সকলের গলদেশে গোমাংস খণ্ড বাহ্মিয়া তাহাদের জ্রী পুত্রদিগকে দাসৰপে বিক্রয় করিল, এবং অপরিমিত ধন লাভ করিল। মুলতান নগর স্থ্যুদেবের সেবা প্রযুক্ত অতি প্রসিদ্ধ ছিল; মুসলমানেরা সেই স্থ্যুদেবের প্রধান প্রতিমা হরণ করিল। কিছু কাল পরে সেই বিজয়ি মহম্মদ কাসিম নামক সেনাপতি বিপক্ষ দলের দুফতা বশতঃ কারাবদ্ধ হইয়া কোন যন্ত্রেও এমত যন্ত্রিত হইলেন যে তাহাতে তাঁহার প্রাণ বিয়োগ হইল।

এই সময়ে গ্রীক শাসনকর্তারা কখন ২ সিংহাসন প্রাপ্তির আশাতে আপনাদের মধ্যে বিশাদ করিতেন, কখন ২ বা ইতালি। দৈশে যুদ্ধ করিতেন; তাহাতে মহম্মদি লোকেরা স্থযোগ পাইয়া ছোট আশিয়া এবং আরমানি দেশে এবং কৌকাসস পর্বত ও দরবেও পর্যন্ত আপনাদের পরাক্রম হ্যাপ্ত করিল, এবং কনস্তান্তীনপুর আক্রমন করনের লক্ষ্ণ দেখাইল। মুসা নামক তাহাদের সেনাপতি কহিতেন, গ্রীক লোকেরা দুর্গ আশ্রয় করিললে গিংহস্বরপ, এবং অন্ধ আশ্রয় করিলে উৎক্রোশপক্ষিত্বরপ, কিন্ত জাহাজ আশ্রয় করিলে অবলাস্বর্গ হয়।

উক্ত মুসা পুর্বের আট্লাস নামক পর্বত শ্রেণীর দুর্গম স্থান আগ্রিত বর্বরে লোক্দিগকে পরাজয় করিয়া-তাহাদের তিন লক্ষ জনকে বন্দী করিয়াছিলেন, পরে খ্রীকায়ান ও যিহুদিও দেবপুজ্ঞক লোকেরা লুটের লোভে তাঁহার সৈন্দ্রভুক্ত হইতে লাগিল। অনস্তর তিনি টুনিস নগরে জাহাজ নির্মাণ করিয়া সিসিলি ও সার্দ্ধিনিয়া উপদ্বীপ প্রভৃতি নানা অঞ্চল লুটপাট করিতে লাগি-লেক, এবং তারপ্রের নামক স্থান পর্যান্ত অগ্রসর ইইলেন। পরে

তিনি স্থানাস্তরে যাইয়া আফিকার অবশিষ্ঠ অঞ্চল বশীভূত কর-ণের ভার আপনার অধীন ভারিক নামক সেনাপতিকে সমর্পণ করিলেন। আফ্কার প্রান্তভাগে শিউটা নামক যে দুঢ় স্থান আছে, তাহা তখন স্পেন দেশের গোখীয় রাজার অধিকার ছিল, আর কোন্ত যুলিয়ান নামক গোণীয় দেশাধিপতি তাহা রক্ষা করণার্থে দীর্ঘকাল পর্যান্ত তারিকের বিলক্ষণ প্রতিরোধ করিলেন। কিল্ড প্রবেষ মিসর দেশে যাহা ঘটিয়াছিল, তাহা তখন স্পেন দে-শেও ঘটিল: অর্থাৎ মহম্মদি লোকেরা যাহা বলেতে সাধন করিতে পারিল না, তাহা খ্রীষ্টীয়ান লোকদের অনৈক্যদ্বারা তাহাদের - স্থাধ্য হইল। তাৎকালিক উইতিচা নামক গোখীয় রাজা স্পেন দেশের বিশপ প্রভৃতি মান্য লোকদের প্রতি নাদা প্রকার অন্যায় করাতে প্রজারা ভাঁহাকে ঘূণা করিয়া রোদরিক নামক তাঁহার জ্ঞাতিকে রাজ্যাভিবিক্ত করিল। তাঁহাতে স্মান্দালু-বিয়া প্রদেশের অধিপতি প্রর্কোক্ত যুলিয়ান ঐ পদচ্যুত উইতি-চার পুত্রদের পক্ষ হইয়া রোদরিকের প্রতিকূলে ষড়যন্ত্র করিতে লাগিলেন। ইহার মূল কারণ নিশ্চয় করিতে পারা যায় না। यूनियात्नत करा। तानितक कर्ज्क खर्री स्रेयाहित्नन, धगठ কিম্বদস্তী আছে। সে থাহা হউক, যুলিয়ান মহম্মদি লোকদের সেনপিতিকে কুপ্রকৃতি দিলে তাহারা ৭০১ শালে স্পেন দেশ আক্রমণ করিতে স্থির করিল।

আফিকা পদশ বশীভূত করিলে পরে নিকটবর্ত্তি স্পেন দেশ বশীভূত করা সহম্মদি লোকদের উপযুক্ত বোধ হইল, কেননা স্বর্গ রৌপ্যাদি ধাতুর আকর প্রযুক্ত সেই দেশের অধিকার বাঞ্নীয়, ছিল। অগ্রে তারিক পাচ সহর্দ্র সৈন্য সমভিব্যাহারে সমজের

খাড়ি পার হইয়া জিব্রাল্টার (অর্থাৎ তারিকের গিরি) নামে বিখ্যাত দৃঢ় স্থান হস্তগত করিয়া দেশ বশীভূত করণের উপায় স্থির করিলেন; পরে অন্য বারো সহস্র সৈন্য পার হইল। যদ্যপি স্পেন দেশীয় প্রজাদের মঁধ্যে অনৈক্য থাকাতে তাহাদের অনেক লোক তারিকের পক্ষ হইল, তথাপি রোদরিক ত্যুনাধিক যষ্টি गह्य रेमना मः श्रह कदिल्लन, এवः क्लाद्रम नभरद्रद्र निकटछे গুয়াদালেট নদীর তীরে খোরতর যুদ্ধের সংঘটন হইলে ক্রমাগভ সপ্ত দিন পর্যান্ত সাহস পূর্বক মহম্মদীয়দিগকে প্রতিরোধ করিলেন। অফ্র দিন প্রাতঃকালে তারিক আপন সৈন্যদিগকে কহিলেন, " তোমরা সাহসী হও, অদ্য রাত্রিতে মহম্মদ আমাকে-দর্শন দিয়া যুদ্ধ করিতে আশ্বাস দিলেন। দেখ, তোমাদের সন্মুখে শক্র ও পশ্চাদ্দিগে সমুদ্র আছে, পলায়নের উপায় নাই; অত-এব তোমরা আমার অনুগামী হও; হয় তোঁ আমি গোখীয় রাজাকে পদতঃল দলিত করিব, নয় তো প্রাণত্যাগ করিব।" 'সেই দিনে আর্চবিশপ অপ্লাস নামে এক জন গোখীয় সেনাপতি বিশাস্থাত্কতা পূর্বক সদৈন্যে মহন্দ্দীয়দের সাহায্য করাতে রোদরিকের অবশিষ্ট দৈন্য নিরাশ হইয়া ছিন্ন ভিন্ন হইল; এবং তিনিও পলায়ন কালে গুয়াদলকিবির নদী পার হওন সময়ে জলমগ় হইয়া প্রাণ ত্যাগ করিলেন্। উক্ত অপ্লাস পদচ্যত উইতিচার ভাতা ছিলেন। তাঁহার ও যুলিয়ানের ও যিহুদি প্রজাগণের সাহাযো মহম্মদি লোকেরা তামে ২ সমস্ত দেশ হ্স্তগত করিল। ঐ মহা যুদ্ধে জয়ী দৈনাগণ অসীম লুট প্রাপ্ত ইইয়াছিল, ত্রিমিত্তে তাহার স্যাচার আফ্রিকা দেশে উপস্থিত হইলে পরে মহমাদীয় সৈন্য ঝাঁকে ২ স্পেন দেশে

গমন করিল। মহম্মদি লোকেরা ব্যাকুলিত স্পানীয় লোকদিগকে বদীভূত করিতে অক্লাস্ত হইয়া কিছু দিন অবরোধ পূর্মক কর্দোবা নামক মহানগর হস্তগত করিল; কারণ এক জন মেবরক্ষক বিশ্বাস্থাতক হইয়া তাহাদিগকে প্রবেশ করনের গুপ্ত পথ দেখাইয়াছিল। কিন্তু চুর্গন্ত সৈন্যেরা তংগরেও উত্তমন্তপে রক্ষিত কোন গীর্জা ঘরে থাকিয়া তিন মাস প্রতিরোধ করিল, শেষে জ্পলের অভাবেই পরাজিত হইল। অপর মালাগা ও প্রাণা, নামক চুই নগর মহম্মদীয়দের হস্তগত হইলে তাহারা তাহা রক্ষা করণের ভার বিহুদিদিগকে দিল, কেননা খ্রীষ্টীয়ান লোকদের দৌরাত্যা প্রযুক্ত বিহুদিরা তাহাদিগকে ঘৃণা করিয়া উৎসাহ প্র্রেক মহম্মদি লোকদের সাহায়্য করিতা। অপর তোলেদো নামক গোথীয় রাজধানী পরাজিত হইলে খ্রীষ্টীয়ান লোকদিগকে স্বীয় ধর্ম্মতান্ম্বারে ক্ষারায়েনা করণের অনুন্মতি দত্ত হইল।

অনস্তর মুদা তারিকের খ্যাতিতে ইব্যা করাতে এবং লুটের অংশী হইতে ইচ্চুক হওয়াতে অন্য দ্বন সহস্র দৈন্য লইয়া শীল্র আফ্রিকাহইতে স্পেন দেশে পার হইলেন। যূলিয়ানের অধীন দৈন্যগণ তাঁহাকে রাত্রিকালে সিদোনিয়া নগরে প্রবেশ করিতে দিলে তিনি কোন নিথা আপত্তি করিয়া তারিককে ধরিয়া শৃঞ্জলনদ্ধ করিলেন। কিন্তু এই ব্যাপারের সমাচার দশ্মেক নগরে উপস্থিত হইলে, কালীকের আজ্ঞাক্রমে তারিক স্বীয় পদে পুনরায় নিযুক্ত হইয়া সারাগংসা নামক দৃঢ় স্থান হস্তগত করণার্থে প্রেরিত হইলেন। মুসা পিরেনীয় নামক পর্বত পার হইয়া জ্রেরাণা পর্যন্ত কর্প্যাক্ত ক্রেরাণা প্রতি ক্রিকা দ্বিক্ত কালীক

তাঁহার বিশ্বস্তভার বিষয়ে সন্দেহ করাতে তাঁহাকে প্রভাগাসন করিতে হইল। তিনি ত্রিশ সহস্র মনুষ্যকে বন্দি করিয়া। ছিলেন। ৭১৪ শালে কাহিরা দিয়া গমন কালে সর্বস্থানের লোকেরা তাঁহাকে দিঞ্জিল্লয়ী বলিয়া তাঁহার প্রতি অপুর্ববিদ্যার প্রকাশ করিল। কিছু কাল পরে ওয়ালিদের মৃত্যু হইলে মুসা অতিশয় বিপদগ্রস্ত হইলেন। ত্রুতন কালীক তাঁহার বিপক্ষ হইয়া তাঁহাকে কারাবন্ধ করিলেন, ও তাঁহার সমস্ত সম্পত্তি অপ্রহরণ করিলেন, ও সর্বসাধারণের দৃষ্টিগোচরে তাঁহানকে কশাবাত করাইলেন, ও এক বার সমস্ত দিন রাজবাটীর দারে রোদ্রের মধ্যে দাঁড় করাইয়া রাখিলৈন, এবং তাঁহার প্রত্রের শিরশ্ছেদন করিয়া মুগু কারাগারে পিতার সম্মুখে পাঁচাইলেন। শেষে স্পেন দেশ বিজ্ঞায়ি সেই মুসা আত্যন্তিক দৈন্যদশাতে প্রাণ্ডাগ করিলেন।

অন্যান্য সেন্।পতিরও সেই প্রকার দুর্দ্দশা ঘটিন; কেননা পা-ছে তাঁহারা অবাধ্য হন, এই ভয়ে কালীফেরা তাঁহাদের প্রতি গাংসর্য্য করিতেন, তাহাতে সেনাপতির সর্বনাশ করা বিপক্ষ সভাসদের কিঘা শাসনকর্তার সহজ্ঞ কর্মী ছিল। নানা দেশে অনুপযুক্ত শাসনকর্তারা নিযুক্ত হওয়াতে রাজদ্রোহের বিষয়ে কালীফদের আশস্কা লুপ্ত হইল বটে, কিন্তু মুসলমানদের পরাক্রম নিস্তেক্ত হইল।

পূর্বকালীন রাজাদের দোরাত্মে বিরক্ত যিছুদি প্রজাদিগের সাহায্য দারা স্পেন দেশ বশীভূত করঁনে মুগুলমান লোকদের বিলক্ষণ উপকার হইল। রোফীয় লোকেরা দুই শত বৎসর পর্যান্ত যুদ্ধ কর্নদারা কফাস্থান্ট যাহা সাধন করিয়াছিল, তাহা মুসলমান লোকেরা অল্প মাসের মধ্যে সাধন করিতে পারগ হইল। আর আশ্চর্য্য এই যে স্পেন দেশীয় প্রজ্ঞাদের আচার ব্যবহার পরিবর্ত্তন করিতে অল্প কাল লাগিল।

ওয়ালিদের পরে তাঁহার ভাতা সলিগান কালীকৃত্ব পদ প্রাপ্ত **ट्रेंटिन । छाँटांत अधिकांत नमर्य मूजनमानस्मत्र श**राक्रम তাতারি দেশের অপরিমিত সমভূমি পর্যান্ত ব্যাপিল, বিশেষতঃ সামারকন্দ নগর তাহাদের হস্তগড হইল। সেই স্থানে আরবি লোকেরা কাগজ প্রস্তুত কর্নের ধারা শিবিল। ঐ নগর রেসমের প্রধান বাণিজ্য স্থান'ছিল। রোমীয় লোকেরা চীন ,,দেশীয় রেসম তথাহইতে সুরিয়া দেশে আনাইভ। মুসল-মানেরা চীন দেশীয় রাজার নিকটে রাজদূত প্রেরণ করিল; কিন্ত নিপুণ দেশাপতিদিগের প্রতি কালীফের মাৎনর্য্য প্রযুক্ত তৎকালে বিস্কারিত প্রবদেশের 'সরাজয় হইল না।' উপাদেয় ভক্ষাের আয়ান্ধন ও স্ত্রীসংসর্গ সেই কালীফের প্রধান কর্ম্য ছिল। छाँहात छेडताधिकाती यमाश्रि तांखा निस्तात कतिरानन ना, তথাপি আপন পরাক্রম দৃঢ় করিতে চেন্টাদ্রিত ছিলেন। তিনি আডাই বংসর রাজ্য করিলেন; পরে উত্তরাধি-কারিকে পাছে নিরূপণ করেন, এই ভয়ে তাঁহার কোন ২ জ্ঞা-তি তাঁহাকে বিষ খাওয়াইয়া বধ করিল।

অপর ৭১৮ শালে স্পেন দেশীয় মুসলমান লোকেরা পিরেনীয় পর্বতভোগী, পার হইয়া ফান্স দেশের দক্ষিণ অঞ্চল আক্রমণ করিয়া তরিবাসি লোকদের অনৈক্য প্রযুক্ত অনায়াসে আপনা-দের বশীভূত করিল।

৭২৪ শালে ইয়েজিদ নাুসক কালীক প্রাণভাগে করিলেন

তিনি স্থতোগে নিতাস্ত রত ছিলেন, আর কোন স্থন্দরী দাসীর বিচেছদ জন্য শোক তাঁহার মৃত্যুর কারণ হইল।

প্রায় সেই সময়ে মুসলমানেরা কনস্তান্তীনপুর নগর আক্রমণ করিল, কিন্তু খাদ্য ও পেয় দ্রব্যের অভাব প্রযুক্ত এবং
গ্রীক লোকদের প্রতিরোধ প্রযুক্ত, বিশেষতঃ তাহাদের ব্যবহৃত
গ্রীক অগ্নি নামে বস্তুর বিনাশক গুণ প্রযুক্ত এক বৎসরের মধ্যে
এক লক্ষ্ণ লোককে হারাইলে তাহাদিগকে ক্ষান্ত হইতে হইল।
ঐ গ্রীক স্কৃণ্ণি আলকাতরা ও গদ্ধক ও মেটিয়া তৈলদ্বারা প্রস্তুত
হইত, এমত জনপ্রতি স্থাছে, কিন্তু তাহা প্রস্তুত করণের বিশেষ
ধারা এক্ষণে আর জানা যায় না। তাহার উপরে জল ঢালিলে
সে নির্মাণ না হইয়া আরও প্রজ্বলিত হইত।

অনেক বংসরাবধি গ্রীক ও পারসীক লোকদের সহিত সম্বন্ধ হওয়াতে 'ওয়ালিদের অধিকার সময়ে মুসলমান লোকেরা বিদ্যার ও ধনজন্য অথভোগের আত্মাদ পাইয়া তদিষয়ে যত্মবান হইতে লাগিল। ওয়ালিদ অন্দর প্রাসাদ নির্মাণ করিতে ভাল বাসিতেন, এবং নানা স্থানে চিকিৎসালয় ও বিদ্যালয় স্থাপন করিতেন, এবং বানিজ্যবর্দ্ধক খাল খনন করাইতেন। দামাস্কস নগরে তিনি যে সমজীদ নির্মাণ করাইলেন, তাহাতে প্রায় তিন কোটি টাকা ব্যয় হইল। সেই পরাক্রমশালি চক্রবর্ত্তী আপনি বাজারে যাইয়া বিক্রেয় খাদ্যাদি দ্রব্যের মূল্য জিজ্ঞাসা করিতেন। তিনি আপন রাজ্যের, সর্বত্রে রাজকর্ম্ম নির্বাহ করণার্থে কেবল আরবি ভাষার ব্যবহার প্রচলিত করিলেন, কিন্তু তৎপক্ষেও প্রজারা আপনাদের মধ্যে প্র্কবিং স্বদেশীয় গ্রীক প্রভৃতি ভাষা ব্যবহার করিত।

তংকালের কালীফেরা যদি নিপুন সেনাপতিদিগের, বিশেষতঃ
মুসার প্রতি মাৎসর্য্য না করিয়া তাঁহাদিগকে আপন ২ মনোবাঞা প্র্ন করিতে দিতেন, তবে মুসলমানদের রাজ্য ইউরপ
মহাদ্বীপের মধ্যে কত দূর পর্যান্ত বিস্তারিত হইত, তাহা বলা
যায় না। যে সময়ে তাহাদিগের প্রতিরোধ করা ফুল্স ও
জর্মানি দেশীয় রাজাদের সাধ্য ছিল না, সেই সময়ে তাহারা
ক্রান্ত থাকিল। পরে ৭৩২ শালে যখন আর বার যুদ্ধে প্রবৃত্ত
হইল, তখন কুল্স দেশীয় রাজার চারলস মার্ত্তেল নামে গৃহাধ্যক্ষ অর্থাৎ প্রধান মন্ত্রী স্বীর্ম নামাল্লসারে মুদ্দারস্বরূপ হইয়া
তূর নগরের নিকটে সপ্তাহ্ব্যাপি যুদ্ধতে তাহাদিগকে পরাজয়য় করিয়া ইউরপ মহাদ্বীপের অধিকাংশ মহম্মনীয়দের দেশি
রাআ্যহইতে রক্ষা করিলেন।



# অন্তম , অধ্যায়।

#### আবাসীয় কালীফদের কথা।

৭৫০ শালে মহম্দ সম্পর্কীর বংশোদ্ভব লোফেরা আপনাদিগকে কালীকত্বপদের অধিকারী বলিয়া সেই অধিকারের অপহারক অম্মিয়াদ বংশকে উচ্চিন্ন করা আপনাদিগের কর্ত্তন্য ধর্মাকর্মা জ্ঞানিয়া অনির্বাচনীয় বিশাস্থাতকতা ও ক্রতা প্রবিক কৃতকার্য্য হইল। অম্মিয়াদ বংশের মধ্যে ধ্কবল আব্দেরহমান নামে এক জন যুবা সাঁভার দিয়া, করাৎ নদী পার হইয়া আফুকা মহাদীপের

আটলাস পর্বত নিবাসি বর্বার লোকদের কাছে পলাইয়া রক্ষা পাইলেন। যে দুরাস্থারা অন্মিয়াদ বংশ নফ করিলেন, ওাঁহা-'দের মধ্যে সাকা অর্থাৎ রক্তপাতী এই উপাধি বিশিষ্ট আবূল আবাস নামে যে ব্যক্তি • শ্ৰেষ্ঠ ছিলেন, তিনি শেষে কালীফত্ব भम श्रीश्र इरेलन। किन्ह मिर मग्याविष ग्रम्मिशेय तारकात একত্ব নষ্ট হইল। তাহাদের মধ্যে পরস্পার বার বার ভয়ানক যুদ্ধ উপস্থিত হইল। অনেহক পুত্রপৌ্লাদিক্রমে এক বংশ-কে রাজস্থ-দিতে অসম্মত হইয়া এক কালীকের স্ত্যুর পরে অন্য কালীফকে মনোনীত করণের নিয়ম স্থাপন করিতে চাহিল। আলির বংশোদ্ভব লোকেরা আপনাদিগকে মহম্মদের আরও নিক্টবর্ত্তি কুট্ম জানিয়া ঐ আবূল আনাদের বংশকে ভুচ্ছ জ্ঞান করিত। আর পুর্কোক্ত আক্রেহমান স্পেন দেশে স্বতন্ত্র কালীফত্ব স্থাপন করিলেন। এই প্রকারে স্কশেষ অনৈক্য হইলেও আবূল, আবাসের পরাক্রম সর্বাপেকা দৃঢ় থাকিল। তাঁহার বংশোদ্ভৰ আৰাসীয় কালীকেরা প্রায় পাঁচ শত বংসর পর্যস্ত রাজত্ব করিলেন, কিন্তু তাহার মধ্যে শেষ তিন শত বংসর পর্যান্ত ভাঁহাদের রাজত্ব নাম মাত্র ছিল, পরে জঙ্গিস খাঁর এক পোল্র দারা লুগু হইলে তাতার লোকেরা কর্ছত্ব প্রাপ্ত হইল।

আৰুল আবাস বিশাস্থাতকতা পূর্বক আপনার অনেক বিপক্ষকে নক করিলেন। পরে ৭৫৪ শালে তাঁহার মৃত্যু হইলে কে তাঁহার উত্তরাধিকারী হইবে, এ বিষয়ে তাঁহার বংশের মধ্যে ভয়ানক বিবাদ ও মুসলমান লোকদের মধ্যে ভয়ানক যুদ্ধ হইল শৈষে মৃত আবুলের অল-মান্ত্র নামক এক ভাতা কালীক

হইলেন। ৭৬৩ শালে তিনি অন্মিয়াদ বংশের উৎপত্তিস্থান দাসাক্ষস নগরে আর বাস করিতে না চাহিয়া তিগ্রিস নদীর তীরস্থ বাগদাদ আপনার রাজধানী করিলেন। সেই স্থান পূর্বের ককীরের আশ্রম ছিল; কিন্তু অতি অপ্প কালের মধ্যে নয় দশ লক্ষ মনুষ্য তথায় বসতি করিল, এবং তথাকার বুদ্ধিমান লোকে-রা অনেক ২ গ্রীক গ্রন্থ অনুবাদ করাতে অঙ্কবিদ্যা ও জ্যোতি-র্বিদ্যা ও অ্ত্রুত প্রভৃতি নানা প্রকার বিদ্যা অতিশয় প্রচলিত হইতে লাগিল। অন্য বিদ্বান লোকেরা কোরাণের টীকা করি-বার নিমিত্তে ব্যবহারবিদ্যা ও নানা দেশের পুরাবৃত্ত ও আরবি ব্যাকরণ অধ্যয়ন করিতে লাগিলেন। পারসীক লোকেরা যুদ্ধে পরাজিত হইলেও বিদ্যাতে জয়ী হইল। অল-মান্ত্র ছতি কুপন লোক ছিলেন, এই জ্বন্যে প্রস্থার তাঁহাকে প্রস্থার বাপ बहे উপाधि निम । यत्नकाटल ठाँहात तां करकांच मत्या निकार का-টি দীনার নামক স্বর্ণমুদ্রা ও ছয় কোটি রোপ্যমুদ্রা ছিল, এমত জনশ্রুতি আছে, কিন্তু ইহার সত্য মিখ্যা জানা যায় না। সে যাহা হউক, তাঁহার উত্তরাধিকারী ঐ সমস্ত ধন শীত্র বায় করিলেন। অল-মানস্থর গ্রীক ও হিন্দু বৈদ্যদের অপ্রতিকার্য্য রোগেতে রোগগ্রস্ত হইয়া ৭৭৫ শালে মকাতে তীর্থবাত্রা করণ সময়ে পথের মধ্যে প্রাণত্যাগ করিলেন 🕒 তাঁহার এই একটা বচন প্রসিদ্ধ হইয়াছে, যথা, নিম্নলঙ্ক বিচারকর্ত্তা ও উদ্যোগি कांग्रेल ७ मतलगर्ना कायाधाक '७ विश्वस्त गरेन्ना, धरे गति স্তম্ভোপরি আমার সিংহাসন স্থাপিত আছে।

পরে মহদি নামক তাঁহার যে পুল্র রাজত্ব প্রাপ্ত হইলেন, ' তিনি বস্ত্র অলুকারাদি বিষয়ে, পুর্বকাদীন সারবি লোক্দের

